আসল। আসল॥ আসল

ওসমানিয়া লাইব্রেরীর- মস্‌জিদ মার্কা ছহি ছাপা

ছহি জঙ্গে সোলতান

মোহাম্মদ হাতেম আলী সাহেব প্রণীত
মৌলবী মোহাম্মদ কোরবান আলী সাহেব দ্বারা
পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত ও সংশোধিত

MOHAMMED KORBAN ALI
محمد قربان علی
মহাম্মদ কোরবান আলি
১১, মেছুয়াবাজার পুস্তকালয়
কলিকাতা

১ম সংস্করণ
কলিকাতা—১১নং মেছুয়াবাজার ষ্ট্রীট, ওসমানিয়া লাইব্রেরী হইতে
মোহাম্মদ নুরল ইস্‌লাম দ্বারা-প্রকাশিত

কলিকাতা—১০বি, পাটওয়ারবাগান লেন, ওসমানিয়া মেসিন প্রেসে
মোহাম্মদ কোরবান আলী দ্বারা-মুদ্রিত
সন ১৩৩৮ সাল।

আসল। আসল॥ আসল

ওসমানিয়া লাইব্রেরীর- মস্‌জিদ মার্কা ছহি ছাপা

ছহি জঙ্গে সোলতান

মোহাম্মদ হাতেম আলী সাহেব প্রণীত
মৌলবী মোহাম্মদ কোরবান আলী সাহেব দ্বারা
পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত ও সংসোধিত

১ম সংস্করণ

কলিকাতা—১১নং মেছুয়াবাজার ষ্ট্রীট, ওসমানিয়া লাইব্রেরী হইতে
মোহাম্মদ নুরল ইস্‌লাম দ্বারা-প্রকাশিত

কলিকাতা—১০বি, পাটওয়ারবাগান লেন, ওসমানিয়া মেসিন প্রেসে
মোহাম্মদ কোরবান আলী দ্বারা-মুদ্রিত

সন ১৩৩৮ সাল।

❋ এলাহী ভরসা ❋

জঙ্গে-সোলতান

❋ হামদ্ নাত ❋

ত্রিপদি ❋ অসীম অপার, ছেফাত তোমার, ওগো জেল্লেসান ❋ করিতে বর্ণন, পারে কোন জন, জ্বেন কিবা এনছান ❋ তবেযে জবান, দিয়াছ ছোবহান, কহিবারে বান্দাকে ॥ যাপারে কিঞ্চিত, করিতে উচিত, জরুর লাজেম তাকে ❋ থাকিতে জবান, যেবা এনছান, কখন না স্মরে তুঝে ❋নহে সে আদম, পশুর অধম, এন-ছানের কায়া মাঝে ❋ আপেতে সবার, ছালাতোল বাসার, আদম ছফিউল্লাহ ॥ ছাফ দেলে তিনি, ফরমাইল বানি, আলহামদ্ লি-ল্লাহ ❋ আদি অন্ত শেষ, করিতে নির্দ্দেশ, কে পারে তোমার খোদা ॥ আপন কোদরতে, রাখ ছালামতে, সবার মোক্তার সদা ❋ এই দোজাহান, জমিন আছমান, কিছুই না ছিল যবে ॥ তখনও কাদের, আছিলে জাহের, আপনি আপনা বাবে ❋ যখন আবার, হইবে মিছমার, তোমার হুকুম মতে ॥ তখনও রব্বানা, আপনি আ-পনা, রহিবে কায়েম সাতে ❋ আওল আখেরে, বাতেনে জাহেরে, ছাবুদ মাবুদ সাই ॥ নাহি নোকছান, দুঃখ পেরেসান, হায়াত মউত নাই ❋ নাহি খাওয়া পেওয়া, লেটা ওঠা সোওয়া, নাহি তেরা বেটা বিবি ॥নাহি দহসত, ছহবত খেলাওত, নাহি মনিমজি ওদি❋

রোগ বেয়ারাম, মুস্কিল মোকাম, নাহি তেরা ঘুম তন্দ্রা ॥ সর্ব্বস্থানে থাক, সর্ব্ব কাম দেখ, যেখানে যাকরে বান্দা * আপনা কোদরতে কর দিন রাতে, সুরুজ ছেতারা চাদ ॥ চার চিজে পয়দা, করিয়াছ বান্দা, আব-আতস-খাক-বাদ*দরিয়া ময়দান, বাগিচা বাগান, জঙ্গল পাহাড় আদি ॥ বস্তিও বাজার, সহর গুলজার,বন জঙ্গল নদ নদী* যেখানে যেমন, দরকার তেমন, সাজায়ে রেখেছ তাহা ॥ যাইবলি হারি, কিবা কারিগরি, লিখনে না যায় কহা * হেন কাম কোন, তুমি নাহি জান, যাকিছু দুনিয়া মাঝে ॥ হইয়াছে তাহা, হবে ফের যাহা, সকলি মালুম তুঝে * এবাদত তেরা, করিবারে পুরা, বান্দা পয়দা করিয়াছ ॥ নাদান বান্দারে, হেদায়েত তরে, কত নবি পাঠা-য়েছ * সবার প্রথম, হজরত আদম, ছালাতোল বাসার তিনি ॥ লাড়কা তেনার, শিশ পয়গম্বর, শিশাতে পয়দা তিনি * বেগর ম-ওতে, গেলেন জান্নাতে, হজরত ইদরিছ নবি ॥ দর্জ্জির পেশা, করিত হামেসা, রওয়ায়েত করে রাবি * নুহু পাকবাজ, বানায় জাহাজ, ছওার হইয়া তাহে ॥ মারিল কাফেরে, জুদির পাহাড়ে, আপে ওতারিয়া রহে * হজরত এহিয়া, ছালেহ জাকারিয়া, হজ-রত সমাইল ॥ হুদ, লুত, নবি, ছেফাতের খুবি, এবরাহিম খলিল * লাড়কা তেনার, কোর্ব্বান আল্লার, ইছমাইল পয়গম্বর ॥ এছহাক এয়াকুব, হজরত আইউব, বরহক ইমানদার * ছুরত মসহুরি, ইউ-ছফ মেছেরি, হজরত ইউনুছ ॥চাল্লিশ রোজেতে, মাছের পেটেতে ছাবুদ যে রাখে হুস * মুছা কলিমুল্লা, যার সানে আল্লা, কোহ তুর পাহাড় পরে ॥ ফরমাতেন বাত, কেতাবে তওরাত, যাহাকে নাজেল করে * কাফের তাবত, করিল গারত, ডুবাইল নিল নদে ॥ লইয়া হারুনে, মারে মালাউনে, ফেরাউন হারাম জাদে * গরিব কাঙ্গাল, বকরির রাখাল, হজরত দাউদ ছিল ॥ বাদসাই তাঁহায়, বক সিল খোদায়, জবুর নাজেল কৈল * নবি ছোলেমান, সাহা সাজা-হান, জাহানের জাহাঁগির ॥ কুল মখলুকাত, সদা যার সাত, থাকিত ফরমা পিঞ্জির *রুহুল্লা নাম, আলায়হেচ্ছালাম, হজরত ঈছা নবি ॥ জননি তাঁহার, সতি নেককার,হজরত মরিয়ম বিবি*সকলের শেষ, আরবের দেশ, মহবুব এলাহির ॥ খাতেমান্নাবি, এছলামের রবি,

দিনের দেওানগির * দোন জাহানের, বাদশে জাহের, আলমের ছরওার ॥ খোদার মকবুল, মহাম্মদ রাছুল, সাহে ছাকি কওছার * আধার জোলমাত, করিয়া তফাত, সেরেকি কুফরি হইতে ॥ লাস-রিক বানি, আলোক রওশনি, দেখাইল ওম্মতে * যাহার সানেতে, আপে পাকজাতে, ওতারিল ফোরকান ॥ হেন নবি পরে ভেজবারে বারে, দরুদ মোছলমান * এয়ার তাহার ছাহাবি চাহার, খোলফায়ে রাশেদিন ॥ বুবক্কার ছিদ্দিক, ইমান তছদিক, আমিরুল মোমেনিন * হজরত ওমার, এনছাফ যাহার, মসহুর জাহান মাজ ॥ এবনে আফ্যা-ন, হজরত ওছমান, ছখি নেক পাকবাজ * হয়দরে কারার, আলি জোরায়ার, এলাহির সের যিনি ॥ এলেম তাকতে, আকেল হেম্মতে নাহি আছে যার ছানি * দিনের ছেতারা, ফাতেমা জোহরা, আওরতের সর্দ্দার ॥ জগত জননি, রহমতের খনি, বেটী নবি মোস্তফার * হাছেন হোছেন, দোন সহিদান, ফাতেমার আখি তারা ॥ সাহেব জান্নাত, রাহে পুল ছেরাত, চেরাগ রওশনি যারা * আব্বাছ আমির চাচা নবিজির, জয়নাল আবেদিন ॥ ইহা সবাকারে, ভেজ বারে বারে দরুদ মোছলেমিন * গওছ কোতব, আওলিয়া সব, পির দস্তগির ছারা ॥ সবার উপরে, হাজারে হাজারে, দরুদ ছালাম মেরা *

* সায়েরের আরম্ভ *

জেহাদল সোলতান আমার রচনা ॥ ঝুট নাহি এর বিচে সাচ্চাই ঘটনা * এহি যে হিন্দুস্থান আজিম সহর ॥ বসবাস করি মোরা যাহায় ভিতর * কত বড় দেশ এই কে করে ঠিকানা ॥ কেয়াছ মালুম করে বুঝিয়া সিমানা * পুর্ব্ব তরফেতে জান চিনের সহর ॥ হিমালয় পাহাড় তক সিমানা উত্তর * পশ্চিম তরফ তক্ বেলুচি-স্তান ॥ দাক্ষনে মেছের এর বিচে হিন্দুস্থান * লেকিন ইহার বিচে বহুত মুদ্দত ॥ নাহি ছিল মোছলমান লোকের বসত * এছলাম দিনের রাব মোহাম্মদ মোস্তফা ॥ কিম্বা তিনি গোজারিলে চাহার খলিফা * আরবের পুর্ব্বে এই হিন্দুস্তান দেশে ॥ দিন জারি করিবারে কভু নাহি আসে * কোন কেতাবেতে এহা না আছে ছাবেত ॥ কোন রাবি না পারিল দিতে রওায়েত * তবে আজজ দিনদার

সাত কোটির বেশী ॥ কেমনে হইনু আমরা হিন্দুস্থান বাসি * খোলাছা কাহিণী তার বর্ণনা করিতে ॥ অধিন হাজের পাঠকের হুজুরেতে * হিন্দি ইতিহাস হইতে তরজমা করিয়া ॥ মোক্তেছার বাঙ্গালাতে যাইব লিখিয়া * ভুল চুক পদ মিলে হয় যদি কোথা ॥ আশা করি কেহ তাহে না লইবে খাতা * কেননা এ নহে মোর ছন্দ বন্দ ভাষা ॥ আর যে পারিব তেয়ছা নাহি রাখি আশা * হর কামে হর হালেহরওক্ত পরে ॥ রহমতনাজেলতেরাকরোপরওারে* ইমান ছাবুদ রাখ দারাজ হায়াত ॥ আমি বান্দা গোনাগার নাচিজ নেহাত*কবুল করহ দোওা করমে আপনা ॥ মা বাপ বোজরগো মেরা এগানা বেগানা*খেস আক্‌রবা ভাই বেরাদার সবে ॥ রহমত নাজেল করো পাক ইয়ারাবে * মোর হৈয়া হাজেরান পাঠক মোমিন ॥ বারেক ওঠাও হাত বলহ আমিন *

ত্রিপদি * মোওারেজুন্নবুয়তে, লেখে রাবি এই মতে, তেছরা বা চৌথা বাবেতে ॥ হজরত শিশ নবি, দিন দুনিয়ার খুবি, জাহান ছাড়িয়া চলেযেতে*লান্নতি আজাজিল,বহুতখোসালদিল,আপনার বুঝিয়াফোরছত ॥ ফেরেব মক্কর কাজ, শুরুকৈল দাগাবাজ,বানাইয়া বোতের মুরত * শিশের আওলাদগণে, বোঝাইয়া জনে জনে, একেবারে গোমরাহ করিল ॥ নানা ফেরেবের সাতে, সেজদা করাইল বোতে, আপনার চেলা বানাইল * কতদিন পরে তার, জাত পাক পরওার, ইদরিছ আলায়হেচ্ছালামে ॥ ভেজিল তাদের পরে, নছিহতে পয়গম্বরে, ফেরাইল শিশের কওমে * ইমানে তালিম কৈল, বোত পুজা ওঠাইল, নামহরুম হইল সয়তান ॥ তবু মালাউন পাপি, নবির ডরেতে ছাফি, যার তরে পাইল নাদান * করিলেক দিন কানা, দেখা দেখি কত জনা, গোমরাহ হইল আবার ॥ রহে এয়ছা বরাবর, বে মওতে পয়গম্বর, চলে গেল জান্নাত মাঝার * ইবলিস বে আন্দেসা, পুরায়ে মনের আসা, চালাইল ফেরেবের ছুরী ॥ ইমানের চারা কেটে, জড় সুদ্ধা দিল ছেটে, নতিজা আইন কৈল জারি * যায় এয়ছা কত কাল, জল্লেসান জোল জালাল, মুছা পয়গম্বরে কৈল পয়দা ॥ মুছা কালিমুল্লা আপ, বাতাইল ছাফ ছাফ, খোদার আইন পথ সিধা * ওাজ নছিহত

শুনে, বনি এছরাইল সনে, পুরা পুরা হইল মোছলমান ॥ একদিগে নবি থাকে, সয়তান দোছরা দিকে, চুরি করে লোকের ইমান* তবে মুছা যেই ওক্তে, এলাহির হুকুমেতে, তসরিফ লেজায় কহতুরে * গুজ্জারে চাল্লিস দিন, পাকরব আলমিন, তওরিত নাজেল কৈল তারে * তওরিত কেতাব পাইয়া, নিচেতে তসরিফ লিয়া, পয়-গম্বর হাজের হইল ॥ খোদার কালাম খাছ, বনি এছরাইল পাছ, তরজমা করিয়া বাতাইল * শুনিয়া কালাম খাটী, ইমানেতে পরি-পাটী, হইলেক এনছান তামাম ॥ আজাজিল কমজাত, তোড়া গেল বিস দাঁত, না খাটীল ফাহেসা কালাম* তবে হিন্দুস্থান মাঝ, এছলাম দিনের কাজ, কিরূপেতে হইল জাহির ॥ বয়ান করিতে তার, খাকছার গোনাগার, পাঠকের খেদমতে হাজির *

---

* কেচ্ছা শুরু *

পয়ার * কাওনায়েন দারাজাত মোহাম্মদ রাছুল ॥ এছলাম দিনের চাঁদ খোদার মকবুল * ওফাত করিলে তিনি তেজিয়া মদিনা ॥ পর পর খলিফা হইল চারজনা * ছিদ্দিক বুবাকার ওছ-মান ওমর ॥ সেরে খোদা হজরত আলী হয়দর * চাহার সাহাবি এরা ছিল নবিজীর ॥ খোলাফায়ে রাসেদিন নামেতে জাহির * গোজারিয়া গেলে এই চাহার খলিফ ॥ কমজোর হইয়া গেল মদিনা সরিফ* তাহাবাদে আটজনা করিল বাদসাই ॥ জবরদস্ত তার বিচে কেহ ছিল নাই* অবশেষে সোলতান অলিদ নামদার ॥ খেলাফতি তাজ তক্ত পাইল দামেস্কের* পাচত্তা খলিফা ইনি জাহানে মসহুর ॥ জওা মর্দ্দ পাহালওান আকেল হনুর * পাকিজা মেজাজ খোস নেকুই খাছলত ॥ ছালেহিন ছখি নেক কড়া আদালত * বহুত বজবুত ছিল এসকল কামে ॥ সবকই পাইত ডরঅলিদের নামে * উম্মিয়া-আলীর এই দুই কওমেতে ॥ বিবাদ বাখেড়া সদা লিয়াসেই ওক্তে * কাটা কাটী মারামারি করিত আপসে ॥ দুড়িত দু-দলে কার বুরা হয় কিসে * সোলতান অলিদ সাহা হেকমত করিয়া ॥ দিয়াছিল দু-দলের বদি মিটাইয়া * একারনে মদিনার যত লোক

জন ॥ অলিদার পরে বড়া খুসি ছিল মন * খোলাছা অলিদ সাহা তক্তে দামস্কের ॥ বে আন্দেসা হইয়া করে সাহি কারবার * ডর ভয় গম দুক্ষু কাহার দুসমনি ॥ ঝগড়া ফছাদ কিবা কোন পেরেসানি * এ সকল গালেব না ছিল কিছু তারে ॥ মজবুতে চালায় সাহি খোসাল অন্তরে * একরোজ দরবারে বসিয়া জাহাগির ॥ ওমরাহ সর্দ্দার মির হুজুরে হাজির * সওালের পহেলা আছিল সেই দিন ॥ যত বাদসা অলিদার ছিল তাবেইন * রূম সাম এস্পোহান বোগদাদহলব ॥ দামেস্ক মেছের কুফা এমন করব * আম্বাজ আজম দেশ ইরান তুরান ॥ সমর কন্দ আন্দলছ কলখ কেনান * পারেস বাছেরা ও কাবুল তিরহান ॥ তায়েফ ও হাবেস খাওার খোরাছান * হাজের আছিল দিতে খাজানা তহসিল ॥ যে যার হিসাব মত করিল দাখিল * উশুল দাখিলা লিয়া করিয়া মোহর ॥ যে যার রোখছত হইল আপনা সহর * খোসালে অলিদ সাহা ওঠাইয়া ছের ॥ কহে হাজেরান সবে কহত জেকের *আছে এয়ছা কোন দেশ জাহানের মাঝ ॥ দামেস্কেতে মোর আগে না ভেজে খেরাজ * শুনিয়া দরবারি লোক চুপ হইয়া রহে ॥ আমি জানি এয়ছা বাত কেহএসে কহে * কেহ বলে অনুমান হয় দেল বিচে॥ তেরা তাবেদরী ছেও৷ বাদশাহ নাহিআছে*দোবারাকহিল ফের খলিফা জাহান ॥ জান যদি কহ তাহা করহ বয়ান * তবে খাড়া হইল এক ইলচি মেছেরের ॥ কুর্ণিস বাজাইয়া কৈল নোওাইয়া ছের*বাদশা বলে কহ বাত কিবা জানতুমি ॥ শুনিলেবকশেষ খুব দিব তুঝে আমি * ইলচি কহেন বাত সোন সাজাহান ॥ ইলচি গরিব আমি মেছেরে মাকান * এক রোজ আমি মেরা সহর মাঝারে ॥ কোন কামে গিয়াছিনু কায়রো বন্দরে * মুদ্দতের মসছুরি কায়রো বন্দর ॥ দেশ বিদেশের কত সাধু সওদাগর * হরেক দেশের লিয়ে নানা রঙ্গমাল ॥বেপার করিতে সেথা রহেহামেহাল* সে রোজ দেখিনু এয়ছা বহুত জাহাজ ॥ লঙ্গর করিয়া আছে বন্দর মাঝ*বোঝাই নামাই মালকরিছেবিস্তর ॥ খেচাখেচি কসাকসিযাচা যাচি দর * কেহ বা বোঝাই করে কেহ বা নামায় ॥ কেহ খরিদার বিনে বসে রহে ঠায় * বিকি কিনি শেষ করে ফিরে যেতে ঘরে ॥

কেহ এন্তেজারে রহে ছায়েতের তরে * হর সহরের চিজ রকম রকম॥ আজব জবান তেয়ছা আজব আদম * যে যার দেশের ভাষে করে বাত চিত॥ দেখিতে খাহেস বাড়ে শুনিতে মোহিত * ঘুমিয়া ধুমিয়া আমি দেখি ঠাই ঠাই॥ একস্থানে দেখিলাম আজব এয়ছাই *

* ইলচির জবানি খলিফার নিকট হিন্দুস্থানের বয়ান *

ত্রিপদি * এক জাহাজের বিচে, দেখি কত লোক আছে, চেহেরা আজব তাহাদের॥ দাড়ি নাই বোচা মুখ, এমন ওজুদে থুক, শেকেল চেহেরা আওরতের * মোচ লম্বা এয়ছা ভাত, যেয়ছা খেজুরের পাত, ঠোট তাক রাখিয়াছে ঢাকি॥ গলে মালা গালে ফোটা, কপালে তিলক কাটা, নেড়া মাথা মধ্য ভাগে টিকি * আজব লেবাছ পরা,কোঁচা লম্বা কাঁচামারা,গেরুয়াগৈরিক চুড়িদার॥ আজব মুখের বোল, বাজে যেন কাঁসি ঢোল, বুঝিবার সাধ্য আছে কার* আজব মানুষ দেখে, তাজ্জব লাগিল মোকে, ভেকা পারা রহিলাম খাড়া॥ এক সওদাগার তরে, ডাকিয়া পুছিনু তারে, মোরে ভাই কহ আগা গোড়া* এই যে আজব নর, কি জাতি কোথা ঘর, বোঝাইয়া কহনা সন্ধান॥ সওদাগর কহে হেসে, তাজ্জব হইলে কিসে, হিন্দুস্তান এদের মাকান * হিন্দুস্তান নামে দেশ, মেছেরের পুর্ব্ব শেষ, মাকুল আবাদ এয়ছা সেথা॥ তুলনায় দুনিয়ার, হিন্দুস্তান বরাবর, সহর নাহিক এয়ছা কোথা * গরিব মিছকিন দুখি, আমির ওমরাহ সুখি, এক বরাবর সকলেতে॥ কাহার তওাক্কা কই,না রাখে বাদসার বোই, কোন কাম কোন মামেলাতে * কোন নামি বাদশাহ জনে, তহসিল হিন্দুস্তানে, লিতে নারে খাজানাআমান॥ হইবে মুদ্দত কত, হিন্দুস্তানি লোক যত, খোসে করে বসতি গোজরান* কিন্তু এক বাত পরে, বহুতি খারাবি করে, ইহাদের পির ইবলিছ॥ বুঝাইয়া ছেলে কালে,কুফরির ফান্দে ডেলে, একেবারে বানায়ে খবিছ*এয়ছা দিনকানা এরা,নাহি বোঝে ভালাবুরা, তমিজ এনছাফ নাই কিছু॥ যারে তারেব খোদা,যেথা সেথা দেয় সেজদা,এহাতক ঢিবি ঢোবা উচু * আপনাকে ভাবে ধন্নি, পুজা দেয় চাল সিরনি

ধুপ ধুনা ঘন্টা বাজাইয়া ॥ জড়াইয়া খড় ঘাস, তাহাতে বান্ধিয়া বাস, মাটির প্রলেপ তাহে দিয়া * বানায়ে পুতুল মুর্ত্তি, কালী দুর্গা স্বরস্বতি, চণ্ডিকান্ত ভৈরব ভবানি ॥ অন্নপুর্ণা মহামায়া, গোরি গঙ্গা গিরি যায়া, জগধাত্রি অসুত্তর নাসিনী * চামুণ্ডা ও দশ ভুজা, রক্ষা কালি রাম রাজা, লক্ষি নারায়ন অবতার ॥ পঞ্চানন ভোলা শিব, তারক নাথ দয়া জীব, শঙ্কর শসাঙ্ক সিদ্ধেশ্বর * ত্রিলোচন ত্রিপুরারি, কৃষ্টচন্দ্র গৌরহরি,নাউজবিল্লাহ কবকত ॥ এয়ছাইতেত্রিস কোটি, আগমন উনভূঠি, ইবলিছের চেলাদারযত* সবাকারে বলে খোদা, কি আর কব জেয়াদা, মোরাদ মোর্ত্তবা নাহি রাখে ॥ আজি শাজি নাহি ফাক, যেথা সেথা ফোকে সাক, ভালা বুরা নাহি ভেবে দেখে * দরিয়ার তিমি মাছ, তুলসি মনসা গাছ, ছায়াতলে রহে যদি কাব্ধ ॥ পাথর লুড়ি ঘট, আস্তানা দেউল মঠ, এহাতক মাদি গাই গরু * বলে মাতা ভগবতী, লাজ পায় দেখে রীতি, এমন গোমরাহ তারা সবে ॥ সওদাগর এয়ছা ভাত, খুলিয়া তাদের বাত মোর তরে কহিলেন যবে * বন্দর থাকিয়া ফিরে, পওছিলাম নিজ ঘরে, শুন আয় খলিফা জাহান ॥ সওদাগর মুখে যাহা, শুনিনু কহিনু তাহা, তেরা বেদখল হিন্দুস্তান * সোলতান ওলিদ শুনে কিবা ভাবে স্বিয় মনে, ত্রিপদি ছাড়িয়া সে কালাম ॥ লিখিব পয়ার ছন্দ ইলাচির মন আনন্দ, বিশ তোড়া পাইল এনাম *

* খলিফা ওালিদের হুকুম লইয়া মোহাম্মদ তাহের হিন্দুস্তানে লাড়িতে আশে *

দরবার ভাঙ্গিয়া গেল সে রোজের মত ॥ ফিরিল যে যার ঘরে লোক জন যত*দোছরা রোজেতে সাহা তক্তে দিল বার ॥ হাজের হুজুরে মির ওমরাহ সর্দ্দার * আনছারি লস্করের সাহেব সর্দ্দার ॥ মোহম্মদ তাহের নাম বড়া জোরোয়ার * আদবে ঝোকায়ে ছের খাড়া হইল বামে ॥ সাহেব সর্দ্দার যেই মোহাজের কওমে * মহাম্মদ জুম্মা মির আওল জবান ॥ আরবে না ছিল তার ছানি পাহালওান* ভাই তার আবুওল ছাদেক মহাবীর ॥ তাহেরের পিছে খাড়া নোওাইয়া ছির * আনছারি আকিদ জঙ্গি বারবাকের বেটা ॥

আবদুল্লা আসরাফ নামে ভাই তার ছোটা * এয়ছাই সকলে খাড়া আছিল দরবারে ॥ বাদশা ওঠায়ে ছের কহে ধীরে ধীরে * সোনহ দরবারি লোক যে কেহ হাজের ॥ ইলচির মুখে কাল শুনি যে জেকের*হিন্দুস্তান আবাদান সহর আজিম ॥ গোমরাহ হইয়া আছে বেগর তালিম * খোদাকে চিনিতে নারে সয়তানি ধোকায় ॥ আর না খেরাজ মোরে ভেজে মদিনায় * খেলাফতি তাজ এই ছেরেতে আমার ॥ বড়া বড়া নামি নামি বাদশাহ তাবেদার * তোমাদের মত এয়ছা তাবেদার নামি ॥ কোমকে থাকিতে মেরা কোন বাতে কমি * না হক্ক কাটাই কাল বসিয়া বেকার ॥ গোজারে বহুত দিন না ধরি হাতিয়ার * দেল নাহি চাহে আর বসিয়া থাকিতে ॥ জরুর মগরূর হব কোন মামেলাতে * এরাদা করিনু আমি সোন সে বয়ান ॥ কবজ করিয়া লিব দেশ হিন্দুস্তান * সেরেকি সয়তানি কাম করিয়া বরবাদ ॥ দিনের তালিমে দিব করিয়া আবাদ*এবাতে মতলব কারকহত কেয়ছাই ॥শুনে হাজেরানসবে কহিল এয়ছাই* মোবারকমরজিসাহাহুকুমতোমার ॥ ছেরহেলাইবে এছেসাদ্ধ আছে কার*লড়িতেহিন্দুস্তানে যাইব জরুরী ॥ জাহের করিব দিন তুড়িয়া কাফেরি * বহুত খোসাল সাহা এই বাত শুনে ॥ কহে তবে আর দের কিসের কারণে*তৈয়ার হইতে কহ ছেপাই লস্করে ॥ তাকিদ রওানা হব আগামী ফজরে * হেন কালে মোহাম্মদ তাহের নেক নাম ॥ খাড়া হইল বাদশা আগে করিয়া ছালাম * কহিতে লাগিল বাত আয় জাহাগির ॥ মর্জ্জি হয় মাফ দিতে বান্দার তকছির * গোস্তাকির বাত এই নহে নামদার ॥ লাজেম গোলামে চাই যেমন দরকার * মঞ্জুর করহ করি আরজ তেয়ছাই ॥ আমি যাব হিন্দু-স্তানে করিতে লড়াই * খোড়াই লস্কর দেহ করমে ছোবহান ॥ সহজে করিয়া ফতে দিব হিন্দুস্তান * আগুলিয়া রহ আপে করিয়া মোকাম ॥ কাহেক কছেল্লা লিবে থাকিতে গোলাম*শুনিয়া কহিল বাত বাদশানামদার ॥ এয়ছাই লায়েকবটে তওক্কা তোমার* কিন্তু ভাই এমন আফত কাম মাঝে ॥ কেয়ছা রূপে লড়িতে ভেজিবএকা তুঝে * হেম্মত না আসে মেরা দেল নাহি চায় ॥ কি জানি

তোমারে কোন আজ্ঞার পওছায়*নাহি জানি বাঙ্গলা দেশ কঠিন কেমন॥ লোক কেয়ছা জবরদস্ত না জানি কখন * কেয়ছা আফত সেথা কখন না জানি॥ একারণে দেল বিচে ডর অনুমানি *শুনিয়া তাহের ফের লাগিল কহিতে॥ আন্ধেসা না কর সাহা দেলের বিচেতে * আপনি করহ দোওা কহিলাম ছহি॥ মেহেরবান জেল্লেসান মাবুদ এলাহি* দেখিবে কিরূপে কাম করিয়া হাছিল॥ খেরাজ বাঙ্গালার করিব তহসিল * ওড়াইয়া মোহাম্মদী দিনের নেসান॥ ছহি ছালামতে ফিরব বেগর নোকছান * আসিয়া কদম বুছি করিব হাজের॥ নহে মিছা নাম ধরি মোহাম্মদ তাহের * এয়-ছাই বহুত বাত কহিয়া তাহের॥ বারে বারে জেদ করে বাদসার খাতের*লাচারে কহিল তবে খলিফা হজরত॥ যাও তবে খোদাকে সপিনু আমানত * সেই তুঝে ফিরাইয়া আনিবে ছালামতে॥ বহুত খোসাল হইল মর্দ্দ এই বাতে * তবে সাহা উজিরে দিলেন ফরমাইয়া॥ আনছার মহাজের হইতে চুনিয়া *নব্বই হাজার লোক করহ তৈয়ার॥ মীর মোহাম্মদ জুম্মা ছাদেক সরদার * আকেদ আশরাফ এই নামী নামী লোকে॥ মোহাম্মদ তাহেরের পাঠাও কোমকে * উজীর যাইয়া দিল লস্করে ফরমান॥ রাত গোজারিয়া গেল হইতে বেহান *পড়িল সাজার ধুম কেল্লার ভিতর॥ চুনেন্দা চুনেন্দা যত নামী দেলাওর * মহাম্মদ তাহের সাজে সাহেব সর্দ্দার॥ বিদায় হইয়া লীল আগেতে বাদসার * খেলাফতি তক্ত তাজ সব জনা জনা॥ এলাহি ভাবিয়া দেলে হইল রওানা*মঞ্জেল মঞ্জেল যায় ছাড়িয়া মদিনা॥ সাম হইলে এক ঠাই খেয়ে খানা পিনা*আরামে থাকিয়া চলে হইলে বেহান॥ এড়াইয়া কত দেশ পাহাড় ময়দান * সহর জঙ্গল মরুভূমি বালুচরা॥ নদ নদী ঘাট মাঠ সহর সাহারা * দের নাহি করে কোথা ঝড় এয়ছা চলে॥ কতদিনে এসেপৌছে সিন্ধু নদির কুলে*কিস্তির সওারে পার হইল দরিয়া॥ সিমানা হিন্দুস্তানে পওছিল আসিয়া * সামনে সহর এক দেখিতে পাইল॥ কোসাদা ময়দান দেখে তাম্বু উতারিল * ঠাই ঠাই ঝাণ্ডা ও নেসান কৈল খাড়া॥ কাফেরের খারাবির হাল সোন থোড়া *

* মুলতান সহরে আরব্বির জুলুম *

ত্রিপদি*গিয়াযেই ময়দানে, ওতারেআরব্বিগণে,সরহদ্দ সে দাহির রাজার ॥ গুজরাট দেশের নাম, মুল্লুকে চালায় কাম, জবরদস্ত দাহির কোফ্যার * আছিল দাহির রাজা, বলবান মহাতেজা, তাবে তিন লক্ষ পাহালওয়ান॥ মালমাত্তা আছবাব, হাতি ঘোড়া বেহেছাব, হাসমত দবদবা অতিসান * সে সমে দাহির ছানি, না ছিল হিন্দুস্তানি, কোন রাজা কোন তাজদার ॥ সকলে ডরিত তারে, সেকস্ত আছিল জোরে, খাজনা ভেজিত আগ তার * হেথায় আরব্বিগণ খেয়ে পিয়ে খুসি মন, মতলব ঠাহরে এয়ছাই ॥ পহেলা বেদিন জাতে, দেলাব উচিত মতে, খারাবির উপরে সাজাই * মহাম্মদ তাহের তবে, কহিল লস্কর সবে, চলহ সহরে ঘুসি গিয়া ॥ এয়ছাই হুকুম পেয়ে, সকলে চলিল ধেয়ে, সহরেতে সান্ধাইল গিয়া*ঘোসে যেন তির ছোটে,দাপটে জমিনফাটে,মুখে সদাবলে মারমার॥ চারি পাশে চারিদিকে, ঘিরিল বেদিন লোকে, গলি গলি সহর বাজার * কাফেরে লাগিল ধাধা, কার সাধ্য দেয় বাধা, যে যার পরান লিয়ে ব্যস্ত ॥ বলে হায় কি মুস্কিল, মানুষ না আজরাইল, রাক্ষস না দেও দানব দৈত্য * সকলে পালায় ছুটে, আরব্বি চিকিয়া উঠে, পহেলা যা পাইল সামনে॥ বয়েল মহিষ গরু, জবে করা কৈল শুরু, যেথা পায় পাকড়িয়া আনে * খোয়াড় গোহাল গোঠে, ময়দান জঙ্গল মাঠে, অন্দরে বাহিরে যাহা দেখে॥ ধরিয়া লুটায় ভুমে, ছুরি ধরে হলকুমে, হাজার হাজার পড়ে মুখে * রাসি রাসি কৈল জমা, হিসাবের নাইসীমা, দহলিজে মাকানে দুয়ারে॥ খাল খেচে গোস্ত লিয়া,হাড্যি যত নেকালিয়া, লটকাইয়া দিল ঘরে ঘরে * দেখে ভাগে নর নারি, খোকা খুকি বুড়া বুড়ি, নওজওান যুবতী নবিন॥ কানা অন্ধ নুলো টেড়া, হাবা বোবা কুজ খোড়া, গোদা হিজড়া পুরুসত্ত হীন *বেমারি বোখারি রোগী বেদানাই দাগিছাগি, এহাতক বারদারি আওরত ॥অন্দরের কোনে বউ, বাকি না রহিল কেউ, ঘর বাড়ী ছাড়িয়া তাবত * বেতাব বেহালে ধায়, পিছু পানে নাহি চায়, কেবা রাখে কাহার সন্ধান॥

ফেলিয়া কোলের ছেলে, জননী ভাগিয়া চলে, পাব ছেলে থাকে যদি জান * জওান কবিলা তেগে, খছম পালায় ভেগে, খছমে ছাড়িয়া ভাগে জরু * বেটাকে ছাড়িয়া বাপ, বাপে ছেড়ে বেটা আপ, তালাস না লয় কেহ কারু * বিসম দহসত দেলে, বেহুস বেতাবহালে, যে যাহার যান লিয়া বেস্ত * কি জানি আরব্বি যাতে, ধরা পায় কোন মতে, তখনি খেলাবে এনে গোস্ত * আগু পিছু নাহি চায়, যে যেদিগে রাহা পায়, জঙ্গল তরফে বা সহরে * আড়ে ওড়ে ঝোপে ঝাড়ে, কেহ বা দরক্তে চড়ে, কেহ গলা পানিতে ডুবায়ে ॥ কেহ বা মোস্কেল দেখে, পর চুনা পরিল মুখে, তহবন্দ এজার পরিয়ে * টিকি তারা সিয়া দিয়া, মালা পৈতা ওতারিয়া, ছুরত বানায় মোছলমান ॥ মজুরে মুটিয়া কুলী, দাঁড়ি মাঝি বাড়িওালা, দোকানি পসারি গাড়োওান * রাখাল কৃষন জোলা, চিড়িয়া মার ফিরিওালা, কোচমান সহিস বাগানি ॥ পান ওলি ঝাড় বাঁক, কাছেদ হর করা ডাক, বাইওলি বায়েন গায়েনি * নাপিত রজক তাঁতি, হাঁড়ি মুচি নানাজাতি, দালাল বামাল ধরা চোর ॥ জালিয়াত বাটপাড় কতো, খেলওাড় বেকার যতো, বাবুচিখান সামা চিত্রকর * যে যেথায় ছিল বসে, দওড়ায় উর্দ্ধশ্বাসে, আছবাব ফেলিয়া যেথা সেথা * কেহবা দাহিরে গিয়া, কহিলেক বিবরিয়া, আরব্বির জুলুমের কথা * রক্ষা কর মহারাজ, বাঁচাওনা দেখি আজ, জালেম গালিব আইল দেশে ॥ বুঝি তেরা সাহিমাল, হয় এবে পয়মাল, মোহাম্মদ হাতেম আলী ভাষে *

* আরব্বি মুলতান দখল করে *

পয়ার * আসিয়া রায়েত লোগ কহিল দাহিরে ॥ রক্ষাকরো মহারাজা আরব্বি কহরে * জাতিকুল আমাদের ধরমকরম ॥ বরবাদকরিয়া দিল বিদেশীঅধম * বেদশাস্ত্রদেবদেবিডালিল তুড়িয়া ॥ বয়েলমহিষ গরু খাইল ধরিয়া * বাজারে নগরে ছারা ডালিয়া থাকার ॥ সহরের ভিতরেতে আসিছে আবার * এই বেলা হুসিয়ার হও নরপতি ॥ নহে তেরা বাঁচা দায় বিসম দুর্গতি * শুনিয়া দাহির রাজা এ সব খবর ॥ অজুদ গরম হইল কাঁপে থর২ * আগ লাগাইল যেন বারু-

দের ভাঁড়ে॥ দন্ত কড় মড় করি বালিসে চাপড়ে * কহে এয়ছা রাখে বুতা যবনের জাত॥ সহরে আসিয়া মোর করিল বেদাত * ইয়াদেও এই কথা বুক ফেটে যায়॥ দরকার না রাখে আর কোনও কথায় * সাজহ লস্কর সবে সাজহ তুরিত॥ এক ছায়েত দের করা না হয় উচিত * যে হালেতে আছ ধর হাতে হাতিয়ার॥ তামাম লস্কর মেরা ছেফাহি সরদার * রইছ রাইয়েত সাজ ছেলে বুড়া আদি॥ নেড়িয়া যবন হইতে দাদ লিবে যদি * এক যোগে এক সাতে করহ হামেলা॥ নাহি ডর মর যদি এহা হইতে ভালা * বে-আন্দেসা হইয়া লড় ভুরসা বান্দিয়া॥ খেদাও নেড়িয়া জাতে দাড়ি ওখাড়িয়া * শুনিয়া সকলে কহে শোনহ ভুপাল॥ নিশ্চয় করিব জঙ্গ দিয়ে জানমাল * খেদাব সিন্ধুর পারে আরবি বর্ব্বরে॥ হিন্দুস্থান দিকে যাতে আর নাহি ফেরে*দাহির হইল খোস শুনিয়া এয়ছাই॥ সাজিতে লাগিল তবে যতেক ছেফাই * সাজিল রাই-য়ত যত সহরি বাসেন্দা॥ ঘোঁড়ার ছয়ারি কত কতবা পিয়াদা * এগানা বেগানা যত দাহির রাজার॥ আমির ওমরাহমির উজির সর্দ্দার * দাহিরের দোন বেটা মুকুন্দ কবির॥ নবিন জওান দোন বলে মহাবির * সাজিল দিলিপ সিংহ সাহেব সর্দ্দার॥ ফিলিপ তা-হার বেটা জোরে জোরোওার*চুনেন্দা২ যত আছিল লস্কর॥ ছেলা সরঞ্জাম লিয়া বান্ধিলকোমর*আপনিদাহির সাজেসান সওকেতে॥ লোহার সাজওাল গায় ছওার হাতিতে * নেকালিল কেল্লা হইতে ময়দানের দিগে॥ নেসান বরদারগন সবাকার আগে * পরেতে দিলিপ সিংহ সাহেব সর্দ্দার॥ মুকুন্দ কবির পিছে দোন রাজ কুমার ফিলিপ তাদের পিছে পরেতে ছওারি॥ তিরেন্দাজ লাঠি বাজ চলে সারি২ * লাঙ্গাছির পাঁও পেদা নকিব চোবদার॥ সারি দিয়া চলে এয়ছা কাতারে কাতার * পওছিল ময়দানে গিয়া আরবির আগে॥ গাড়িল নেসান ঝাণ্ডা সুমুখের ভাগে * দেখিয়া আরবি লোগ যে ছিল যেখানে॥ খাড়া হইল কাফেরের আসিয়া সামনে * বাজিল মহিম বাজা রন সিঙ্গা ভেরী॥ কুপ চাগ স্বরূপ রূদ দামামাও তুরি* ধাওসা নাকারা কাড়া কর্ণাল বিগল॥ ভেউর নেসান দফ তবল মাদল * বাজা শুনে দুই দল উঠিল মাতিয়া॥ মুখো মুখি আইল

ঝুকে তলওার খুলিয়া * ফোকারিয়া উঠিলেক নকিব চোবদার ॥ খাড়া রহে হুকুমের হৈয়া এন্তেজ্জার * পহেলা ছেফাই এক কা-ফের লোগের ॥ ঘোড়া কোদাইয়া হইল ময়দানে হাজের * হাঁ-কিতে লাগিল বলে আরব্বি২ ॥ কোথারে আরব্বি নেড়ে নেকাল সেতাবি * আইলে দেলেতে বড়া রাখিয়া ওম্মেদ ॥ জিনিবে হিন্দু-স্থান পুরিবে মোকছেদ * আজি সে মতলব পুরা করিব তোদের ॥ আরব্বির নাম যাতে হিন্দুস্তানে ফের * কোন কালে কেহ যেয়ছা নাহি সোনে কানে * পিসিব ময়দার মত তামাম জবনে * নে-সান মিটাব চুর করে দিব হাড়ি ॥ দেমাগ তুড়িয়া দিব ওখাড়িব দাড়ি * এয়ছাই কাফের কত করে লান তান ॥ শুনিয়া বহুত গো-স্বা হইল মোছলমান * আদিল নামেতে এক আনছারি জওান ॥ জোরে ঘোড়া কোদাইয়া পওছিল ময়দান * হেকে কহে সোন ওরে বেদিন বেল্লিক ॥ কাহেক চিল্লাও এয়ছা গাধার মাফিক * বুঝিনু খেঁচিয়া তোরে আনিল আজল ॥ বকহ মরণ কালে বিকা-রের বোল * বেদিন কহিল তোর মরণ আলবত ॥ এই বেলা পড়ে লেহ কলমা সাহাদত * শুনিয়া আদিল কহে পারিনু জা-নিতে ॥ বচনে তোমার সঙ্গে কেপারে আটীতে * মুখেবড় কমজোর বুজায় অজুদে ॥ খোদা চাহে ঘড়ি বিচে তুই হারাম জাদে * ঘুচা-ইব লাপ কাপ খাকে মেলাইব ॥ নহেত জিউতা ধরে কলেমা পড়াব * কাফেরি নতিজা কাম করাব বরখাস্ত ॥ পড়াব নামাজ রোজা খেলাইব গোস্ত * শুনিয়া বেদিন হইল আগুন সমান ॥ কা-হেরে নেড়ের জাত সামাল জবান * পিছেতে বড়াই কর বাচ পহেলায় ॥ ছের ওড়াইব তেরা এই গোর্জ্জঘায় * এয়ছাই কহিয়া গোর্জ্জ ওঠাইয়া হাতে ॥ খেচিয়া মারিল জোরে আদিলের মাথে * আদিল সেতাবি ঢাল ছেরেতে পাতিল ॥ ঢালেতে লাগিয়া গোর্জ্জ রদ হৈয়া গেল * আদিল মারিল গোর্জ্জ-কাফেরের ছেরে ॥ কা-ফের পাতিল ঢাল আপনার ছেরে * ঢালেতে লাগিল গোর্জ্জ বাজের আকার ॥ কাপিয়া উঠিল হাত বেতাব কোফ্যার * সামা-লিতে নাহি পারে গোর্জ্জ ঠেকরিয়া ॥ ঘোড়ার গর্দ্দান পরে গিরিল যাইয়া * তখনি ফুটীয়া মাথা মারা গেল ঘোড়া ॥ ছওারি পিয়াদা

পাঁও জমিনেতে খাড়া * সেতাবিতে আদিল আনছারি আর বার ॥ খেচিয়া কাফের ছেরে মারিল তলওার * গর্দ্দানে লাগিয়া চোট হইল দুখান ॥ মারা গেল মুলতানি নেকালিল জান * দেখিয়া দাহির ফের দোছরা ছওারে * ভেজিল আদিল আগে ময়দান উপরে * দেখিয়া আদিল তারে কুদিয়া আইল ॥ উভে হইতে খেচে তেগ ছেরেতে মারিল * এক চোটে জুদা হইয়া গেল ধড় ছের ॥ মারা গেল জাহান্নামে পওছিল কাফের * তেছরা মুলতানি এক পওছিল ময়দানে ॥ ওমনি আনছারি চোট মারিল গর্দ্দানে * ধড় ছের আলাদা হইল মুলতানির ॥ দেখিয়া আন্দেসা দেল হইল দাহির * আর এক আছওারে ভেজিল লড়িতে ॥ কুদিয়া আদিল তারে ধরিল জোরেতে * ওঠাইয়া ছের পরে মারিল কাছাড় ॥ মারা গেল কাফেরান চুর্ণ হইল হাড় * এইরূপে একে২ সাতাইস জনে ॥ আদিলের হাতে মারা পড়িল ময়দানে * দেখিয়া দাহির রাজে লাগিল হয়রত ॥ বড়া জবর দস্ত দেখি বিদেসি আফত * এক জনে মারে মেরা এত আছওারে ॥ দাগ চড়াইতে কেহ না পারিল এরে * বহুত ফায়েল বদ দেখি পহেলায় ॥ বুঝিবা এ মহিমেতে ফতে পাওা দায় * মহাম্মদ তাহের বড়া খোসালিত দিল ॥ দেলেসা দেলায়ে কহে সোনহে আদিল * মর্দ্দমি দেখালে বড়ালড় এয়ছা ভাত ॥ পাবে আজি মোরে আগে লায়েক খেলাত তবে দিলিপের বেটা ফিলিপ জওান ॥ দাহিরের আগে গিয়া লইয়া ফরমান * ঘোড়া হেঁকে ময়দানে হইল হাজির ॥ দেখিয়া আদিল জোড়ে কামানেতে তীর * নেসান করিয়া খেঁচে মারিল ফিলিপে ॥ সেতাবি ফিলিপ পাস হইল এক লাফে * রদ হৈয়া গেল তির ফিলিপ কুদিয়া ॥ আদিলের নিকটেতে পওছিল আসিয়া * ঘোমাইয়া খেচিল সমসের মহাজোরে ॥ এক চোটে ধড় ছেরদিল জুদা করে * মারা গেল পাহালওান জান নেকালিল ॥ মহাম্মদ তাহের দেখে দেলগির হইল * আবুল্যা আসরাফ খাড়া তাহের হুজুরে ॥ কহে পাহালওান দেহ হুকুম আমারে * দেখি এই জঙ্গি রাখে কেমন কূওত ॥ এক চোটে জাহান্নামে ভেজিব আলবত * মহাম্মদ তাহের কহে যাহ তবে ভাই ॥ নেঘাবান তেরা পরে থাকেন এলাই

আবুল্যা আসরাফ ছোটে হুকুম পাইয়া ॥ ফিলিপের সামনেতে পওঁছিল যাইয়া *হেকে কহে কাফেরান হও হুসিয়ার ॥ এই চোটে দিব তুঝে দোজখ্ দুওার * এতেক কহিয়া খুলে লইল সমসের ॥ খেচে মারে কাফেরের তাকাইয়া ছের * ফিলিপ পাতিল ঢাল লা-গে চোট ঢালে ॥ কাটীয়া ডালিল ঢাল সোলার মেছালে * গর্দ্দানে বসিল গিয়া তার কারি চোট ॥ ফিলিপ গিরিয়া নিচে করে লোট পোট * দোবারা খেঁচিয়া চোট মারিল আসরাফ ॥ ধড় ছের জুদা করে দিল ছাফ ছাফ * দেখিয়া বেটার সোগে দিলিপ সর্দ্দার ॥ হায় মেরে চিল্লাইয়া কান্দে জার জারে * দেওানার মত ছোটে ময়-দানের পানে ॥ দাহির বিসাদ ভাবে আপনার মনে * মনাছেব নহে এছে লড়িতে এহালে ॥ কমজোর হইয়া গেছে সোগের খিয়ালে * কি জানি আজার পায় বেহালে গিরিয়া ॥ ভেবে চিন্তে বাহুড়ি ডঙ্কা দিল বাজাইয়া*মওকুফ হইল জঙ্গ দুদলে ছেফাই ॥ যেযার তাম্বুর দিগে ফেরে ধায়া ধাই * না ওম্মেদ লাচারিতে ফিরিল দিলিপ ॥ মহাম্মদ তাহের করে আসরাফে তারিফ * নেওাজিয়া দিল কত এনাম খেলাত ॥ আরাম করিয়া সবে রহে সেইরাত * ফজর হইতে ফের বাজিল বিগল ॥ সামনা সামনি খাড়া হইল দুদল * নকিব চোপদারগণ ফোকারে আওাজ ॥ পহেলা দিলিপ আইল ময়-দানের মাঝ * হেকে কহে সোনওরে আরবি বর্ব্বর ॥ দিলিপ আমার নাম জমের দোসর * এরাদা করিয়া আজি আইনু ময়দানে ॥ থোড়া এয়ছা জওামর্দ্দি দেখাব জবনে * বুঝিবে নেড়ের জাত করিবে খিয়াল ॥ মুলতানির সাতে জঙ্গ কেমন জঞ্জাল * লইব বেটার দাদ লইব আলবত ॥ খাকে খুনে মেলাইব আরবি তাবত * জেয়াদা বকিয়া আর লাভ নাহি আছে ॥ মেরা লাড়কা মার যেই তোমাদের বিচে * আসিয়া হাজের হও সামনে আমার ॥ আবদুল্লা আসরাফ শুনে বান্ধিয়া হাতিয়ার * দিলিপের সামনেতে হইল হাজির ॥ কহিল কাহেক এয়ছা চিল্লাও কাফির * আমি মারিয়াছি তেরা বেটার গর্দ্দান ॥ এখন আইনু ফের লিতে তেরা জান * দিলিপ কহিল তবে সামাল জবন ॥ বোঝাযাবে এই চোটে মর্দ্দমি কেমন* এতেক কহিয়া গোর্জ্জহাতে ওঠাইয়া ॥ আসরাফের ছের পরে

মারিল খেচিয়া * আসরাফ করিল রদ ছেরে দিয়া ঢাল ॥ হেকে কহে কাফেরান সামাল সামাল * খেচিয়া মারিল গোর্জ্জ দিলিপের ছেরে ॥ দিলিপ পাতিয়া ঢাল দিল রদ করে * গোর্জ্জের লড়ায়ে দোহে সমান হইল ॥ তলওার লইয়া ফের লড়িতে লাগিল * খেচিয়া মারিল তেগ আসরাফ আনছার ॥ দিলিপ করিল রদ ছেরে ঢাল ধরি * দিলিপ করিল চোট আসরাফের ছেরে ॥ আসরাফ আড়িয়া লিল ঢালের উপরে * তলওার খেচিয়া মারে দিলিপের মাথে ॥ সামালিতে নাহি পারে দিলিপ তাহাতে * কারি চোট লাগে গিয়া বাজুর উপর ॥ জ্বলনেতে দাগাবাজ হইল কাতর * গোশ্বায় আসরাফ পরে তেগ লিয়া ছোটে ॥ খেচিয়া মারিল ঢাল কেটে এক চোটে * ছেরেতে বসিল চোট গর্দ্দান হইতে ॥ আলাদা হইয়া ছের গেরে জমিনেতে * মহাম্মদ তাহের দেখে ছেরে মারে হাত ॥ হায় হায় কি করিল বেদিনের জাত * মারিয়া ইহাকে দাদ লিব আসরাফের ॥ এতেক কহিয়া ঘোড়া ওঠায় তাহের * আকেদ আনছারি তাহা দেখিতে পাইয়া ॥ সেতাবি ঘোড়ার বাগ ধরিল যাইয়া * কহে এহা মনাছেব নহে পাহালওান ॥ আমরা থাকিতে আপে যাইবে ময়দান * সাহেব যদ্যপি লড়ে থাকিতে গোলাম ॥ মরতোবা উপরে তার গিরিবে বদনাম * ফিরে চল নামদার ফরমাও আমারে ॥ আমি দেলাইব সাজা দিলিপ কুফরে * তাহে-রের হুজুরেতে বড়াই করিয়া ॥ আকেদ ময়দানে চলে ঘোড়া ওঠা-ইয়া * মোকাবেলা হইল গিয়া দিলিপের সাত ॥ খেচিয়া মারিল গোর্জ্জ বেদিন কমজাত * ছেরেতে পাতিল ঢাল আকেদ জওান ॥ ঢালেতে লাগিল গোর্জ্জ বাজের সমান * ধমক হইল যেয়ছা পাহাড়ের ভার ॥ সামালিতে নাহি পারে আকেদ আনছার * থর থর কাঁপে হাত ঢাল গেল খসে ॥ মহাজোরে গিয়া গোর্জ্জ ছের পরে ঘোসে * কাটিয়া মাথার খুলি নেকালে মগজ ॥ শোলক্রোশ জারি হৈল তাহার আওাজ * মারিল আকেদ জঙ্গি নামে দেলা-ওর ॥ মহাম্মদ তাহের হৈল সোগেতে কাতর * আকেদের সোগে মর্দ্দ হৈয়া জারে জার ॥ তখনি ছওার হৈল বান্ধিয়া হাতীয়ার * জঙ্গে সোলতান

ঘোড়াকে মারিল কোড়া জোরে উঠাইয়া ॥ দিলিপের দামনেতে পৌছিল যাইয়া * এয়ছা ওক্তে দাগাবাজ দাহির কমিনা ॥ মাঙ্গাইয়া লিল যত তিরেন্দাজ সেনা * ঘিরে লেহ আরব্বিকে করিল ফরমান ॥ চারিদিক হইতে মার খেচিয়া কামান * ফরমান পাইয়া যত তিরেন্দাজ লোগে ॥ ঘিরিয়া লইল তাহেরের চারিদিগে * পানির মেছাল করে তির বরিসন ॥ ঝাজরা করিল দেহ পিঞ্জেরা যেমন* ঝাকে ঝাকে লাগে তির তাহেরের গায় ॥ ঘাও মুখে চোয় লহু শ্রোত বয়ে যায় * পাহালওান তিরপানে না চায় ফিরিয়া ॥ দুই হাতে তলওার লইল খুলিয়া * বাঘের মাফিক কুদে করিল হামেলা ॥ মারে চোট কেটে পাড়ে কাফেলা কাফেলা * লাফ মারে ঝাকে পরে জোরে সান্ধাইয়া ॥ রাসি রাসি কাফেরান দেয় গেরাইয়া* এক ঠাই থাকে নাই ঘোরে যেন চাক ॥ সুমুখে ডাহিনে বামে করে দেয় ফাক * আজদাহা ঘুসিল যেয়ছা মেড়কের দলে ॥ বাঘ যেয়ছা সান্ধাইল ছাগলের পালে * কাফের লস্করে দিল ধন্দ লাগাইয়া ॥ ঘড়ি একে বেসুমার ডালিল কাটিয়া * দেখিয়া দহসত দেলে দাহির সয়তান ॥ তামাম লস্করে দিল করিয়া ফরমান * যে প্রকারে পার এই আরব্বির তরে ॥ গেরাইয়া দেহ ঠায় ময়দান উপরে * দেখিয়া এয়ছাই হাল আরব্বি ছেফাই ॥ তাহেরের কোমকেতে পৌছে ধাওা ধাই * মহাম্মদ জুম্মামির মহাজের সর্দ্দার ॥ ভাই তার আবদুল ছাদেক জোরওার * টুটীয়া পড়িল এসে বেদিনের দলে ॥ বাধিল বিষম জঙ্গ দুপহর কালে*মহাম্মদ হাতেম রচে কাহিনী সাচ্ছাই ॥ আরবি বেদিনের এই পহেলা লড়াই *

ত্রিপদী * দেখিয়া লস্কর গনে, মহাম্মদ তাহের মনে, কুওত বাড়িয়া গেল তার ॥ দ্বিগুন হেম্মত বাড়ে, চিক দিয়া কুদেপড়ে, কাফেরের লস্কর মাঝার * দুই হাতে লিয়া তেগ, মেরেচলে বেদ্দেরেগ, কাতারে কাতারে যায় কেটে ॥ আবুওল জুম্মামির, আবুওল ছাদেক বীর, মারে তেগ দশ বিস লোটে* আনছার মহাজের যত, দিগে দিগে মারে কত, এক জনে দশ কাফেরান ॥ ঘড়িতে ঘটায় ঘটা, কাফেরে ভিষন লেটা, দায় হইল বাঁচাইতে জান * টিকিতে

দাহির এয়ছাই দেখে, লস্করে কহিল হেকে, হরগেজ হরগেজ কোন জনে * নাহি হট এক জারা, লড়হ মর্দ্দের পারা, জান যায় বেহতের তাহাতে ॥ মরিবা দুসমনে মারি, রহিবে ইয়াদগারি, পাহালওানি নাম দুনিয়াতে * এতবলি দুরাচার, খুলে লিল তলওার, মোমেন লস্করে সান্ধাইল ॥ তলওার চালায় জোরে, দফা দফা ছাফ করে, বহুতর মারিয়া ডালিল* তাহের দেখিতে পায়, কুদিয়া দৌড়িয়া ধায়, পৌছে গিয়া দাহির আগেতে ॥ কহে পাপি দাগাবাজ, করো দাগাদারি কাজ, লড় খালি নাতোওার সাতে * মর্দ্দ আগে নাহি বাড়, নামর্দ্দের কাম কর, রাড়ের খাছলত খোয়পারা ॥ ভাব গিধি পরিনাম, দিব আজি জাহান্নাম, সিওরে সমন খাড়া তেরা * শুনিয়া দাহির কহে, বেহুদা চিল্লাও কাহে, কত পার কর দেখি জোর ॥ গোশ্বায় তাহের গাজি, কহে হুসিয়ার পাজি, এই চোটে জান লিব তোর * এতবলি সমসের, তেকে দাহিরের ছের, মহাজোরে মারিল খেচিয়া ॥ দাহির সেতাব করে, ঢাল ধরে ছের পরে, লিল চোট ঢালেতে: আড়িয়া * তবে পাপি দুরাচার, ওঠাইয়া তলওার, মহাম্মদ তাহেরে মারিল ॥ ঢাল ধরে পাহালওান রদ কৈল তেগখান, তেগ রেখে গোর্জ্জো হাতে লিল * দোছরা তরফ পরে, আবুওল ছাদেক লড়ে, সর্দ্দার দিলিপের সাতে ॥ নেজা বরুসি তলওারে, নানা হাতিয়ারে লড়ে, কেহ কারে না পারে জিনিতে* আবুওল জুম্মামির, একস্থানে নহে স্থির, চারি দিগে চলে রেগা দিয়া ॥ ঘাড় বিচে ময়দানে, মেলাইল খাকে খুনে, বেসোমার কাফের কাটিয়া * কুমার মুকুন্দ সাত, হইল শেষে মোলাকাত, লড়িতে লাগিল দুইজনে ॥ লড়ে নানা হাতিয়ারে, বহুত কোশেষ করে, কদাচিত কেহ নাহি জেনে * আফতাব গায়েব প্রায়, কেহ নাহি ছাড়ে কায়, এয়ছা দোহে লড়ে বরাবরে ॥ শেষে জুম্মা মহাম্মদ, দেখায় কুওত হদ, তেগ লিয়া মুকুন্দ কুমারে * মারিল জোরেতে এয়ছা, সোলার মাফিক যেয়ছা, ঢাল কেটে করিল দুখান ॥ বৈসে তেগ ছের পরে, দুখান হইয়া গেরে, মারা গেল কাফের বেইমান * আবুওল ছাদেক মর্দ্দ, ভেবে এয়ারের দর্দ্দ, আসরাফ আকেদ আনছারি ॥ দিলিপের ছের পরে তলওার মারিল

জোরে, সামালিতে নাপারে কাফির * ছেরেতে লাগিল চোট, করে পাপি লোট পোট, ঘায়েল গিরিয়া জমি পরে ॥ দোবারা ছাদেক ফের, খেচে মারে সমসের, ধড় ছের দিল জুদা করে * লিয়া ছের জমি হইতে, গাথিয়া নেজার সাতে. ঘোড়ার হানাতে লটকাইল * দাহির দেখিয়া তাহা, মুখে বলে আহা আহা, কোমর টুটিয়া তার গেল * বুকে সোগ হইল কারি, অজুদ হইল ভারি, কুওত হইল কম গায় ॥ এ ওক্তে তাহের জোরে, গোর্জ্জ ওঠাইয়া মারে, জখম পৌছিল খুব তায় * আখেতে আন্ধার হেরে, ছাবুদ রহিতে নারে, অসামাল গিরিল নিচেতে ॥ তাহের সেতাবি নেবে, বৈসে তার ছাতি দেবে, হাতে পায় বান্ধিল মজবুতে * দাহির পড়িল ধরা, সোগেতে দেওানা পারা, হইলেক কবির কুমার ॥ ঝড়ের মাফিক ধায়, তাহেরের আগে যায়, কহেরে জবন দুরাচার * ভাগিয়া বাচিবে কোথা, রাখহ এয়ছাই বুতা, লিবে ধরে বাপকে আমার ॥ ছেড়ে দেহ চাহ ভালা, নহেত ঘটাব জ্বালা, কার তরে না বাচাব আর * শুনিয়া তাহের কয়, তারে মনাছেব হয়, গিধ-ড়ের বাচ্ছা যে সয়তান ॥ ধাড়ি তার ধরা গেলে. বাচ্ছা ভাগে দুম তুলে, বাচাইতে আপনার জান * তাহা না করিয়া গিধি, দাত খিচাইয়া যদি, আসিয়াছ বাপের তালাসে ॥ তবে থোড়া রহ খাড়া দেখাব দোজখ গাড়া, আবদুল আবাদ রবি ঘুসে * এয়ছাই কহিয়া বাত, তলওার লইয়া হাত, তখনি মারিল তার ছেরে ॥ ঢাল না ধরিতে হাতে, লাগে তেগ গর্দ্দানেতে, দুখান হইয়া ঠায় গেরে * জান গেল তন ছেড়ে, বেছির ভাগেল পড়ে, মুলতানী তামাম ছেফাই ময়দান ছাড়িয়া ভাগে, আসে পাসে দিগে দিগে, জান বাচাইয়া ধাওা ধাই * আরবি দেখিতে পায়, পিছে খেদাড়িয়া যায়, ঘিরিলেক ঘোড়া বেড়ি দিয়া ॥ বিসম মুস্কেল দেখে, দহসতে কাফের লোকে, মাফ চাহে আজিজি করিয়া * হাতিয়ার জমিনে ডেলে, কুড়ালি বান্দিয়া গলে, দাতেতে কাটিয়া ঘাস কুটা ॥ কহিল বাচাও জান, হব মোরা মোছলমান, বোতপুজা করে কোন বেটা * খাইলাম কানমলা, ফেলাইয়া পৈতা মালা, এখনি খাইব গাওা গোস্ত ॥ পুতুল মুরতি তুড়ে, ডুবাইব সমুদ্দরে, আগুনে পোড়াব বেদ সাস্ত্র *

মহাম্মদ তাহের তবে, কহিল লস্কর সবে, ফতে নামা বাজাও নেসান॥ তলওার না চাল আর, জিতা করো গেরেপ্তার, রচে হিন খাকছার নাদান *

* আরবি মুলতান হইতে কাস্মিরে যায় ও কাস্মির দখল করে *

পয়ার * মহিমে পাইল ফতে আরব্ব লস্কর॥ দখল করিয়া লিল মুলতান সহর * দাহিরের তক্তে বসে মহাম্মদ তাহের॥ ওমরাহ সর্দ্দার মির হুজুরে হাজের * আবুওল ছাদেক ফরমাইল নামদার॥ আনহ দাহির রাজে হুজুরে আমার * ধরা গেল যতেক কয়েদি তার সাতে॥ হাজের করহ এনে মেরা সামনেতে * তাহেরের হুকুমেতে ছাদেক সর্দ্দার॥ আনিল কয়েদি সবে দরবার মাঝার * মহাম্মদ তাহের কহে সোনহে দাহির॥ কি আছে দেলেতে তেরা করহ জাহির * মোছল্মান হও যদি হইয়া খোসাল॥ কায়েম রহিবে তেরা তাজ জান মাল * আর যদি রহ দেলে গরূরি করিয়া॥ নাম ও নেসান তেরা দিব মিটাইয়া * এগানা বেগানা তেরা জরু লাড়কা যত॥ জিতা জানে কবরে গাড়িব মোর্দ্দার মত* ভালা রূপে দেল বিচে ভাবিয়া গুনিয়া॥ কি চাহ জওাব দেহ সেতাব করিয়া * এত শুনে দাহির ভাবিল দেলে দেলে॥ জান মাল রহে যদি মোছলমান হইলে * তবে চাহি এই কাম করিতে জরুর॥ মুখেতে ইমান আনি করিয়া মঞ্জুর * দেলেতে ছাবুদ রব দিনেতে বোতের॥ মদিনায় ফিরে যবে যাইবে তাহের * তখন করিব কাম ফোরছত বুঝিয়া॥ কহিতে লাগিল পাপি এয়ছাই ভাবিয়া* ঝুটাদিন বোত পুজা করিয়া অতুল॥ সাচ্ছাদিন মহাম্মদি করিনু কবুল * একিদা ইমান সাতে করিনু স্বিকার॥ মহাম্মদ তাহের শুনে খোসাল হাজার * তাবাদে কহিল তার লস্কর সকলে॥ তোমাদের এইবাতে মরজি কিবা দেলে * তারাও ভি কবুল করিল এই বাত॥ ছাবুদ রহিব মোরা দাহিরের সাত * তামাম মুলতানে বাত হইল জাহির॥ ইমান এছলামি দিনে আনিল দাহির* সহরের বাসেন্দা নামি২ লোক যত॥ ভেটঘাট নজরানা চিজ

পাহালওয়ান সবার খাতির * জনে জনে ইমান আনিয়া সকলেতে ॥ বিদায় হইয়া গেল যে যার ঘরেতে * তবে মর্দ্দ রোজ কত খোশাল অন্তরে * আরামে রহিল খুব দাহিরের ডেরে * এক রোজ দাহিরে ডাকিয়া পাহালওান ॥ কহে ভাই বিবরিয়া কহত সন্ধান * হেন রাজ্য কোথা আর হিন্দুস্থান বিচে ॥ জবরদস্ত তাহা ছেওা রাজা নাহি আছে * শুনিয়া দাহির কহে সোন পাহালওান ॥ তিরিস হেস্যাতে আছে রাজ্য হিন্দুস্থান * মুলতান লাহোর দেশ পাঞ্জাব কাস্মির ॥ কান্য কুব্জ কালিঞ্জর মথুরা আজমির * গুজরাট নেপাল আর আহাম্মদ নগর ॥ অজোদ্ধা নাগর কোট পেসোওা চিত্তর * বিহার থানেশ্বর লক্ষ্মৌ মিথিলা ॥ যৌনপুর যোধপুর উড়িষ্যা বাঙ্গালা * দেহলি বিরার আগরা মান্দ্রাজ ভুটান ॥ গোলকন্দ বিরজাপুর বেলুচিস্থান * আমাহেন নামি রাজা ওই সব দেশে ॥ চালায় রাজত্যি কাম যে যাহার খাহেসে * তার বিচে জবর দস্ত সবাকার হইতে ॥ মহিপাল নামে রাজা কাস্মির দেশেতে * তাবেত্তার লস্কর ছেফাই বেহেছাব ॥ বেসুমার হাতি ঘোড়া মাল আছবাব * রাখে এয়ছা মহিপাল দব্দবা হাসমত ॥ কোথা লাগে হিন্দুস্থানি মিলিলে তাবত * ঘাসের সমান আমি নিকটে তাহার ॥ ঘাড়তে সে পারে যুঝে করিতে মিছমার * মহাম্মদ তাহের সুনে ভাবে দেলে দেলে ॥ লড়িব তাহার সাতে যা থাকে কপালে * দাহিরে কহিল মর্দ্দ সোনহে দাহির ॥ রোকছত করহ এবে আমার খাত্তির * যাইব কাস্মির দেশে করিনু এরাদা ॥ ভালা বুরা নছি-বেতে যাহা করে খোদা * আবুওল ছাদেকে মর্দ্দ করিল ফরমান ॥ তৈয়ার করিয়া রাখ তামাম ছামান * লস্কর ছেফায়ে কহ রহিতে তৈয়ারে ॥ রওানা হইব উঠে আগামি ফজরে * গোজারিয়া গেল রাত হইল ফজরে ॥ ফজর কোমর বান্ধিল যত আরবি লস্কর * আনছার মহাজের আদি সর্দ্দার একেক ॥ আবুওল জুম্মামির আবু-ওল হাছেন ॥ ছাদেক মহাম্মদ তাহের লিয়া দাহিরে কাছেতে ॥ ওছিওত নছিহত করে নানামতে * আমান ইমান সাতে রবে বরাবর ॥ হামেসা খাজনা দিবে মদিনা সহর * দেলে বদি মুখে ভালা কমিনার জাত ॥ মুখেতে স্বিকার কৈল তাহেরের বাত *

তাবাদে পাহালওান নেকলে বাহির ॥ মুলতান ছাড়িয়া চলে তরফে কাস্মির * মঞ্জেল মঞ্জেল রাহা নেকালিয়া যায় ॥ রাত হইলে খানা পানি পাকাইয়া খায় * কতদিন এয়ছা ভাতে যায় রাহাপরে ॥ হাজির হইল গিয়া কাস্মির সহরে * খোলাছা ময়দান দেখে তাম্বু ওতারিল ॥ ঝাণ্ডা নেসান ঠাই ঠাই উড়াইয়াদিল * খানা পিনা খেয়ে পিয়ে আরামের সাতে ॥ গোজারিল সেই রাত উঠে বেহানেতে * মহিপাল আগে লেখে এয়ছাই পয়গাম ॥ পহেলা লিখিল খতে এলাহির নাম*দরূদ ভেজিয়া পরে নামে মোস্তফার ॥ মতলবের বাত লেখে এয়ছাই প্রকার * সোনহ কাস্মির পতি রাজা মহিপাল ॥ মদিনাতে মহাম্মদ দিনের মশাল * শেরেকি কুফরি কাজ আধার জোলমাত ॥ মোস্তফা হইতে সব হইল তফাত * জাহানের বিচে মেরা নবি নেকনাম ॥ জাহের এছলামি দিন করিল তামাম * বোগদাদ দামেস্ক কুফা মেছের হলব ॥ রুম শাম এস্পেহান হাবশ করব * সমরকন্দ গর্গছার বোখারা সিস্তান ॥ অন্দলস সরন্দিপ বলখ কেনান*মাচিন বর বর চিন আস্বাজ ইরান ॥ তায়েফ খাওার দেশ বাসেরা আমান * কাবুল যাবুল দেশ এমন আজম ॥ তিরাহান খোরাছান গজনি মোসম * এহাতক আদম হইতে পরি জিন্নিয়াত ॥ কবুল করিল দিন কুল মখলুকাত * কেবল আছিল বাকি এই হিন্দুস্থান ॥ গোজারিয়া গেল এবে নবি দোজাহান * খলিফাওলিদ সাহা বাদসা নামদার॥এখন চালায় কাম তক্তে মদিনার * তাহার লস্করে আমি সাহেব সর্দ্দার ॥ মহাম্মদ তাহের নাম জানিবে আমার * ওলিদের হুকুমেতে আইনু হিন্দুস্থান ॥ পহেলা দাহির রাজে কৈনু মোছলমান * মুলতান সহর লিনু করিয়া কবজ এখন তোমার তরে হইল গরজ * আপনাকে বাচাইতে চাহ তুমি যদি ॥ খুসিতে কবুল করো দিন মহাম্মদি * দুর করো ঝুটা দিন পুতুলের পুজা ॥ খোদাকে ওাহেদ জান মহাম্মদ ভেজা * খাজানা কবুল করো মদিনায় দিতে ॥ খুসিতে বয়েত হও ওালিদার হাতে আর যদি গরূরিতে দেমাগ করিয়া ॥ লড়িবারে চাহ আইস তৈয়ার হইয়া * কোন বাতে রাজি কিবা মরজি তোমার ॥ খাড়া খাড়া মেরা আগে দিবে সমাচার * দেরেতে হইবে তেরা বিসম দুর্গতি

মহাম্মদ তাহের আমি বাহুল্য ইতি * এয়ছাই মজমুনে লেখা তৈয়ার করিয়া ॥ আবুওল ছাদেকে কহে তুমি যাহ লিয়া * কাছেদ ছুরতে যাহ খুব হুসিয়ার ॥ কত সান হাসমত রাখে সে কোফ্যার * জানিয়া বুঝিয়া তার নেহাত ঠেকানা ॥ আসিয়া আমার আগে কবে সব বেনা * ছাদেক লইল লেখা করিয়া ছালাম ॥ চড়িয়া ঘোড়ার পিঠে খেচিল লাগাম * সহর তরফ দিকে রওানা হইল ॥ দরবারের দরওাজাতে হাজের হইল * কাপিয়া উঠিল তারে দেখিয়া দর-ওানি ॥ অদ্ভুদ হাতির মত কে হয় নাজানি * আবুওল ছাদেক কহে যাওরে দরওান ॥ কহিবে রাজাকে তেরা আমার বয়ান * আছে মেরা তার সাতে জরুরি দরকার ॥ মোলাকাত করিবারে চাহি একবার * দরওানি শুনিয়া বাত উঠে পড়ে ছোটে ॥ তখনি কহিল গিয়া বাদশার নিকটে * মহিপাল শুনে এয়ছা দরওানির মুখে ॥ কহিল আনহ তারে আমার সুমুখে * দরওানি বাহিরে এসে এসারা করিয়া ॥ ছাদেকে দরবার রাহাদিল দেখাইয়া * আবুওল ছাদেক গেল দরবার ভিতরে ॥ বেগর কুর্ণিসে খাড়া রাজার হুজুরে তামাম দরবার লোক ছাদেকে দেখিয়া ॥ হাসিতে লাগিল মুখে রুমাল দিইয়া * হেসে লোট পোট করে হাতে মারে তালি ॥ দুর হইতে কেহ কেহ ফেকে মারে ঢিলি * পাহালওান বিম্বিসার লস্করের সর্দ্দার ॥ কোন কাম করে নামাকুল দুরচার * জিন ও লাগাম আপনার হাতে লিয়া ॥ চাহে সাদেকের মুখে দেয় লাগাইয়া * মহা-ম্মদ ছাদেক দেখে কুদিয়া উঠিল ॥ লাফমেরে মহাজোরে উভেতে কুদিল * খেচিয়া মারিল লাত কাফেরের বুকে ॥ উলটিয়া পাপি জমিনে মুখ ঠুকে * দরদ লাগিল ছেরে তুড়ে গেল দাত ॥ কুদিয়া ছাদেক ফের মারে একলাত * ধমকে বেহুস হৈল কাফের সয়-তান ॥ থোড়া ঘড়ি বাদে ফের পাইল চেতন * ছাদেকে কাটিতে ধায় খুলিয়া তলওার ॥ সেতাবিতে ছাদেক ধরিল হাত তার * ছেনাইয়া লিল তেগ এক টান দিয়া ॥ কাফেরের কোমরেতে ধরে সামটিয়া * খেচিয়া জমিন হইতে ছের পরে তুলে ॥ ঘুমাইয়া রাজার আগেতে দিল ডেলে * সরমেতে কাফেরান নাহি তোলে মাথা ॥ অধো মুখ হইয়া রহে নাহি স্বরে কথা * তামাম দরবারি

লোগ হইল তাজ্জব॥ তাব কোথা কহে কথা দেখিয়া গজব * মুখ চাওা চাই করে কানে কানে বাত॥ কেহবা ফোরছত দেখে হইতে তফাত * ডর পাইল মহিপাল আপনার দেলে॥ ধিরে ধিরে আবুওল ছাদেকে এহা বলে * কেবা তুমি কোন জাতি কোন দেশে ঘর॥ সেতাবি আমার আগে কহ সে খবর * এতেক তাকত তেরা আরেরে বিদেসি॥ বেদাত্ত করিলে মেরা দরবারেতে আসি * ছাদেক কহিল রাজা করহ বিচার॥ এইকামে আছে কিবা তকছির আমার * নাহক তোমার লোগ জুলুম করিল॥ উচিত মাফিক তেরা সাজাই পাইল * পাহালওান আবুওল ছাদেক মোর নাম॥ আরব্ব সহর বিচে মদিনা মোকাম * ওালি-দের তাবেদার জাতি মোছলমান॥ মহাম্মদ তাহেরের লইয়া ফরমান * আইনু তোমার আগে পয়গাম লইয়া॥ এতেক কহিয়া লেখা দিলেক ডালিয়া * ওঠাইয়া লিল লেখা রাজা মহিপাল॥ পড়িয়া ওাকেফ হইল যত কিছু হাল * গোস্বায় জলিয়া ওঠে কাফের সয়তান॥ কহে এত হেম্মত রাখে মোছলমান * কোন ছার মোর আগে আরব্বি বেল্লিক॥ পিসিয়া মারিতে পারি চিউ-টির মাফিক* আদনা দাহির রাজে হারাইয়া রনে॥ লিখিল আমারে এয়ছা ভরিয়া গুমানে * সোনরে কাছেদ চাহ আপনার ভালা॥ জান লিয়া হেথা হইতে ভাগ এই বেলা * খতের জওাব কিবা দিব তোর তরে॥ যাও কহ গিয়া তেরা সর্দ্দার হুজুরে * কালি বেহানের কালে ময়দানের বিচে॥ মোলাকাত দিব তারে তলওা-রের নিচে * শুনিয়া আইল ফিরে ছাদেক সরদার॥ কহিল তাহের আগে যত সমাচার * তাহের সাবাসি কত ছাদেকে দেলায়॥ কহে এয়ছাবাহাদুরি লায়েক তোমায়*মহাজেরকওমের সের জঙ্গি তুমি॥ দেখাইলে কাফেরানে মর্দ্দের মর্দ্দমি * হামেসা এলাহি তেরা কুওত কায়েম॥ রাখেন এয়ছাই রচে মহাম্মদ হাতেম *

পয়ার * বেহানেতে মহিপাল আপনা লস্করে॥ কহিল সাজিয়া চল ময়দান বাহিরে * শুনিয়া সাজিতে লাগে লস্কর তামাম॥ ঘোড়া জোড়া জেরা পোষ ছেপা সরঞ্জাম * পিন্দিয়া তৈয়ার হয়ে জঙ্গে ছোলতান,

নেকলে বাহার॥পেয়াদাছওারি সাজেনবই হাজার*ওলন্দাজতিরে, ন্দাজ গোলন্দাজ কত॥ লাঙ্গাছির কুস্তিগির লাঠি বাজ যত * জাঙ্গিয়া মাতওালা হাতি দশ হাজার * সুড়েতে মুগ্দর ফাসি বান্ধা সবাকার * লস্করের সাহেব সর্দ্দার বিম্বিসার॥ খোদ মহি-পাল রাজা বান্ধিল হাতিয়ার * হাসমতের সাতে দেখাইয়া অতি সান॥ আরব্বির নিকটেতে পৌছিল ময়দান * দেখিতে পাইয়া তাহা আরব্ব লস্কর॥ খাড়া হইল কাফেরের এসে বরাবর * মুখা মুখি দুইদল আইল ঝুকিয়া॥ লড়াই নেসান বাজা উঠিল বাজিয়া* ধাওসা নাকারা বাজে কুপচাগ তুরি॥ দামামাও কাড়া রনসিঙ্গারন ভেরি * স্বরূদ ভেউর বাজে রুদ ও বিগল॥ করনাল দুন্দুর্ভি দফ-তবল মাদল * বাজাশুনে দুইদল উঠিল মাতিয়া * চড়াই করিল শুরু হাতীয়ার খুলিয়া * হামেলা করিল যেয়ছা মত্ত মাতঙ্গ॥ কাটা কাটি হানাহানি বাধে মহাজঙ্গ * তলওারে তলওারে লড়ে পিয়াদা পিয়াদা॥ রাশি রাশি ছের ধড় কেটে হয় জুদা * তিরেন্দাজে তিরেন্দাজে খেচে মারে তির॥ একতিরে দশ বিশ উড়ে যায় ছির * মারে নেজা পিট কুজা ভেঙ্গে যায় ঘাড়॥ গোর্জ্জমারে কত পড়ে চুর্ণ হয় হাড় * পেটে ছুরি মারে কার নেকালিল আত॥ তামেচা খেচিয়া মারে উড়ে যায় দাত * কেহ কারে মুক্কি মারে গুড়া হয় মাথা॥ কান ধরে টানমারে নাহি স্বরে কথা * টিপে গলা ভব খেলা দেয় ফুরাইয়া॥ লাতমারে ঠায় মরে জমিনে গিরিয়া * কেহকারে ধরে জোরে সুন্নপরে তুলি॥ জমিনে কাছাড় মারে ভেঙ্গেযায় খুলি*কাটাকাটিহানাহানি ছেফাইছেফাই ছুড়াছুড়ি জড়াজড়ি ভিষন লড়াই*ঠেলাঠেলি গলাগলি মিলেকরে কেহু॥ ঘাও মুখধরে কেহ বলে উহু উহু * চাপানে রওদানে পড়ে কেহ পেয়ে তাপ॥ জান যায় ডাক ছাড়ে বলে বাপ বাপ * মহাম্মদ তাহের মহাম্মদ জুম্মামির॥ আবুওল ছাদেক গাজি মহা-জের বীর * এই তিন জনে এত মারিল কাফের॥ বেহেছাব বেসু-মার কে করে জেকের * ঘাড় বিচে কাফেরানে লাগে ধন্দ বাজি॥ বলে নাম কাফেরের না রাখিব আজি * রাসি রাসি কাটা লাস

পাও না ওঠাতে পারে ঘোড়া ॥ মারিতে লাগিল তবু জমিনেতে খাড়া * লছর দরিয়া বিচে সাতারিয়া যায় ॥ নাকে মুখে ঘোসে লহু কয় আসে তায় * হুসগুস নাহি কিছু দেওানা যেমন ॥ কেবল চালায় তেগ হৈয়া গোশ্বামন * সর্দ্দার বিম্বিসার রাজা মহিপাল ॥ লড়ে এই দোন জাঙ্গ বাঘের মেছাল * মরিল দোহার হাতে আরবি ছেক্ষাই ॥ বেহেছাব বেসুমার লেখা জোখা নাই * দেখিতে দেখিতে হয়ে আইল নিমাসাম ॥ বাজিল বাছুড়ি বাজা লস্কর তামাম * যে যার ডেরার দিগে :চলে ধাওা ধাই ॥ বাচিল যে ভাবিল সে পাইনু রেহাই * নছিব ছাবুদ আজি বাচিলাম ভালে ॥ নাজানি কি আছে কালী কাহার কপালে * কেহ কহে মরনের বাকি কোথা আর ॥ জখমে ঝাঞ্জেরা ছারা অজুদ আমার * আজি রাত দরমিয়ানে বাচি.কি না বাচি ॥ কেহ বলে আমি ভাই একে-বারে গেছি * কেহ বলে চুপ রহ রাখি আগে হাপ ॥ কেহ বলে তামাকু পেলাও মোর বাপ * পিওনা বাজাও :থোড়া কেহু কেহু বলে ॥ কেহু ঢোড়ে বাচে কিনা কোথা বাপ ছেলে * কাহার মরনে কেহু জার জার কান্দে ॥ কেহবা ওড়ায় মজা মনের আনন্দে কেহ কহে মহিমের ওক্তে কেয়ছা আমি ॥ নজরে দেখিলে কেয়ছা দেখানু মর্দ্দমি * কহে কেহ বকো কাহে পিছে কবে বাত ॥ ভোকেতে সেকিম জ্বলে আগে খাই ভাত * কত কথা কত জনে কহে এ প্রকারে ॥ বলিতে কহিতে এয়লা সে রাত গোজারে * ফজর হইতে ফের বাজিল নাকারা ॥ দুদলে লস্কর আইল করিয়া পায়তারা * সারি দিয়া দাড়াইল বান্ধিয়া কাতার ॥ ফোকারিয়া উঠিলেক নকিব চোপদার * হুকুমের এন্তেজারে রহে সবে খাড়া ॥ পহেলা কাফের এক ওঠাইয়া ঘোড়া * ময়দানে পৌছিল এসে অতি তানসানে ॥ এসহে আরাব বলে হাকে ঘনে ঘনে * তবে আনোওার বেগ মহাজের জওান ॥ মহাম্মদ তাহের আগে লইয়া ফরমান * কাফেরের নিকটেতে হইয়া হাজির ॥ কহিল কাহেক্কে এয়ছা চিল্লাও কাফের * কাফের কহিল বাত সোনরে জবন ॥ তলব নিকটে তেরা পৌছিল সমন * মরিবার তরে এলি সাম-নেতে মোর ॥ আজি তুঝে আলবত্তা ভেজিব জম ঘর * ফুরাইয়া

গেল তেরা দুনিয়ার খেলা ॥ কলমা সাহাদত পড়ে লেহ এই বেলা শুনিয়া উঠিল জ্বলে আনোওয়ার বেগ॥ খাপ হইতে হাত পরে খুলে লিল তেগ * হেকে বলে সোন ওরে কাফের বেহুদা ॥ জানা জাবে এইবার কারে রাজি খোদা * মেহেরবান আমা সবে ছোবহান কাদের ॥ কাফের সয়তান তুই চেলা ইবলিছের * তুড়িতে কাফের জাত জহুদ সয়তান ॥ আমা সবে আনে খোদা এই হিন্দস্থান * তুড়িব কাফের আজি তাহার করমে ॥ জিউতা ধরিব নহে দিব জাহান্নামে * বানাব মোছলমান পড়াব কলেমা ॥ মাটীর মুরতি পুজা করাইব ক্ষেমা * পৈতা মালা তোড়াইব কাটাইব ঝুটি ॥ মুখে দাড়ি রাখাব খেলাব গোস্ত রুটি * শুনিয়া জ্বলিয়া ওঠে কাফের সয়তান ॥ কহেরে মোছলমান সামাল জবান * আর বার ফের যদি কোন কথা কবে ॥ পয়জার মারিয়া ছের ওড়াইব তবে* মুখ হইতে ওখাড়িয়া লিব তেরা দাড়ি ॥ খেলাব কোত্তাকে দিয়া গলা তক গাড়ি * নহেত ধরিয়া আস্তানায় জয়কালি ॥ খাড়াতে কাটিয়া ছের দিব নরবলি * গোস্বায় আনোওয়ার বেগ জ্বলন্ত আগুন ॥ হেকে কহে হুসিয়ার হও মালাউন * এতেক কহিয়া ঘুমাইয়া সমসের ॥ মারে জোরে কাফেরের তাকাইয়া ছের সেত্তাবি কাফের পাপি ছেরে ঢাল ধরে ॥ ওার করিল রদ হেকমত হুনরে * কাফেরান মারিলেক আনোওারে তেগ ॥ ঢালেতে করিল রদ আনোওার বেগ * মারিল আনওার বেগ গোর্জ্জ ওঠাইয়া ॥ কাফেরের ছেরে গোর্জ্জ লাগিল যাইয়া * এক চোটে কাফেরের ঢাল কৈল গুড়া ॥ সওারি সমেত চুর্ণ হইয়া গেল ঘোড়া * দোছরা ছওারে দিল ভেজে মহিপাল ॥ ধরিল আনোওার তার কোমর দেওাল * খেচিয়া স্নন্ধেতে তুলে মারিল পটকান ॥ মরিল কাফের মুজি নেকালিল জান * তেছরা কাস্মিরি এক পৌছিল আসিয়া ॥ মারিল আনোওার তারে নেজা ঘুমাইয়া * কোমর টুটিয়া নিচে গিরিল কুফর ॥ আনোওার বসিল তার ছাতির উপর * হাতে পায়ে বান্দিলেক রসি লাগাইয়া ॥ আপনা লস্করে দিল হাওালা করিয়া * ফের এক আছওার কুদিয়া আইল ॥ আনোওার তেয়ছাই তারে বান্দিয়া লইল * দোখয়া বহুত গোস্বা হইল বিম্বিসার

ধাইল ময়দান দিগে খুলিয়া তলওার * আনোওারের নিকটেতে যাইয়া তুরিতে॥ খেচিয়া তলওার তার মারিল ছেরেতে * এক চোটে ধড় ছের জুদা করে দিল॥ মরিল আনোয়ার বেগ বেহেস্তে পৌছিল * উন্ আনছারি নামে এক পাহালওান॥ জোরে ঘোড়া কোদাইয়া পৌছিল ময়দান * গোর্জ্জ ওঠাইয়া তারে মারিল জহুদ॥ মরিল আনছারি গুড়া হইল অজুদ * আর এক দেলাওর হইল হাজির॥ কুদিয়া তাহার তরে ধরিল কাফির * খেচিয়া ছেরেতে তুলে দিয়া এক হাক॥ জমিনে ডালিল জোরে দিয়া তিন পাক * মরিল আরবি হাড় হইল খান খান॥ এইরূপে বিম্বিসার কমিনা সয়তান * মারিল আঠারো জনে ময়দান উপর॥ মহাম্মদ তাহের দেখে হইল ফাফর * আবুওল ছাদেক কহে করিয়া ছালাম॥ লড়িব কাফের সাতে আজি মোর কাম * হুকুম আমার তরে দেহ পাহালওান॥ মহাম্মদ তাহের কহে খোদা নেঘাবান * কুদিল ছাদেক ঘোড়া জোরে হাকাইয়া॥ কাফেরের সামনেতে পৌছিল যাইয়া * বিম্বিসার দেখে তারে পারিল চিনিতে॥ বহুত ডরিল পাপি আপনা দেলেতে * হাকিয়া ছাদেক কহে কহরে জহুদ॥ সে রোজের অজুদের দর্দ্দ কি মওজুদ * আছে কিনা এখন মালুম তেরা গায়॥ লড়িতে আইলে বুঝি বেগের চাঙ্গায় * বিম্বি-সার সুনিয়া করিল হেট মাথা॥ চুপ হইয়া রহে পাপি নাহি কহে কথা * ছাদেক দোবারা কহে সোন বিম্বিসার॥ কাফের লস্করে তুমি ছাহেব সর্দ্দার * মান যদি মোর বাত কর এই কাম॥ না চাহ সর্দ্দারি নামে ডালিতে বদনাম * হাসাইতে নাহি চাহ লোগ দু-দলের॥ এখনি ক্ষিমাতে ভাগ নাহি কর দের * বিম্বিসার এই বাতে পাইল সরম॥ কিন্তু মালামতে হইল অজুদ গরম * তলওার খুলিয়া ধায় ছাদেক উপরে॥ কুদিয়া ছাদেক তার ধরিল কোমরে* খেচিয়া ছেরেতে তুলে জমিনে ডালিয়া॥ বেন্দে লিল হাতে পায় রসি লাগাইয়া* হাওালা করিয়া দিল আপনা লস্করে॥ দেখে রাজা মহিপাল হায় হায় করে * আপনি ময়দানে ছোটে ওঠাইয়া ঘোড়া ছাদেকের ছামনেতে হইল গিয়া খাড়া * কোন কথা না কহিয়া গোর্জ্জ ওঠাইয়া॥ মহাজোরে ছাদেকেরে মারিল খেচিয়া *

ছেরেতে পাতিল ঢাল ছাদেক মর্দ্দানা ॥ ঢালেতে লাগিল গোর্জ্জ যেমন ঝনঝনা * ধমকেতে ছাদেকের কাপিল অজুদ ॥ নাপারে ঘোড়ার পরে রহিতে ছাবুদ * জমিনেতে গিরে গেল হইয়া বেতাব ॥ মহিপাল ঘোড়া হইতে নামিল সেতাব * চাহে কি ছাতির পরে বসে দাবাইয়া ॥ ছাদেক হইল খাড়া সেতাবি উঠিয়া গোস্বা ভরে পাহালওান নেজা ঘুমাইয়া ॥ কাফেরের কোমরেতে মারিল খেচিয়া * গিরে গেল মাহপাল কোমর টুটিয়া ॥ ছাদেক ছাতিতে তার বসিল কুদিয়া * হাতে পায় বান্দলেক কশিয়া জিঞ্জির ॥ দেখে সোরসার করে তামাম কাফির * মহিপালে ছেনা-ইয়া লইবার তরে ॥ আবুওল ছাদেকের ঘেরে চারিওরে * মহি-পাল এসারায় করিলেক মানা ॥ ফিরে যাহ হরগেজ না লড় কোন জনা * খামস হইয়া তবে রহিল সকলে ॥ আবুওল ছাদেক লিয়া রাজা মহিপালে * আপনা লস্করে দিল করিয়া হাওালা ॥ বাজিল বাছড়ি ডঙ্কা নিমা সাম বেলা * ফিরিল যে যার ডেরে তামাম লস্কর ॥ মহাম্মদ হাতেম রচে জুজার সাহা ঘর *

* আরবি হিন্দুস্থান হইতে যায় *

ত্রিপনী * ঘুচিল জঞ্জাল, রাজা মহিপাল, মহিমে পড়িল ধরা ॥ মহাম্মদ তাহের, তাহার খাতের, পুছিল কি মর্জ্জি তেরা * হবে মোছলমান, কিবা দিবে জান, গরূরিতে রহযদি ॥ বুঝিয়া জওাব, দেহনা সেতাব, ঘুচায়ে দেলের বদি * শুনে রাজা বাত, কহে নেক জাত, আমারে জিনিলে রনে ॥ হইনু গোলাম, কবে যে কালাম, একিদায় লিব মেনে * পড়িল কলেমা, করে দিনু ক্ষেমা, হিন্দুয়ানি কাজ ছারে ॥ শুনিয়া তাহের, খোসাল খাতের, মোছলমান কৈল তারে * দিনদারি কাজ, রোজা ও নামাজ, একে একে শিখাইল ॥ তাহা বাদে মহি, কহে মর্দ্দ কহি, আমার ডেরাতে চল * আরজি দেলের, খেদমতে হাজের, হইয়া রহিব থোড়া ॥ সুনে পাহালওান, করিল ফরমান, ওঠাইতে তাম্ব ডেরা * ময়দান হইতে, দরবার বিচেতে, হাজের হইল গিয়া ॥ রাজা মহিপাল, বহুত খোসাল,

খাদেম মত ॥ দিয়া দেলজান, খেলান পেলান, খাবার ছামান কত আরবি সবার, লায়েক যে যার, খেদমত করিল তেয়ছা ॥ রুজু খেদমতে, হরয়েক হালাতে, হাপ্তা রোজ রহে এয়ছা * তাহের মর্দ্দানা, দেলেতে আপনা, মছলত করিল তবে ॥ এখান হইতে, কাফের তুড়িতে, পাঞ্জাবে যাইব এবে * মহিপালে ডেকে, জেনে একে একে, লিল সব সমাচার ॥ পাঞ্জাব রাজন,ছেফাই কেমন, কত লোগ তাবে তার * কুরনি খোদার, দেখ দিনদার, কেয়ছা সে মক্কর ওয়ালা ॥ কে পারে বুঝিতে, বান্দার সহিতে, খেলে যে আজব খেলা * কঠিন এক ওবা, কলেরার বাবা, মারাত্মক অতি-শয় ॥ হঠাত পৌছিল, গালেব হইল, আরবিকে সমুদয় * গিরে সেই রোগে, মরে কত লোগে, কে কার খবর লেয় ॥ হয় যার তরে, তখনি সে মরে, মা বলিতে নাহি দেয় * হাতি উট ঘোড়া, গাধা গরু ভেড়া, হাওয়ান জানওার কত ॥ গিরে সে ওবাতে, লাগিল মরিতে, রোজ বিচে এক শত * বৈদ্যের বড়ি, মধু সাতে মারি, অনুপান কবিরাজি ॥ তবিবের দাওা, হাকিমি হালুওা, ডাক্তারের শিশা পুজি * দোওা ফুক দারু, নাহি খাটে কারু, হইল সবে নাওম্মেদ ॥ তাহের জওান, হইল পেরেসান, দেলেতে পাইল খেদ পাইল দহসত, করিল মছলত, উচিত না হয় আর ॥ থাকিতে এখানে, ফিরিব মাকানে, যাহা করে পরওার * তবে জোরওার, করিল তৈয়ার, লস্কর ছেফাই গনে ॥ ওঠাইয়া ডেরা, করিল পায়-তারা, তখনি মদিনা পানে * ভাবিয়া খোদায়, চলিল রাহায়, মঞ্জেল মঞ্জেল চলে ॥ নাকরে আরাম, পাকাইয়া তাম, খায় দুই রোজ গেলে * কতদিন পরে, মদিনা সহরে দাখেল হইল গিয়া ॥ খলিফা গোচর, পৌছিল খবর, লিল সাহা আগু হৈয়া * মহাম্মদ তাহের, নোওাইয়া ছের, ছালাম করিল সাহে ॥ হাতেদিয়া হাত, হইল বয়াত, তাহা বাদে হাল কহে * আওল থাকিয়া, দিল শুনা-ইয়া, গোজারিল যা যেখানে ॥ খলিফা ওালিদ, বুঝিল মোকছিদ, পুরাইল ছোবহানে * খোসাল খাতেরে, তাহেরের তরে, এনাম বকসেস কৈল ॥ পিয়ার করিয়া, ছাতি লাগাইয়া, মোরতোবা বাড়ায়ে দিল * হেথা হিন্দুস্থানে, দাহির কমিনে, পাইল যবে

সমাচার ॥ আরব্ব লস্কর, মদিনা সহর, ফিরিয়া গেছে এবার * তবে নামাকুল, তুড়িল বেলকুল, দিনদারি কাম যত॥ হিন্দুয়ানি চাল করিল বাহাল, বোতের আইন মত * ভেজিতে খেরাজ, মদিনার মাঝ, তাহা করে দিল বন্দ॥ ওালিদ খলিফা, হইল তাহে খাফা, লেকিন দেলেতে সন্দ * লড়াই করিতে, হিন্দুস্থানে যেতে, ভালা না দেখিতে পাই ॥ সেথা এয়ছা ধারা, আব হাওা বুরা, আমাদিগে সহে নাই * মোরা মরুবাসি, অকুদ তাপেসি, সর্ব্বদা পরমে রই ॥ গরম অজুদ, কেমনে ছাবুদ, রহিবে গরম বই * হইবে নোকছান, নাহিক ছাড়ান, বিমার বোখার হবে॥ ভালা এহা হইতে, রহি খামোসেতে, চারা কিবা আছে তবে * অধিন খাকছার, কহে এই বার, আর কিছু সোন থোড়া ॥ কি প্রকারে ফের, নেকালিল জের, তুমুল জঙ্গের গোড়া *

* পারেস সাহা হেজাজের বেটী সরিফার কথা *

পয়ার * এই সময়ের বিচে পারেস মাঝার ॥ ছিল এক জবর দস্ত বাদসা নামদার * বেসোমার ছিল তার লস্কর ছেফাই॥ হাতি ঘোড়া উট গাধা লেখা জোখা নাই * মাল আছবাব মাত্তা ভাণ্ডার বোঝাই॥ কোন বাতে কমি তারে না রাখে এলাই * হেজাজ বলিয়া তার আছিলেক নাম॥ ছালেহিন নেকমর্দ্দ দিনদারি কাম* মজবুতে চালায় সাহি এনছাফ আদলে॥ সারা সরিওত মতে আছিল বাহালে * ওালিদার তাবেদার আছিল হেজাজ॥ হামেসা খাজানা দিত মদিনার মাঝ * যেয়াদা আওলাদ তারে না দিল ছোবহান॥ সবে মাত্র এক বেটী ধড়ের পরাণ * শিশুকালে জননী মরিয়াছিল তারি ॥ সরিফা রাখিল নাম বাপের পেয়ারি * আছিল সরিফা বিবী ছুরত জামাল॥ বয়স বরছ তেরো হদ্দ চৌদ্দ সাল * সে সমে সরিফা এয়ছা রূপের কামিনী॥ তামাম জাহান বিচে নাহি ছিল ছানি * নাজুক বদনী এয়ছা আছিল সরিফা॥ শেকেল চাঁদের সম শিশা হইতে ছাফা* সবে মাত্র ফুটিয়াছে প্রথম যৌবন মুখের চটক যেয়ছা চাঁদের রৌসন * ঠোট দুটা পরিপাটী লাল

দুটি গাল গোলাপী বরন॥ যোগাঋসি মহামুনি দেখে উচাটন * যোগ যাগ ধর্ম্ম কর্ম্ম দিয়ে সবক্ষেমা ॥ চাহে দিব ও গালেতে এক বার চুমা * ঝিনুকের মত কান নাক যেন বাঁসি ॥ বিজলি চমকায় যেয়ছা সেমুখের হাসি* টানাটানা ভাঁসা ভাঁসা এয়ছা দুটী আখি॥ দেখিলে হরিনী ভাগে মনে হয়ে দুখি* চাহনী মদন বান তাকে যার পানে॥ সে বেচারা হুসহারা মরিবে পরানে * পদ্মের পাপুড়ি যেয়ছা দুচক্ষের পাতা॥ ভুরু জোড়া দেওা চড়া রাম ধনু গাথা * দাঁতের বাহার যেয়ছা আনারের দানা॥ কহিলে মুক্তার গাথা না হয় তুলনা * মাথা হইতে জানু তক কোকরানা বেনী॥ এলায়ে পড়েছে পিঠে যেয়ছা কালফনি * পেটপিট ফিট ফিটে সকলী চৌরস॥ লিখিয়া কলমে কিবা কহিব পৌরস* বারিক কোমর সরু আজব ডোউল॥ জোয়ার যৌবন নদী রসে টুল টুল * বুকেতে কদম্ব ফুল কমল নতুন॥ সবে মাত্র ফোটা কলি সরিফা খাতুন * গলার আওাজ যেয়ছা বুলি কোকিলের॥ সহদ হইতে মিঠা বচন মুখের * মৃনালের মত বাহু গোলাপি কদম॥ সে পায় যে দেখা পায় ধন্য সে আদম * ছুরত তাজল্লি বাত সরিফা বিবীর॥ সহরে সহরে কত হইল জাহির * পটেতে দেখিয়া তার ছুরত নকল॥ কত কত সাহাজাদা হইল পাগল * সরিফা বিবীর পরে আসক হইয়া॥ সাদির পয়গাম দিল হেজাজে ভেজিয়া * লেকিন হেজাজ তাহে রাজি না হইল॥ কেননা দেলেতে তার এ মতলব ছিল * বেটী বিনা কেহ মেরা জাহানেতে নাই॥ আর বেটা বেটি মোরে নাহি দিল সাই * আখের পুথলি বেটী ধড়ের পরান॥ একঘড়ি না দেখিলে জান পেরেসান * বেহা যদি দেই বেটী দুর দেসান্তরে॥ লেজাবে খছম তার আপনার ঘরে * তবেত বেটীকে আর না পেয়ে দেখিতে॥ জুদাইর সোগে পড়ে মরিব শেষেতে * এহা-ছেয়া মেরা এই সাহি কারবার॥ আমা বাদে কে হইবে ওারেছ ইহার * তবে এয়ছা সাহাজাদা থাকে কোনখানে॥ সাদি করে লিয়া মেরা বেটীর কারনে * হামেসা হাজের থাকে হুজুরে আমার॥ আমি বাদে মেরা এই সাহি কারবার * মিলিবেক বেটী জঙ্গে সোলতান

আর দামাদ কারনে ॥ নাম তবে জারি মোর রহিবে জাহানে *
কোন সাহা এই বাতে রাজি না হইল ॥ বাদসা হেজাজ নওসা
ঢুড়িতে লাগিল * হেজাজ সাহার এক আজম উজির ॥ ছালেহা
তাহার নাম আছিল জাহির * উজিরের ছিল এক ছোট বেরাদার ॥
ছিল সে মনসবদার লস্করে বাদসার * রাসেদ তাহার নাম নবিন
জোওান ॥ ফেরেবে তাহার আগে হারিত সয়তান * বুড়া ও চাতুরী
কাম জানিত বহুত ॥ দাগার আকেলে বড়া আছিল মজবুত *
আর সে সরিফা পরে আছিল আসক ॥ আসকে পাগল তারে
করিল বেসক * এক রোজ উজিরের হুজুরে রাসেদ ॥ জানাইল
আপনার দেলের মোকছেদ * ছালেহা উজির তবে ভায়ের
লাগিয়া ॥ দেলাসা দেলায়ে গেল দরবারে চলিয়া * হেজাজ সাহার
আগে কহিল তামাম ॥ তেরা বেটী মেরা ভাই দেহ সাদিকাম *
শুনিয়া হেজাজ সাহা কহিল এয়ছাই ॥ ভালা তাহা হবে পিছে
বাধা কোন নাই * জাহের এবাত সাহা কহিল উজিরে ॥ লেকিন
এনকার কৈল রাসেদের তরে * রাসেদে যাইয়া তবে কহিল
ছালেহা ॥ তেরা বাত মঞ্জুর করিয়াছে সাহা * রাসেদ হইল শুনে
বহুত খোসাল ॥ গায়েবি দওলত যেয়ছা পাইল কাঙ্গাল * কাছেম
নামেতে ছিল লস্করের সর্দ্দার ॥ আছিল সে এগানাতে হেজাজ
সাহার * নেককার নেকনাম বড়া হুস মন্দ ॥ মোহাম্মদ নামে এক
তাহার ফরজন্দ * বড়া আকেল মন্দ লাড়কা নবিন জওান ॥
হেকমত হুনুরে দড় জোরে পাহালওান * শুনিয়া হেজাজ সাহা
তারিফ তাহার ॥ এক রোজ বোলাইয়া দরবার মাঝার * সান ও
ছুরত তার দেখিয়া সুবন্দ ॥ আপনার দেলেতে খুব করিল
পছন্দ * এত দিনে হইল পুরা দেলের মোরাদ ॥ এ লাড়কা
লায়েক বটে করিব দামাদ * কাছেম সর্দ্দারে সাহা বোলায়ে তখন
কহিল তাহার তাগে মতলব আপন * কহে কিবা এই বাতে মর-
জি তোমার ॥ বুঝিয়া আমার আগে কহ সমাচার * শুনিয়া কাছেম
কহে আয় জাহাগির ॥ বুঝিনু বোলন্দ বড়া আমার তকদির *
মেরা লাড়কা হুজুরের আদনা গোলাম ॥ মরজি মোবারক সাহা
করিবে যে কাম * সুপিবে লাড়কাকে মেরা বেটীকে তোমার ॥

ইহা হতে খুসির বাত কিবা আছে আর * শুনিয়া খোসাল হইল বাদসা নামদার ॥ কহিল দেরেতে আর কি আছে দরকার * সেতাবি তৈয়ার করে লেহ সরঞ্জাম ॥ আয়েন্দা জোম্মার রোজে হবে সাদি কাম * ছালেহা উজিরে সাহা করিল ফরমান ॥ তৈয়ার করিয়া দেহ সাদির ছামান * সে রোজের মত গেল দরবার ভাঙ্গিয়া ॥ ছালেহা রাসেদ আগে কহিল যাইয়া * বাদশা তুঝে বেটী দিতে করিল এনকার ॥ মহাম্মদ বিন কাছেম সঙ্গেতে তাহার * সরিফার সাদি দিবে কৈল মকরর ॥ রাসেদ শুনিল জবে এয়ছাই খবর * আছমান হইতে যেয়ছা গিরিল জামিনে ॥ শত বজ্রাঘাত যদি হইত সেখানে * তবুও রাসেদ এয়ছা না পেত ধমক ॥ মোকছেদের কিস্তি তার ডোবে আচানক * বহুত বোঝায় তারে ছালেহা উজির ॥ মিছা ভাবা ছেড়ে দেহ মন কর স্থির * দেল হইতে দুর করো সাজাদির বাত ॥ আন্দেসা ভাবনা গম করহ তফাত * রাসেদ বিষাদ ভাবে আপনা অন্তরে ॥ যদি নাহি পাইলাম সরিফা বিবিরে * তবে এই জেন্দেগানি মিছে অকারণ ॥ নাহি যাবে এই জ্বালা বেগর মরণ * তেগিব আপনা জান আপনার হাতে ॥ লেকিন এক কাম চাহি তাহার আগেতে * যে মেরা সুখের বাদি যার ওছিলায় ॥ না পাইনু জানের জান বিবি সরিফায় * সেই মহাম্মদ মেরা বেসক দুসমন ॥ আগেতে করিব খুন তাহার কারণ * মেটাইয়া দিব আগে মহাম্মদ নাম ॥ পিছেতে আপনা জান করিব তামাম * মহাম্মদ দুনিয়ায় বাঁচিয়া থাকিতে ॥ হরগেজ ২ আমি নারিব মরিতে * রাসেদ মছলত এয়ছা করিল দেলেতে ॥ চড়িল খুনের নেসা গিয়া মগজেতে * তাহাতে ওছওছা দিল খান্নাছ কমিনা ॥ একেবারে রাসেদেরে করিল দেওানা * কোন ক্রমে সেই রাত গেল গোজারিয়া ॥ ফজরে রাসেদ উঠে তৈয়ার হইয়া * মহাম্মদের মাকানেতে হইল হাজির ॥ দেখে মহাম্মদ তারে খোসাল খাতির * হাত পাকড়িয়া লিল কাছেতে আপন ॥ কহে কহ হে রাসেদ তবিয়ত কেমন * মেজাজ সরিফ কেয়ছা কহ দেখি ভাই ॥ বড়ানা যে কতদিন পরে দেখা পাই * রাসেদ

তু এক বাত্তে দিলেক জওয়াব ॥ কহে:ভাই তবিয়ত বহুত খারাব *
কেবল শুনিয়া তেরা খুসির হালাত ॥ আইনু তাই একবার দিতে
মোলাকাত * সাহজাদি সরিফা সাতে হবে তেরা সাদি ॥ আগে
হইতে আইনু দিতে মোবারক বাদি * তাবাদে কহিল ফের
রাসেদ বেপির ॥ চল মহাম্মদ যাই ফিরিতে বাহির * মেজাজ
নেহাত মেরা গেছে বেগড়িয়া ॥ আরাম লইব থোড়া ছায়ের
করিয়া *মহাম্মদ রাজি হইল এই বাত পরে ॥ নেকালিয়া দুইজনে
চলে রাহা পরে * চলিতে ফিরিতে এক বাগানে যাইয়া ॥
সাম্ধাইল ভিতরেতে দরওয়ানে কহিয়া * হাত ধরাধরি করে
কথায় ২ ॥ পৌঁছিলেক বাগিচার শেষ কেনারায় * হঠাৎ ছাড়িয়া
হাত রাসেদ কমজাত ॥ তলয়ার খুলিয়া লিল আপনার হাত *
হেঁকে কহে মহাম্মদ নিদান তোমার ॥ কলমা সাহাদত পড়ে
লেহ একবার * জেন্দেগানি হইতে হাত ধোও মহাম্মদ ॥ মরিবে
আমার হাতে নাহি হবে রদ* মহাম্মদ এছা শুনে ওঠে চমকিয়া ॥
কহে দোস্ত কিবা কহ আমার লাগিয়া * শুনিয়া রাসেদ কহে
কহিলাম রাস্ত ॥ আমি যে দুসমন তেরা কভু নহি দোস্ত *
এখানে আনিনু তুঝে মারিবা কারণ ॥ হাককতে তুমি মোর
জানের দুসমন * আমার জানের জান সরিফা সাহজাদি ॥ তুমি
চাহ তার তরে করিবারে সাদি * আমার ছামনে তুমি বিবি
সরিফায় ॥ লইয়া করিবে খুসি সহা নাহি যায় * ইয়াদেও এই
কথা ফেটে যায় হিয়া ॥ আর না রহিতে পারি ছবর করিয়া *
মনা ছেব নহে আর করিবারে দের ॥ এই তলওারে জুদা করে দিব
ছের * এয়ছাই কহিয়া তেগ ওঠায় মারিতে ॥ মহাম্মদ হাত তার
ধরিল তুরিতে ॥ মোচড়িয়া ছেনাইয়া লিল তলওার ॥ কহে এবে
কিবা হাল হয়রে বদকার * এবে বাঁচাইয়া তোরে লিবে কোন
বাপ ॥ এক চোটে গর্দ্দান করিয়া দিব ছাফ * রাসেদ মনসবদার
লাগিল কুদিতে ॥ বহুত কোশেসে নারে হাত ছাড়াইতে * তবে
মহাম্মদ তারে পটকান মারিয়া ॥ জমিনে ডালিয়া বৈসে ছাতি
দাবাইয়া * ছেরের দেস্তার দিয়া বান্ধে হাতে পায় ॥ হেনকালে
বাগবান পৌঁছিল সেথায় * যবে এরা ছিল দোহে তকরার

করিতে॥ বাগানি শুনিতে পায় তফাত্ত হইতে * দেখিল সে এসে যবে পারিল বুঝিতে॥ মহাম্মদে কহেলিয়া চল একমজাতে* বাদসার আগেতে চল লইয়া দরবারে॥ গাওা দিব আমি যাহা দেখিনু নজরে * মহাম্মদ করে কাম বাগানির বাতে॥ হাজের করিল তারে বাদসার আগেতে * করিল নালিস রুজু মহাম্মদ জওান॥ গাওা দিল যা কিছু জানিত বাগবান * শুনিয়া কহিল বাদসা রাসেদের তরে॥ এমন জবুন কাম কর কি খাতেরে * মহাম্মদ কিবা তেরা করিল বুরাই॥ কাহেক মারিতে তারে চাহিলে এয়ছাই * মেরা এনছাপেতে তেরা সোনরে নাদান॥ উচিত সাজাই তোড়া যাইবে গর্দ্দান * রাসেদ কহিল সোন হেজাজ জাহান॥ হরগেজ আমার তরে না ভাব নাদান * মরি-বার তরে আমি ডর নাহি করি॥ নাদান বানায় মোরে তোমার পিয়ারি * বেটী দিবে তুমি মোরে করিয়া স্বীকার॥ মহাম্মদে দেখে ফের করিলে এনকার * মহাম্মদ বাদি হইল না পাইনু সরিফা॥ এখাতেরে তার পরে হইলাম খাফা * দেলেতে রহিল খেদ মরিবার পিছে॥ মহাম্মদে পারিতাম লিতে তেগ নিচে * হাঁসিতে হাঁসিতে তবে আপনার জান॥ দিতাম আপন হাতে করিয়া কোরবান * তাহা না হইল পুরা কি করিব হায়॥ মরণেও এই খেদ রহিবে বজায় * এয়ছাই কহিয়া চুপ হইল রাসেদে॥ করিল হেজাজ সাহা ফরমান জাল্লাদে * জুদা করে দেহ ছের এই কমিনার॥ জাল্লাদ হুকুম পাইয়া হইল তৈয়ার * সোপারেস কৈল কত ছালেহা উজির॥ মাফ করে দেহ সাহা ইহার তকছির * হরগেজ হেজাজ সাহা না শুনিল মানা॥ রাসেদে কহিল কহ আরজু আপনা * খায়েস মরিবা ওক্তে যা করিবে তুমি॥ আল্ল-বওা মোক ছেদ তেরা পুরাইব আমি * রাসেদ কহিল আয় বাদসা নামদার॥ যদ্যপি মোকছেদ পুরা করিবে আমার * তবে থোড়া মেহেরবান হও জাহাগির॥ বারেক দেখাও তেরা বেটীর খাতির * শুনিয়া হেজাজ গোশ্বা হইল দ্বিগুণ॥ কহে মরিবার কালে আরে মালাউন * তবুও নাহিক ছাড় খাছলত আপন॥ জাল্লাদে কহিল আর দেরি কি কারণ * জাল্লাদ লইয়া

তবে রাসেদের তরে ॥ তলওার মারিয়া ছের দিল জুদা করে * ভায়ের মরণ সোগে উজির ছালেহা ॥ জার জার হৈয়া কান্দে করে জারি আহা * তাবাদে হেজাজ সাহা বাদসা জাহাগির ॥ আঞ্জাম করিল ছারা ছামানা সাদির * পৌছিল সাদির দিন নজদিক যখন ॥ সহরিয়া লোগ হইল খুসিতে মগন * খুসির তুফান বহে বাদসার মহলে ॥ দাসি বান্দি থাওাছিন খোসাল সকলে * বহুত খোসাল দেল সরিফা সাহজাদি ॥ খুসির মওজার চোটে ডোবে দেল নদী * খোসাল ছেপাইগণ ওমরাহ সর্দ্দার ॥ সাদিয়ানা নহবত বাজে চারি ধার * নহবতে সাহানা বাজে খানায়ে তবল ॥ অন্দর বাহিরে সবে শুনিয়া পাগল * রোবাব সারেঙ্গ বিন পাখওাজ তানপুরা ॥ বেহালা মৃদঙ্গ বাজে দোতারা ছেতারা * ভেউর করনাল দফ নাকারা বিপল ॥ কুপচাগ স্বরূদরূদ দামামা মাদল * তবল ধাওসা কাড়া নাটুওা ও তুরি ॥ সাহানা দেওানা সুর বিমোহন ভেরি * মকরর দিন এসে পৌছল যখন ॥ মজলেছ তৈয়ার কৈল জলুছ জসন * হাজের হইল দুলা বাদসার ডেরায় ॥ বাদসাহি মামেলা ভাই বোঝ ইসারায় * সাহানা ছামানা সব দরকার যেমন ॥ ছায়েত দেখিয়া নেক বান্দিল লগন * দেশের দস্তুর মতে পড়াইল সাদি ॥ মজলেছি সকলে দিল মোবারক বাদ * দামাদে লইয়া গিয়া অন্দরের মাজ ॥ হাতে ২ বেটী সুপে দিলেন হেজাজ * খাওাছিন দাসিগণ মিলিয়া সকলে ॥ বাসর তৈয়ার কৈল নেরালা মহলে * দুলাদুলহিনে দিয়া ফিরিল সকল ॥ মাতিল নবীন প্রেমে দম্পতি যুগল * খোসাল হালাতে বিবি সরিফা সুন্দরি ॥ মনরঙ্গে পতি সঙ্গে বঞ্চে বিভাবরি * পীরিতি গভির জলে নামিয়া দুইজন ॥ যে যাহার এস্ক আগ কৈল নিবারণ * ফজরে হইল পাক গোছল করিয়া ॥ মহাম্মদ দরবারেতে পৌছিল যাইয়া * বাদসাকে ছালাম কৈল নোওাইয়া ছির ॥ হাত ওঠাইয়া দোওা কৈল জাহাগির * আদরে আপনা কাছে বসাইল লিয়া ॥ দরবার সমেত খুসি হইল দেখিয়া * জনে জনে দোওা কত কৈল মহাম্মদে ॥ আর কিছু সমাচার সোন তাহা বাদে * একদিন হেজাজ বসিয়া তক্তপরে ॥ উজির ওমরাহ মির হাজের হুজুরে *

হেনকালে কাছেদ এক পৌছিল আসিয়া ॥ বাদসাকে ছালাম কৈল ছের নোওাইয়া * হুজুরে ডালিয়া এক দিল কেতাবত॥ লেখা ছিল তার বিচে যেই হকিকত * মহাম্মদ হাতেম কহে সোন হাজেরান ॥ গোজেস্তা হালাত তার করিব বয়ান *

হেজাজ সাহার নজরানা কিস্তি দিবাল বন্দরে লোটা যায় ও হেজাজ দাহিরের উপর দাবি করিলে দাহির অস্বিকার করে *

পয়ার * মহারাজা মহিদেব নামে নরপতি ॥ লঙ্কার সরহদ্দে বাস কানাড়িয়া যাতি * সিংহল নামেতে দেশ সিমানা লঙ্কার ॥ মহিদেব তথাকার ছিল তাজদার * হেজাজের সাতে তার হইতে মুদ্দত ॥ আছিলেক কুটুম্বিতা দুস্তি মহব্বত * যবে সরিফার স্থির হইল সাদি কাম ॥ লিখিয়া হেজাজ সাহা দাওত পয়গাম * ভেজে দিল মহিদেবে সিংহল সহরে ॥ মহিদেব পেয়ে লেখা কোন কাম করে * ভালা ভালা নেয়ামত আপনা দেশের ॥ রংবেরঙ্গের চিজ নানা কেছেমের * কিস্মতি কিস্মতি চিজ কত মেওাজাত ॥ সাদির ছামানা যাহা সাহানা ছওগাত * ভেটঘাট মাল মাত্তা নানা সরঞ্জাম ॥ জাহাজে বোঝাই এক করিয়া তামাম * থোড়াই লস্কর দিয়া নেঘাবানি তরে ॥ ভেজিয়া দিলেন জাহাজ পারেস সহরে * সিংহল হইতে চলে ছাড়িয়া জাহাজ ॥ কত দিনে পৌছে গিয়া মুলতানের মাজ * দিবাল নামেতে এক আছিল বন্দর ॥ মালিক আছিল তার দাহির কুফর * পৌছিল যাইয়া কিস্তি বন্দরের কাছে ॥ মাশুল দারোগা এক ছিল তার বিচে * বিদেশী জাহাজ যায় পাইয়া খবর ॥ হুকুম করিল কিস্তি করিতে লঙ্গর * লঙ্গর করিল কিস্তি দিবাল বন্দরে ॥ দারোগা পৌছিল এসে কিস্তির উপরে * করিয়া কিস্তির সব তদারক মাল ॥ কোথা হইতে আসে কিস্তি করিল ছওাল * সর্দ্দার সঠিক তার জওাব করিল ॥ মাশুল উশুল লিয়া দারোগা নামিল * রওানা করিল কিস্তি তুলিয়া লঙ্গর ॥ থোড়া এয়ছা গেল যবে ছাড়িয়া বদর * পিছেতে দোছরা এক জাহাজ কাহার ॥ সিংহলি জাহাজ পিছে হইল নমুদার * সোন সেই জাহাজের খবর নেহাত ॥ উদয়ন নামে

এক আছিল ডাকাত* ছিল সে চালাক বড়া আর হুসিয়ার ॥ বহুত ডাকাত ছিল তাবেতে তাহার * ডর পাইত যে শুনিত নাম উদয়ন ॥ হাসমত দব্দবা তার আছিল এমন * বড়া বড়া মহাজন সাহু সওদাগর ॥ আমির গরিব মির ওমরা মালদার * এহাতক মহারাজ মুলতানি দাহির ॥ সর্ব্বদা ডাকুর ডরে থাকিত অস্থির * উদয়ন নামে ডর পাইত সবাই ॥ কেননা সে ডাকাইত আছিল এয়ছাই* আদাওতি কিম্বা কেহ করিত দুসমনি ॥ না রাখিত ডাকু তার নাম ও নিসানি* লেকিন দাহির রাজা বহুত দফায় ॥ ফেকের করিল কত ধরিতে তাহায় * হরগেজ অন্যেসন তার করিতে নারিল ॥ বারে বারে নাওম্মেদ হইয়া ফিরিল * কোথায় বারাম তার কোথা বাসস্থান ॥ কেহ না জানিত তার নেহাত সন্ধান * দরিয়া সহর গাও পাহাড় জঙ্গল ॥ সর্ব্ব ঠাই আছিলেক তাহার দখল * ফেরেব দাগাতে তার দাহির রাজন ॥ হজিমত পেরেসান হইত জ্বালাতন * যখন দাহির রাজা চোর ধরিবারে ॥ সহর ছাড়িয়া যাইত আর কোথাকারে * কোথা হইতে সেই ওক্তে ডাকাতের জাত ॥ হঠাত সহরে এসে করি উতপাৎ * লোকজন ঘর বাড়ি দিত জালাইয়া ॥ মাল আছবাব মাত্তা লইত লুটীয়া * আবার দাহির যবে পাইত খবর ॥ ধাওাধাই পৌছিতেক সহর ভিতর * তখনি গায়েব কোথা হইত ডাকুগণে ॥ না পারিত জানিতে হরগেজ কোন জনে * সওদাগরি করিবারে কোন সওদাগর ॥ আসিয়া পৌছিত যদি দিবাল বন্দর * উদয়ন ডাকাইত পাইলে ফোরছত ॥ কিস্তি ও সওদার চিজ লুটীত আরত * সে রোজ সিংহলি কিস্তি পৌছিল দিবালে ॥ জানিতে পারিয়া তাহা ডাকাতের দলে * উদয়ন আপনার লোগ জন লিয়া ॥ এক জাহাজের বিচে ছওার হইয়া * অতি তেজ গামে কিস্তি করিয়া চালনা ॥ সিংহলি কিস্তির পিছে হইল রওানা* বিচ দরিয়ায় কিস্তি পওছিল যখন ॥ চালায় আপনা কিস্তি জোরে উদয়ন * সিংহলি কিস্তির তরে বেড়িয়া লইল ॥ হেকে কহে কার কিস্তি সেতাবি শামাল * সিংহলি কিস্তির লোগ পারিল বুঝিতে ॥ দুসমন গালেব হইল আসিয়া পিছেতে * তাহাদের বিচে যেই আছিল সর্দ্দার ॥

কহিল সে কেবা তুমি কি আছে দরকার * এতেক হেম্মত তেরা কিসের লাগিয়া ॥ না হক মোদের কিস্তি লইলে কাড়িয়া * উদয়ন কহে তবে সোনহ নেহাত ॥ উদয়ন নাম মোর দরিয়াই ডাকাত * দরকার কিস্তির তেরা মাল আছবাব ॥ বেওজরে মেরা তরে দেহনা সেতাব * নহেত দেমাগ কর এহি বোঝাইব ॥ ছেনাইয়া লিব কিস্তি কারে না বাঁচাব * শুনিয়া সর্দ্দার কহে হও খবরদার ॥ মরিবার তরে এয়ছা দেমাগ তোমার * না জান একার কিস্তি হেজাজ সুলতান ॥ জবরদস্ত মহানামি পারেস জাহান* বেটীর বেহার তার ছওগাত ছামানা ॥ মহিবল রাজা হইতে যায় নজরানা * শুনে উদয়ন কহে ছার সে হেজাজ ॥ আছে এয়ছা কোনজন দুনিয়ার মাঝ * এক জারা পারে মেরা করিতে নোকছানি ॥ সুলতান হেজাজে আমি ঘাস এয়ছা গণি * যেয়াদা তকরার আর করিতে না চাই ॥ দের মেরা নাহি সহে চাহত ভালাই * নেকালিয়া কিস্তি হইতে দেহ সব মাল ॥ নহেত এখুনি পয়দা করিব জঞ্জাল * এতেক কহিয়া ডাকু করে কোন কাম ॥ আপনার লোগ জন লইয়া তামাম * আপনার কিস্তি হইতে জোরে লাফাইয়া ॥ সিংহলি কিস্তির বিচে উঠিল যাইয়া * দেখিয়া সিংহলি লোগ ভরিয়া গোশ্বাতে ॥ লড়িতে তৈয়ার হইল ডাকাতের সাথে * হাতীয়ার লইয়া হাতে করিল চড়াই ॥ বাধিল কিস্তির বিচে তুমুল লড়াই * দুইদলে মহাজঙ্গ হইল বরাবর ॥ লেকিল থোড়াই ছিল সিংহলি লস্কর * লেখা জোখা নাই এত ডাকাত আছিল ॥ সহজে সিংহলি লোগ হারেল হইল * আধা লোগ জান দিল ডাকাতের হাতে ॥ দেখিয়া সর্দ্দার কহে আজিজি হালেতে * আছে যাহা লেহ ডাকু হও মেহেরবান ॥ কেবল বাঁচায়ে রাখ আমাদের জান * আজিজি মিনতি এয়ছা বহুত করিল ॥ তবে ডাকাতের দেলে রহম আইল* হাত সামটীল কারে না দিয়া আজাব ॥ সিংহলি কিস্তির জত মাল আছবাব * এক ছায়েতের বিচে তুরিতের সাতে ॥ ওঠাইয়া লইলেক আপনা কিস্তিতে * তখনি ছাড়িয়া কিস্তি ডাকাত কমিনা ॥ এক তরফের দিগে হইল রওানা*দেখিতে ২ গেল গায়েব হইয়া ॥

জঙ্গে ছোলতান,

তখন সিংহলি সবে ভাবিয়া চিন্তিয়া * সিংহল তরফে কিস্তি ফিরাইয়া লিল ॥ কতদিনে আপনার সহরে পৌছিল * পেরেসান হালে সবে বিষাদ অন্তরে ॥ পৌছিলেক মহিবল রাজার গোচরে * আওল আখেরে সেথা যেহাল গোজারে ॥ একে ২ কহিলেন রাজার হুজুরে॥* যেরূপে মুলতান দেসে বন্দর দিবালে ॥ লুটীয়া লইল কিস্তি ডাকাতের দলে * শুনে রাজা মহিবল এই সব হাল॥ গোস্বা ও আফছোছে করে দুই আখি লাল * কিন্তু নাওম্মেদ চারা নাহি এই বাতে ॥ ভেবে চিন্তে লেখে খত পারেস দেসেতে * সোনহ হেজাজ সাহা বাদসা জাহাগির ॥ থোড়াই ছামানা তেরা বেটীর সাদির * মহব্বতি নজরানা যেমন মকদুর ॥ পাঠাইয়া দিতে ছিনু তোমার হুজুর * আমার নছিব বুরা দেখ কি প্রকারে ॥ মুলতান সরহদ্দ বিচে দিবাল বন্দরে * মহারাজ দাহিরের এলাকার মাঝ ॥ উদয়ন নামে এক ডাকু দাগাবাজ * জাহাজের মাল মাত্তা লুটিয়া লইল ॥ কয় জনে জান সুদ্ধা মারিয়া ডালিল * বাকি জনে ছেড়ে দিল আসিয়া তাহারা ॥ আমার হুজুরে সব কহিল বেওরা * আমার নালিস লেহ সোন নামদার॥ আপনি করিবে ছাফ এনছাফ ইহার * নোকছানি করিল মেরা ডাকাতের জাত ॥ আপনি এলাজ তার দিবে হাতে হাত * কেননা বোঝহ সাহা গওরে আপন ॥ বেপারি বা সওদাগর কোন মহাজন * সওদাগরি করিবারে দোছরা সহরে॥ দিবাল বন্দর হৈয়া যাবে কি প্রকারে * বরাবর যদি এয়ছা ডাকাতের জাত ॥ করিবে লোগের পরে জুলুম উৎপাত * তবে সওদাগরি কাম বন্দ হৈয়া যাবে ॥ আমদানি বেগর দেসে আকাল গিরিবে * তোমাছেওা এ ডাকাতি মওকুফ করিতে ॥ দোছরা কাহার তরে না পাই দেখিতে * লাজেম একাম তেরা কর নামদার ॥ দেসের দশের বাবে কর উপকার * এয়ছাই লিখিয়া খত কাছেদ মারফতে ॥ পারেসে ভেজিয়া দিল হেজাজ আগেতে * পড়িয়া হেজাজ সাহা খতের মজমুন ॥ গোস্বায় হইল যেন জলন্ত আগুন* কহে এয়ছা রাখে বুতা ডাকাতের জাত ॥ আমার মালের পরে করিল বেদাত * মারিতে ডাকুর দল কমিনা দস্যুরে ॥ এখনি যাইব আমি পারেস সহরে* তামাম মুলতান দেস দেখিব ঢুড়িয়া ॥

সহর বাজার হইতে জঙ্গল দরিয়া * নদ হ্রদ সরোবর বন উপবন ॥ পাহাড় ময়দান তক গহন কানন ॥ গাও ২ গলি ২ ঢুড়িয়া দেখিব* মুলতানের কোন ঠাই বাকি না রাখিব ॥ এহাতেও না পাই যদি ডাকুর সন্ধান * না রাখিব মুলতানের নাম ও নেসান * সাজহ লস্করগণ বান্দহ কোমর * এখুনি রওানা হবো মুলতান সহর ॥ উচিত না হয় আর করিবারে দের * ছালেহা উজির কহে নোওা-ইয়া ছের * সোন সাহা নামদার জোনাবে আরোজ ॥ ছহি বটে চাহি তুঝে একাম গরজ * লেকিন তাহার আগে বোঝ নামদার ॥ মনাছেব দাহিরে ভেজিতে সমাচার * চাহে সে তোমার বাতে ডাকাতে তামাম ॥ বান্ধিয়া ভেজিয়া দেয় পারেস মোকাম * ডর দেখাইয়া খুব ভেজ কেতাবত ॥ দাহির হুকুম তেরা পালিবে আলবত* তাহাতে না হবে তুঝে করিতে মহিম ॥ বেগর বাখেড়া ধরা যাইবে গালিম* এয়ছাই কহিল যদি ছালেহা উজির ॥ পছন্দ করিল বাত বাদসা জাহাগির * তখনি লিখিতে শুরু কৈল কেতাবত ॥ লিখিল তাহার বিচে এই হকিকত * সোনহ দাহির রাজা হও খবরদার ॥ তেরা দেসে দিবাল বন্দর মাঝার * সিংহল হইতে দেববল মহারাজ ॥ পাঠাইয়া ছিল মুঝে ভেটের জাহাজ * উদয়ন নামে ডাকু কমিনা সয়তান ॥ লুটিয়া লইল মেরা কিস্তির ছামান * এই বাতে দেল বিচে বোঝহ দাহির ॥ হইল মেরা দাবি দাওা তোমার খাতির * খোওা গেল মেরা মাল তেরা এলাকায় ॥ এহার নোকছানি তুমি করহ আদায় * যে প্রকারে পার মেরা মাল নোকছানি ॥ আমানত মেরা আগে করহ এখুনি * নহেত ধরিয়া দেহ ডাকাত তামাম ॥ এ দুইএর এক কাম করহ আঞ্জাম* নহেত্তে মোস্কেল বড়া হইবে তোমার ॥ না মান হুকুম সাজা পাইবে তাহার * এয়ছাই লিখিয়া খত ভেজিল মুলতানে ॥ দাহির জবাব তার ভেজিল এমনে * সোনহ হেজাজ সাহা বাদসা জাহাগির ॥ মেরা পরে দাবি কাহে করো বেতকছির * লুটিল তোমার মাল ডাকু উদয়ন ॥ আমি কাহে দিব তার নোকছান পুরণ * জবরদস্ত ডাকু উদয়ন যার নাম ॥ যার জুলুমেতে কাবু সহর তামাম * বে-আন্দেসা কোন দিন না পারে থাকতে ॥ আমি ভি হালাক আছি

তার জুলুমেতে * এয়ছা কি তাকত মোর তাহার খাতেরে॥ পাকড়িয়া দিতে পারি তোমার হুজুরে * এই বাতে হাত সাহা নাহি কিছু মেরা॥ তাহে যদি খাফা হও কিবা আছে চারা * নাহি কহ মেরা আগে গোস্তাকির কথা॥ যাহা পার তাহা করো থাকে ত জুগ্যতা* পড়িয়া হেজাজ সাহা দাহিরের খত॥ আপনার দেলে দেলে করিল মছলত* আলবত্ত তুমুল জঙ্গ হবে নমুদার॥ খলিফার হুকুম চাহি এ ওক্তে দরকার * দেখি তার মর্জ্জি কিবা আছে এই বাতে॥ এয়ছাই ভাবিয়া খত লাগিল লিখিতে*যেখানে যা গোজা-রিল আওল হইতে॥ একে একে লিখিলেন রোকার বিচেতে * কাছেদের হাতে দিল ভেজিয়া মদিনা॥ পড়িয়া ওালিদ সাহা বাদসা আলম্পানা * ভেজিল হুকুম নামা হেজাজ উপর॥ সোনহ হেজাজ কহি নেহাত খবর* কমিনা দাহির রাজা বড়া দাগাবাজ॥ মেরা সাতে কৈল এয়ছা দাগাদারি কাজ * মহাম্মদ তাহের গিয়া মুলতান সহরে॥ দিনেতে আনিয়াছিল দাহির কুফরে * কারার করিল গিধি থাকিয়া বাহালে॥ মদিনা খেরাজ ভেজে দিব সালে ২ তাবাদে তাহের আইল ফিরিয়া মদিনা॥ তুড়িয়া একরার যাহা দাহির কমিনা * ওঠাইয়া দিল যত দিন দারি চাল॥ ছাবুদ বোতের দিনে হইল বাহাল * মদিনার বন্দ করে দিলেক খেরাজ এখাতেরে লিখি তুঝে সোনহে হেজাজ * কোসেস হেম্মতে তুমি পার যে প্রকারে॥ এহার উচিত সাজা দেলাবে দাহিরে * তাহে যদি চাহ তুমি মদদ আমার॥ মালমাত্তা লোগজন যা কিছু দরকার মাঙ্গিলে আমার ঠাই পাইবে আলবত্ত॥ কেবল লড়িবে তুমি করিয়া হেম্মত* খলিফার লেখা পেয়ে হেজাজ শুলতান॥ আপনা লস্কর-গনে করিল ফরমান * তৈয়ারিতে থাক সবে বান্ধিয়া কোমর॥ ফজরে রওানা হবো মুলতান সহর * মহাম্মদ বিন কাছেম দামাদ বাদসার॥ ছালাম করিয়া কহে সোন নামদার * ফরমা বরদার মোরা থাকিতে এসবে॥ আপনি লড়িতে যাবে কোন মনাছেবে * আমারে হুকুম দেহ আয় জাহাগির॥ দেখিব কেমন সেই দাহির কাফির * মেহেরবান জোল্লেসান রাছুলে মকবুল॥ আপে দোওা করো হয় দরগাতে কবুল * ছার সে দাহির রাজা

অঙ্গ মেহনতে ॥ বান্ধিয়া আনিয়া দিব তেরা হুজুরেতে * শুনিয়া হেজাজ কহে সোন বাবাজান ॥ ভরসা না হয় তুঝে ভেজিতে মুলতান * তুমি আর বেটী ছেওা জাহানেতে মেরা ॥ নাহি আছে অন্য কোথা জানের পিয়ারা * এক ঘড়ি রেখে দোহে আখের আড়ালে ॥ হরগেজ ছবরদিতে নাহি পারি দেলে * দোছরা তোমার এই লাড়কাই ওম্মর ॥ তেছরা দুসমন তেরা পিছে বহুতর কিবা জানি ঘটে যদি কোন নোকছানি ॥ এখাতেরে দেল বিচে বড়া ডরগণি * শুনে মহাম্মদ কহে শোন আলমপানা ॥ হরগেজ দেলেতে আপে না কর ভাবনা * খুসিতে হুকুম দেহ না কর আন্দেসা ॥ ছাবুদে আসিব ফিরে এলাহি ভরসা * মহাম্মদ জেদ এয়ছা করে বার বার ॥ আখেরে হেজাজ সাহা হইয়া লাচার হুকুম করিল তবে যাহ বাবাজান ॥ নেঘাবান তেরা পরে থাকেন ছোবহান * এলাহির হাতে তুঝে দিনু আমানত ॥ খোদা তুঝে ছালামতে রাখিবে আলবত * সে রোজের মত তবে ভাঙ্গিল দর-বার ॥ মহাম্মদ পৌছিলেক অন্দর মাঝার * সাহাজাদি সরিফা আগে করিল বয়ান ॥ লড়িতে যাইব আমি সহর মুলমান * হাসি মুখে বিদায় দেহনা সাহাজাদি ॥ মোলাকাত হবে ফের ফিরে আসি যদি * শুনিয়া সরিফা বিবী লাগিল কহিতে ॥ আরবার এই বাত না আন মুখেতে * লড়াই ভেড়াই কাম বুরা নেহায়েত ॥ আগা-মির ভালা বুরা না আছে ছাবেত * হরগেজ হরগেজ তুঝে যাইতে না দিব ॥ নাহি সোন যদি আমি এখনি মরিব * শুনে মহাম্মদ কহে কাহেক সরিফা ॥ ফাহেসা কালাম কহ মাফিক বেওফা * বাপ মেরা জঙ্গিবাজ আমি বেটা তার ॥ লড়াই মোদের বাবে পেসা কারবার * তেরাওভি বাবাজান হেজাজ সুলতান ॥ মহাজঙ্গি এক জন নামি পাহালওান * বাপ যার পাহালওান খছম তেমন ॥ তারে মনাছেব বিবি চাহি যে এমন * যাহাতে মোরতবা বাড়ে আপনা খছমে ॥ দেলেশা ভরসা দিতে সবকই কামে * তাহানা করিয়া চাহ উলটা করিবারে ॥ বদনাম আনিবে মেরা লোগের হুজুরে * কারিয়া বহুত জেদ বাদসার আগেতে ॥ হুকুম লইনু আমি যাইব লড়িতে * এখন তোমার বাতে রাড়ের এয়ছাই ॥

অঞ্চল ধরিয়া কিবা রহিব সদাই * তাহা হইলে পারেগের লোগ জন ছারা ॥ গিধড় হইতে মুঝে কহিবেক বুরা * মানা নাহি কর জানি হাসিতে হাসিতে ॥ বিদায় করিয়া দেহ যাই মুলতানেতে * শুনিয়া সরিফা কহে ছাহেব আমার ॥ একান্ত যাইতে যদি চাহ লড়িবার* কবুল করহ তবে আরজ বান্দির ॥ সহিতে নারিব তেরা জুদাইর তির * আমারে সঙ্গেতে লেহ আপনা খেদমতে ॥ লেউণ্ডির মাফিক তেরা রব সাতে সাতে * মহাম্মদ কহে এছে নাহি মোর মানা ॥ রাজি করে লেহ তেরা বাপকে আপনা * পৌছিল সরিফা বিবী বাপের মাকানে ॥ ছালাম করিয়া খাড়া হইল ছামনে * পিয়ার করিয়া বাদসা লইয়া বেটীরে ॥ বোছা দিল বার বার হাত দিয়া ছেরে * কহিল সরিফা বিবী আয় বাবাজান ॥ বারেক আমার পরে হও মেহেরবান * খছমের সাতে আমি যাইব মুলতানে ॥ বিদায় করিয়া মোরে দেহ খুসিমনে * শুনিয়া হেজ্জাজ কহে সোনগো সরিফা ॥ জমানার হাল এহা নাহি মোরে ছাফা * যাইবে খছম সাতে না করি মানাহি ॥ তেরা পর আমানতে দিলাম এলাহি * শুনিয়া খোসাল বিবী হইল হাজার ॥ জেহাদল সোল তান রচিল খাকছার *

* দাহিরের সহিত মহাম্মদ বিন্ কাছেমের জঙ্গ *

ফজরে উঠিয়া মহাম্মদ বিন্ কাছেম ॥ ছামানা তৈয়ার কৈল যা কিছু লাজেম * সাজিল ছেফাই লোগ চাল্লিস হাজার ॥ কত বা পেয়াদা কত ঘোড়ার ছওয়ার * চুনেন্দা লস্কর কত শত তিরেন্দাজ ॥ ওলন্দাজ গোলন্দাজ কত লাঠি বাজ * কুস্তিগির লাঙ্গাছির আহদি ছওয়ার ॥ জাঙ্গয়াল মাতওয়ালা হাতি দশ হাজার* লোহার মুগুর ফাঁস বান্ধা সুড় পরে ॥ পাহাড় ভাঙ্গিতে পারে অজুদের জোরে * নামি নামি চার জনা সাজিল সর্দ্দার ॥ সইদ জাকারিয়া বেগ কামরান ওমার * হাতি ঘোড়া উট গাধা লেখা জোখা নাই ॥ খাবার রসদ কত বোঝাই বোঝাই * ঘিউ ময়দা আটা চিনি মেওয়া জাত কত ॥ হালালি হায়ওয়ান জানওয়ার শত শত * কাচা পাকা তৈয়ার কত কত অতৈয়ার ॥ খাদেম বাবুরচি

লোগ হাজারে হাজার * তোপ খানা তোষা খানা সাহি সোল-তানাত ॥ জরবস্তি এলবাসের হর ভাতে ভাত * মগজ দেমাগ তাজা খুবাস ছামান ॥ আতর গোলাপ বসরি মেস্ক জাফরান * নকিব চোবদার কত লোক রাহাদার ॥ তাম্ব কানাত ডেরা হাজারে হাজার * রাখওয়াল মাহুত কত সহিস কোচওয়ান ॥ দাসদাসি শত শত ঝাণ্ডা নেসান* মোট খাট গাট গাট কত মোটওলি ॥ খালি ঘোড়া মজুর মুটিয়া বাজে কুলি * লড়াই বাজানা কত রন সিঙ্গা ভেরি ॥ ভেউর ধাওসা কাড়া কুপচাগ তুরি * দামাদা ঘরুর রুদ নাকারা বিগল ॥ করনাল নাটুওা দফ তবল মাদল * উঠিল বাজার ধুম কেল্লার ভিতরে ॥ সাজিয়া লস্করগন নেকলে বাহিরে * মহলে সরিফা বিবী হইল তৈয়ার ॥ আম্মারি বান্ধিয়া হইল হাতিতে ছওার দাই দাশি লেউণ্ডি বান্দি খাওাছ গোলাম ॥ সঙ্গের ছেহেলি সখি মিলিয়া তামাম * যাইতে তৈয়ার হইল সরিফার সাতে ॥ ছওার হইল সবে হাতির পিঠেতে* মহাম্মদ বিন কাছেম হইল তৈয়ার ॥ চড়িয়া ঘোড়ার পিঠে বান্ধিয়া হাতিয়ার * মোহাম্মদ কাশেম আসি হেজাজের ঠাই ॥ করিয়া কদমবুছি হইল বিদাই* কুচ করি-লেন তবে পারেস হইতে ॥ মঞ্জেল মঞ্জেল যায় রাহের বিচেতে * রাত হইলে একঠাই ডেরা ওতারিয়া ॥ খানা পিনা খেয়ে পিয়ে আরাম করিয়া * ফজরে উঠিয়া ফের করেন রওানা ॥ কত দিনে পৌছে গিয়া হিন্দের সিমানা * দাহির রাজার দেশে পৌছিল মুলতান ॥ ওতারিল ডেরা তাম্ব দেখিয়া ময়দান* ঝাণ্ডা ও নেসান খাড়া কৈল আগুভাগে ॥ হোথায় খবর পৌছে দাহিরের আগে * সুলতান হেজাজ সাহা বাদসা নামদার ॥ মহাম্মদ নামে এক দামাদে তাহার* বহুতলস্কর দিয়া ভেজিল মুলতানে॥ডেরা ওতারিয়া আছে ফলানা ময়দানে * এরাদা তোমার সঙ্গে করিবে মহিম ॥ সেতাবি হুসিয়ার হও গালেব গালিম * শুনিয়া দাহির রাজা করে কোন কাম ॥ উজির ওমরাগনে বোলায়ে তামাম * কহিল মছলত বাত করহ জাহির ॥ কিরূপে করিব জের পারেসী খাতির * শুনিয়া তাহারা কহে সোন নররায় ॥ লড়িব পারেসী সাথে ভাবনা কি তায় * আন্দেসা দেলের বিচে না কর আপন ॥ সহজে করিব

জের পারেসী দুসমন * কহিল দাহির তবে সাজাও লস্কর ॥ মহিম করিব শুরু হইলে ফজর * রাত গোজারিয়া গেল বেহান হইতে ॥ মুলতানী লস্করগন লাগিল সাজিতে * নব্বই হাজার হৈল সওয়ারি তৈয়ার ॥ লেখা জোখা নাহি কত পেয়াদা ছওয়ার* সাজিয়া তৈয়ার হইল আপনি দাহির ॥ লইয়া লস্কর গনে নেকালে বাহির* ময়দানে আরবি আগে হইল নমুদার ॥ খাড়া হইল দুইদল বান্ধিয়া কাতার* বাজিয়া উঠিল বাজা লড়াই নেশান ॥ শুনিয়া হইল মত্ত যেত্তা পাহালওয়ান * মুখোমুখি হলজবে খুলিয়া তলওয়ার ॥ আওয়াজ উঠিল কাট কাট মার মার * কাটাকাটী হানাহানি বাধিল এয়ছাই ॥ ময়-দানে তুফান চলে হাওয়ার যেয়ছাই * হাজারে হাজার লোগ লাগিল মরিতে ॥ হাতি ঘোড়া বেসুমার লাগিল গিরিতে*গোর্জ্জে গোর্জ্জে করে জঙ্গ মাথা হয় গুড়া ॥ গেরে ঠায় মারা যায় নাহি করে সাড়া * তলওয়ারে তলওয়ারে লড়ে হয় খান খান ॥ তিরে তিরে তিরেন্দাজ করিয়া নেসান * নেজায় নেজায় লড়ে পিট হয় কুজা ॥ গেরে ভুমে কোন ক্রমে হৈতে নারে সোজা * লাঠি বাজে লাঠি বাজে ছের যায় ফেটে ॥ মা বলিতে নাহি দেয় দম যায় ছুটে * পারেসী লস্কর লড়ে কুওতে এয়ছাই ॥ এক জনে মারে দশ মুল-তানি ছেফাই * মহাম্মদ বিন কাছেম লড়ে এয়ছা দাপে ॥ মেড়্-কের দলে যেয়ছা অজাগর সাপে * বাঘ সাম্ধাইল যেন গিধড়ের পালে ॥ ঘড়িতে হাজার জনে আনে তেগ তলে * কাতারে কাতার ঠায় দেয় গেরাইয়া ॥ কলার বাগান যেয়ছা চলিল তুড়িয়া সইদ যাকরিয়া বেগ ওমার কামরান ॥ কাটীয়া গেরায় এয়ছা চার পাহালওয়ান * দফা দফা করে ছাফ কাফেলা কাফেলা ॥ সমুদ্র মাঝেতে যেন ভাসাইল ভেলা * ঘুমিয়া ঘুমিয়া ফেরে হাকে বড়া হাক ॥ মারে তেগ বিশ ত্রিশ করে দেয় ফাক * ঘড়িতে হাজার কাটে এই চারী জনা ॥ কাফের লস্করে যেন করে তুলা ধোনা * দেখিতে দেখিতে হৈয়া আইল নিমাসাম ॥ ফিরীল ডেরার দিকে লস্কর তামাম * সে রোজের সমরেতে দু দলে লস্কর ॥ মারা গেল যতজন ময়দান উপর * নয়শত আসিজন পারেসী লস্কর ॥ মারা গেল বিনকাশেম করিল সোমার * আর আসী হাজার মৈল

দাহির লস্কর ॥ হিসাব করিয়া দাহির হইল ফাফর* বড়ই আন্দেসা হৈল দাহিরের মনে॥ বুঝিবা না পাই ফতে পারেশীর সনে * কিন্তু ভরসা পাইল মোহাম্মদ কাসেম॥ সাস্থা কাহিনী রচে মোহাম্মদ হাতেম *

* পারেশী ও মুলতানী লস্করের দোছরা দিনের লড়াই *

ত্রিপদী * রাত গেল গোজারিয়া, যে যার লস্কর লিয়া, দুইদলে পৌছিল ময়দান ॥ সওার ছেফাই ঘোড়া, কাতার বান্ধিয়া খাড়া, সুমুখেতে ঝাণ্ডা ও নেসান * পারেসী লস্কর ছারে, খাড়া হইল ছয় সারে, মহাম্মদ সবাকার আগে ॥ ডাহিনে খুলিয়া তেগ, ওমরা-জাকরিয়া বেগ, কামরান সইদ বামভাগে * আহদি লস্কর পিছে, চুনেন্দা তাহার কাছে, পরে যত ঘোড়ার ছওার॥ চৌথা কাতার মাঝ, ওলন্দাজ গোলন্দাজ, পিয়াদা লস্কর তার পর * পরে যত তিরেন্দাজ, লাঙ্গাছির লাঠিবাজ, পাইক প্রহরি চোবদার॥ নকিব মারিল হাক, জঙ্গের নেসান ডাক, নানা বাজা হইল নমুদার * রন-সিঙ্গা দিল সাড়া, দামামা নাকাড়া কাড়া, ছেফাইর মাতিল দেমাগ তালমানে বাজে তুরি, মহাশব্দে রনভেরী, বিমোহন রাগে কুপ-চাগ * রো রো রবে বাজে রুদ, বাড়ায়ে তারে স্বরুদ, আপনার ধরিলেক বোল॥ ভোপ্যো ভো ভেউর বাজে, নিজ অপমান বুঝে তাল দিল কর্ণাল বিগল* দফদেখে খফকরে, ছাড়াইয়া সবাকারে, আওাজ ওঠায় আপনার॥ রাগ বাজা তালমানে, দুদলে লস্করগনে হইল যেমছা দেওানা আকার * পহেলা দাহির রাজে, বড়া এক জঙ্গি বাজে, ভেজিয়া দিলেক ময়দানে॥ আসিয়া নামাকুল, কহে আজি বেলকুল, ছারেখারে দিব মোছলমানে * সাট দেখে কাফে-রের, আবুওল জাকরিয়া সের, মহাম্মদ আগে কহে বাত॥ পাহাল-ওান মোর তরে, ভেজহ ময়দান পরে, মেরে ডালি কাফেরের জাত মহাম্মদ কহে তারে, যাহ মর্দ্দ সুপি তোরে, আমানতে এলাহির হাতে॥ হুকুম পাইয়া মর্দ্দ, ধাইল উড়ায়ে গর্দ্দ, কাফেরের গিয়া নিকটেতে * কহেরে কাফের গিধী, মর্দ্দমি রাখহ যদি, কর তবে ওার সেতাবি॥ কাফের কহিল তারে, আইলি জমের দোরে, কোন জঙ্গে সোলতান

মতে ফিরিয়া না জাবি * এত বলি দুরাচার, ওঠাইয়া তলওয়ার, জাকারিয়ায় মারিল খেচিয়া ॥ পাহালওয়ান সেতাবিতে, ছেরপরে ঢাল পাতে, লিল তেগ ঢালেতে আড়িয়া * তবে জাকরিয়া বেগ, ওঠাইয়া মারে তেগ, কাফেরের ছেরের উপর ॥ মুলতানি ঢাল ঢরে লাগে চোট ঢালপরে, সামালিতে নারিল কুফর* ঢাল কেটে তেগ জোরে, বসিল কাফের ছেরে, দুই খান হইল মুলতানি ॥ দেখিয়া দাহির রাজে, আর আছওয়ার ভেজে, ময়দানে সে আসিয়া তখনি* জাকরিয়ার ছেরপরে, তলওয়ার খেচিয়া মারে, পাহালওয়ান রদকরে দিল ॥ গোস্বায় জাকরিয়া বেগ, ওঠাইয়া মারে তেগ, কাফেরান দুখান হইল * ফের এক কাফেরান, করে অতি তান সান, ঘোড়া হেকে পৌছিল আসিয়া ॥ তুরিত জাকরিয়া বেগ, খেচিয়া মারিল তেগ, গেরে পাপি দুখান হইয়া* চৌথায় এক মুলতানি, মুখে মার মার বানি, আইল জাকরিয়া নিকটে ॥ জাকরিয়া মারিল তায়, পাচয়া কাফের ধায়, পাহালওয়ান ছের তার কাটে * এইরূপে একে একে মুলতানির বিসলোকে, মেরে ডালে আবোল জাকরিয়া ॥: দাহিরে লাগিল ডর, কাপে পাপি থর থর, কহে গিল্লি লস্করে হাকিয়া * আমার লস্কর বিচে, কেবা এয়ছা মর্দ্দ আছে, ধরে আনে এই মোছলমানে ॥ তারে আমি আসরপি, সিরোপা হাজার রূপি, এনাম করিব খুসি মনে * শুনে এক জোরওয়ার গজপত নামতার, হাতি হইতে দারাজ অজুদ ॥ দাহিরে একরার দিয়া, ছেলা ছরঞ্জাম লিয়া, ময়দানেতে পৌছিল মরদুদ* জাকরিয়া কহে বাত, সোনরে নেড়ের জাত, এইবার তোমার তকদির ॥ নেহাত হইল মন্দ, মারিব নাহিক সন্দ, আকবত্তা কেটে লিব ছির * নিকটে বিকট জম, কোনঘড়ি যাবে দম, এই বেলা খোদাকে তোমার ॥ বারেক ভাবহ দেলে, ভালা হবে পরকালে, ফোরছত থোড়াই আছে আর * কহেন জাকরিয়া গাজি, আরেরে কাফের মুজি, তকরার কায়তে নাহি চাহি ॥ ধর দেখি হাতিয়ার, জানা যাবে এইবার, কারে রাজি মাবুদ এলাহি * এতবলি পাহালওয়ান, মহাজোরে তেগখান, খেচিয়া মারিল গজপতে ॥ মুলতানি পাতে ঢাল, সামা-লিয়া লিল তাল, তলওয়ার লইয়া গিধি হাতে * মারিল জাকরিয়া

পরে, পাহালওান রদ করে, ঢাল দিয়া ছেরের উপর ॥ তেগের লড়ায়ে দোহে, কেহ নাহি পারে কাহে, দুই জঙ্গি এক বরাবর * গজপত কহে হেকে, এইবার লিব দেখে, কেয়ছা দেলাওর তুমি পারসী ॥ এতবলি দুরাচারে, জাকরিয়া উপরে মারে, ফেকে এক তেজধার বরসি * সেতাবিতে জাকরিয়া, হাতপরে ঢাল লিয়া, ছাম-নেতে করিলেন খাড়া ॥ ঢালে লাগি বরসি ছোটে, গিরিল ঘোড়ার পেটে, তখনি মরিয়া গেল ঘোড়া * জাকরিয়া পিয়াদা হৈল, কাফেরান দাও পাইল, দোবারা ওঠায়ে বরসিহাতে ॥ মারিল জাকরিয়া পরে, পাহালওান ঢাল ধরে, লিল চোট আড়িয়া ঢালেতে * গজ-পত আরবার, ওঠাইল তলওার, মারিবারে জাকরিয়ার ছেরে ॥ সেতাবিতে পাহালওান, ওঠাইয়া তেগখান, মারিলেন কাফেরের ছেরে * ঢাল না ধরিতে হাতে, লাগে তেগ গর্দ্দানেতে, একচোটে হইল দুখান ॥ ধড় ছের দিগে দিগে, গিরিলেক দুইভাগে, দেখে রাজা দাহির হয়রান * মুখে বলে হায় হায়, এয়ছা মর্দ্দ মারা যায়, কোমক টুটীয়া গেল মোর ॥ এতদিনে বুঝি মেরা, বক্ত হইল বুরা, নাহি বাচে মুলতান সহর * বহুত হইল শঙ্কা, বাজায় বাহুড়ি ডঙ্কা, মওকুফ হইল লড়াই ॥ সেরোজের মত তবে, দুদলের লোগসবে, ডেরাতে ফিরিল ধাওাধাই * মহাম্মদ হাতেম বলে, ওস্তাদের পাও তলে, জুজার সাহা মোকাম যাহার ॥ নাম পাক মোকসেদ আলি, ছালেহিন পাক দেলি, নেকুই আদত পরহেজগার *

সইদ ও কামরানকে দাহির বলি দিতে লইয়া যায় ওরাহে মহাম্মদ খালাছ করিয়া লয় ও ডাকুর সহিত জঙ্গ হয় *

পয়ার * ফজরে উঠিয়া ফের দুদলে লস্কর ॥ লড়িতে হাজের হইল ময়দান উপর * গজপতের ভাই এক গনপত নামে ॥ পহেলা পৌছিল এসে মাহমের কামে * পারেসী পারেসী বলে লাগিল হাঁকিতে ॥ পাহালওান সহিদ হইল ছওার ঘোড়াতে * কাফেরের ছামনেতে পওাছিল যাইয়া ॥ গনপত কহে নাম বাতাও নোড়িয়া * বেনামে কাহেক জান দিবে মোর সাতে ॥ সইদ কাহল গিধ থুক তোর জাতে * দেমাগ করহ পিছে লইবে জানিয়া ॥ নাম পাহাল-

ওান মোর সইদ কাদরিয়া * পারেস সহর বিচে কদিমি মাকান ॥ মুলতানের হক্কে আমি জমের সমান*গনপন শুনে আর না কহিল বাত ॥ মারিল সইদ পরে গোজলিয়া হাত * ঢাল ধরে ছের পরে সইদ মর্দ্দানা ॥ ঢালেতে লাগিল গোজ যেমন ঝনঝনা * ধমকের চোটে হাত কাঁপিয়া উঠিল ॥ হাত হইতে ঢাল গিরে জমিনে পড়িল*লাগিল বিসম চোট সইদের ছেরে ॥ সামালিতে নাহি পারে জমিনেতে গেরে* কুদিয়া ছাতিতে তার বৈসে গন পতে ॥ হাতে পায় বান্ধিলেক মজবুতের সাতে * লস্করে রাখিয়া তারে কুদিয়া আবার ॥ ময়দানে আসিয়া ঘোড়া লাগে কোদাবার* দেখিয়া কামরান ধায় ময়দান উপর ॥ খাড়া হইল কাফেরের এসে বরাবর*গনপত দেখে তারে কুদিয়া আইল ॥ হেকে কহে মোছলমান সেতাবি সামাল * এতেক কহিয়া মারে ঘুমাইয়া নেজা ॥ এক চোটে কামরানের পিট কৈল কুজা * গিরিল কামরান নিচে হইয়া বেতাব ॥ গনপত বুকেতার বসিল সেতাব * হাতে পায়ে বান্ধিলেক রসি লাগাইয়া ॥ আপনা লস্করে দিল হাওালা করিয়া * দেখিয়া হইল গোস্বা পাহালওান ওমার ॥ ধাইল কাফের পানে খুলিয়া তলওার* কোন কথা না কহিয়া ওঠাইয়া তেগ ॥ মারিল কাফের ছেরে হয়ে বেদেরেগ * এক চোটে ঢালকেটে বসিল গর্দ্দানে ॥ গনপত দুই খান গিরিল জমিনে * ধনপত নামে তার আর বেরাদার ॥ ভায়ের মরন সোগে দেওানা আকার*ওমারের পরে ছোটে বলে মার মার আসিয়া খেচিয়া মারে ওমারে তলওার * ওমার করিয়া রদ ছেরে দিয়া ঢাল ॥ ধরে কসে কাফেরের কোমর দেওাল * খেঁচিয়া ছেরের পরে ওঠাইয়া লিল ॥ পটকান মারিয়া জোরে জমিনে ডালিল ধমকে বেহুস হইল কাফের বেপির ॥ ওমার কাটীয়া তার লইলেক ছির * নেজায় গাথিয়া ছের ধরিল নেসান ॥ দেখে হায় হায় করে যেত্তা কাফেরান * ডরে কেহ লড়িবারে নাহি আসে আর ॥ সাম তক এন্তেজারে রহিল ওমার * আখেরে হইল সাম বাছড়ি বাজিল ॥ পাহালওান ঘোড়া হেকে লস্করে পৌছিল * ফিরিল দুদলে লোক জার যে ডেরায় ॥ দাহের মাঙ্গায় যত উজিরে সবায়*

করিব লিয়া * আমার দেলের বাত সোন পহেলায়॥ নরবলি দোহাকারে দিব কালি মায়* তাহাতে খোসাল মোরে হবে মহা-দেবি॥ জবন পাইবে ডর দেখিয়া খারাবি * তামাম উজিরে কহে সোন রাজেশ্বর॥ ছহি বটে এইকাম করহ তৎপর* দের করা সুভ কামে নাহি চাহি বেশী॥ আজি বটে যোগরাত শিব চতুর্দ্দশি * ভবানির ভবধামে আজি আগমন॥ যেকাম করিবে আজি হইবে সাধন * কর নরমেধ জজ্ঞ যোগ্য পাবে পুন্য॥ রুষ্টময়ি মহামায়া তুষ্ট হবে পুনঃ * রাজা কহে করতবে ছামান তৈয়ার॥ মাঙ্গায় ব্রাহ্মণ যত উজির বদকার * বলিদানে মন্ত্র দাতা সর্ব্ব ভৌমভট্ট বৈদিক বারেন্দ্র শ্রেনী মাকান শ্রীহট্য * গৈরিক গেরুয়া পরা অঙ্গের বসন॥ মুখে ফোটা টিকি কাটা কপালে চন্দন * কোমর কৌপিনে ঢাকা বাকি সব খোলা॥ দেখা মাত্র বোঝা যায় ইবলি-ছের সালা * ঘুসিয়া কয়েদ ঘরে সেই হারাম জাদে॥ খালাছ করিয়া লিল কামরান সইদে * পরায়ে নুতন বস্ত্র দোহাকার তরে॥ সিন্দুর মলিয়া থোড়া দিল ছের পরে * কিছুই বুঝিতে নারে সইদ কামরান॥ তাজ্জব হইয়া রহে দুই পাহালওান * কস্তুরি চন্দন চুওা কত ফল ফুল॥ ধুপধুনা পাকা রম্ভা আতপ চাউল * সাক ঘন্টা গঙ্গাজল পুজার নৈবাদ্দ॥ হাড় কাষ্ঠ খাড়া খাড়া ইত্যাদি ইত্যাদি * বাজাইয়া কত বাজা নানান রকম॥ মন্দির তরফে চলে কাফের অধম * হেথাকার কথা হেথা রহিল এখন॥ পারেসী লোগের থোড়া সোন বিবরন * খানাপিনা খেয়ে পিয়ে পারেসী তামাম॥ যে যার তাম্বর বিচে করিল আরাম * কেবল যাগিয়া রহে চৌকিদার লোগে॥ পায়চারী করিয়া পাহারা দেয় চারিদিকে এয়ছা ওক্তে একজন করিল নজর॥ আসিছে পেয়াদা এক ক্ষিমা বরাবর * যখন নিকটে এসে পৌছিল সে জন॥ গেরেপ্তার কৈল তারে চৌকিদারগন * মার পিট কৈল সুরু মারে মহামার॥ কহে কে সেতাবি তুই বল দুরাচার * কহিল সে নাহি মার সোন বিব-রন॥ দোস্ত বেগর আমি নাহিক দুসমন * কে তেরা সর্দ্দার সেথা লেজাও আমারে॥ নেহাত খবর মেরা কহিব তাহারে * জরুরি দরকার মুঝে লেজাও সেতাব॥ দের হইলে হৈতে পারে বহুত

খারাব * তবে তারে নাহি মারে চৌকিদার গনে ॥ হাজের করিল মহাম্মদের ছামনে * মহাম্মদে চৌকিদার কহিল তামাম ॥ হইল সে পেয়াদা খাড়া করিয়া ছালাম * কহিল আমারে সাহা না ভাবিবে ভিন ॥ কাফের নহিক আমি জানিবে মমিন * আরব্বির কাছে আমি পড়িনু কলেমা ॥ বশির উল্লা নাম মোর আগে ছিল ভিমা * কাফেরের কাছে ভিমা নামেতে জাহির ॥ কেননা গর্দ্দান লিবে শুনিলে দাহির * ডরেতে দিনের কাম করি পুসিদায় ॥ কাফেরের কাছে করি কুফার বাজায় * যে কারণে আইনু হেথা সোন নামদার ॥ মুস্কল গালেব হইল উপরে তোমার * তেরা দুই পাহালওান আজি মহিমেতে ॥ কয়েদ হইয়াছিল দাহিরের হাতে * আজি রাতে কমিনা কাফের না পাকারে ॥ বলি দিতে যায় দোহে কালীর মন্দিরে * জানিয়া আইনু আমি নেহাত্ত সন্ধান ॥ সেভাবি উপায় তার কর পাহাল-ওান * পুসিদা আইনু আমি কহিতে খবর ॥ জানিলে জিওতা মোরে গাড়িবে কুফর * দের নাহি সবে মেরা পাছে টের পায় ॥ এতেক কহিয়া ভিমা হইল বিদায় * তখনি গায়েব হইল আধারে মিসিয়া ॥ মহাম্মদ কহে বাত সোনহে জাকরিয়া * যাগাও লস্কর গনে সাজাও ত্বুরিত ॥ কাফেরানে দিব আজি তামাসা কিঞ্চিত * তখনি পারেসী যত ছেফাই সরদার ॥ ছেলা সরঞ্জাম লিয়া হইল বাহার * ক্ষিমা হইতে চুপি চুপি হইল বাহির ॥ ভিমার নেসান মতে হইল রাহাগির * কতদুর ধাওাধাই যায় এরূপেতে ॥ মোলা-কাত হইল রাহে দাহিরের সাতে * ওমনি পারেসীগন হাকে জোরে হাক ॥ কোথা যাও খাড়া রহ কাফের নাপাক * দু হাতে ধরিয়া তেগ বুকে পিঠে ঢাল ॥ হাকদেয় মার কাট সামাল সামাল বাজ বহুরি গেরে যেয়ছা চিড়িয়ার পরে ॥ তেয়ছাই ঘুসিল সবে কাফের লস্করে * মারিতে লাগিল যেয়ছা বাঘের হামেলা ॥ ঝাকে ঝাক করে ফাক কাফেলা কাফেলা * খোলা হাতে ছিল দোহে সইদ কামরানে ॥ পারেসীর হাক যদি শুনিলেক কানে * খুসিতে দোহার দেল চিকিয়া উঠিল ॥ খালি হাতে কাফেরানে হামেলা করিল * ছাড়িয়া জানের আসা হেম্মত বান্ধিয়া ॥ সামনে পাইল

ধারে মারে কাছাড়িয়া * দুইপাও ধরে কারে ফাড়িয়া ডালিল॥ লাতের চোটেতে কার জান নেকালিল * কিল ঘুসা মেরে কত ছের তুড়ে ডালে॥ খেচিয়া কাহার তরে ছের পরে তুলে * দোছরার পরে মারে জোরেতে কাছাড়॥ একসাতে দুজনার চুর্ণ হয় হাড় * আখেরে সমসের দোহে পাইলেন হাতে॥ ঘুসিলেক কাফেরের কাফেলা বিচেতে * কাটীয়া করিল ছাফ ভিড় কাফেরের॥ আপনা লস্কর বিচে হইল হাজের * খোসাল পারেসিগণ দোহাকে দেখিয়া॥ মিলিল জুদাই মেলা গলেতে ধরিয়া * তবে এক সাতে সবে কাফেরের দলে॥ হাজার হাজার গেরাইল তেগ তলে*দায় হইল কাফেরের বাচাইতে জান॥ বিসম মোস্কেল দেখে দাহির সয়তান * ভাগিবার বিনে কিছু নাহি আর চারা॥ দহসতে কাফের মুক্তি হৈল হুসহারা * কুকুর পালায় যেয়ছা লাঠি যদি খায়॥ দুম তুলে মারে ছুট পিছে নাহি চায় * তেয়ছাই দৌড়িয়া ভাগে দাহির অধম॥ একেবারে লিল গিয়া কেল্লা বিচে দম * থোড়া দুর পিছে পিছে গিয়া মোছলমান॥ আখেরে ক্ষিমার দিগে পওঁছিল ময়দান * দোছরা মোস্কেল দেখ পারেসীর পর॥ যখন পৌছিল গিয়া ক্ষিমা বরাবর* শুনিল ক্ষিমার কাছে হয় বড়া সোর॥ মার মার কাট কাট করে ধর ধর* দেলেতে তাজ্জব হইল পারেসী সবাই॥ দৌড়িয়া ক্ষিমার কাছে গিয়া ধাওাধাই * দেখিল তুমল জঙ্গ হয় অন্ধকারে॥ দুইদল আন্ধারেতে কাটাকাটি করে * মহাম্মদ কহিলেন লস্করে হাকিয়া॥ চারিদিগে লেহ সবে ঘেরাও করিয়া * হাত না চালাও খালি ঘিরিয়া রহিবে॥ ভাগিতে এরাদা যার তাহারে মারিবে * তাহা বাদে মসাল জ্বালিল পাহালওান॥ দিন বরাবর যেয়ছা হইল ময়দান * দেখিলেন পাহালওান লোগ বহু জনা॥ মুখেতে মুখোস পরা নাহি যায় চেনা * মোটা তাজা উচা কত দেখে লাগে ডর॥ চিউটির মাফিক মারে পারেসী লস্কর* বেল যেয়ছা গড়াইল পারেসীর ছির॥ কেবল এক লাড়কা এয়ছা লড়ে পারেসীর * আজব হেকমতে লড়ে আজব হেম্মতে॥ বহুত গায়েবি লোগ মরে তার হাতে * একেলা সে লাড়কা করে এমন লড়াই॥ জাবা না বাড়িতে পারে গায়েবি ছেফাই*ক্ষিমাতে ঘুসিতে

চাহে গায়েবি লস্করে ॥ একা সেই লাড়কা বাধা দেয় সবাকারে * দেখিয়া তাজ্জব বড়া হইল মহাম্মদ ॥ নাহি জানি এ লাড়কার কুওতের হদ * আজব জঙ্গের বন্দ কেবা এয়ছা জানে ॥ বড়া বড়া জঙ্গিবাজ দেখে হার মানে * চকিতে মহাম্মদ দেখিয়া সকল ॥ লস্করে কহিল মার গায়েবির দল * এতেক কহিয়া মর্দ্দ কুদিয়া পড়িল ॥ গায়েবি লস্করে তেগ মারিতে লাগিল * আজব হেকমত ওয়ালা গায়েবি লস্কর ॥ গায়েব হইল যেয়ছা ছাওা বরাবর * ভাগিল ময়দান হইতে হাওার যেছাল ॥ মহাম্মদ জানিতে নারিল কিছু হাল * জিতা জানে কার তরে নারিল ধরিতে ॥ যা হউক পরে মর্দ্দ আন্দেসা দেলেতে * পহেলা তালাস কৈল সরিফা বিবির ॥ কোনখানে না পাইল তাহার খাতির * দাই দাসি খাওা-ছিনি রহিয়াছে সব ॥ কেবল সরিফা নাই এ বড়া তাজ্জব * কেহ না বলিতে পারে সরিফার কথা ॥ সবে বলে নাহি জানি গেছে বিবি কোথা * মহাম্মদ একেবারে হৈল বেহাওাছ ॥ ধমকে কলেজা গেল হৈয়া পাস পাস * আছমান হইতে যেয়ছা নিচেতে গিরিল ॥ নিদানের ভেলা বিচ সমুদ্রে ডুবিল * ছেরে হাত দিয়া মর্দ্দ কান্দে জার জার ॥ হায় হায় কি হইল সরিফা আমার * কে বলিবে কোথা পাব সরিফার দেখা ॥ হায়রে তকদির মোর এই ছিল লেখা * সরিফা জানের জান কলেজার আধা ॥ হায় এ বিদেশে তারে হারাইনু খোদা * সরিফা বিহনে আমি বাচিতে নারিব ॥ আগুনে ঘুসিব নহে জহর খাইব * কহিতে লাগিল মর্দ্দ জাকরিয়ার তরে ॥ সোন জাকরিরা যদি ভালবাস মোরে * ওাস্তে খোদার তবে কর এই কাম ॥ তলওারে আমার ছের করিয়া তামাম * নেজায় গাথিয়া ছের ভেজিবে পারেসে ॥ কহিবেক এই বাত হেজাজের পাসে * মহাম্মদ দামাদ তেরা নামর্দ্দা নাদান ॥ মেরেছে আপনা হাতে সরিফার জান * দাদ যদি লেন তিনি আপনা বেটীর ॥ তামাম পারেস দেসে হর পারেসীর * ঘরে ঘরে ছের মেরা ঘোমাইয়া আনে ॥ পরেতে করিবে ছাই জ্বালায়ে আগুনে * মহাম্মদ এয়ছা বাত কহে কত মতে ॥ অঝর নয়নে মর্দ্দ লাগিল কান্দিতে * বহুত বোঝায় তারে সর্দ্দার সকলে ॥ হাবসী গোলাম এক এসে হেন

কালে* কহিল সে সেই জঙ্গি লাড়কা দেলাওর ॥ ছাহেবানি বিবি কোথা রাখে সে খবর * আছেন অন্দর বিচে এন্তেজারে তেরা ॥ শুনে মহাম্মদ ছোটে পাগলের পারা * পৌছিল অন্দর বিচে দেখে সে লাড়কায় ॥ পুছিল সরিফা কোথা কহনা তরায়* কহিল সে লাড়কা আগে কহ নেকনাম ॥ কহিলে আমার তরে কিদিবে এনাম * মহাম্মদ কহে যদি চাহ মোর জান ॥ হাসিতে হাসিতে দিব করিয়া কোরবান * বুকের কলেজা চাহ নেকালিয়া লেহ ॥ আখি ওখাড়িয়া দিব যদি তাহা চাহ * শুনিয়া কহিল লাড়কা বিবিকে তোমার ॥ চোরাইয়া লিয়া গেছে গায়েবি ছওার * মহা-ম্মদ কহে এহা না হয় বিশ্বাস ॥ ভালা চাহ রাস্ত লাড়কা কহ মেরা পাস * নহেত তলওারে ছের করে দিব জুদা ॥ শুনে লাড়কা কহে তুমি নাদান বেহুদা * কি আন্দাজ নেকুই করিনু তেরা আমি ॥ ক্ষিমা আগুলিনু যবে নাহি ছিলে তুমি * মেরা মর্দ্দমির চোটে গায়েবি লস্কর ॥ নোকছানি করিতে তেরা নারে জারভর * কেবল বিবির বাত তাহাওভি জানি ॥ দোবারা কছম যদি করেন আপনি * তবে সরিফার বাত করিব জাহির ॥ নহেত হরগেজ নহে ঠোক যদি ছির * মহাম্মদ কহে ফের কছম করিয়া ॥ লাড়কা কহিল তেরা বিবিকে দেখিয়া * আসক হইনু তার জামালেরপর ॥ জ্বলে মরি কাম আগে তনু জর জর * মেহের নজর তুমি করিয়া আমায় ॥ বারেক ছহবত মোরে দেহ সরিফায় * যাগাইয়া প্রেম যাগ আনন্দে মাতিয়া ॥ পিয়ে তার প্রেম সুধা ঠাণ্ডা করি হিয়া * শুনে মহাম্মদ মর্দ্দ গোস্বায় জ্বলিল ॥ কহেরে কমিনা লাড়কা জবান সামাল * এয়ছাই জবুন বাত কহ মেরা সাত ॥ আজি তুঝে তেগ চোঠে করিব নিপাত * এতেক কহিয়া ধায় মারিতে লাড়কায় ॥ জানের ডরেতে লাড়কা ছুটীয়া পালায় * মহাম্মদ পিছে পিছে যায় খেদাড়িয়া ॥ মহল ভিতরে লাড়কা ঘুসিল যাইয়া * মহাম্মদ পিছে তার ঘুসিল ভিতরে ॥ দেখিতে না পায় আর লাড়কার তরে তাজ্জব দেলের বিচে হইল নামদার ॥ বুঝিবা ছেহের জানে লাড়কা দুরাচার * কোথাবা সে লাড়কা তার নেসান না আছে ॥ কেবল

জঙ্গে সোলতান,

এক বিবি বসে মহলের বিচে * ঢাকিয়া চাদর বিচে তামাম বদম ॥ ভেবে চিন্তে পাহালওান কি করে তখন * ধিরে ধিরে আওরতের নিকটে যাইয়া ॥ চাদর খুলিয়া ডালে অজুদ থাকিয়া * নেঘাও করিয়া দেখে বিবির ছুরত ॥ দোছরা নহেক বিবি সরিফা আলবত্ত মহাম্মদ খুসিভরে উটিল চিকিয়া॥লইল বিবির তরে কোলে ওঠাইয়া লক্ষ লক্ষ বোছা দিয়া অধর কমলে ॥ কহে বিবি এতক্ষন কোথা তুমি ছিলে * দেওানা বানায়ে মোরে কোথা ছিলে জানি ॥ কি খাতেরে দেলাইলে এত্তা পেরেসানি * কোথা গেল লাড়কা যেই ঘোসে মহলেতে ॥ ভালা বুরা ভেদবাত কহ সেতাবিতে* হাসিয়া সরিফা কহে খছম আমার ॥ সেই লাড়কা কেহ নহে সরিফা তোমার * থোড়া এয়ছা তামাসা চাহিল মেরা দেল ॥ তাই খেলি তেরা সাতে তামাসার খেল * তাহা বাদে কহে বিবি সোন দেলদিয়া ॥ যবে তুমি ক্ষিমা হইতে গেলে নেকালিয়া * ঘড়ি বাদে বাহিরেতে পাইনু শুনিতে॥ আচানক সোরসার লাগিল হইতে * দেলে মেরা হইল সোবা ভেজিনু খাওাছে ॥ বাহিরে কিসের গোল কহ মোর পাসে * খাওাছ জানিয়া এসে কহিতে লাগিল ॥ দুসমন গালেব তাম্ব ঘিরিয়া লইল * চৌকিদার নেঘা-বান লস্কর ছেফাই ॥ করিছে দুসমন সাতে তুমুল লড়াই * লেকিন নেহাত বুরা জঙ্গের হালাত ॥ হজিমত পাইল সবে দুসমনের হাত এবাতে আমার দেলে হইল আন্দেসা ॥ লাচারে মছলত কৈনু বান্ধিয়া ভরসা * জঙ্গির কবিলা আমি লাড়কি জঙ্গির ॥ বানানু মরদ ছবি আপনা খাতির * আওরত ছুরত ছবি ঢাকিয়া তামাম ॥ নেকালিনু ক্ষিমা হইতে লিয়া ছরঞ্জাম * কুদিয়া পড়িনু এসে দুস-মনের দলে ॥ মারিতে লাগিনু তেগ অতি গোস্বাদেলে * ঘড়ি বিচে দিনু বাজি দুসমনের তরে ॥ পরেতে গোজারে যাহা মালুম তোমারে * মহাম্মদ শুনে এয়ছা সরিফার হাল ॥ হইলেন পাহা-লওান বহুত খোসাল * বহুত তারিফ করে সরিফা বিবির ॥ এমন কবিলা যার বোলন্দ তকদির * আধন হাতেম কহে পড়নেওালা সবে ॥ বুঝিবা বেজার মোরে হইয়াছে এবে * কোথার জঙ্গের হালে প্রনয়ের বাত ॥ কেমনে লাগিবে ভাল বুরাই নেহাত * কিন্তু

ভাই কি করিব দোষ কিবা মেরা ॥ বহুক্ষন একাক্রমে কলম বেচারা জঙ্গের আহওাল লিখে চলেছে সদাই ॥ প্রনয় রসের কথা কিছু মাত্র নাই * ইহাতে হইবে দেল যেমন রসিক ॥ থোড়া এয়ছা লেখা চাই না হয় অধিক * দু দিগ বাজায় রহে যে চাহে যেয়ছাই ভালাবুরা মোর তরে দোসীওনা ভাই *

* দাহিরের মদদে পাঞ্জাব রাজ দেববল আসিবার বয়ান *

পয়ার * এসব লড়াই মহাম্মাদ নাপায় খবর ॥ কাহারা করিল জঙ্গ গায়েবি লস্কর * দাহিরের লোগএরা নহে কদাচন ॥ আলবত্তা হইবে কোন দোসরা দুসমন * ভালাবুরা ভেদ বাত জানিব পিছেতে ॥ রহিলেন পাহালওান এই ফেকেরেতে* হেথায় দাহির রাজা আপনার ডেরে ॥ লস্কর সর্দ্দার সাথ মছলে হাত করে * কেমনে করিব দুর পারেসী বালাই ॥ এহার মছলত মোরে কহ দেখি ভাই * বারে বারে পারেসী করিল পেরেসান ॥ বুঝিবা বাচাতে আর নারিনু মুলতান * আজম উজির কহে সোন মহা-রাজ ॥ দেববল নামে রাজা পাঞ্জাবের মাজ * মুদ্দত হইতে তেরা দুস্তি তার সাতে ॥ এওক্তে মাঙ্গাও তারে আপনা মদতে * মুস্কি লের বাত তেরা শুনিয়াআলবত ॥ এহালে আসিবে তিনি করিতে মদত * দাহির পসন্দ কৈল উজিরের বাত ॥ কহে এহাছাহি বটে তেরা মছলে হাত * তখনি কলম লিয়া কাফেরের জাতে * দেববল আগে লেখা লাগিল লিখিতে*সোন দেববলকহি মুস্কিলের বাত ॥ নামেতে হেজাজ সাহা নেড়িয়ার জাত * মহাম্মদ নামে এক দামাদে তাহার ॥ ভেজিল পারেস হইতে মুলতান মাঝার * বড়া পাহালওান সেই নাম মহাম্মাদ ॥ বয়ান না হয় তার কুওতের হদ * বার বার মহাম্মদ মহিমে আমায় ॥ কত পেরেসানি দিল কহা নাহি যায় * আটিতে তাহার সাতে না পারি হরগেজ ॥ এবে যুঝে একেবারে করিল আজেজ * কালি যদি তার সাতে লড়িব ময়দানে ॥ হরগেজ ফিরিতে আর নারিব মাকানে * এয়ছা হালে মেহেরবান হও দেববল ॥ নতুবা মুলতান মেরে পারেসীর দল*খা-রাব করিয়া দিবে হিন্দুয়ানী কাম ॥ একেবারে করেদিবে বরবাদ

তামাম ❋ খেয়াল রাখিয়া দেলে বোঝ দেববল ॥ পারেসী যদ্দপি
করে মুলতান দখল ❋ পিছেতে পাঞ্জাব তেরা নাহিক ছাড়িবে ॥
আলবত্তা তোমার পরে গালেব হইবে ❋ তখন হইবে ভার বাচা-
ইতে জাতি ॥ এহা হৈতে এই বেলা যাগো নরপতি ❋ এস মোরা
একসাতে মিলিয়া দুজন ॥ খেদাড়ি মুসলমানে বিদেসি দুসমন ❋
ভালাই যদ্দপি চাহ আপনা জাতের ॥ লেখা পেয়ে মুলতানেতে
হইবে হাজের ❋ এয়ছাই লিখিয়া লেখা ভেজিল দাহির ॥ কাছেদ
পাঞ্জাব দিগে হইল রাহাগির ❋ রাত গোজারিয়া গেল হইল ফজর
ঠাহরিয়া দেলবিচে দাহির কুফর ❋ পারেসীর আগে দিল ভেজিয়া
পয়গাম ॥ হপ্তা রোজ বন্দ রাখ মহিমের কাম❋ জওাবেতে মহাম্মদ
লিখিল এমন ॥ লড়াই মওকুফ না রাখিব কদাচন ❋ দেরেতে
হইতে পারে নোকছানি আমার ॥ কেননা ফুরায় মেরা রসদ
খাবার ❋ তবে যদি সোন মেরা হুকুম এয়ছাই ॥ রহিবে যে কয়-
রোজ মওকুফ লড়াই ❋ খাবার রসদ তুমি সে কয় রোজের ॥
আগেতে ভেজিয়া দাও আমার খাতের ❋ তবে তেরা বাত লিব
করিয়া স্বিকার ॥ নহেত মওকুফ জঙ্গ না রবে জেনহার ❋ লেখা
পেয়ে লাচারিতে দাহির কমিনা ॥ হপ্তা রোজে চাহি যেয়ছা খাবার
ছামানা ❋ ময়দানে পারেসী আগে দিলেন ভেজিয়া ॥ মহাম্মদ
স্বিকার নামা দিলেন লিখিয়া ❋ তাহা বাদে গোজারিয়া গেল হপ্তা
রোজ ॥ আটওা রোজেতে যবে হইল ফজর❋ মহাম্মদ হুকুম করিল
বাজাদারে ॥ বাজাও জঙ্গের বাজা ময়দান উপরে ❋ হুকুম মাফিক
বাজা হইল নমুদার ॥ দেলেতে বিষাদ ভাবে দাহির কোফ্যার ❋
এরবিচে দেববল না আইল যদি ॥ একেলা করিব জঙ্গ যাহা করে
বিধি ❋ লস্কর লইয়া পাপি আইল ময়দানে ॥ খাড়া হইল দুইদল
সামনে সামনে ❋ জঙ্গের নেসান বাজা বাজে দুইদলে ॥ ঝুকিয়া
কুদিয়া আইল হাতিয়ার খুলে ❋ শুরু হইল কাটা কাটী তুমুল
লড়াই ॥ ময়দানে তুফান বয়ে চলিল লড়াই ❋ গরম হইল খুব
জঙ্গের বাজার ॥ দুপহর তক এয়ছা হইল মহামার ❋ হেনকালে
দেববল হইল হাজির ॥ দেখে আগু বাড়াইয়া লইল দাহির❋ লড়াই
মওকুফ হৈল সে রোজের মত ॥ ফিরে গেল দুতরফে লোকজন

যত * দোছরা রোজেতে ফের হইল হাজির ॥ বড়া দেমাগের সাথে আইল দাহির * লস্কর ছেফাই খাড়া বান্ধিয়া কাতার ॥ আশি হাজার লোগ দেববল রাজার * জঙ্গিয়া মস্তানা হাতি ঘোড়া কত শত ॥ শারি দিয়া খাড়া হইল চিউটির মত * দেখিয়া ডরিল মহাম্মদ বিন কাছেম ॥ পারেসীর ফতে রচে মহাম্মদ হাতেম *

চুটকি ছন্দ * মস্তহালে, দুইদলে, ঝুকিয়া আইল ॥ মার মার, সোর সার, আওাজ উঠিল * ঠনাঠন, ঝনাঝন, হাতিয়ারের সাড়া ॥ খেয়ে কোড়া, ছোটে ঘোড়া, নাহি থাকে খাড়া * ছেফাহিকে কহে হেকে, রাজা দেববল ॥ একেবারে, মার ঘিরে, জবনের দল * ফরমান, কাফেরান, পাইয়া এয়ছাই ॥ পারেসিরে, লিল ঘিড়ে, করিয়া চড়াই * মহাম্মদ নেকমর্দ্দ, সের দেলাওর ॥ পাহালওান, কামরান, সইদ ওমর * পারেসির, যত বির, লিয়া হাতিয়ার ॥ মারে লাফ, করে ছাফ, কাতারে কাতার * হাকে হাক, ঘোমে চাক, চারি তরফেতে ॥ ঝাক ঝাক, করে ফাক, এক এক, চোটেতে দফা দফা, হয় রফা, বাঘের হামেলা ॥ এক চোটে, সওকাটে, লাগাইয়া ঠেলা * গাদা গাদা, ছের জুদা, তলওারের চোটে ॥ মারে নেজা, বে আন্দাজা, জমিনেতে লোটে * মারে বর্সি, রাসি রাসি, মরে কাফেরান ॥ ছাড়ে টাঙ্গি, মহাজঙ্গি, হয় খান খান * গোর্জ্জ মারে, গুড়া করে, কতশত ছের ॥ ছাড়ে তির, মহাবির, লুটায় কাফির * ছুরি মারে, পেট চিরে, নেকালিল আত ॥ চড় তুলে, মারে গালে, গিরে যায় দাঁত * মুস্কিলে, রসাতলে, ভেজে কত জনে ॥ মারে লাত্ত, তৎক্ষনাত, ভেজে জাহান্নামে * টিপেগলা, ভবখেলা, দেয় ফুরাইয়া ॥ পাও ধরে, বাওভরে, সুন্যে ওঠাইয়া * মহাজোরে, জমিপরে, কাছাড়িয়া ডালে ॥ গেরে ঘিউ, ছোটে জিউ, যায় রসাতলে * ধরে একে, দেয় ফেকে, দোছরার পর ॥ একেবারে, দোহা কারে, দেয় জমঘর * গোতা দিয়ে, ওঠে ধেয়ে, কুদিয়া কুদিয়া ॥ রুই এয়ছা, ধোনে যেয়ছা, কাফেরে ধরিয়া * বাঘহেন, ঘোমে যেন, জাকারিয়া বেগ ॥ দয়া মায়া, তেয়াগিয়া, মেরে চলে তেগ * তেগ বাজি, করে গাজি, পাহালওান ওমর ॥ দেখে তারে, ভাগে দুরে, ডরেতে কুফর * বড়া বড়া, জঙ্গি জারা, কাফেরের দলে ॥

জাকরিয়া, রেগাদিয়া, মারে তেগতলে * কেহ তারে, নাহি পারে দাগ চড়াইতে॥ মারে মর্দ্দ, করে গর্দ্দ, বেহুদা কমজাতে * কামরান, পাহালওান, সইদ মর্দ্দানা॥ যারে পায়, মারে ঠায়, করে তুল ধোনা * দেলাওর, সেরনর, গাজি মহাম্মদ॥ লড়ে বির, মর্দ্দমির, দেখাইয়া হদ * তেগহাতে, হামেলাতে, যায় যেই বাগে॥ কাফেরান, লিয়া জান, দিগে দিগে ভাগে * মোমেনের, তলওারের, দাফট দেখিয়া॥ পেয়ে তাপ, বলে বাপ, কাফের বেহায়া * ছেড়ে জঙ্গ, দিয়া ভঙ্গ, ভাগে লিয়া জান॥ দেখে ঠিক, বেগতিক, দাহির সয়তান * পায় সঙ্কা, বন্দ ডঙ্কা, বাজায় বাহুড়ি॥ যত লোগে, ডেরা দিগে, চলে তাড়াতাড়ি * ডেরে যায়, শান্তি পায়, কাফেরও মোছলেম॥ রচে হিন, অতি দিন, মহাম্মদ হাতেম *

* দাহির মারা যাইবার বয়ান *

পয়ার * রাত গোজারিয়া ফের হইল বেহান॥ দুদলের লোগ যত আইল ময়দান * খাড়া হইল সারি দিয়া বান্ধিয়া কাতার॥ লড়াই নেসান বাজা হইল নমুদার * গালাগালি বলাবলি তকরার পহেলা॥ আখেরে হুইয়া গোস্বা করিল হামেলা * গরম হইল খুব জঙ্গের বাজার॥ বেহুঁসেতে দুইদলে চালায় হাতিয়ার * মহাম্মদ গাজি বেগ পাহালওান ওমার॥ কামরান সইদ জঙ্গি জাকরিয়া সর্দ্দার * হামেলা করিল এয়ছা কাফেরের পর॥ মেড়ুকের দলে যেন আইল অজগর * চিকিয়া কুদিয়া ঘোসে কাতারের মাঝ॥ হাক দিয়া ছাড়ে তেগ গেরে যেয়ছা বাজ* জমের দোসর এই কয় মরদানা॥ ছামনে যাহারে পায় করে তুলা ধোনা * পাঞ্জাবের অধিপতি দেববল রাজা॥ জঙ্গবাজ জোরোওার পাহাওান তেজা* আপনা লস্কর গনে কহিল হাকিয়া॥ খেদাড়িয়া মেরে ডাল জবন নেড়িয়া * তোমাদের জান দিয়া হিন্দু ধর্ম্ম রাখ॥ জান যায় বেহস্তের নারহিবে দুখ * দ্বিগুন হেম্মত সাতে করহ লড়াই॥ দুরকর দেশ হইতে বিদেসি বালাই* দুইহাতে দেববল খুলিয়া তলওার॥ ঘুসিলেক পারেসির কাতার মাঝার * বেসমার কাটিয়া ডালিল মোছলমান॥ কাটিয়া চলিল যেন কলার বাগান * দেখিতে পাইয়া

তাহা কামরান দেলের ॥ দেববলের নিকটেতে হইল হাজের * হেকে কহে খাড়া হইয়া রহরে সয়তান ॥ দেববল কহে তবে মর মোছলমান * এতেক কহিয়া তেগ খেচিয়া মারিল ॥ কামরান সেতাবি ঢাল ছেরেতে পাতিল * এক চোটে কামরানের ঢালকে কাটীয়া ॥ ধড় হইতে ছের দিল আলাদা করিয়া * দেখিয়া সইদ জঙ্গি ধায় তার পানে ॥ দেববল খেচে তেগ মারিল গর্দ্দানে * দুখান হইয়া মর্দ্দ মারা গেল ঠায় ॥ আবোল জাকরিয়া দেখে করে হায় হায় * দেববলের সামনেতে হইয়া হাজির ॥ কহে আজি জাহান্নামে দিবরে কাফির * কেমন কুওত রাখ এবে যাবে জানা ॥ এতেক কহিয়া তেগ মারিল মর্দ্দানা * দেববল আড়িয়া লইল তলওয়ার ॥ হেকে কহে মোছলমান হও হুসিয়ার * এতেক কহিয়া তেগ খেচিয়া মারিল ॥ ঢাল কেটে বাজুপরে যাইয়া বসিল * চারি আঙ্গুলের দলে হৈলকারি চোট॥পাহালওান গেরে নিচে করে লোট পোট * চাহে দেববল ফের মারে তলওার ॥ সেতাবি পৌছিল সেথা পাহালওান ওমার * কাফেরের চোট লিল আপনার ঢালে ॥ জাকরিয়ায় জমি হইতে ওঠাইল কোলে * ছওার করিয়া লিয়া ঘোড়ার উপর ॥ হাজের করিয়া দিল ক্ষিমার ভিতর * ময়দানে পৌছিল ফের কাফেরের কাছে ॥ কিনাম তোমার জঙ্গি দেববল পোছে * ওমার কহিল তেরা নামে কিবা কাজ ॥ কত জোর ধর হুসিয়ার দাগা বাজ * এতেক কহিয়া তেগ মারিল খেচিয়া ॥ দেব-বল লিল চোট ঢালে ওড়াইয়া * নেজা ঘুমাইয়া গিধি মারিল ওমারে ॥ ওমার ধমক তার সহিতে না পারে*দুনিয়া আন্ধার দেখে নেজার আঘাতে ॥ ছাবুদ রাহিয়া গেল গিরিতে গিরিতে * ছাবুদ বসিতে পারে তাব নাহি ছিল ॥ ঘোড়ার পিঠেতে ছের ঝোকাইয়া দিল * দুর হৈতে মহাম্মদ পায় দেখিবারে ॥ তির যেয়ছা ছোট তেয়ছা ধায় বাওভরে * সেতাবি আসিয়া ওমারের নিক-টেতে ॥ ছাবুদ বসায় তারে ঘোড়ার পিঠেতে * লস্করে রাখিয়া তারে আইল ময়দানে ॥ কোন কথা দেববলে নাকহে জবানে * খেচিয়া মারিল তেগ ছেরেতে তাহার ॥ এক চোটে দুইখান হইল বদকার * মাতম পড়িয়া গেল পাঞ্জাবি,লস্করে ॥ সাহেবের সোগে

সবে হায় হায় করে * চারি দিগ হইতে ঘিরে লিল মহাম্মদে ॥ দাহির হারামজাদ কাফের পলিদে * আসিয়া মহাম্মদে হামেলা করিল ॥ দুই জঙ্গি মস্তহালে লড়িতে লাগিল * তেগ গোর্জ্জ নেজা ফলা বর্সী লিয়া হাতে ॥ বহুত কোসেসে দোহে লাগিল লড়িতে * আখেরে মহাম্মদ মারিয়া সমসের ॥ এক চোটে দাহিরের জুদা কৈল ছের * কাফের লস্করগন বেছির হইল ॥ সর্দ্দার পড়িল মারা ভাগেল পড়িল * ময়দান হইতে চলে জান বাচাইয়া ॥ পারেসি লইল ঘিরে ঘেড়া বেড়ি দিয়া * মারিতে লাগিল তেগ বিচখানে ফেলে বিপাকে কাফেরগন ডর পেয়ে দেলে * আমান আমান বলে ফোকারে জবান ॥ কহে আমা সবাকার বাচাও না জান * মোছল মান হব মোরা পড়িয়া কলেমা ॥ আজি হইতে বোতপুজা করেদিনু ক্ষেমা * শুনে মহাম্মদ কহে লস্করে হাকিয়া ॥ জান হইতে কার ভরে না ডাল মারিয়া * হাত সামটীল সবে পাইয়া ফরমান ॥ একে একে কাফেরানে মহাম্মদ জওান * কলেমা পড়ায়ে মোছলমান বানাইল ॥ সারা সরিয়ত কাম সেখাইয়া দিল * তাহাবাদে সেথা হইতে পারেসীর দল ॥ ধাইল সহর দিগে করিতে দখল * কেল্লার দুওারে যবে পৌছিল যাইয়া ॥ দেখিল দরওাজা পরে নজর করিয়া মুখেতে মুখস পরা লোগ বহুতর ॥ কালিয়া লেবাছ পরা অজুদ উপর * ডান হাতে তির ধরা বা হাতে কামান ॥ মোটা তাজা উচা কদ পাহাড় সমান * জমের দোসর সম আছে খাড়া হৈয়া ॥ দেখিয়া পারেসি লোগ গেলেন ডরিয়া * আগু হৈয়া মহাম্মদ লাগিল কহিতে ॥ কে তোমরা খাড়া আছ দরওাজা বিচেতে * শুনিয়া তাদের বিচে সর্দ্দার যে জন ॥ কহে বেটা গরু খোরা নেড়িয়া জবন * না ছাড়িব দরওাজা বেগর জঙ্গেতে ॥ দেখিয়া লইব কেয়ছা পারেসির জাতে * সাদ্ধ থাকে ঘোস দেখি করিয়া মর্দ্দমি ॥ অন্য কেহ নাহি ডাকু উদয়ন আমি * আগেমেরা বাত তুঝে কহিতে লাজেম ॥ একে একে সোন রচে মহাম্মদ হাতেম *

* ডাকু উদয়ন মারা যাইবার বয়ান *

ত্রিপদী * মেরা আদি পরিচয়, কহি তুঝে সমুদয়, একে একে

সোন সে খবর ॥ মেরা নাম উদয়ন, ছিনু আগে রাজ নন্দন, বাস-স্থান লাহর সহর * মুলতানি দাহির রাজা, বলিয়া মহাতেজা, মেরা বাপে মারিল জোরেতে ॥ তাজতক্ত লিল ছিনে, লাহরের লোগ-জনে, বানাইল আপনা তাবেতে * বহিন এক ছিল মেরা, ছুরতে পরির পারা, নাম তার আছিল রাধিয়া ॥ দাহির তাহার তরে, জোর কোরে সাদিকরে, মুলতানেতে রাখিল আনিয়া * বিপাক দেখিয়া আমি, তেগিনু লাহর ভুমি, ছাফাইয়া ঘুরি দেশে দেশে ॥ ঠাই ঠাই ঘুরে ফিরে, লোগজন জমা করে, দল এক বান্ধি অবশেষে * রাহা জানি ডাকাতিতে, দাগাবাজি ফেরেবেতে, জমাইনু বহুতর ধন ॥ বহু লোগ তাবে মেরা, হরগেজ না পড়ি ধরা, নাহি ডরি দাহির কারন * আখেরে মছলত করি, লড়িয়া দাহিরে মারি, নিজরাজ্য লিব উদ্ধারিয়া ॥ কিন্তু তাহা না পুরিতে, তোমরা জবনজাতে, আচা নক পৌছিলে আসিয়া * দাহিরে মারিলে রনে, দেখে আমি ভেবে গুনে, পৌছিলাম বহিনী হুজুরে ॥ গোজেস্তা কাহিনী মেরা, গোজা-রিল যেয়ছা ধারা, একে একে কহিনু তাহারে * রাধিয়া সুনিয়াহাল, কহেঅসময় কাল, আসিয়াছ মোলাকাত দিতে॥ দাহির মরিল এবে, তেরা কিবা ডর তবে, পার যদি এই ফোরছতে * পারেসীকে মেরে তুমি, বাচাও মুলতান জমি, তবে তেরা হবে সিংহাসন ॥ শুনিয়া এয়ছাই বাত, লোগজন লিয়া সাত, দরওাজায় দিনু দর-শন * সোন আর একবাত, তেরা সাথ মোলাকাত, আরবার হই-ছিল ফিরে ॥ তেরা দুই লোগে যবে, দাহির ধরিয়া তবে, বলি দিতে লেজায় মন্দিরে * দেলেতে ভাবিনু আমি, এখবর পাইলে তুমি, হরগেজ না রবে ক্ষিমাতে ॥ ছাড়াতে আপন লোগে, ধাইবে সহর দিগে, আমি গিয়া সেই ফোরছতে * আহলিয়াত ক্ষিমা ডেরা, মাল আছবাব তেরা, লুটে আমি লইব তাবত ॥ তাহা যদি নাহি পারি, হাছেল হইবে ভারি, দাহির মরিবে আলবত * এয়ছাই ভাবিয়া মনে, পৌছিলাম ময়দানে, চুপি চুপি ডেরাতে তোমার ॥ বাতাইনু ভিমা নাম, সেহভি আমার কাম, নহে তুমি নালিতে এতবার * নেকালিয়া গেলে তুমি, লোগজন লিয়া আমি, তৎ-জঙ্গে সোলতান

ক্ষনাত পৌছিনু তথায় ॥ ক্ষিপ্রা কৈনু আক্রমন, তেরা কত লোগ জন, মেরা হাতে মারা গেল ঠায় * কেবল এক লাড়কা তরে, না পারিনু আটিবারে, একা সে ডালিল হজিমতে॥এওক্তে পৌছিলে তুমি, বিপাক দেখিয়া আমি, তখনি ভাগিনু সেথা হইতে * সোন কহি বাত ফের, কিস্তি এক সিংহলের, কত ভেট লইয়া ছামানা ॥ পারেসে যাইতে ছিল, আমারে খবর হইল, দিবাল দরিয়ায় দিনু হানা * সেই হইতে সুরু জঙ্গ, এখন হইবে ভঙ্গ, আজি সে নিদান পারেসীর ॥ এস নেড়ে আগুবাড়, মহিমেতে হও দড়, মর্দ্দমি দেখাও কেয়ছাবির * মহাম্মদ সুনেবাত, কহেরে ডাকুরজাত, আজি তেরা দাগাবাজি কাম ॥ তামাম হইল পুরা, চোর বিদ্যা গেল ধরা, মওতের ভাব পরিনাম * সুনেডাকু দাগাবাজ, আপনা লস্কর মাজ, চিল্লাইয়া কহিল এয়ছাই ॥ সোনহ লস্করগণ, করতির বরিসন, মেরে ডাল জবন ছেফাই * হুকুম পাইয়া এয়ছা, পানির মাফিক যেয়ছা, মারে তির খেচিয়া কামান ॥ এক এক তির মারে, বিশ মোছলমান গেরে, মরে ঠায় নেকালিয়া জান * জহর আলুদাতির জলনেতে অস্থির, হয় যার লাগে অজুদেতে ॥ আছাড়ে কাছাড়ে মারে,হরগেজ নাহিক ফেরে,বহুতরমরেএরূপেতে*মারেতিরএয়ছা বন্দে,ছোটেতীর, হরছন্দে,পারেশী করিতেনারেরেদ ॥ ঝাকেঝাকে মারে তিরদেখিয়া দহশতগির,বহুতর হইল মহাম্মদ*কহিল লস্কর গনে,আন্দেসা নাকর মনে,টুটে পড় ডাকাতের দলে॥মরিবাদুসমনে মারি, রহিবে ইয়াদগারি,পাহালওানি নাম কালে২*এতেক কহিয়া মর্দ্দ, ওড়ায় ঘোড়ার গর্দ্দ, দু হাতে খুলিয়া তলওার ॥ বুকেপিঠে বেন্ধে ঢাল, গোস্বায় দু আখি লাল, হাকে হাক বলে মার মার * কুদিয়া জোরেতে চলে, ঘুসিল ডাকাত দলে, কৈল যেয়ছা বাঘের হামেলা॥ মারে তেগ গোস্বাভরে,কাতারে কাতারে মারে,রাসি রাসি কাফেলা কাফেলা * পারেসী লস্করগন, ভরসা পাইয়া মন, মহাম্মদের পিছেতে যাইয়া ॥ মারিতে লাগিল তেগ, গোস্বাভরে বদেরেগ, বেসমার ডালিল কাটিয়া * মহাম্মদ উদয়নে, হামেলা করিল রনে, দোহে খুবকরে তেগবাজি ॥ নানা হাতিয়ার হাতে, লড়ে দোহে কোসেসেতে, আখেরেতে মহাম্মদগাজি * মারেতেগ

গোস্বাভরে, এক চোটে দুরাচারে আলাদা করিয়া দিল ছের ॥ মারা গেল উদয়ন, ছত্রভঙ্গ ডাকুগন, মারে ছুট হইয়া বেছের * দিগে দিগে চলে ভেগে, পিছেতে পারেসী লোগে, কতদুর যায় খেদা-ড়িয়া ॥ আখেরে আইল ফিরে, পৌছিল দরওাজা দ্বারে, দেখেফের নজর করিয়া * দেখিল দরওাজা মাজ, তেজস্বিনী বিরসাজ, মার মার ফোকারে জবানে ॥ খাড়া আছে এক নারি, যেন কাল ভয়ঙ্করি, ছুরত পুর্ণিমা শশী জিনে*এলায়ে ছেরের বাল, বুকে পিটে বেন্ধে ঢাল, দুই হাতে দুই তলওার ॥ বসনে আটিয়া কটি, লাল যোড়া আখি দুটি, গর্জ্জে যেয়ছা বাঘিনী আকার * কহে নেড়ে সোন বানি, আমি দাহিরের রানী, মহলের হেরেম বেগম ॥ ডাকু উদয়ন ভাই, নাম মোর রাধি বাই, তোমাদের সাক্ষাত জম * সোন মোর বাত রাস্ত, চারি বেদ চৌদ্দ শাস্ত্র, তেত্রিস কোটি দেবতায় স্মরি ॥ ভুলোক_ব্রম্ভ লোক, ইন্দ্রলোক চন্দ্রলোক, গোলোক কৈলাস স্বর্গ পুরি * জগত তারিনী তারা, জন্ম ভুমি বসুনধরা, আর মেরা জাতের কছম ॥ তোমাদের যেই জনে, মেরা ভাই উদয়নে, আর মোর মারিল খছম * দেখিব শোনিত তার, না ছাড়িব জেনহার, আও কে করিলে এইকাম ॥ শুনে মহাম্মদ খায়, কহে বিবি চোড় কায়, আমি মারি মহাম্মদ নাম * রাধিয়া শুনিয়া এয়ছা, অজাগর গর্জ্জে যেয়ছা, গর্জ্জিয়া উঠিল সেই মতে ॥ অতকিত্তে লিয়া তেগ খেচেমারে বেদেরেগ, মহাম্মদ নারে সামালিতে* বৈসে তেগবাজু পরে, ঘাও মুখে লহু গেরে, গহেরা চার আঙ্গুলের দলে ॥ রাধিয়া চাহে কি ফেরে, খেচিয়া তলওার মারে, পাহালওাদ ওমার হেন-কালে * হাতপরে লিয়া তেগ, খেচে মারে বেদেরেগ, এক চোটে করিল দুখান ॥ মরিল রাধিয়া বিবি, বুঝিয়া কাজের খুবি, গড়েতে ঘুসিল মোছলমান * আছিল ভিতরে জারা, জনেজনে এসে তারা, আজিজিতে চাহিল আমান ॥ দুর কৈনু বোতপুজা, করিব নামাজ রোজা, একিদায় হৈনু মোছলমান * সবাকারে নেওাজিয়া, মোছল-মান বানাইয়া, পরে মহাম্মদ বিন কাছেম ॥ দাহিরের তক্ত পরে, বার দিল খুসিভরে, বিচারিল মহাম্মদ হাতেম *

* ছালেহা উজির হেজাজকে জহর দিয়া মারে ও তহমত দিয়া কাছেমকে গুলি দিয়া নিজে বাদসা হইবার বয়ান *

পয়ার * দাহিরের তক্তে বার দিল মহাম্মদ ॥ রটিল মুলতানে তার মর্দ্দমির হদ * বড়া বড়া প্রজা যারা সহরি তামাম ॥ ভেট ঘাট নজরানা নানা ছরঞ্জাম * হাজের হইল এনে খেদমতে তাহার ॥ নেওাজিয়া সবাকারে লিল নামদার * কলেমা পড়ায়ে সবে কৈল মোছলমান ॥ একিদা কারারে তারা আনিল ইমান * ছালাম করিয়া সবে রোকছত হইল ॥ তাহাবাদে কিছুদিন গোজা-রিয়া গেল * একদিন পাহালওান ডাকিয়া ওমারে ॥ কহিল রওানা হও পাঞ্জাব সহরে * দেববল মারা গেল তাজতক্ত তার ॥ ফেরাও পাঞ্জাব দেশে দোহাই আমার * পাহালওান ওমার আর আবোল জাকরিয়া ॥ খোড়াই লস্কর লিল সঙ্গেতে করিয়া * মুলতান ছাড়িয়া রাহে হইল রাহাগির ॥ কত দিনে পাঞ্জাবেতে হইল হাজির * খবর পাইয়া তার পাঞ্জাবি তাবত ॥ আমির ওমরাহমির রইছ রাইয়ত * মিলে সবে এক সাতে মছলত করিয়া ॥ কহিল করিব জঙ্গ কিসের লাগিয়া * নাহক করিলে জঙ্গ হব পেরেসান ॥ মিছে হজিমতলিব গিরিবে নোকছান * এহা হইতে বেহতের পড়িব কলেমা ॥ পারেসীর নিকটেতে মেগেলিব ক্ষেমা * এয়ছাই মছলত করে পারেসী সকলে ॥ আগু বাড়াইয়া আনে তাজিমের হালে * সর্দ্দার ওমার বেগে বসাইয়া তক্তে ॥ সকলে খেদমতে রুজু হইল হুজুরেতে * নেওাজিয়া সবাকারে লিল পাহালওান ॥ সারা সরিয়ত মতে কৈল মোছলমান * উড়িল পাঞ্জাব দেশে দিনের নেসান ॥ ঘরে ঘরে সবকই আনিল ইমান * সর্দ্দার ওমার বেগ পাঞ্জাব সহরে ॥ রহিয়া কয়েক মাস খোসাল খাতেরে * ভালমতে সিখাইয়া দিনদারি কাজ ॥ আখেরে রোকছত হইল মুলতানের মাজ * মহাম্মদের নিকটেতে হইয়া হাজির ॥ যাহা কিছু গোজারিল করিল জাহির * শুনিয়া মহাম্মদ হইল খোসাল ॥ তাহাবাদে গোজারিয়া যায় তিন সাল * এরবিচে মহাম্মদ লিখে কেতাবত ॥ হিন্দুস্থানে যাহা কিছু গোজারে তাবত * পারেসে হেজাজ আগে দিল পাঠাইয়া ॥ এবে পারেসের হাল সোন দেল

দিয়া * হেজাজের হাতে মায়া পড়িল রাসেদ ॥ সেই হইতে ছালেহার দেলে ছিল খেদ * গমের আগুনে জ্বলে মরে নিরবধি ॥ ঢোড়ে সদাকিসে করি হেজাজের বদি * যে প্রকারে পারি লিব দাদ রাসেদের ॥ তবেত হইবে দুর আগুন দেলের * দেখহ ফোরছত এসে পৌছে কি প্রকার ॥ এক রোজ পাহালওান কাছেম সর্দ্দার * খাহেস করিয়া মর্দ্দ দেলেতে আপন ॥ তৈয়ার করিল এক খুসির জসন * বড়া বড়া নামি লোগ ওমরাহ সর্দ্দার ॥ গিয়া সে মজলেছ বিচে করিল গোলজার * আর এ মজলেছ বিচে হেজাজ জাহান ॥ আছিলেন কাছেমের দাওতি মেহমান * খুসির মজলেছ বিচে খোসাল সকলে ॥ সারা রোজ গোজারিয়া গেল এয়ছা হালে সাম হইল পাহালওান কাছেম দেলের ॥ খাবার ছামানা এনে করিল হাজের * তওাজু তাজিম সাতে আপনি কাছেম ॥ খেলান পেলান করে হইয়া খাদেম * বাদসার কাছেতে ছিল ছালেহা উজির ॥ দাও ঠাহরিয়া গিধি কমিনা বেপির * যে ওক্তে খাদেম লোগ আগেতে বাদসার ॥ বাছুন হাজের কৈল দেখে দুরাচার * আছিল তাহার ঠাই জহর কাতেল ॥ পুসিদা খানার সাতে করিল সামেল * দেখিতে না পায় কেহ একাম তাহার ॥ আলেমল গায়েব দেখে কহে খাকছার *

খোসাল হেজাজ সায়, খানা ওঠাইয়া খায়, ভালাবুরা না রাখে খবর ॥ খুব খায় মজাভারি, জহর হইল কারি, সান্ধাইল কলেজা ভিতর* যাতনা পাইয়া সাহা, মুখে বলে আহা আহা, কিবা খাইনু ফেটে যায় বুক ॥ হৈয়া গেল নিলা পিলা, কয়করে গেরে লালা, বদছুরত হৈয়া গেল মুখ * আখি গেল ওলটীয়া, লহু গেরে নাক দিয়া, মুখদিয়া ভাঙ্গে ফেনা গেজা ॥ ঘন ঘন খেচে সির, তখনি হইল স্থির, উঠে গেল দুনিয়ার মজা * মারা গেল নামদার, সোগে হইল জার জার, হাজেরান লোগ মজলেছের ॥ খাওা পেওা গেল দুরে, হায় মারে জারি করে, সোগেতে জমিনে ঠোকে ছের * কহে সাহা গেলে কোথা, যদি না আসিতে হেথা, কভু না হইল এয়ছা হাল ॥ কি দোস পাইয়া তেরা, কে করে এমন বুরা, কেবা সেই কমিনা দর্জ্জাল * ছালেহা হারাম জাদ, পাতিল দাগার ফাঁদ,

করে দেলে দাগার মছলত॥ নছিব ছাবুদ দেখি, এক ঢিলে দুই পাখী, এইবার মারিব আলবত*কহিতে লাগিল গিধি, মেরা দেলে লেয় যদি, করিয়াছে কাছেম সর্দ্দার॥ মারিতে বাদসার তরে, মজলেছ তৈয়ার করে, বিস দিল খানার মাঝার * হয় নয় দেখ সবে, এখন মওজুদ যবে, বাছুনেতে রহিয়াছে খানা॥ শুনিয়া এয়ছাই বাত, বাছুন লইয়া হাত, উঠে খাড়া হইল এক জনা * সেথা এক কোত্তা ছিল, তাহাকে খেলায়ে দিল, তখনি মরিল সেই কোত্তা॥ এয়ছাই দেখিল যবে, একিন করিল সবে, কাছেমের দুসমনি আলবত্তা * হইল সবে গোস্বা ভারি, তখনি কাছেম ধরি, হাতে পায় কসিয়া জিঞ্জির॥ কয়েদ করিল ঠাঁয়, কাছেম কছম খায়, নাহি বান্দ আমার খাতির * কেহ না সুনিল তাহা, কাছেম মারেন আহা, হায়রে নছিব মোর বুরা॥ বেগোনা এয়ছাই হাল, গাও তুমি জোল জালাল, কেবল পানাহি চাহি তেরা * কমিনা ছালেহা মুজি, করে এয়ছা দাগাবাজি, জিনে লিল দাগার হেকমতে॥ ওমরাহ সর্দ্দার ছারে, মিলিয়া মছলত করে, ছালেহায় বসাইল তক্তে * লস্কর ছেফাইগন, মির ওমরা জনে জন, হইল সবে ফরমা বরদার॥ দেলের মতলব যাহা, পুরাযদি হইল তাহা, তবে পাপি কমিনা বদকার * কাছেম সর্দ্দারে লিয়া, মারিলেক শুলিদিয়া, সবা আগে ময়দান উপরে॥ মিটীল দেলের দাগ, দোবারা জ্বালিল আগ, মছলত্ত করিল দেলপরে * সুখেতে করিব সাহি, নির্ম্মূল করিতে চাহি, দুসমনের আওলাদ আহলিয়া॥ এবে হিন্দুস্থানে গিয়া, কোন হেকমত কিয়া, মহাম্মদে ডালিব মারিয়া * এক রোজ দুরাচারে, সর্দ্দার সবাকারে, কহিতে লাগিল এ প্রকার॥ বেচে রহে মহাম্মদ, জাহেরা দুসমন জর্দ্দ, মেরে ডালা তাহারে দরকার * নহেত সে কোন ঘাড়ি, পারেসে বহাবে ঝড়ি, অন্তঃকিতে হইয়া হাজের॥ বেদাওয়ে হামলা করে, মারিবেক সবাকারে দাদ লিবে আপনা বাপের * বেহত্তের এহা হৈতে, চলযাই মুলতানেতে, আগে হৈতে দুসমনের তরে॥ সেকস্ত করিয়া দিব, বে আন্দেসা হয়ে রব, জঞ্জাল যাইবে সব দুরে * সুনিয়া সকলে কয়, এবাত পছন্দ হয়, এখুনি যাইব মুলতানেতে॥ লস্কর ছেফাই

সবে, সাজিতে কহিল তবে, যত লোগ লাগিল সাজিতে * নামি নামি লোগ জন, চুনেন্দা সওারগন, আহদি ও পেয়াদা ছেপাই ॥ ওলন্দাজ গোলন্দাজ তিরেন্দাজ, লাঠিবাজ, লাঙ্গাছির সাজিল সবাই * হাতি ঘোড়া বেসুমার, লস্করের সর্দ্দার, সাহেব মহলুব জোরওার॥ সাজিল ছালেহা গিধি, উজির ওমরাহ আদি, একুনেতে বিরাসি হাজার * কেল্লা হইতে নেকালিল, মুলতানের রাহালিল, মঞ্জেল মঞ্জেল চলে যায়॥ ছাড়াইয়া কত দেশ, পৌছিলেন অবশেষ, মুলতান সহর কেনারায় * খোলাছা ময়দান পেয়ে, ডেরা তাম্বু ওতারিয়ে, সমুখেতে গাড়িল নেসান॥ পাকাইয়া খায় তাম, মহাম্মদ হাতেম নাম, বিরচিল খাকছার নাদান *

ছালেহা পারেস হইতে মুলতানে আসিয়া
মহাম্মদকে মারিবার বয়ান॥

পয়ার * ফজরে ছালেহা উঠে করে কোন কাম॥ লিখিল মহাম্মদে এমন পয়গাম * সোন মহাম্মদ লেহ জানিয়া খবর॥ মোস্কেল গালেব হইল তোমার উপর * কাছেম তোমার বাপ কমিনা গোলাম॥ নেমক খাইয়া কৈল নেমক হারাম * করিল জবুনকাম কহা নাহি যায়॥ জহর খেলায়ে মারে হেজাজ সাহায় * করিল যেমন কাম পাইল সাজাই॥ সুলিদিয়া মারি তারে আমরা সবাই * আমি এবে পাইলাম হেজাজের তাজ॥ সোন যে কারনে আসি মুলতানের মাজ * বাপ তেরা কাল সাপ তুমি তার বেটা॥ খলের আওলাদ খল কভু নহে ছোটা * পারেসী লোগের তুমি হকিকি দুসমন॥ ফোরছত পাইলে ফনা ধরিবে কখন * তার আগে কৈনু মোরা এমন মছলত॥ বাড়িবার আগে তুঝে করিব গারত * দুসমনের নেসানের না রাখিব জের॥ তবেত আন্দেসা দেল হইবে মোদের * রেয়াত আমান চাহ হরগেজ নাদিব॥ আজিজি মিনতি কর নাহিক ছাড়িব * মারিব গর্দ্দান তেরা তুড়িব আলবত॥ নারিবে বাচাতে দুনিয়া মিলিলে তাবত * বুতা রাখ মহাম্মদ হও আগুওান॥ লড়িতে ময়দানে আইস হইলে বেহাল * নহেত ঘুসিব জোরে সহরের বিচে॥ জান বাচ্ছা জরু তেরা লিব তেগ

নিচে * এয়ছাই লিখিয়া খত মোড়ক করিয়া * ছালেহা আপনা নামে মোহর করিয়া * শির নামা নিয়া মহাম্মদের নামেতে॥ ভেজিয়া দিলেন খত কাছেদ মারফতে * কাছেদ দরবার বিচে পৌছিল আসিয়া॥ ছালাম করিয়া লেখা দিলেক ডালিয়া * মহাম্মদ ওঠাইয়া লিল কেতাবত॥ পাড়িয়া ওাকেফ হইয়া যত হকিকত* আচানক ছেরে যেন গিরে গেল বাজ॥ নিদানের ভেলা ডোবে দরিয়ার মাজ * আছমান হইতে যেন জমিনে গিরিল * কেহ যেয়ছা কলেজা টানিয়া নেকালিল * সহিতে না পারে মর্দ্দ ধমক তাহার॥ বেহুস হইয়া গেরে তক্তের মাঝার * নিশ্বাস নাহিক চলে মরার মতন॥ দেখিয়া সেতাব করে হাজেরানগন * আতর গোলাব ছেটে হাওা করে গায়॥ কতক্ষন বাদে কিছু হুস হৈল তায় * উঠিয়া বসিয়া ফের খত হাতে লিয়া॥ পড়িয়া সবার তরে দিল শুনাইয়া * তাজ্জব হইল সবে শুনিয়া এয়ছাই॥ মহাম্মদ কহে সবে কহ দেখি ভাই * এবাতে এতবার কিনা রাখহ তোমরা॥ মেরা বাবাজির হৈতে বাদসা গেছে মারা * শুনিয়া সকলে এয়ছা লাগে কহিবারে॥ যতদুর জানি মোরা কাছেম সর্দ্দারে* ছালেহিন নেক পাক তাহার এয়ছাই॥ চুড়িলে পারেসে ছারা ছানি মেলে নাই * হরগেজ কাছেম হইতে না হইল একাজ পুসিদা দুসমন হাতে মরিল হেজাজ * ফেরেব দাগাতে কোন দুসমন আলবত॥ মারিয়া বাদসাকে দিল কাছেমে তহমত * দোছরা ফেরেব দিয়া ওই সে জালেমে॥ করিয়া তকছির মন্দ মারিল কাছেমে * শুনে মহাম্মদ কহে কেন্দে জার জার॥ কি দোষে কেবুরা এয়ছা করি বাদসার * কি তকছির তার আগে কৈল মোর বাপ॥ হায় হায় নছিবে আছিল এত তাপ * কান্দিতে লাগিল মর্দ্দ বেতাব বেহালে॥ বহুত বোঝায় তারে সর্দ্দার সকলে বেছবর নাহি হও করহ খেয়াল॥ নাজানি নছিবে তেরা গোজারে কি হাল* ছালেহা লিখিল যেয়ছা ডর দেখাইয়া॥ বুঝিবা নাদিবে তুঝে নেহাত ছাড়িয়া * তৈয়ার হইয়া থাক বাচাতে আপন॥ যাতে হজিমত দিতে নাপারে দুসমন * আর বাত দেলে লেয় সোন কহি তাহা॥ হেজাজের আদাওতি রাখিত ছালেহা *

কেননা হেজাজ সাহা রাসেদে মারিল ॥ সেই হইতে ছালেহার দেলে দাগ ছিল * আর সে ওছিলা ছিল তোমার খাতির ॥ তেকারনে দেলে বদি রাখিল উজির * এতদিনে পুরাইল দেলের মোরাদ ॥ বাদসাও কাছেমে মেরে লিল তার দাদ * পুসিদা হেক-মতে কাম হাছেল করিল ॥ লোগ মাঝে আপনাকে নেক বানাইল শুনে মহাম্মদ কহে তাহাদের বানি ॥ আমি কি বুঝিব ভাই জানে পাক গনি * খোদাকে মালুম যাহা দুসমনের কাম ॥ নেকিন নেহাত বুরা দেখি পরিনাম * গোজারিয়া গেছে যাহা চারা কিবা তায় ॥ এবে এ মোস্কেলে কিবা মছলত উপায় * যদ্যপি ছালেহা মেরা হইল দুসমন ॥ আজিজি আমার না শুনিবে কদাচন * তামাম সর্দ্দার কহে সোন নামদার ॥ আন্দেসা দেলেতে নাহি কর আপনার বেসক দুসমন তেরা ছালেহা বদকার ॥ তলওার মারিয়া উড়াইব ছিরতার * ভালাবুরা জওাব লিখিয়া কাজ নাই ॥ আসে যদি দুরা-চার করিয়া চড়াই * খোদাকে সুপিয়া জান করিব জেহাদ ॥ লইব বাদসার দাদ কাছেমের দাদ * হয় এয়ছা বাতচিত দরবার ভিতর খাওাছ আসিয়া দিল হুজুরে খবর * মহলেতে সাহেবানি সরিফা খাতুন ॥ বেহুস হইয়া গেছে নাহিক চেতন * শুনিয়া মহাম্মদ দেওানা যেয়ছাই ॥ উঠিয়া অন্দর দিগে ছোটে ধাওাধাই * দেখিল সরিফা পড়ে যেমন মোরদার ॥ খাওাছিন দাসি বান্দি ঘিরে চারি ধার * আতর গোলাব মেস্ক ছিটায় সুবাস ॥ পাখা হেলায়ে দেয় অজুদে বাতাস * বহুত তাকিদ করে কতক্ষন পরে ॥ আখি মেলে সাহাজাদি চাহে ধিরে ধিরে * মহাম্মদ ওঠাইয়া লিল তারে কোলে ॥ লক্ষ লক্ষ বোছা দেয় অধর কমলে * সাহাজাদি জারে জার লাগিল কান্দিতে ॥ শ্রাবনের ধারা তার বহে দুচক্ষেতে * মহাম্মদ বহুত বোঝায় তার তরে ॥ ছবর করহ বিবি কান্দ কি খাতেরে * গোজারিয়া গেছে যাহা চারা কিবা তার ॥ বোঝ বিবি একহাল তোমার আমার * এলাহির মরজি বিচে আছে কিবা চারা দুক্ষেতে ছবুরি করে আল্লার পিয়ারা * আমার ছবর ছোটে কান্দ নেতে তেরা ॥ তুমি যদি কান্দ বিবি বাচাদায় মেরা * সরিফা

কহিল আয় ছাহেব আমার ॥ থাকে যদি মোর পরে রহম তোমার তবে এই কাম কর ওাস্তে এলাহির ॥ এখনি কাটীয়া আন ছালে-হার সির * মহাম্মদ কহে বাত সোনগো পিয়ারি ॥ লইয়া আল্লার নাম ছওগন্দ করি * যারর্‍া ভর লহু যতক্ষন রবে তনে ॥ যতক্ষন বেচে রব ছাবুদ পরানে * ততক্ষন ছালেহায় ছাড়িয়া না দিব ॥ কারার খেলাফ করি জাহান্নামি হব * খাওাপেওা সুখ দুখ আয়েস আরাম ॥ দুনিয়ার বিচে সব করিয়া হারাম * মাতিয়া তুমুল জঙ্গে করে দিব হদ ॥ মরিবে ছালেহা কিম্বা মরে মহাম্মদ * হইবে দুনিয়া ছাড়া যে কেহ দোহার ॥ নহেত কাহার বাবে নাহিক নিস্তার * হোথায় ছালেহা মুজি ময়দান উপরে ॥ খতের জওাব তরে রহে এন্তেজারে * এয়ছা ওক্তে কাছেদ পৌছিল আসিয়া ॥ মহাম্মদের সমাচার দিল সুনাইয়া * শুনিয়া ছালেহা হইল আগ বরাবর ॥ লস্করে হুকুম দিল ঘোসহ সহর * এয়ছাই হুকুম যদি করিল জালেম ॥ ধাইল ছেফাই গন রচিল হাতেম *

পয়ার * সহর লইল ঘিরে ছালেহার লোগে ॥ এ খবর পৌছি-লেক মহাম্মদ আগে* হুকুম করিল মর্দ্দ ছেফাই সর্দ্দারে ॥ হামেলা করহ গিয়া ছালেহার পরে * ঘুসিতে নাপারে যেন সহর মাঝার মুলতান সরহদ্দ শেষ করে দেহ পার * ধাইল লস্কর গন হুকুম পাইয়া ॥ সর্দ্দার ওমর বেগ আবোল জাকরিয়া * পাহালওান মহাম্মদ শেষে নেকালিল ॥ ছালেহার সামনেতে যাইয়া পৌছিল সহরের দরওাজায় গড়ের ময়দানে ॥ খাড়া হইল দুইদল সামনে সামনে * সারি দিয়া দাড়াইল বান্ধিয়া কাতার ॥ ছালেহার লস্ক-রের সাহেব সর্দ্দার * পাহালওান মহলুব নবিন জওান ॥ আগু ভাগে হইল খাড়া ধরিয়া নেসান* ভাইতার জোরওার পাহালওান এহিয়া ॥ খাড়া হইল ডাহিনেতে ঝাণ্ডা হাতে লিয়া * ওকবা আকেল খাড়া হইল বামেতে॥ রহিল ছালেহা পাপি বিচ তরফেতে এদলে মহাম্মদ খাড়া আগেতে সবার ॥ বামেতে জাকরিয়া বেগ ডাহিনে ওমর * পিছেতে লস্করগন খাড়া ছয় সারে ॥ আহদি তিরেন্দাজ পেয়াদা তা পরে * লাঙ্গাছির কুস্তিগির লাঠিবাজ লোগে ॥ খাড়া হইল তিন সারে পিছেকার ভাগে* লড়াই নেসান

বাজা হইল নমুদার ॥ ফোকারিয়া উঠিলেক নকিব চোবদার * ছালেহার দল হইতে এক পাহালওান ॥ জোরে ঘোড়া কোদাইয়া পৌছিল ময়দান * রায়হান বলিয়া নাম আছিল তাহার ॥ কোথা মহাম্মদ বলে হাকে বার বার * ওকবান নামে এক মুলতানি জওান ॥ কিছুদিন আগে হইয়া ছিল মোছলমান * নওকরি লইয়া ছিল পারেসির দলে ॥ বিদায় লইয়া মর্দ্দ ময়দানেতে চলে * রায়হানের সামনেতে পৌছিল যাইয়া ॥ রায়হান দেখিয়া তারে আইল কুদিয়া * সামটিয়া ধরে এসে ওকবানের তরে ॥ খেচিয়া তুলিয়া লিল ছেরের উপরে * ঘুমাইয়া জমিনেতে মারিল পটকান গুড়া হইয়া গেল হাড় মরিল ওক্‌বান * ভেজিলেন মহাম্মদ আর একজনে ॥ পৌছিল সে জোরে ঘোড়া কোদায়ে ময়দানে * রায়-হান মারিল তারে ঘোমাইয়া নেজা ॥ এক চোটে পিটতার করে দিল কুজা * তলওার খেচিয়া তারে মারিল দোবারা ॥ আলাদা হইল ছের ঠায় গেল মারা * পুত্যন নামেতে এক ধায় মুলতানি ॥ রায়হান আসিয়া তারে ধরিল ওমনি * মুলতানি সামটিয়া ধরিল রায়হানে ॥ খেচাখেচি করিতে লাগিল দুইজনে * কেহকারে হরগেজ ওঠাতে নারিল ॥ কোমর ছাড়িয়া দোহে হাতিয়ার ধরিল রায়হান মুলতানি পরে মারিল তলওার ॥ মুলতানি ঢালেতে রদ করিল ওয়ার * মুলতানি মারিল-রদ করিল রায়হান ॥ তেগের লড়াতে দোহে হইল সমান * তেগ রেখে গোর্জ্জ ওঠাইল হাত পরে ॥ মুলতানি মারিল গোর্জ্জ রায়হানের ছেরে * সামালিতে না পারিল রায়হান পারেসি ॥ ছেরে লেগে গেল গোর্জ্জ মগজেতে ঘুসি * মারিল রায়হান জঙ্গ নেকালিল জান ॥ দেখিয়া তাহার ভাই ধাইল বোরহান * আসিয়া খেচিয়া তেগ মারে মুলতানিকে ॥ এক চোটে ছের কেটে গেরে দুই ফাকে * মহাম্মদ ভেজে এক পারেসি সওার ॥ নাম তার মোবারক আবদালি সর্দ্দার * মোবারক আবদালি আসিয়া ময়দানে ॥ পহেলায় চেনাচিনি বোরহানের সনে * কহিল বোরহান তুমি নাদান নেহাত ॥ কি বলে মিসিয়া আছ ছালেহার সাত * বেসক ছালেহা মুজি জালেম বেপির ॥ দাগাদিয়া মারিয়াছে বাদসার খাতির * ফেরেবে ডালিয়া তোমা

সবাকার তরে॥ বানর বানায়ে দিল দাগার মক্করে * বুঝিয়া বুঝিতে নার এয়ছা বে আকেল॥ নাহক মহাম্মদে হইলে মায়েল শুনিয়া বোরহান কহে সোন মোবারক॥ আমারে নাদান কহ নাবুঝে নাহক * কাছেম সর্দ্দার মারে হেজাজ সাহায়॥ কত শত লোগ আছে গাওাহি তাহায় * নেমক খাইনু মোরা হেজাজ সাহার॥ আলবত্তা দাদ চাহি লইতে তাহার * তুমিও যদ্যপি কর নেমক হারামি॥ গর্দ্দান করিতে জুদা না করিব কমি * মোবারক কহে তুমি জালেমের চেলা॥ নাছাড় দেমাগ তবু মরনের বেলা শুনিয়া বোরহান কহে সামাল জবান॥ মোবারক কহে তবে আওরে নাদান * মোবারক আবদালী মারিল তলওার॥ বোরহান পাতিল ঢাখ ছেরে আপনার * দুখান হইয়া ঢাল গেরে এক চোটে॥ বোরহানের ছের কেটে জমিনেতে লোটে * আবুল ফজল ধায় বেটা রায়হানের॥ মোবারক মারে তেগ তাকাইয়া ছের*একচোটে গর্দ্দান করিয়া দিল ফাক॥ ছুটিল সোয়েব জঙ্গি হেকে বড়া হাক * মোবারক তেয়ছাই মারিল তারে ঠায়॥ এহিয়া সর্দ্দার দেখে জ্বলিল গোশ্বায় * ঘোড়া ওঠাইয়া হইল ময়দানে হাজির॥ মোবারক কহে বাত এহিয়া খাতির *. সোনহ এহিয়া কহি লাড়কাই হইতে দুস্তি মহব্বত বড়া আছে তেরা সাতে * এখন কিরূপে দোহে করিব লড়াই॥ বাতমেরা সোন তুমি ফিরে যাহ ভাই * দোছরা কাহার তরে দেহ পাঠাইয়া॥ এসে করূক জঙ্গ সেই তোমার হইয়া এহিয়া কহিল ইহা হইতে নাপারে॥ এহাতে নামর্দ্দ লোগে কহিবে আমারে * কহিবে দহসতে নাহি লড়িল এহিয়া॥ মোবারক কহে বাত এয়ছাই শুনিয়া * ভালা আমি হাতিয়ার ডালিয়া রহি খাড়া॥ ক্ষিমা বিচে যাহ তুমি ওঠাইয়া ঘোড়া * এহাতে হরগেজ কেহ নাদুসিবে আর॥ এহিয়া কহিল তাহা না হবে জেনহার * মহাম্মদের সাতে তুমি নেমক হারাম॥ তোমারে আগেতে চাহি করিতে তামাম * সুনে মোবারক কহে তাহা যদি চাহ॥ গর্দ্দানে মারিয়া তেগ জুদা করে দেহ * তবুও লড়াই না করিব তেরা সাথ॥ শুনিয়া এহিয়া কহে সোনরে কমজাত * ভালা চাহ সেতাবিতে জঙ্গদেহ মোরে॥ নহেত গর্দ্দানা দিয়া তোমার খাতেরে * মহিম

ময়দান হইতে দিব খেদাড়িয়া ॥ ফের যাহে জঙ্গে কভু না আস ফিরিয়া * শুনে মোবারক গোশ্বা আগ বরাবরে ॥ লাফাইয়া পড়িলেক এহিয়ার ছেরে * সাপটিয়া কোমরের দেওাল ধরিয়া ॥ খেচিতে লাগিল জোরে ওঠাবা লাগিয়া * হরগেজ জাররা ভর ওঠাতে নারিল ॥ কুদিয়া এহিয়া তার কোমর ধরিল * ছেরপরে ওঠাইল দিয়া এক চড় ॥ ঘুমায়ে জমিনে ডালে মারিয়া কাছাড় * মোবারক আবদালি হৈয়া গেল গুড়া ॥ খান খান হৈয়া ছোটে চৌদিগেতে হেড়া * দেখিয়া মহাম্মদ গেলেন ডরিয়া ॥ কোমর বান্ধিয়া খাড়া আবোল জাকরিয়া * হুকুম আমার তরে দেহ নামদার ॥ দেখিব কেমন জঙ্গি এহিয়া সর্দ্দার * মহাম্মদ কহে যাহ সুপিনু খোদায় ॥ ঘোড়া ওঠাইয়া মর্দ্দ ময়দানেতে যায় * দেখিয়া এহিয়া হেসে কহিল হাকিয়া ॥ মরিবার ডর দেলে না রাখ জাকরিয়া * তোমারে মালুম কেয়ছা মর্দ্দমি আমার ॥ যেনে শুনে সাদ করে আইলে মরিবার * কোন কথা নাকহিল আবোল জাকরিয়া ॥ এহিয়ার ছেরে তেগ মারিল খেচিয়া * এহিয়া পাতিয়া ঢাল রদ কৈল তেগ ॥ জাকরিয়ার ছেরে তেগ মারে বেদেরেগ * এক চোটে ঢাল কেটে গর্দ্দানে বসিল ॥ আলাদা হইয়া ছের জমিনে গিরিল * দেখিয়া আইল ছুটে পাহালওান ওমর ॥ এহিয়ার দিগে ধায় খুলিয়া তলওার * দেখিয়া সেতাবি পাস হইল এহিয়া ॥ হেকমত হুনুরে চোট দিল রদ কিয়া * এহিয়া মারিল খেচে তেগ আবদার ॥ ছেরে ঢাল দিয়া রদ করিল ওমর * তেগের লড়ায়ে দোহে হইল সমান গোর্জ্জ হাতে লিয়া লড়ে দুই পাহালওান * ওমর মারিল রদ করিল এহিয়া ॥ এহিয়ার গোর্জ্জ লিল ওমর আড়িয়া * নেজা বর্সা তির ফলা হাতিয়ার তামাম ॥ বহুত লড়িল কিছু না দেখিল কাম * না পারিল কেহ কারে দাগ চড়াইতে ॥ কুস্তির লড়াই ফের লাগিল করিতে * টানা টানি খেচা খেচি বাহু কসাকসি ॥ বহুত কোসেসে লড়ে গলে দিয়া ফাসি * এইরূপে নানা বন্দে লড়ে দুই জন ॥ কেহ কারে আটিতে নারিল কদাচন * আখেরে এহিয়া ধরে ওমরের তরে ॥ খেচিয়া তুলিয়া লিল ছেরের উপরে * ঘুমাইয়া কাছাড়িয়া জমিনে ডালিল ॥ কুদিয়া ছাতির পরে দাবিয়া বসিল *

গলে ছুরি চালাইয়া দিল বেরহম ॥ মরিল ওমর নেকালিয়া গেল দম * দেখিয়া মহাম্মদ করে হায় হায় ॥ আর নাহি দেখি চারা মরণ ছেওায় * দোখাকে সুপিয়া জান ওঠাইল ঘোড়া ॥ এহিয়ার সামনেতে হৈল গিয়া খাড়া * হাকিয়া কহিল শোন এহিয়া সর্দ্দার ॥ মারি আমি সেতাবিতে হও হুসিয়ার * এতেক বলিয়া তেগ খেচিয়া মারিল ॥ এহিয়া সেতাবি ঢাল ছেরেতে পাতিল * সোলার মেছাল ঢাল হইল দুখান ॥ গর্দ্দানে লাগিয়া জুদা হইল গর্দ্দান * মরিল এহিয়া দেখে মহলুব সর্দ্দার ॥ ভায়ের মরণ সোগে হৈল জার জার * দেওানার মত ছোটে ময়দানের দিগে ॥ আসিয়া হইল খাড়া মহাম্মদ আগে * মহলুবে তেগ খেচে মারে মহাম্মদ ॥ মহলুব পাতিয়া ঢাল করেদিল রদ * খেচিয়া মারিল তেগ মহলুব সর্দ্দার ॥ মহাম্মদ ঢাল ধরে ছেরে আপনার * ওারকরিল রদহেকমত হুনুরে ॥ লড়ে দোহে এইরূপে তলওারে তলওারে * চোটা চুটি তলওারের ধার গেল মুড়ে ॥ তেগ রেখে দুই জঙ্গি গোর্জ্জ লিয়া লড়ে * খেচিয়া মারিল গোর্জ্জ মহলুব সরদার ॥ মহাম্মদ ঢালে রদ করিল ওার * মহাম্মদ কৈল রদ মারিল মহলুব ॥ পিটাপিটি ছোটাছুটী করে এয়ছা খুব * বহুত কোসেসে লড়ে দুইপাহালওান ॥ কেহকারে নাহি পারে সমানে সমান * নেজা বর্সী তির ফলা নানা হাতিয়ারে বহুত লড়িল কেহ নাপারিল কারে * আখেরে হাতিয়ার ছেড়ে নামিয়া জমিনে ॥ কুস্তির লড়াই কড়ে দুই পাহালওানে * খেচাখেচি টানাটানি ধরিয়া কোমর ॥ বহুত কোসেস করে জার যত জোর * কেহ কারে ওঠাইতে নারিল হরগেজ ॥ লড়িয়া লড়িয়া দোহে হইল আজেজ * আখেরে তফাতে দোহে গিয়া দুই ধারে ॥ দম লইবার তরে টহলিয়া ফেরে * থোড়া বাদে লড়িতে লাগিল দোহে ফের ॥ তির বর্সী নেজা ফলা গোর্জ্জ সমসের * লইয়া কোসেস করে নানা হেকমতে ॥ লড়ে দোহে হরগেজ কার নাহি ক্ষতে * তবুও নাছাড়ে কায় করে মহারন ॥ হেনকালে ছালেহার লোগ একজন * মাছুম মানজুরি নাম বড়া জোরওার ॥ পিছে হইতে মহাম্মদে মারে তলওার * এয়ছাই জোরেতে তেগ মারিল গরদানে আলাদা হইয়া ছের গিরিল জমিনে * গোস্বায় মহলুব কহে

কাহেরে মাদুম ॥ গিধড় মাফিক এয়ছা করিলি জুলুম * আমি বুঝি নারিতাম মারিতে ওহারে ॥ বদনাম আনিলি মেরা লোগের হুজুরে * আমাকে চাহিয়া কর বাহাদুরি কাম ॥ আজি তুঝে এক চোটে করিব তামাম * এতেক কহিয়া তেগলিয়া গোস্বাভরে ॥ খেচিয়া মারিল জোরে মাদুমের ছেরে * মাদুম দুখান হইয়া মারা গেল ঠায় ॥ লেকিন ছালেহা হইল বেজার এহায় * মুখে কোন কথা নাকহিল মহলুবেরে ॥ দেলে দেলে কহে এর দাদ লিব পরে * বেগোনা আমার লোগে মারিয়া ডালিল ॥ হকিকতে মেরা পরে জুলুম করিল * মরিল মহাম্মদ লস্কর তাহার ॥ সোগেতে হইল যেন দেওানা আকার * তেয়াগিয়া ডরভয় খওফ দেলের ॥ কুদিল ছালেহা দলে খুলিয়া সমসের * মার মার হাকদিয়া পড়িল টুটিয়া দরিয়ার স্রোত যেয়ছা ফেরে হামালিয়া * ঝড় যেয়ছা নমুদার ছালেহার দলে ॥ হাজার হাজার লোগে গেরাইয়া চলে * ঘড়ি দুই এইহালে লড়ে ময়দানেতে ॥ ওলেকিন গমগিন বেছির তাহাতে বেগর মাঝিতে যেয়ছা তরি নাহি চলে ॥ তেয়ছাই সর্দ্দার হিন ইহারা সকলে * ছালেহার লোগজন মহলুব সরদার ॥ বেদেরেগ মারিতে লাগিল তলওার * এক এক জনে মারে দশ দশ জনা ॥ মহাম্মদের লস্করে করে তুলা ধোনা * ময়দান করিল ফাকা ঘড়ি এক বিচে ॥ হরগেজ না ভাগে যারা জিতা জানে বাচে * কছম খাইয়া তারা ধরিল হাতিয়ার ॥ পিট না দেখায় কেহ না ভাগে জেনহার * লড়িতে লড়িতে এয়ছা তামাম মরিল ॥ যতক্ষন এক জনা হায়াতে আছিল * ততক্ষন ছালেহার না হইল ফতে ॥ আখেরে মরিল জবে সেখান হইতে * লইয়া লস্কর গনে ছালেহা কমিনা ॥ ঘুসিতে গড়ের বিচে করিল রওানা * দরওাজার কাছে যবে পৌছিল জালেম ॥ সুমুখে পাইল বাধা রচিল হাতেম *

* ছালেহা সাহাজাদি সরিফাকে বান্ধিতে চাহিলে মহলুব নাখোস হইবার বয়ান *

ত্রিপদী * লিখন না হয় রদ, মারা গেল মহাম্মদ, জালেমের জুলুমে পড়িয়া ॥ অন্দর মহল বিচে, সরিফা বিবির কাছে, এ খবর

পৌছিল যাইয়া * পেয়ে বিবী এ খবর, না হইল বেছবর, আহা না করিল একবার ॥ জাররা না বহায় আছু, সোগ না দেখায় কিছু নাহি বিবী হয় বেকারার * কেবল পাগল পারা, লাল হৈল আখি তারা, ফুটিবার হইল উপক্রম ॥ খাড়া হৈল রগ সিরা, অজুদের লম্ভ সাড়া, নাকের উপরে আইল দম * কড়মড়ি করে দাঁত, উঠে বিবী ততক্ষনাত, টাঙ্গা ছিল খোলা তলওার ॥ হাতেতে লইল তুলে, কুদিয়া দৌড়িয়া চলে, অন্দরের হইল বাহার * খাদেমান দাসি বান্দি, খাওাছ ছেহেলি আদি, সুমুখেতে যে কেহ গিরিল * তল-ওার মারিয়া তারে, দিল ছের জুদা করে, দরওাজার উপরে আইল এ ওক্তে ছালেহা এসে, পৌছিল দরওাজা পাসে, সাহাজাদি কহি-লেন হেকে ॥ খবরদার খবরদার, হরগেজ হরগেজ আর, পাও না বাড়াও আগুদিকে * দোছরা নাহিক আমি, সোলতান হেজাজ নামি, বেটী তার সাহজাদি সরিফা ॥ বেগানা মরদ যায়, কদম না দেখা পায়, চান্দ সুরুজের কাছে ছাফা * বড়া মছিবতে আজ, তেগিয়া সরম লাজ, হইয়াছি পরদার বাহির ॥ খোদার কছম আছে, কহ তোমাদের বিচে, কোথা সেই ছালেহা উজির * কোই মে হারামজাদ,লইব বাপের দাদ, আজি তার মারিয়া গরদান ॥ শুনিয়া ছালেহা গিধি, যেখানেতে সাহাজাদি, এসে কহে সোন বিবীজান * তহমত না দাও মোরে, মারিয়াছে হেজাজেরে, বদবক্ত কাছেম সরদার ॥ মারা গেল মহাম্মদ, কলম না হয় রদ, চারা কিবা আছে তাহে আর * দুখ না করহ বিবী, তোমার নছিব খুবি, তুঝে আমি বানাব বেগম ॥ খেয়াল করহ তুমি, এখন সোলতান আমি, কোথা পাবে এমন খছম * হরঘড়ি রবে খোসে, তামাম বেগম পাসে, বানাইব সাহেবানি তুঝে ॥ খরিদা গোলাম পারা, বান্দার আগে তেরা, কবুল করহ বিবী মুঝে * খোসেতে কবুল কর, যদি হেমাকতি ধর, জোর করে আনিব নেকায় ॥ কিম্বা তলয়ার ধরে, দিব ছের জুদা করে, সত্য কথা কহিনু তোমায়* শুনে কহে সাহা-জাদি, গোলাম হইয়া গিধি, আন মুখে এমন কালাম ॥ কি কহিব হায় হায়, কলেজা ফাটীয়া যায়, দাগা দিয়া নেমক হারাম * মারিয়া আমার বাপে, জ্বালাও কথার তাপে, এখনি কাটিব তেরা

ছের ॥ এতেক কহিয়া বাত, তলওার লইয়া হাত, মারে জোরে ছালেহার পরে * ছালেহা পাতিয়া ঢাল, সামালিয়া লিল টাত, হেকে কহে লস্করে আপন ॥ কার মুখে চাও আর, করে লেহ গেরে-প্তার, হইল বিবী দেওানা মতন * শুনিয়া সরিফা কয়, এয়ছা কারবুতা হয়, হাত ডালে অজুদে আমার ॥ হেজাজের বেটি আমি, আমার গোলাম তুমি, নাথাকিবে হুকুম তোমার * নেমক হারাম যেই, একাম করিবে সেই, আর যেই খোদাকে না ডরে ॥ ছালেহা কহিল ফের, কি খাতেরে কর দের, কয়েদ করহ সাজাদিরে * এয়ছাই ফরমান পায়, কয়েক সওার ধায়, চাহে তারে লেয় পাক-ড়িয়া ॥ সাহাজাদি বিপাক দেখে,আছু নেকালিল আখে, কহে বিবী কান্দিয়া কান্দিয়া * পারেসী লস্কর বিচে, এয়ছা কেহ নাহি আছে মেরা বাবে করিয়া এনছান ॥ এমন বিপদ কালে, বারেক রহম দেলে, জালেমের জুলুমে বাচান * মহলুব সর্দ্দার খাড়া, দেরেগ পাইল বড়া, চিল্লাইয়া উঠিল জোরেতে ॥ কহে সবে খবরদার, হর-গেজ না বাড় আর, পিছু হইয়া আইস সেতাবিতে * যদি নাহি মান বাত, মারা যাবে মেরা হাত, রেয়াত নাহিক দিব কায় ॥ শুনিয়া ছালেহা বলে, মেরা ডর রাখ দেলে, সেতাব ধরহ সরিফায় * মহ-লুব গোলাম মেরা, কহিছে নাদান পারা, নাহি সোন গোলামের বাত ॥ শুনিয়া মহলুব কহে, জবান সামাল নহে, ছের তেরা তুড়িব কমজাত * এয়ছা কারবুতা আছে, মহলুব থাকিতে বেচে, তামাম পারেস দরমিয়ানে ॥ সাহাজাদি সরিফায়, হাত দিতে পারে গায়, দেখি বুরা রচিল অধিনে *

* মহলুব ও ছালেহা আপসে জঙ্গ করে ও ছালেহা
হারেল হইয়া পারেসে ভাগিয়া যায়
মহলুব মুলতানে সহি করে *

পয়ার * মহলুব কহিল এয়ছা তাকত কাহার ॥ বাচিয়া থাকিতে আমি দুনিয়া মাঝার* চক্ষের সামনে সাহাজাদি সরিফায় ॥ হরগেজ জুলুম নাকরিতে দিব কায় * মহলুবের তরে কহে ছালেহা বেপির জঙ্গে সোলতান,

মিছে বেগানার তরে হও দাওাগির * আপনি কাহেক ডাক আপনার বুরা॥ বুঝিনু মওত এসে পৌছিয়াছে তেরা * নাহি জান সরিফার করিলে মদত॥ খাফা হবে তেরা পরে পারেসি তাবত * শুনিয়া মহলুব কহে ছারা পারস্থান॥ খাফা যদি হয় মোরে না ভাবি নোকছান * দাগাদিয়া দাগাবাজ তুমি নামাকুল॥ পারেসাকে গোমরাহ করেছ বেলকুল * এতদিনে দেলে মেরা আইল এত-বাত॥ মরিল হেজাজ সাহা জুলমে তোমার * নহেত বাদসার বেটা সরিফার তরে॥ বেগোনা জুলুম এয়ছা কর কি খাতেরে * কি গোনা করিল বিবী তোমার হুজুরে॥ আলবত্তা ভেদ আছে ইহার ভিতরে * হক্কের লাগিয়া তুঝে নাদিব ছাড়িয়া॥ লইব বাদসার দাদ তোমাকে মারিয়া * শুনিয়া ছালেহা হইল আগুন সমান॥ তামাম লস্করে দিল করিয়া ফরমান* মেরে মহলুবের দেহ ওড়াইয়া ছের॥ এয়ছা তকব্বর যাহে নাহি করে ফের * শুনিয়া ধাইল খুলে তলওার লইয়া॥ লেকিন বহুত লোক নাহিক মানিয়া মহলুবের পরে জারা করিল হামেলা॥ বান্ধাদিল তাহাদিগে লাগাইয়া ঠেলা * দশ ভাগ ছালেহার হুকুম মানিল॥ ছয়ভাগ মহলুবের পোস্তপানা হইল * দুইদল খাড়া হইল দুই তরফেতে॥ আপসেতে কাটাকাটি লাগিল করিতে * মহলুবের দেলে গোস্বা যেমন দেওানা॥ ঘুসিয়া ঝাকের বিচে করে তুলা ধোনা * কে আটে তাহার আগে এয়ছা পাহালওান॥ তুড়িয়া চলিল যেন কলার বাগান* মারে তেগ তেয়াগিয়া বাচিবার আস॥ এক চোটে কেটে পাড়ে চাল্লিস পঞ্চাশ* এমন হেকমতে মর্দ্দ চালায় তলওার রাসি রাসি করে ফাক কাতারে কাতার * কুদে ওঠে মারে ছুটে হেকে বড়া হাক॥ এক ঠাই থাকে নাই ঘোমে যেন চাক * আসে পাসে দিগে দিগে কুদিয়া বেড়ায়॥ ঝাক ঝাক করে ছাফ দফায়২ * ঘড়িতে বহায়ে দিল খুনের দরিয়া॥ ছালেহার আধা লোগে ডালিল মারিয়া * দেখে ছালেহার দেলে হইল দহসত॥ বিষাদ ভাবিল দেলে খেয়ে হাজিমত * নাহক্ক কিসের তরে জান খোওাইব॥ লড়ে মহলুবের সাতে আটীতে নারিব * ভেবে গুনে কোন কাম করে দুরাচারে॥ নেসান করিল খাড়া ছোলের খাতেরে

ছোলের নেসান দেখে মহলুব সর্দ্দার ॥ হাকিয়া কহিল ছোলে না করিব আর * ছালেহার নিদানের বাকি আর থোড়া ॥ এর বিচে বাগ না ফিরিবে মোর ঘোড়া * এতেক কহিয়া ফের লাগিল কাটিতে ॥ দুইহাতে মারে তেগ দ্বিগুন হেম্মতে * না করে আরাম মর্দ্দ নাহি লেয় দম ॥ বেদেরেগ মারে তেগ হয়ে বেরহম * পাইয়া লস্কর বোএ যেমন দেওানা॥ বে আন্দাজ মারে তেগ নাপায় ঠিকানা টিকিতে নারিল আর ছালেহার দল ॥ পিছেতে চলিল হোটে পাইয়া খলল * মহলুব চলিল পিছে খেদাড়িয়া জোরে ॥ বিশম মোস্কেল দেখে ছালেহা বেপিরে * কহিল দেলাসা দিয়া লস্করে আপন ॥ নাহি হট ভরসা বান্দিয়া কর রন * হালাক হইয়া গেছে মহলুব সর্দ্দার ॥ থোড়া বাদে লড়িবারে নাপারিবে আর * লেকিন এবাত্ত তার সোনে কোন জন ॥ কেমনে ভরসা বান্ধে পিছেতে শমন * জান বাচাইবা দায় না হইলে ভাগেল ॥ জঙ্গ ছেড়ে ভেগে চলে দহসত দেল * পিছু পানে নাহি তাকে বেদিসায় ভাগে ॥ ঘোড়ার দউড় কোথা লাগে তার আগে * লস্কর ভাগিল যদি দেখিয়া ছালেহা ॥ আপনি ভাগিল লিয়া পারেসের রাহা * কত দুর খেদাড়িয়া চলিল মহলুব ॥ কামের মাফিক দিল মালামত খুব * মুলতান সরহদ্দ শেষ করে দিয়া পার ॥ আখেরে ফিরিয়া আইল মহলুব সর্দ্দার * আপনার লোগ জন লিয়া সবাকারে ॥ পৌছিলেন পাহালওান সহর ভিতরে * দরবারে পৌছিয়া তক্ত পরে বায় দিল ॥ আরকান দওলত গন হাজের হইল * সিক্কা জারি আপনার করিয়া মহলুব ॥ সরিফায় দেলাসা দেলায়ে কহে খুব * সরিফা এবাতে বড়া নেহাল হইল ॥ মহলুবের তরে বিবি দোওা কতদিল জালেমের জুলুমেতে বাচালে আমায় ॥ এহার ছওাব তুঝে দেলাবে খোদায় * দারাজ হায়াত হোক ফজলে রব্বানি ॥ নাহি রহে দুনি-য়ায় জঙ্গি তেরা ছানি * জেয়াদা দওলত তুঝে বখসায় এলাহি ॥ মেলে তুঝে সাত মুল্লকের তাজ সাহি* মহাম্মদ হাতেম কহে কর বিবি দোওা ॥ দোওা নহে পয়দা তেরা জুলুমের দাওা *

* মহলুব সরিফার ছুরত দেখিয়া আসক হইবার বয়ান *

পয়ার * মহলুব পাইল তক্ত মুলতানের মাজ ॥ খোসেতে ফুলিয়া তার উঠিল মেজাজ * মহলেতে সাহাজাদি সরিফা সুন্দরি খছম ও বাপের সোগে করে সদাজারি * হাসি খেলি দুনিয়ার খুসি বা আরাম ॥ আপনার পরে বিবী করিল হারাম * মহাম্মদ মরা বাদে পাচ ছয় মাহিনা ॥ সদাই কান্দিল বিবী মাফিক দেওানা আখেরে এলাহি ভারে ছবর পাথর ॥ নাজেল করিয়া দিল বুকের উপর * যেই ওক্তে মারা গেল মহাম্মদ সর্দ্দার ॥ সেই সমে সাহা-জাদি আছিল বারদার * তখন বারদার ছিল চার মাহিনার ॥ সেই হইতে ছয় মাস গোজারে আরাম * দশ মাস পুরা হইয়া হইল দশ দিন ॥ দরদ উঠিল পেটে প্রসবের চিন * মেহের করিল তারে জোল্লে সান খোদা ॥ চাদের সমান এক লাড়কা হইল পয়দা * হাত পাও রূপ রঙ্গ মুখ সে লাড়কার ॥ ঠিকঠাক ছিল যেয়ছা মহাম্মদ সরদার * দেখিয়া সরিফা বিবী লাড়কার মুখ ॥ দুরে গেল আগেকার সোগ তাপ দুখ * খুসিতে ভরিল বিবি গম পাসরিয়া ॥ খোদার দরগায় কহে হাত ওঠাইয়া * আয় খোদা জাত পাক পরওার দেগার ॥ হায়াত দারাজ কর আমার লাড়কার * দুনিয়ার বিচে আমি বড়া অভাগিনী ॥ হারাইনু স্বামি তাজ বাপ মা জননী * দুখিনীকে লাড়কা যদি বকসিলে কাদের ॥ লাড়কা হইতে পুরাইও মোকছেদ দেলের * এইরূপে দোওা বিবি বহুত মাঙ্গিয়া ॥ ছওগাত রাখিল নাম পছন্দ করিয়া * লাড়কার পালন করে দেল জান দিয়া ॥ এইরূপে দুই সাল গেল গোজারিয়া * ভুলিয়া সকল তাপ রহে সাহাজাদি ॥ হঠাত সুখেতে তাপ হইল এসে বাদি * গরমির আইয়াম বিচে মাহা বৈশাখ ॥ ধুপের তাপে-সে ছারা আলম হালাক * এক রোজ ছেপহরে সরিফা খাতুন ॥ ধুপের ছববে বড়া পেরেসান মন * গোছল করিতে বিবী এরাদা করিয়া ॥ হাম্মাম খানার বিচে পৌছিল যাইয়া * গায়ের লেবাছ বিবি খুলিয়া তামাম ॥ গোছল করিতে নাবে হইয়া উদাম * আপনাকে ছিল বিবী হইয়া বে খবর ॥ হেনকালে আসিয়া পৌছিল এক চোর * সে রোজ মহলুব সর্দ্দার ফিরিতে ফিরিতে ॥ আসিয়া

পৌছিল হাম্মামের কেনারাতে * বিবীর ছুরত পরে গিরিল নজর গাফেল আছিল বিবি হৈয়া বেখবর * তাহাতে ছতর খোলা অজুদ তামাম ॥ মালের গুদাম ফাকা পাইয়া উদাম * চোরের লালচ বাড়ে করিবারে চুরি ॥ মহলুবের বুকে হইল এস্কতির কারি* মহলুবের দেলে হইল আসক খেয়াল ॥ একেবারে কামদেব হইল অসামাল * বুঝিয়া ওাছওছা দিল খান্নাছ লাইন ॥ এস্কমিঞা ছেরে চড়ে কৈল বেচেইন * দেওানা মহলুব ধায় হাম্মামের ঘাটে খাড়া হইল সরিফার যাইয়া নিকটে * হেনকালে সাহাজাদি পাইল দেখিতে ॥ তাড়াতাড়ি অজুদ ঢাকিল সেতাবিতে * মহলুবে কহিল তুমি হও কোনজন ॥ জানানা হাম্মাম বিচে আইলে কি কারন * সর্দ্দার মহলুব তুমি পারিনু চিনিতে ॥ মনাছেব নহে তুঝে একাম করিতে * শুনিয়া মহলুব কহে সোন বিবী জান ॥ আইনু তোমার পায় হইতে কোরবান * পাগল বানায় মুঝে ছুরত তোমার ॥ কলেজায় লাগে চোট এস্ক তলওার * ছবর করিতে নারি ছাতি ফেটে যায় ॥ বারেকের তরে বিবি তাকহ আমায় * মেহের নজর কর ওাস্তে আল্লার ॥ বাচাও আমার জান এস এক বার * শুনিয়া সরিফা বিবী ভাবে দেলে দেলে ॥ হায় খোদা ফের কিবা মোস্কেলে ডালিলে * মহলুবে কহিল বিবি সোনহ মহলুব ॥ আমার এছান কত করিয়াছ খুব * জালেমের জুলুমেতে বাচালে আমায় ॥ ওফা মেরা নাহি আছে তোমার ছেওায় * তোমার কোমকে মেরা বাচিল হোরমত ॥ ওফা হইয়া তুমি যদি কর মালা-মত * আমানত লিয়া চাহ খেয়ানত দিতে ॥ যেয়াদা জুলুম কিবা আছে এহা হইতে * ওফাদারি করে ফের হইছ বেওফা ॥ তবে কোথা অভাগিনী দাড়াবে সরিফা* কান্দিতে লাগিল বিবি কহিয়া এয়ছাই ॥ দুনিয়ার বিচে মেরা জাগা আর নাই * জুলুম ছেওায় নহে তকদির আমার ॥ কত আর সব এয়ছা জুলুমের ভার * মরন ছেওায় নাহি দেখি বেহস্তের ॥ মহলুব এয়ছা বাত কহ যদি ফের হাম্মামে ডুবিব আজি তেরা হুজুরেতে ॥ এতেক কহিয়া বিবি লাগিল কান্দিতে * অনেকে মালুম আছে জানে সর্ব্বজনা ॥ বহুত জাকত রাখে আওরতের বোনা * মহলুব হইল ফের

কাছে॥ ভাবিতে লাগিল মর্দ্দ এয়ছা দেল বিচে * ফেরযদি এছে কব আর কোন বাত॥ কি জানি বহুত বুরা আওরতের জাত * হতে পারে ঘটাইবে কোন জঞ্জাল॥ ভালা কোথা ভাগিবেক তুড়ে মেরা জাল * যখন চাহিব এছে ফের বার পাব * হেমাকতি মানা নাহি সুনিব তখন॥ আলবত্তা করিব পুরা মতলব আপন * মহলুব ভাবিয়া এয়ছা আপনার দেলে॥ সেথা হইতে দোছরা তরফে গেল চলে * দেলেতে সরিফা বিবি বিষাদ ভাবিয়া॥ ধিরে ধিরে উঠিলেন হাম্মাম থাকিয়া * পৌছিয়া সরিফা আপনার মহলেতে কান্দিয়া আরজ করে দরগায় বারিতে * মালেকল মাবুদ পাক পরওার দেগার॥ বান্দিকে কতবা আর দেলাবে আজার * ছিনিয়া লইলে মোর খছম মা বাপ॥ জনম দুখিনা করে দিলে এত তাপ * ফোদা দিলে এই কিবা মছিবত॥ কেমনে বাচাব আর এজ্জত হোরমত * বাচাও মোস্কেল কোসা মোস্কেল হইতে॥ এজ্জত ছাবুদ রাখ জালেমের হাতে * তোমা ছেও৷ ফরিয়াদ কোলিবে ছোবহান॥ তোমা ছেওা এ মুস্কিলে কে করে আছান * বান্দির রাখন হার তুমি রব্বানা॥ আরজ কবুল কর হও পোস্তপানা * এয়-ছাই সরিফা করে জার মোনাজাত॥ হোথায় মহলুব দেলে করে মছলেহাত * কি হেকমতে সরিফায় করাব স্বিকার॥ কিরূপে করিব পুরা হছরত আমার * কেমনে সরিফা সাত হইবে মিলন॥ কি প্রকারে এস্ক আগ করি নিবারন* সরিফা বেগর আমি বাচিতে নারিব॥ এনকার যদ্যপি করে কুওত ডালিব * এয়ছাই মহলুব রহে ভাবিয়া দেলেতে॥ গোজারে কয়েক রোজ তাহার পিছেতে এক রোজ মহলুব ফোরছত বুঝে দেলে॥ বে এস্তেলা সরিফার পৌছিল মহলে * হঠাত দেখিয়া তারে সরিফা খাতুন॥ বহুত ডরিয়া গেল দেলেতে আপন * ছাপিল যাইয়া বিবি পরদার ভিতরে॥ মহলুব বসিল এক কুরছির উপরে * মহলুব পুছিল আগে বল বিবি বল॥ তবিয়ত মেজাজ তেরা আছে কিনা ভাল * কোথায় লাড়কা তেরা ছওগাত পেয়ারা॥ একবার এনে দেহ সামনেতে মেরা * নাদিল সরিফা বিবি কথার জওাব॥ মহলুব দোবারা ফের পুছিল সেতাব * মহলুব কহিল ফের পাইলে কিবা

খাস্তা ॥ কাহে বিবি মেরা সাথ না কহিছ কথা * হরগেজ সরিফা বিবি না কহিল বাত ॥ কহিল মহলুব কত আজিজির সাথ ॥ বারেকের তরে কথা কহ বিবিজান ॥ ঘুচুক দেলের তাপ ঠাণ্ডা হোক জান ॥ গোশ্বায় সরিফা বিবী উঠিল জ্বলিয়া ॥ কহে ভাগ নামাকুল এখান থাকিয়া* এতেক তাকত রাখ আরে দুরাচার ॥ কি হেম্মতে আইলে তুমি মহলে আমার * বেগানা মাকান বলে নাহি রাখ ডর ॥ নাহি জান হবে তুঝে খোদার কহর * হাসিয়া মহলুব কহে কিবা বুরা কাম ॥ তুমি যে আমার বিবি জিয়ের আরাম * হৃদয়ের ধন তুমি জানের পিয়ারি ॥ প্রেম তরনীর মেরা তুমিলো কাণ্ডারি* এসে বিবি কাছে মেরা হেসে কহ বাত ॥ প্রেমের আলাপ খোসে করো মোর সাত * শুনিয়া সরিফা গোশ্বা আগুন সমান ॥ কহে চুপ হারামজাদ সামাল জবান * এয়ছাই জবুন ফের কহরে গাওার তুড়িব মাথার খুলি মারিয়া পয়জার * মহলুব হইল গোশ্বা এই বাত পরে ॥ কহে বিবি রেয়াত করিনু কত তোরে * বার বার হেমাকতি করিছ নাহক ॥ জোরেতে ছহবতে তুঝে আনিব বেসক হরগেজ হরগেজ কোন না স্তুনিব মানা ॥ মেরা হাতে তুঝে বাচাইবে কোন জনা * আমার কাবুর বিচে আছ সাহাজাদি ॥ এখনি মিটাব কাম দেল চাহে যদি * শুনে সাহাজাদি কহে সোনরে বেপির ॥ জোরে যদি লোটা যায় এজ্জত সতির * তবে এই দুনিয়ার না রবে নিসান ॥ আছমান গিরিবে নিচে হইয়া খান খান * জমিন সে গাফ হইয়া যাইবে ফাটিয়া ॥ আফতাব মাহতাব নিচে গিরিবে খসিয়া * স্তুখাইয়া যাবে ছারা দরিয়ার পানি ॥ তেরা ছিরে বজ্রাঘাত হইবে এখনি*তাহা যদিনাহি হয় জানিব আলবত খোদার খোদাই যাহা ঝুটা যে তাবত * খোদার কালাম ঝুটা ঝুটা বেলকুল ॥ মহাম্মদি দিন ঝুটা মহাম্মদ রছুল * এ বাতে ডরিয়া থোড়া গেলেন মহলুব ॥ কহে বিবি গওরে বোঝহ তুমি খুব সবে মাত্র ফোটা তেরা আউল যৌবন ॥ মিছে কাহে গোওাইয়া দাও অকারন * দেল খোস তোমার বিবি এ নয়া বাগান ॥ কেবা জোগাইবে পানি নাহি বাগবান * ভিষন জোওার গাঙ্গে তেরা প্রেম তরি ॥ কেমনে চালিবে তাহে না আছে কাণ্ডারি * খুসি

হালে রাজি যদি হও বিবি তুমি ॥ তেরাতরে নেকা করিবারে চাহি আমি * কবুল আমার তরে কর সাহাজাদি ॥ খেদমতে গোলাম পারা রব নিরবধি * মহলুব এয়ছাই বাত কহে বার বার ॥ সরিফা করিল এহা নাহক জেনহার * নেকার তরফে মেরা না আছে খেয়াল ॥ যাবত জেন্দেগি বেওা রব হামেহাল * মহলুব কহিল বিবি এবাত বেজায় ॥ নবির হুকুম নেকা করিতে বেওায়* মহাম্মদ রছুলোল্লা এছলামের রবি ॥ আছিল খেদমতে তার তেরো চৌদ্দ বিবি * আয়েসা সিদ্দিকা ছাড়া আর জতজন ॥ নেকা ছানি করে নবি সবার কারন * ওম্মত হইয়া তার নেকাছানি তরে ॥ এনকার করহ বিবি কোনছা বিচারে * সরিফা কহিল সোন মহলুব সর্দ্দার তেরা সাতে নাহি চাহি করিতে তকরার * এনকার না করি আমি করিবারে নেকা ॥ বলকে খাহেস বিচে আছে মোর ধোকা * তাহা ছেওা তেরা এয়ছা নাদানের তরে ॥ সরিফা নাহিক চাহে নেকা করিবারে * শুনিয়া মহলুব কহে সোবা কর দুর ॥ কিসে না লায়েক আমি তোমার হুজুর * নও বাহার মেরা এয়ছা ছুরত জওান ॥ দানা হুসিয়ার নেক মর্দ্দ পাহালওান * ঢুড়িলে পারেসে মেরা ছানি নাহি আছে ॥ কিসে না পছন্দ বিবি হইনু তেরা কাছে সরিফা কহিল তেরা মুখে গেরে ছাই ॥ তেরা এয়ছা বদবক্ত জাহানেতে নাই * কমিনা জালেম তুমি বেওফা নেহাত ॥ সতির এজ্জতে চাহ ডালিবারে হাত * হরগেজ নাহিক কর খেয়াল এমন আমা হইতে না পাইবে মতলব আপন * মহলুব কহিল বিবি ধরি তেরা পায় ॥ যদ্যপি করিতে নেকা না চাহ আমায়*বারেক আমার তরে হও মেহেরবান ॥ ছায়েতের তরে মেরা মেটাও আরমান * একবার ছেওা তুঝে না চাহিব আর ॥ জেয়াদা এরাদা রাখি কছম খোদার * তাহার বদলা তুমি যা চাহ সরত ॥ কারার করিনু পুরা করিব আলবত * ছের যদি চাহ কেটে দিব এই ঘড়ি ॥ আছমানে উঠিতে পারি পাই যদি সিড়ি * হুকুম পাইলে যাই আজদাহার পেটে ॥ বে আন্দেসা জেতে পারি বাঘের নিকটে * আগুনে পড়িতে কিম্বা ডুবিতে দরিয়ায় ॥ যা কিছু কহিবে তাহা করিব আদায় * এস বিবি একবার তাক মোর পানে ॥ কোন ঘড়ি মরি

আমি তোমার বিহনে * পেয়াছা পথিক আমি তুমিত তালাব ॥ পানির বিহনে মেরা কলেজা কাবাব * এক চুল্ল পানি মোরে দেহনা সেতাব ॥ নহে মরি বেতাবেতে খেচিয়া আজাব * গরিব মৌমাছি আমি ভোকে হই সারা ॥ অমৃত সমান তেরা চাকে মধু ভরা * বারেক বসিতে দাও চাকের উপরে ॥ আছুদা হইয়া মধু খাই পেট পুরে* তুমি পাক রূহু মেরা আমিত মোরদার ॥ বারেক জিতাও এসে কালেবে আমার * সারা রোজ এন্তেজার আছি রোজাদার ॥ এস বিবি সাম হৈয়া নিকটে আমার* তোমার বিহনে আমি বাচিতে নারিব ॥ কবুল না কর যদি এখনি মরিব * তোমার হুজুরে দিব কাটাইয়া গলা ॥ আকবতে বুঝে লিব তাহার বদলা * তেরা দায় যদিশ্বাত মারা যাই আমি ॥ খুনদায় আকবতে ধরা যাবে তুমি * এহার এনছাফ হবে খোদার হুজুরে ॥ খোদা জুলে সান যবে পুছিবে তোমারে * তখন কি দিবে বিবি জওাব তাহার বুঝিয়া ভাবিয়া দেখ দেলে আপনার* সরিফা কহিল তুমি ইবলিছ সয়তান ॥ মরিলে ফোরছত তুঝে না দিবে ছোবহান * ডালিবে জাহান্নামে কঠিন আজাবে ॥ ফরিয়াদ নালিস তেরা নাহিক লইবে শুনিয়া মহলুব কহে সেহভি বেহতের ॥ ভজিবারে পাই যদি তোমার খাতের * তেরা অজুদের মজা একবার পাই ॥ হরগেজ বেহেস্তে আর যাইতে না চাই * খুসিতে কবুল করি দোজখ আগুন ॥ এস এস সাহাজাদি সরিফা খাতুন * উতলা মদন রাজ নাহি সহে দেরি ॥ বেছবর হইয়াছি এসহে সুন্দরি * মহলুব কহিয়া এয়ছা সেতাবি করিয়া ॥ সুমুখে আছিল পরদা ডালিল তুড়িয়া* সরিফার নিকটেতে হইয়া হাজির ॥ চাহে পাকড়িয়া লেয় বিবির খাতির * সেতাবি ভাগিয়া বিবি দুরে হইল খাড়া ॥ হাকিয়া কহিল পাপি বুতা এত তেড়া * দেখরে জালেম গিধি আপনা নজরে ॥ এজ্জত বাচায় সতি কেমন প্রকারে * এতেক কহিয়া বিবি আস্তিন থাকিয়া ॥ নেকালিয়া খঞ্জর লইল ওঠাইয়া * চাহে কি বসায়ে দেয় বুকে আপনার ॥ দেখিয়া হটিল পিছে মহলুব সর্দ্দার * দেলেতে আন্দেসা হইল আগে বাড়ি যদি ॥ গলেতে

জঙ্গে সোলতান,

খঞ্জর দিয়া মরে সাহাজাদি * তবেত হছরত মেরা না পুরিবে আর ॥ কি করি ছবর থোড়া চাহি দরকার * ফের দফে ভালরূপে কব বুঝাইয়া ॥ এয়ছাই কহিয়া মর্দ্দ অন্দর থাকিয়া * নেকালিয়া বাহিরেতে পৌছিল জালেম ॥ লেখে সরিফার হাল মহাত্ম হাতেম *

* সরিফা মুলতান হইতে পুসিদা
নেকালিয়া যাইবার বয়ান *

পয়ার * সাহাজাদি আপনার ভাবে দেলে দেলে ॥ এড়াই সকল জ্বালা ছুরি দিয়া গলে * ফের বিবি দেলেতে ভাবিল আপনার ॥ মরি যদি কেবা তবে ছওগাতে আমার * পালিবে পুসিবে কেবা করিবে জতন ॥ মরিতে নারিব আমি ছওগাত কারন * তবে বাচে কিরূপেতে এজ্জত হোরমত॥ গিরিল মোস্কেল বড়া উভয় আফত পহেলা ছওগাত মেরা পেয়ারা জানের ॥ দোছরা এজ্জত যাহা পুঞ্জি আওরতের * কারে রাখি কারে দিব ভাবিয়া না পাই ॥ এহালে মদত তুমি করহ এলাই * তেরা ছেওা ফরিয়াদ করিব কার আগে ॥ তুমি বিনা কেবা আছে আপনার দিগে * মেহের করহ থোড়া ওগো জুল্লেসান ॥ বাচাও এজ্জত আর লাড়কার জান যাহে পারি দুই দিগ রাখিতে বাজায় ॥ দেখাইয়া দেহ মোরে এমন উপায় * আপে মরি তারতরে দেরেগ না করি ॥ কেবল লাড়কার বার লেহ পাক বারি * জারি মোনাজাত বিবি করেন এয়ছাই ॥ খাওা পেওা তেয়াগিয়া আন্দেসা সদাই * কোন ঘড়ি জালেম আসিবে আরবার ॥ এবে যদি আসে মুঝে না বাচাবে আর* বিষাদ অন্তরে বিবিভাবিতে চিন্তিতে॥হঠাত মতলবএয়ছাঠাহরেদেলেতে লাজ মান ডর ভয় সকল তেয়াগিয়া ॥ হেথা হইতে কোন স্থানে যাব নেকালিয়া * ছওগাতে লইয়া কোলে ছাড়িব মুলতান ॥ বার এলাহির যেথা লেজ্জায় ছোবহান * তাহে যদি গিরি কোন দোছরা আফতে ॥ সেহ ভালা বাচি যদি মহলুবের হাতে* বান্দার মদদগার রহিম রহমান ॥ হর মোস্কেলেতে তিনি দেলাবে আছান দেরে মনাছেব নহে হইতে পারে বুরা ॥ আজিরাত দ্বিপহরে করিব পায়তারা * এয়ছাই ভাবিয়া দেলে রহে সাহাজাদি ॥ দিন গোজা-

রিয়া রাত পৌছিলেক যদি * পুসিদায় ভাগিবার করে সরঞ্জাম॥ দরকার মাফিক লিল থোড়া এয়ছা দাম * খাইবার চিজ থোড়া শিশা ভরা পানি॥ লেবাছ পোসাক যাহা পিন্দবে আপনি * রাত ছে পহর যবে পৌছিল আছমানে॥ খোদা রছুলের নাম লইয়া জবানে * কারে কিছু না বলিয়া লইয়া বেটায়॥ খিরকির দুওার দিয়া নেকালিয়া যায় * আন্দেসা দেলেতে চলে দেখে পিছুপানে কিজানি দুসমন চর রাখে কোন খানে * আন্দাজে আন্দাজে যায় রাহা অন্ধকার॥ দেখিতে দেখিতে পৌছে সহরের দ্বার* দরওাজা উপরে যবে পৌছিল যাইয়া॥ দেখিল দরওাজা বন্ধ ভিতর থাকিয়া * জ্বলিতেছে বাত্তি সেথা দরওাজা রওসন॥ বসিয়া পাহারা দেয় দ্বারি একজন * মোটা তাজা কদ তার পাহার সমান লাম্বা তলওার হাতে বগলে কামান * সরিফায় দেখিতে পাইয়া সেই দ্বারি॥ কওন হ্যায় তু কহে বাত জোরেস্তে ফোকারি * কোন কথা না কহিয়া সাহাজাদি বিবি॥ যাইয়া নিকটে তার পৌছিল সেতাবি * সোনার আসরাফ থোড়া হাতেতে লইয়া॥ দরওানির সামনেতে দিলেন ডালিয়া * দরওানি কহিল আপ কাহাকে জানানা॥ মুঝসে কেয়া সমঝায়া য়্যাসি নাদানা * রেসওত খানেওালে নেহি হ্যায় হাম॥রেসওত কে মালহেয় বেল-কুল হারাম * এতনা রাতমে ভাগতা হো ছুরতি আওরাত॥ মালুম হোগায়া তু বদমাস আলবত* খছমকা সাথ কুচ হুওা তকরার॥ এসি ওস্তে নেকলায়া ঘরসে বাহার * শুনিয়া সরিফা বিবি কহে দরওানিকে॥ বুরা আওরত বলে নাজান আমাকে * খোদা তালা জানে আমি কি মুস্কিলে গিরে॥ নেকালিয়া আসিয়াছি ঘরের বাহিরে * মোস্কেলের বাত তুঝে কি কব দরওান॥ সকলি জানেন তাহা খোদা জোল্লে সান * ঝগড়া না হয় মোর খছমের সনে॥ খছম না আছে মোর দুনিয়া জাহানে * দাগা বাজি বাত কাহতা কহিল দরওান॥ গিরাতা মক্করমে ম্যায় নেহি নাদান * যোহো সোহো তুঝকো না ছোড়েঙ্গে কভি॥ এস ওক্ত জরুর পাকড়েঙ্গে আভি * হাজের কারোঙ্গে বাদসা জিউকে পাছ॥

মেহেরবান হও ॥ বে কছুর জেনে মোরে দ্বার খুলে দাও* খোদার কছম রাছ কহি তেরা তরে ॥ যদি মুঝে লিয়া জাবে বাদসার দরবারে * তবে আর বাচাইতে না পারিব জান ॥ জালেম জুলুমে মুঝে করিবে হয়রান * অভাগিনি জেনে মুঝে ওাস্তে এলাহির ॥ দ্বার খুলে দাও যাই হইয়া বাহির * দ্বারি কহে হ্যায় তেরা কাহা সে মাকান ॥ সাহাজাদি কহে সহরের দরমিয়ান * দরওানী কহে নাম বাতাওনা আপ ॥ বিবি কহে এইবাতে কর মুঝে মাফ * দর-ওানী কহে কাহা জানেকা এরাদা ॥ সাহাজাদি কহে যেথা লিয়া যাবে খোদা * দ্বারি পোছে কেছকা লাড়কা গোদমে হ্যায় তেরা বিবী কহে পয়দা লাড়কা সেকমেতে মেরা * দরওানী কিছু আর নাহিক পুছিল ॥ ভেবে গুনে আখেরেতে দ্বার খুলে দিল * সাহা-জাদি সেতাবিতে বাহির হইয়া ॥ যেই দিগে গেল আখি চলে নেক লিয়া * মহলুবের ডর সদা আন্দেসা অন্তরে ॥ কি জানি পিছেতে এসে ধরে লেয় ফিরে * সারারাতি নেকালিয়া যায় রাহা পরে ॥ ফজর হইল এক বস্তির কেনারে * কাফের লোগের সেই মহল্লা আছিল ॥ বেজাতি আওরত দেখে কিছু না পুছিল * কেবল দেখিয়া তার ছুরতের জ্যোত ॥ গিরিল লোগের মনে বহুত হয়-রত * কত কথা কহিতে লাগিল কতজনে ॥ সাহাজাদি কোনকথা না লইল কানে * পুসদা দেখিয়া জাগা এক বিয়াবানে ॥ মছাল্লা ডালিল বিবি আরাম কারনে * আছিল রাহার মান্দা লিয়া থোড়া দম ॥ খাইয়া পিইয়া থোড়া ভরিল সেকম * সেতাবি করিয়া ফের উঠায়ে মছল্লা ॥ হাটাদিল আগুপানে ছেড়ে সে মহাল্লা * লইয়া লাড়কার তরে ওঠাইয়া কোলে ॥ নাকরে আরাম সারাদিন রাহে চলে * যতক্ষণ চলে রাহে মুলতান সিমানা ॥ সদা আন্দেসায় রহে দেলেতে আপনা * লেকিন ততক্ষণ কোন লোগজনে ॥ না ডালিল কোন বাধা বিবির কারনে * ছবব তাহার এই পারেসী এনছান ॥ জোরেতে দখল কৈল সহর মুলতান * সহর আছিল হাত পারেসি জাতের ॥ তেকারনে ডর ছিল মুলতানি লোগের * লাড়কা তেফেল বুড়া মরদ আওরত ॥ মুলতানি দেখিত জারে করিত দহসত * চারিদিন পাচ রাত হেটে রাহাপরে ॥ মুলতান

ছাড়িয়াবিবিপৌছেকান্দাহারে*কান্দাহারের লোগযত্তছিলমোছল মান ॥ মুল্লুকের তাজদার আহছান সোলতান * কাবুলের জাহাগির আফজাল নামদার ॥ তামাম আফগানিস্থান তাবে ছিল তার * কাবুল কান্দাহার গজনি দেস ঘোরি ॥ আফজাল সাহার ছিল ফরমা বরদারি * আফগানিস্থান নাম এই চার সহরের ॥ মসহুর আফগান নামে বাসেন্দা লোকের * কান্দাহার সহরেতে গিয়া সাহাজাদি ॥ ডর হইল মোছলামান দেখিলেন যদি * কিবা জানি এই পোড়া ছুরতের দায় ॥ দোছরা জুলুম কোন আসিয়া পৌছায় * ভেবে চিন্তে সাহাজাদি আন্দেসা অন্তর ॥ জঙ্গলের রাহা লিল ছাড়িয়া সহর * খোদা রছুলের নাম সদা জাগে মনে ॥ যাইয়া পৌছিল বিবি এক ময়দানে * কোয়েটা বলিয়া নাম সেই ময়দানের ॥ লম্বাই চওড়াই তার কে করে জেকের * গোজেস্তা কাহিনী মেরা অতি পুরাতন ॥ গুলজার সহর সেথা হইয়াছে এখন * আবাদান হাট ঘাট কল কারখানা ॥ আগেকার নাহি আছে কিছুই নেসানা * এই বাতে সোবা হয় কাহার দেলেতে ॥ ছহি ইতিহাসে ঢোড় পাইবে দেখিতে * যাহউক সাহাজাদি দেখিয়া ময়দান ॥ জান সুখাইয়া গেল দেল পেরেসান * এলাহির নাম লিয়া ওতারে ময়দানে ॥ বেবাহা হাটিয়া চলে খেয়ানে গেয়ানে* দেখিতে দেখিতে হইল বেলা দুপহর ॥ উঠিল ধুপের তেজ আগ বরাবর * জমিন গরম হইল নাহি ধরে পাও ॥ গরম আগুন সম বহে মান্দা বাও * পেয়াছ গালেব হইল সুখাইল গলা ॥ পেয়াছে কাতর হইল ছওগাত্ত অবলা * মওজুদ আছিল পানি শিশা বিচে ভরা ॥ দেখিতে ফুরায় সব না রহিল জারা * তথাপি পেয়াছ নাহি হয় নিবারন ॥ বালুর জমিনে পানি গিরিলে যেমন * ছায়েতে মিশায়ে যায় আগেকার যেয়ছা॥ মেছাল বিবির ছাতি হইলেক তেয়ছা*বিবির দেলেতে ডর কোথা পাব পানি ॥ পানি না পাইলে ঠায় মরিব এখনি * চারিদিগে করে বিবি তালাস পানির ॥ কোথা পাবে পানি সেই ময়দান বালির * ঝোপা ঝোপা গাছ সেওা জাগায় জাগায় ॥ ছারা ময়দানের বিচে ছায়া পাওা দায়*বিসম মোস্কেল দেখে বিবি পেরেসান ॥ আজিজির সাতে এয়ছা আল্লাকে মানান * মেরা জান

লেহ তুমি ওগো জোল জালাল ॥ কেবল বাচাও এই দুখের ছাওাল আমার জানের বদলা বাচাও ছওগাতে ॥ বার বার বাচাইলে কত মোস্কেলেতে * বারেক মদদগার হও পাক গনি ॥ মেলাইয়া দাও থোড়া পেয়াছের পানি * এইরূপে করে জারি ছওগাতের মাতা ॥ গলা সুখাইয়া গেল নাহি সরে কথা * খাড়া রহিবার আর না রহিল তাব ॥ বুকে জড়াইয়া বিবি বেটাকে সেতাব * বেহালে গিরিয়া গেল জমিন মাঝার ॥ মায়ে বেটা হোস গোস না রহিল কার * খোদার করনা দেখ হেন ওক্ত পরে ॥ মেঘ নমুদার হইল আছমান উপরে * দেখিতে দেখিতে লিল ছাইয়া আছমান ॥ অন্ধকার কৈল ছারা দুনিয়া জাহান * বহিতে লাগিল জোরে তুফান আর ঝড় ॥ চমকায় বিজলি মেঘ ডাকে কড় কড় * বর্শীতে লাগিল পানি মুসল ধারেতে ॥ জমিনে জমিয়া গেল দেখিতে দেখিতে * ভিজিল বিবির অঙ্গ জুড়াল অজুদ ॥ মায়ে বেটা হোস পাইয়া বসিল ছাবুদ * ওঠাইয়া লিল বিবি জমিনের পানি ॥ লাড়-কাকে পেলায় থোড়া পিইল আপনি * শিশা ভরে লিল থোড়া পিছেকার তরে ॥ হেনকালে সাম আইল আছমানের পরে * এলাহি ভাবিয়া বিবি উঠে হইল খাড়া ॥ আগুপানে বাড়াইল কদ-মের ঘোড়া * রাত বিচে চলে রাহে না করে আন্দেসা ॥ ভাবে দেলে হর হালে এলাহি ভরসা * অন্ধকারে যেই দিগে চলিল কদম ॥ চলে বিবি সেই দিগে নাহি লেয় দম * চলিতে চলিতে এয়ছা হইল ফজর ॥ বেহান হইতে পৌছে এসে দ্বিপহর * নজর করিয়া বিবি দেখিল তখন ॥ দেখা যায় সুমুখেতে গহন কানন * ময়দান ছাড়িয়া বিবী উঠিল জঙ্গলে ॥ বেবাহা জঙ্গল তার ঠেকানা না মেলে * বড়া বড়া গাছ খুব কমি তার বিচে ॥ ঝোপা ঝাপা লতা পাতা ঘিরিয়া রেখেছে * মাঝে মাঝে ফাকা থোড়া চৌরস জমিন ॥ এনছান গোজরান করে বোঝা যায় চিন * খোদাকে ভাবিয়া বিবী ঘুসিল ভিতরে ॥ লতা পাতা ঠেলে ঠেলে চলে ধিরে ধিরে * লইয়া লাড়কার তরে জড়াইয়া বুকে ॥ দুহাতে ঠেলিয়া বন আগে পিছে তাকে * পায়ে কত চোবে কাটা আচরে অকুদে ॥ দেরেগ না করে বিবি তাহার দরদে * কেবল লাড়কার দিগে

সর্ব্বদা নজর ॥ পাছে না দরদ আসে ছওগাতের পর * দেখিতে দেখিতে বিবি কত দুর যায় ॥ পৌছিল যাইয়া এক কোসাদা যাগায় * দেখিল সেখানে কত গাছ মেওাদার ॥ পুরানা দেউল এক কত জামানার * পানির তালাব এক বাগিচা মাকুল ॥ ডালে ডালে ডাকে বসে কোয়েলা বুলবুল*দেখিয়া সরিফা বিবি খুসিতে হয়রান ॥ তাজ্জব জঙ্গল বিচে বেহেস্ত বাগান * বুঝিতে না পারি কিছু তোমার কুদরত ॥ আদমির গোজরান হেথা আছে আলবত* সকলি মালুম তুঝে আলেমল গায়েব ॥ দেখিও না হয় কোন মোস্কেল গালেব * কেবল মদদে তেরা আমার ভরসা ॥ বাচাবে মোস্কেলে নাম ধর মোস্কেল কোসা * বসিল যাইয়া বিবি যেখানে তালাব ॥ হেনকালে সাম আইল গায়েব আফতাব * ভাবিতে লাগিল বিবি আপনার দেলে ॥ এয়ছা ওক্তে হেন ঠাই বিজন জঙ্গলে*ডর আছে বাঘ ভালুক দুসমন জানওার ॥ কাবুতে পাইলে ধরে করিবে আহার * মনাছেব নহে থাকিবারে জমিপরে ॥ রাত কাটাইব চড়ে গাছের উপরে * এতেক ভাবিয়া বিবি বেটা লিয়া কোলে ॥ চাড়িল যাইয়া এক দরক্তের ডালে * একথায় টিট দিয়া কহে কোন ভাই ॥ আওরত চাড়িল গাছে সরম কি নাই * সরিফার হৈয়া সোন জওাব ইহার ॥ ছোটা এয়ছা কেতাবতে গোলেস্তা মাঝার * ফরমিলেন সেখ ছাদি এলাহির ওলি ॥ আদমির জবান বাড়ে দিয়া থাকে গালি * কোত্তার হামেলা করে বিল্লি বেচারা ॥ যবে নাওম্মেদ হাল নাহি থাকে চারা * যাহারে মালুম আছে ভূক্ত ভোগি যিনি ॥ একথায় টিট কভু নাহি দিবে তিনি*যখন পৌছিল রাত দ্বিতিয়া প্রহর ॥ সরিফা দরক্ত হইতে করিল নজর * আজিম ভালুক এক ভোকের জ্বালায় ॥ লক লক করে জিউ উচাদিগে চায় * গাছের উপরে দেখে তাহার কারন ॥ আছমান গর্জ্জে যেয়ছা করিয়া গর্জ্জন * হামেলা করিয়া চড়ে গাছের উপর ॥ দেখিয়া সরিফা ডরে কাপে থর থর * দুরু দুরু করে বুকে সুখায় কলেজা ॥ অবস হইল অঙ্গ মুখে ভাগে গেজা * হাত পাও ছেড়ে গেল না রহিল তাব ॥ দরক্ত হইতে নিচে গিরিল সেতাব * লেকিন না ছাড়ে লাড়কা জননীর গলা ॥ কে জানে সে ওক্তে বল

পাইল অবলা * জমিনেতে গেরা মাত্র হইল অচেতন ॥ মহাম্মদ হাতেম রচে অতি অভাজন *

* সরিফা কোয়েটা জঙ্গলে হারুনের হাতে গেরে ও আলপ্তগিন হারুনের জঙ্গ *

পয়ার * যখন সরিফা বিবি হোসে আইল ফের ॥ চারি দিগে চেয়ে দেখে ওক্ত ফজরের * কোথা সে ভালুক আর কোথা সে বাগান ॥ কোথা সে তালাব কিছু না আছে নেসান * আপনাকে দেখে এক মাকান ভিতর ॥ জরির মছলন্দে সোওা পালঙ্গ উপর * পাশেতে ছওগাত লাড়কা জানের পেয়ারা ॥ সাহাজাদি বুঝিতে না পারে ভালা বুরা * তাজ্জব হইয়া বিবি লাগিল ভাবিতে ॥ কিরূপে আইনু এই মাকান বিচেতে * কেবা মুঝে আনে হেথা কাহার মাকান ॥ কেবা সে রহম দেলি করিল এনছান * দোস্ত কি দুসমন সেহ ঠিকানা না মেলে ॥ না জানি পিছেতে ফের কি আছে কপালে * সাহাজাদি কত এয়ছা ভাবে মনে মনে ॥ হেন কালে এক মর্দ্দ পৌছিল সেখানে * নওবাহার নওজওান ছুরত জামাল ॥ ছের ছিনা মোটা তাজা বাঘের মেছাল * হাসিতে হাসিতে এসে বসিল পালঙ্গে ॥ আগে সে কহিল কথা সরিফার সঙ্গে * কহ জানি কেয়ছা আছ কেমন মেজাজ ॥ সরিফা কহিল যেয়ছা রাখে পাক বাজ * আপে কেবা, কোন জন কহ দেখি স্থুনি ॥ কি খাতেরে হেথা মোরে আনিলে আপনি * জওান কহিল বিবি কিবাত তোমার ॥ মরনের মুখে তুঝে করিনু উদ্ধার * সে ওক্তে হাজের যদি নাথাকিতাম আমি ॥ এতক্ষন বেনিসান হয়ে যেতে তুমি * এখন খোসাল দেলে স্থুয়ে আছ খাটে ॥ কোন কালে মিসে যাইতে ভালুকের পেটে * এ হেন ফরজন্দ তেরা জানের পেয়ারা ॥ ভালুকে খাইত ধরে বেহাজেরে মেরা * শুনে সাহাজাদি কহে বুঝিলাম রাছ ॥ তুমি মেহেরবান মোরে করিলে খালাছ * বাচালে আমার জান লাড়কার জান ॥ ইহার বদলা তুঝে দিবেন ছোবহান * জান ইমানের দিয়া করি ...

দায়াজ হায়াত॥ খোদাতালা বক্সে তুঝে সাহি সোলতা-
নাত * জওান কহিল বিবি কর দোওয়া আর॥ সাহি সোল-
তানাতে মেরা না আছে দরকার * ছার বাদসাহির তরে
ছাড়িয়া সহর॥ মুদ্দত হইতে আছি জঙ্গল ভিতর * লুট ডাকা
তির পেসায় গোজরান চালাই॥ মেরা বাবে এয়ছা দোওা না লিবে
এলাই * সাহাজাদি কহে তবে তুঝে রাব্বানা॥ বেবাহা দও-
লত দেয় গায়েবি খাজানা * শুনিয়া জওান কহে এ দোওয়া না
চাই॥ বে মেহনতে লক্ষ টাকা রোজেতে কামাই * যদি দোওয়া
করিবারে চাহলো পিয়ারি॥ তবে এয়ছা দোওয়া করো রওয়া
করে বারি * তেরা এয়ছা বে-মেছেল ছুরত জামাল॥ আও-
রত আমার তরে বক্সে জোলজালাল * এবাতে সরিফা বিবি
ঠেকিলেন দায়॥ কহে নেক আমল এয়ছা না আছে আমায় *
এয়ছা দোওয়া করিবারে না পারিব তুঝে॥ যাই আমি রাহা
দেখাইয়া দাও মুঝে * জওান কহিল বিবি ঝুটা বেল কুল॥
যদি তেরা এয়ছা দোওয়া না হবে কবুল * কোন আমলেতে
তবে আগে মোর তরে॥ চাহিলেক বড়া এয়ছা দোওয়া করি-
বারে * ঝুটা না শুনিব দোওয়া চাহি আলবত্ত॥ মেলে মুঝে
তেরা এয়ছা সুন্দরী আওরত * সাহাজাদি বুঝিলেন আফত
হাজির॥ আজিজি করিয়া কহে জওান খাতির * মেহেরবান
হও মর্দ্দ নাহি কর জেদ॥ যাইব সহর রাহা বাতাওনা ভেদ *
এ কেয়ছা মরজি তেরা কহিল জওান॥ করিনু তোমার বাবে
এমন এহছান * কোন মনাছেব বিবি বদলা তাহার॥ যাইবে
আমার তরে রাখিয়া বেজার * এয়ছাই বেওফা বটে আওরতের
জাত॥ ভালাই করিলে তাহা ভোলে হাতে হাত * সাহাজাদি
কহে তেরা গোড়ামি কালাম॥ জওান নারিবে দিতে দুনিয়া
তামাম* চাহ যদি রাহা দেখাইয়া দাও তুমি॥ নহে সরো একেলা
চলিয়া যাই আমি * হাসিয়া কহিল সেই জওান ছুরত॥ বুঝি-
বারে এবে বিবি পারিনু আলবত * কাম নাহি আসে কভূ সহজ
কথায়॥ জোরেতে আপনা কাম করিব বজায় * সোন বিবি এত

কহে সোলতান

ক্ষণ ছাপা রাখি ভেদ ॥ মন বুঝিবারে তেরা করি এয়ছা জেদ ॥ গিয়েছ কাহার হাতে না জান সুন্দরি ॥ চাহি তুছে এই ঘড়ি ভজি-বারে পারি ✱ রহম কাহারে বলে নাহি জানে দেল ॥ জুলুমে ছেতমে আছি বহুত কামেল ✱ চাহ যদি সুনিবারে কাহিনী আমার ॥ দেল লাগাইয়া সোন কহি মোক্তেছার ✱ সোলতান আফজাল সাহা কাবুলের নামি ॥ তার এগানার বিচে পয়দা হৈনু আমি ✱ আফজালের ছোটা ভাই তাহমাস নামেতে ॥ মুদ্দতের দুস্তি মেরা ছিল তার সাতে ✱ হারুন আমার নাম রাখিলেন বাপ ॥ হাসি খেলি সদা খুসি নাহি কোন তাপ ✱ এক সাতে লিখি পড়ি তাহমাসের সাত ॥ এক ঘড়ি দোহে কভু না থাকি তফাত ✱ এর বিচে আমাদের পঁওছিল জওানি ॥ দুস্তি ছেড়ে দোহাকার বাধিল দুসমনি ✱ ছবব তাহার সোন নেহাত খবর ॥ সওদাগর ছিল এক কাবুল ভিতর ✱ আলকাছ আফগানি বলে নাম ছিল তার ✱ ॥ ছিল সে খওফি বড়া আর মালদার ✱ বেটী তার ছিল নাম জামাল হুরানি ॥ রূপে জান্নাতের হুর নাহি হবে ছানি ✱ এক রোজ আমি আর তাহমাস দুজনে ॥ পঁওছিলাম আলকাছের যাইয়া মাকানে ✱ তাজিম করিয়া সাধু আমা দোহা-কারে ॥ মেহমানি করিল লিয়া আপনার ঘরে ✱ হুরানি জামালে দেখাইল আমা দোহে ॥ কহিল করহ সাদি দেল জার চাহে তাহাবাদে পোঁছি দোহে আপনা মোকাম ॥ আমি দিনু সওদা গরে সাদির পয়গাম ✱ খোসালে হইল রাজি শুনে সওদাগর ॥ করিল সাদির ওয়াস্তে দিন মকরর ✱ পিছে এর তাহমাস করিয়া মনন ॥ সাদির পয়গাম দিল আলকাছ কারণ ✱ আলকাছ জওাব লিখে ভেজিল তাহাতে ॥ সাদি দিব মকরর হারুনের সাতে ✱ তাহে ডর দেখাইয়া তাহমাস আফগানি ॥ কহিল আমারে যদি ামাল হুরানি ✱ না দিয়া দোছরা সাথে সাদি দেলাইবে ॥ জানে ালে মেরা হাতে খারাব হইবে ✱ তাহাতে ডরিল সাধু দেলের াঝার ॥ তাহমাসে দিল বেটি তুড়িয়া কারার ✱ বোঝ বিবি ই বাতে গোস্বা কেয়ছা মেরা ॥ কি করি ছবর করি নাহি দেখে

পাই খোদার মেহেরে * কান্দাহার সহরেতে বাদসা জিনি ছিল॥ কোন খাতা কামে তিনি মাজুল হইল * মাজুল করিয়া তারে আফজাল সোলতান॥ তাহমাসের তরে সেথা হাকেম বানান আমারে করিল তার লস্করে সর্দ্দার॥ দোহে মিলি পৌছিলাম গিয়া কান্দাহার * বসিল তক্তের পরে তাহমাস আফগানি॥ সাহেব সর্দ্দার আমি করি নেঘাবানি * কাবুলের কান্দাহারি লস্কর তামাম॥ আমার তাবের বিচে হুকুমে গোলাম* পুসিদা করিনু তামাম লস্করে হাত॥ এক রোজ হেকমত করিয়া অকস্মাত *কয়েদ করিনু জোরে তাহমাসে ধরিয়া॥ আপনি বসিনু তক্তে ছেরে তাজ দিয়া * ফরমা বর্দ্দারি মেরা করিল সকলে॥ তাহ-মাসে মারিনু পিছে চড়াইয়া সুলে * কত দিনে এ খবর পৌছিল কাবুলে॥ ধাইল আফজাল সাহা অতি গোশ্বা দেলে * বহুত লস্কর লিয়া সঙ্গে আপনার॥ লইতে ভায়ের দাদ আইল কান্দা-হার * খবর পাইয়া আমি লস্কর লইয়া॥ চড়াই করিনু তারে বাহিরে আসিয়া * দুই দলে ঘোর তর বাধিল লড়াই॥ একা আমি পাহালওানি দেখানু এয়ছাই * মেরে ডালি আফজালের লোক বেসুমার॥ লেকিন আমার যত কাবুলী ছওার * আফ-জালে পাইয়া তারা আমাকে ভুলিল॥ আমার উপরে তেগ মারিতে লাগিল * এহার ছবে আমি হইলাম জের॥ লড়িব ময়দানে তাব না রহিল ফের * বাচাতে আপনা জান হইল মুস্কে ভার॥ কি করি ভাগিনু শেষে হইয়া লাচার * কান্দা-হারি ছিল যারা মেরা কোমকেতে॥ তারাভি আমার সঙ্গে লাগিল ভাগিতে * ছাড়িয়া ময়দান মোরা ভাগিয়া চলিনু॥ ঠাই ঠাই কত দেশ ঘুমিয়া ফিরিনু * আফজালের ডরে কেহ আমার খাতেরে॥ হরগেজ নাহিক দিল যাগা রহিবারে * চারা না দেখিয়া মোরা বিসম মোস্কেলে॥ ছাপিনু আসিয়া এই কোয়েটা জঙ্গলে * কোয়েটা বলিয়া এই জঙ্গলের নাম॥ সেই হইতে আছে মেরা বসতি বারাম * জঙ্গলের গাছ পালা পঙ্খি জান-ওার॥ সবার উপরে মেরা এক্তার মোক্তার * ধরিতে আফজাল মোরে এসে কোয়েটায়॥ নাওম্মেদ হইয়া গেল দফায় দফায় *

আমি॥ কিন্তু রহি ফের দেলে ঠাহরিয়া॥ কি দাওয়েতে কান্দাহার লিব ছেনাইয়া * আহছান নামেতে এক পাঠান সর্দ্দারে॥ তাজ সাহি গুক্ত তারে দিয়া কান্দাহারে * ফিরিল কাবুল বিচে আফজাল সোলতান॥ হেথা দব্দবায় কাম চালায় আহছান * বড়া জবর দস্ত জঙ্গি আহছান সর্দ্দার॥ লড়িয়া তাহার সঙ্গে পেরে উঠা ভার * ভেবে চিন্তে ছাড়ি আমি আপনা খেয়াল॥ ডাকাইতি রাহাজানি করি হামেহাল * ডাকাত হারুন মেরা মসহুরি নাম॥ সহরে ডাকাতি করি জঙ্গলে বারাম * তেকারনে কভু মেরা না পৌছে নোকছানি॥ মেরা হাতে কত লোক খেচে পেরেসানি * সওদাগর মালদার ওমরাহ আমিরে॥ জানে মালে কত জনে মারি বেতকছিরে * ছুরত জামাল কত লাড়কি আওরত॥ খোওাইল মেরা হাতে এজ্জত হোরমত * বেসুমার বেহেছাব হাজারে হাজার॥ একবার ছেওয়া কারে না ভজিনু আর রোজ নয়া নয়া ছেওয়া না পছন্দ মেরা॥ কালি ছেপহর রাত্রে দেখা পাই তেরা * তিন রোজ হইল এই জঙ্গল মাঝার॥ কিসের আওয়াজ এক শুনি সোরসার * বহু লোক যেয়ছা কোথা করে গোজরান॥ ঢুড়িয়া দেখিনু কত না পাই সন্ধান * দিগে দিগে মেরা যত লস্করের তরে॥ তালাসিতে ভেজিয়াছি জঙ্গল মাঝারে তিন রোজ তক এয়ছা তালাসিয়া ফিরি॥ তুমি যবে দরক্তেতে চড়িলে সুন্দার * দুর হইতে আমি তাহা দেখিতে পাইয়া॥ তেরা দরক্তের তলে পৌছিনু আসিয়া * ছাফিয়া চড়িনু এক দোছড়া গাছেতে॥ তুমি নাহি মেরা তরে পাইলে দেখিতে * নেঘাকরে থাকি আমি তেরা পাহারায়॥ কেবা তুমি জেনে লিব ফজর সময় * হঠাত ভালুক এক পৌছিল আসিয়া॥ দেখিতে পাইয়া তুঝে উঠিল গর্জ্জিয়া * চড়িল দরক্ত পরে তুমি পাইয়া ডর॥ গিরলে বেতাব হইয়া জমিন উপর * সাথে সাথে নামে তেরা ভালুক দর্জ্জাল॥ আমারে মালুম তুঝে পৌছিল যে হাল * চক্ষের পলক আর না দিয়া ফোরছতে॥ লাফায়ে গিরিনু নিচে দরক্ত হইতে * তেরা দরক্তের নিচে হইয়া হাজির॥ তলওয়ারে

ছাওয়ালে ॥ জমিন হইতে লিনু ওঠায়ে বগলে * বেহুস আছিলে তুমি না পার জানিতে ॥ হাজের করিনু এনে এই মাকানেতে * পুরানা মন্দির এই আগে জামানার ॥ নাহি জানি কোন জন করিল তৈয়ার * এই মাকানের ভেদ কেহ নাহি জানে ॥ যবে আমি পালাইয়া আইনু এখানে * সেই হইতে এ মাকানে বরাবর রহি ॥ এই মেরা হাল বিবি মোক্তেছার কহি * কহ বিবি মুঝে এবে আহওাল তোমার ॥ কাহেক আইলে তুমি জঙ্গল মাঝার * আর তিন রোজ হয় জঙ্গলেতে সোর ॥ আলবত্তা জান তুমি ইহার খবর * কহ বিবি মেরা তরে এ সব কালাম ॥ সোবা মেরা হোক দুর আন্দেসা তামাম * সাহাজাদি কহে মুঝে কছম খোদার ॥ কাল দ্বিপহরে ঘুসি জঙ্গল মাঝার * আজি বেহানের কাল এর দরমিয়ানে ॥ না দেখি এনছান কোন তোমার বিহনে * আর যা মালুম মোরে যতদুর আছে ॥ জঙ্গলে নাহিক কেহ ঘোসে মেরা পিছে * শুনিয়া হারুন ডাকু লাগিল কহিতে ॥ ভালাবুরা পিছে তাহা পারিব জানিতে * চারিদিগে আছে মেরা জাছুছ লস্কর ॥ আলবত্তা জানিয়া লিব তামাম খবর * পিছে কার বাত বিবি জানা যাবে পিছে ॥ আগে কহ শুনি তেরা মরজি কিবা আছে * দের নাহি সহে মেরা বহুত মামেলা ॥ ভালা চাহ মেরা তরে ভজ এই বেলা * তাহাতে হইবে তেরা বহুত ভালাই ॥ একবার ছেওয়া তুঝে আর নাহি চাই * এখনি দেলাব তুঝে রাহা দেখাইয়া ॥ যেথা দেল চাহে সেথা যাবে নেকালিয়া * নহে হেমাকতি কর হইবে মোস্কেল ॥ হারুন আমার নাম বেরহম দেল * জোরেতে যাইবে লোটা এজ্জত তোমার ॥ রাখিব জেন্দেগি ভর জঙ্গল মাঝার * পাঠান ছেফাই যত আমার তাবেতে ছাওয়ালা করিব তুঝে তাহাদের হাতে * বাজারি আওরত মত করিবে গোজরান ॥ রহিবে সেদ্দত সাতে সদা পেরেসান * শুনিয়া সারফা বিবি এয়ছাই কালাম ॥ ডরে শুখাইল ছাতি গায়ে আইল ঘাম * ভাবিতে লাগিল বিবি আপনার দেলে ॥ গিরিনু মোস্কেলে বড়া আসিয়া জঙ্গলে * এড়াইনু কত দায় কত মোস্কেলেতে ॥ বেয়াত্ত না পাই বুঝি ডাকাতের হাতে *

কাতর হইয়া কহে দরগায় আল্লার ॥ বার বার কত তুঝে ঘানা-
ইব আর * কত বার কত দফে করিলে মদত ॥ গিয়েছে এবারে
বারি কঠিন আফত * বারেক এবারে বার দেহনা কাদের ॥
লোটা যায় এক মাত্র পুঞ্জি আওরতের * বান্দির মালেক তুমি
ওগো জোল্লেসান ॥ জালেমের হাতে মুঝে দেহনা আহছান *
তবে ফের কহে বিবি হারুনের তরে ॥ সোন ডাকু ওফাদার হইয়া
আমারে* মরনের হাতে মুঝে লিলে বাচাইয়া ॥ জুলুম করিছ ফের
কিসের লাগিয়া * শুনিয়া হারুন কহে সোন কহি বিবি ॥ কেবল
দেখিয়া তেরা বিমোহন ছবি * আসকির ছবব হইতে দেরেগ
আইল ॥ নহে কি হারুন এয়ছা কাম করে বল * আমার পেসার
কাম বেগর তকছির ॥ রোজ বিচে সও কাটী মানুষের ছির *
তবে তুঝে করি দয়া কিসের কারন ॥ জামাল দেখিয়া তেরা
পোরে মোর মন * এস জানি এবে হইয়াছি বে-ছবর ॥ কলেজা
কাবাব হৈল খেয়ে কাম সর * দেহ থোড়া পিই তেরা এস্কের
সহদ ॥ দেল জান হোক তাজা ঘুচিয়া দরদ * কহিয়া এয়ছাই
বাত ডাকাতের জাত ॥ সেতাবিতে সাহজাদির ধরে দুই হাত *
খেচিয়া আপনা কাছে লেজায় টানিয়া ॥ বিপাক দেখিয়া বিবি
ওঠে চিল্লাইয়া * ফোকারিয়া কান্দে জোরে করে সোর সার ॥
কহে কে কোথায় আছ আলম আল্লার * দেও পরি হও কিম্বা
আদমের জাত ॥ রক্ষযক্ষ পিশাচ গন্ধর্ব্ব জিন্নিয়াত * যে কেহ
জঙ্গলে আছ ওয়াস্তে এলাহির ॥ বাচাইয়া লেহ এসে এজ্জত
সতির * বার বার সাহাজাদি লাগে চিল্লাইতে ॥ হারুন জোরেতে
তত লাগিল খেচিতে * হেনকালে আওাজ উঠিল বাহিরেতে ॥
বহু লোক ফোকারিয়া কহে এক সাতে * মত ডর মত ডর কান্দ
কোন জন ॥ আলবত্তা বাচাব মোরা তোমার কারন * কহিতে
কহিতে এয়ছা দেখিতে দেখিতে ॥ হাজারে হাজার লোগ
পৌছে সেখানেতে * আবার আওয়াজ দুরে ওঠে সে প্রকারে ॥
নাহিক ডরহ আমরা বাঁচাব তোমারে * তেয়ছাই রূপেতে ফের
লোক বেসুমার ॥ কহিতে বলিতে এসে হইল নমুদার * এক
ছায়েতের বিচে লোক বেসুমার ॥ দেখিতে দেখিতে সেথা

পৌছিল সেতাব * সর্দ্দার আছিল জিনি তাহাদের বিচে ॥ তল-ওয়ার খুলিয়া ধায় হারুনের কাছে * কহে কেরে নামাকুল নাদান বেহায়া ॥ কাহেক জুলুম কর আওরত লাগিয়া * ছঙ্গ দেলি বেরহম জালেম অধম ॥ খোদায় নাডর করো আওরতে ছেতম * এতেক কহিয়া মর্দ্দ ধরিয়া হারুনে ॥ ছেনাইয়া লই-লেক বিবির কারনে * মোস্কেল বুঝিয়া দেলে হারুন সর্দ্দার * সেতাবিতে মাকানের হইয়া বাহার * খাড়া হইয়া এক ধারে ডাকাতের জাত ॥ ডাকাতি নেসান বাসি নেকালিয়া হাত * মুখে লাগাইয়া বাসি ফোকারে আওয়াজ ॥ একসাতে গেরে যেয়ছা শত শত বাজ * বার বার তিন বার আওয়াজ ফোকারে ॥ উঠিল আওয়াজ তেয়ছা জঙ্গল মাঝারে * দিগে দিগে বাজে তেয়ছা বাসির নেসান ॥ বাজার আওয়াজে হেলে জমিন আছ-মান * জঙ্গলি জানওার যত ছিল জঙ্গলেতে ॥ ডর পেয়ে দিগে দিগে লাগিল ভাগিতে * ছোটা জানওার কত মরিল ধমকে ॥ অসময়ে এসরাফিল সিঙ্গা যেন ফোকে * গিরে গেল কত গাছ কত খায় দোলা ॥ কত লোগ হোস হারা কানে লাগে তালা * পৌছিল আওয়াজ গিয়া সহর ভিতর ॥ চারি দিগ হইতে যত ডাকুর লস্কর * হাজের হইল সেথা এসে বেশুমার ॥ যাগা তঙ্গ লোক বেশী খাড়া হওয়া ভার * যে যার করিল যাগা কেটে গাছ পালা ॥ দুই দলে স্বরু জঙ্গ হইল মোকাবিলা * কাটাকাটি হানাহানী লাগিল লড়াই ॥ সর্দ্দারে সর্দ্দারে জঙ্গ ছেফাই ছেফাই * বহুত হেকমত রাখে ডাকাতের জাত ॥ ছাফিয়া গাছের আড়ে তির লিয়া হাত * নেসান করিয়া মারে গায়েবী লস্করে ॥ এক তীরে দশ বিশ ঠায় মারা পড়ে * ঝাকের উপরে মারে নেসান করিয়া ॥ কাতারে কাতার সুদ্ধা দেয় গেরাইয়া * হরগেজ গায়েবি লোক ডাকাতের লোগে ॥ চোট না করিতে পারে বাড়াইয়া আগে * দশ জনা মরে যদি গায়েবি ছওার ॥ নাহি মরে এক জনা ডাকু জেনহার * পুসিদা হইয়া লড়ে না পায় দেখিতে ॥ গিরিল গায়েবি লোক বহুত আফতে * বুঝিয়া সর্দ্দার তার করে কোন

তেগ বর্শি নানা হাতিয়ারে ॥ বহুত লড়িল দোহে হেকমত হুনুরে
কোসেস করিল কত কেহ না জিনিল ॥ কুস্তির লড়াই শেষে
করিতে লাগিল * টানাটানি খেচাখেচি গলে দিয়া ফাসী॥ যার যে
কুওত সাতে করে কসাকসি * ওঠাইতে জোর করে ধরিয়া
কোমর ॥ কেহ কারে না পারিল জার যত জোর * করিল কোসেস
কেহ কারে নাহি জেনে ॥ আখেরে হারুন ডাকু অতি গোশ্বা মনে
নেজা ঘোমাইয়া মারে গায়েবি সর্দ্দারে ॥ সর্দ্দার সেতাবি ঢাল
পাতিলেন ছেরে * সামালিতে না পারিল পিঠে গেরে নেজা ॥
আধা ঘড়ি না পারিল হইবারে সোজা * হুসিয়ার হইয়া মর্দ্দ
অতি গোশ্বাভরে ॥ নেজা ঘোমাইয়া মারে হারুন সর্দ্দারে *
কোমরে লাগিল নেজা ধমকে হারুন॥ গিরিল জমিন বিচে
হইয়া অচেতন * হুস পাইয়া ওঠে ফের চাহে কি সেতাবি ॥
কুদিয়া ছাতিতে তার বসিল গায়েবি * জবে করিবার তরে খঞ্জরে
নেকালে ॥ চাহে কি চালায়ে দেয় হারুনের গলে * হারুন
কহিল বাত আজিজি করিয়া ॥ জান বক্সী কর মোরে মেহের
করিয়া * যাবত বাচিয়া জানে রহিব মোদাম ॥ এহছান মানিয়া
রব খেদমতে গোলাম * শুনিয়া রহম হইল গায়েবির দেলে ॥
হারুনে ছাড়িয়া দিয়া ছাতি হইতে ওলে * হারুন উঠিয়া তারে
করিয়া ছালাম ॥ কহিতে লাগিল বাত সোন নেকনাম * করিনু
বহুত জঙ্গ লাড়কাই হইতে ॥ এয়ছা রূপে কেহ মোরে নারে
পাছাড়িতে * কহ সাহা কেবা আপে কোথায় মাকান॥ জবানে
মালুম হয় বিদেশী নেসান* হঠাত লইয়া এত ছেফাই লস্কর ॥ কি
প্রকারে পৌছিলেন জঙ্গল ভিতর * শুনিয়া সর্দ্দার কহে কহিব
পিছেতে ॥ আগে কহ কেবা তুমি জঙ্গল বিচেতে * বহুত লস্কর
দেখি তাবেতে তোমার ॥ এই যে আওরত তুমি উপরে যাহার *
জুলুম করিতে ছিলে বেরহম মন ॥ কেবা এ আওরত আর তুমি
কোনজন * শুনিয়া হারুন কহে না জানি আওরতে ॥ কালি রাত
ছে পহরে জঙ্গল বিচেতে * ওহার খাতেরে আর লাড়কাকে
উহার ॥ ভালুকের হাত হইতে করিনু উদ্ধার * আমার আহওাল

যেমন কহিয়া ছিল সরিফার তরে ॥ সোনাইয়া একে একে দিল সরদারে * তবে মর্দ্দ বোলাইল বিবি সরিফায় ॥ কহে বিবি তেরা হাল কহনা আমায় * আওরত হইয়া কাহে আইলে জঙ্গলে ॥ কিবা এয়ছা মছিবত গেরে তেরা হালে * শুনিয়া সরিফা কহে সোন মেহেরবান ॥ অভাগিনী নাহি কেহ আমার সমান * দুনিয়া জাহানে মেরা না আছে দোসর ॥ বড়া বড়া মছিবত গেরে মেরা পর * জালেমের জুলুমেতে হৈয়া পেরেসান ॥ আইনু জঙ্গল বিচে তেজিয়া মাকান * আওল হইতে বিবি লাগিল কহিতে ॥ সাহাজাদি ছিনু আমি পারেস দেশেতে * চৌদা বরছ ছেনে মহাম্মদ নাম ॥ তারতরে বাপ মেরা ভেজিয়া পয়গাম * যেরূপে সাদির দিন মকরর কৈল ॥ রাসেদ তাহাতে যেয়ছা বেজার হইল * যেরূপে এরাদা মহাম্মদে মারিবারে ॥ যেরূপে লেজায় তারে বাগান ভিতরে * যেরূপে মহাম্মদ রাসেদে ধরিয়া ॥ বাদসার হুজুরে দিল হাজের করিয়া * যেরূপে বাগানি তার হইল সাএদ ॥ বাদসার এনছাফে মারা পড়িল রাসেদ * যেরূপে বেজার হইল ছালেহা উজির ॥ যেরূপে আঞ্জাম কাম হইল সাদির * যেরূপে সিংহল হইতে মহিবল রাজ ॥ ভেজে ছিল বিবাহের ছামানা জাহাজ * দিবাল বন্দরে যেয়ছা সহর মুলতানে ॥ লুটিয়া লইল কিস্তি ডাকু উদ্দয়নে * যেরূপে বাবাজি মেরা পাইয়া খবর ॥ করিল নোকছানি দাবি দাহিরের পর * যেরূপে দাহির তাহে কৈল অস্বিকার ॥ যেরূপে হইল খাফা বাবাজি আমার * যেরূপে তৈয়ার কৈল লড়াই ছামানা ॥ যেরূপে মুলতানে মোরা হইনু রওয়ানা * যেরূপে দাহির মারা পড়িল জঙ্গেতে ॥ যেরূপে মারিল যত ডাকাতের জাতে * যেরূপে মুলতান দেশ দখলে আনিল ॥ তিন সাল যেরূপেতে গোজারিয়া গেল * যেরূপে পারেস বিচে ছালেহা উজির ॥ হেকমতে মারিয়া ডালে বাদসার খাতির * যেরূপে তহমত দিল কাছেম সর্দ্দারে ॥ যেরূপে দাগার বাতে পারেসী সবারে * ধোকা দিয়া আপনি হইল তাজ দার ॥ যেরূপে লড়িতে আইল মুলতান মাঝার * যেরূপেতে মহাম্মদে

জঙ্গে সোলতান

মারিয়া ডালিল ॥ যেরূপে আমার পরে মালামত কৈল * যেরূপে হইল গোস্বা মহলুব সর্দ্দার ॥ যেরূপে আপসে জঙ্গ হইল নমুদার * যেরূপে মহলুব দিল ভাগায়ে উজিরে ॥ আপনি সর্দ্দার হইল মুলতান সহরে* যেরূপে হইল পয়দা লাড়কা ছওগাত ॥ যেরূপে কাম্মাযে দেখা মহলুবের সাত * যেরূপে জুলুযে তার হৈয়া পেরেসান ॥ লইয়া লাড়কার তরে তেজিনু মুলতান * যেরূপেতে কয় রোজ হাটিয়া রাহাতে ॥ যেরূপে হাজের হৈনু এসে কোয়েটাতে যেরূপে হালাক হৈনু পানি না পাইয়া ॥ যেরূপে বরসায় পানি আছমান থাকিয়া* যেরূপে জঙ্গলে এসে হাজের হইনু ॥ ভালুকের মুখে যেয়ছা বেহালে গিরিনু * যেরূপে হারুন লিল খালাছ করিয়া ॥ যেরূপে জুলুম ডালে মাকানে আনিয়া * যেরূপে আপনি এসে হইলে হাজের ॥ আওল হইতে হাল কহিল আখের * গায়েবি সর্দ্দার কহে কাহিনী আমার ॥ দেল দিয়া সোন তাহা কহি মোক্তেছার * সহর তেজিনু জান বাচাইতে আমি ॥ মহাম্মদ হাতেম কহে সোনহ আগামি *

* আলপ্তগিনের গোজেস্তা বিবরণ *

ত্রিপদী * সোন মেরা সমাচার, ছিনু আমি তাজদার, খোরাছান নামে সহরেতে ॥ কোন বাতে কমি মোরে, নাহি রাখে পরওয়ারে, বেসুমার লস্কর তাবেতে * দওলত মালমাত্তা, আমার আছিল যেত্তা, নাহি ছিল দোছরা সাহার ॥ ভাণ্ডারে বোঝাই সদা, হাতি ঘোড়া উট গাধা, বে হেছাব কে রাখে সুমার * নাম সাহ আলপ্তগিন, খলিফার তাবেইন, খেরাজ জোগাই বোগদাদেতে ॥ কোন বাতে গম নাহি, খুসিতে চালাই সাহি, আদল এনছাফ সারামতে * হঠাৎ আমার পরে, গজব নাজেল করে, মকরুলা করিয়া মক্কর ॥ তামাম খোরছানে মেরা, চারি সাল এক জারা, পানি না বর্শিল বরাবর * সুখাইল নদি নালা, মারা গেল গাছ পালা, না হইল খেতি কারবার ॥ পানির বেগর লোগে, গিরিল কঠীন রোগে, মারতে লাগিল বেসুমার * গাধা উট হাতি ঘোড়া,

দেশ, দেখা দিল অবশেষ, ভিষণ আকাল মন্নস্তরে * গম গেহু ঘাস দানা, মটর মসুর চানা, দেশে নাহি রহিল বেবাক ॥ হাহাকার গিরে গেল, মানুষ রাক্ষস হইল, না পাইয়া খাবার খোরাক * যাহা পায় তাই খায়, কে কাহার মুখ চায়, হালাল হারাম নাহি বাছে ॥ ঘৃনা কিনা গেল ছুটে, তাহাই ভরায় পেটে, যাহা পায় সুমুখের কাছে * পচা সিডা গোস্ত হেড়া, দুর্গন্ধ পতঙ্গ কিড়া, এহাতক মাটি পাথ্যর ॥ তাহাও ভি পাইতে দায়, কমজোরের ছিনে খায়, যাহাদের গায় ছিল জোর * দেরেগ রহম কাম, জুলুমে লইল নাম, ভাই বেরাদার থাক দায়, বেটাকে না তাকে বাপ, বাপে না বেটায় তাপ, দুধের ছাওয়ালে নাহি মায় * খছম জরুর তরে, জরু নাহি খছমেরে, পায় তো ছিনিয়া আপ খায় ॥ খাই খাই কলরব, আওরত মরদ সব, হইল যেয়ছা দেওয়ানার প্রায় * মারা গেল কত জনে, কত লোগে ডরগনে, পালাইল খোরছান ছাড়িয়া ॥ আমার ভাণ্ডারে যেত্তা, আছিল রসদ মাত্তা, প্রজা লোগে দিনু বিলাইয়া * ভাণ্ডার হইল সুন্য, আপনি হইনু দৈন্য, কি খাইব নাহিক ছামান ॥ এসমে বোগদাদ হইতে, লেখা এক পাই হাতে, দিল সাহা খলিফা সোলতান * লেখা ছিল রোকা মাজ, বাচাইতে তক্ত তাজ, সোন ওহে আলপ্তগিন ॥ আমার হুকুম ধর, খেরাজ আমান কর, ফোরছত দিলাম তিন দিন * গোজারিল চারি সন, আছ বে আন্দেসা মন, ভালা বুরা কিবা আছ বুঝে ॥ আপনা ভালাই চাহ, খাজানা তহসিল দেহ, মাজুল করিব নহে তুঝে * এয়ছাই পাইয়া খত, পাই দেলে দহসত, জওয়াব ভেজিনু আজিজিতে ॥ সোন সাহা নামদার, আমি তেরা তাবেদার, তাক থোড়া নেক নজরেতে * হইল আজি চারি সাল, খোরাছান দেশের হাল, লেহ সাহা জাছুছ ভেজিয়া ॥ তামাম সহর মেরা, হইল জঙ্গল পারা, গেছে সব বিরান হইয়া * মুদ্দত না হইল পানি, তাই এয়ছা পেরেসানি, নাহি জন্মে ফসল আবাদ ॥ লোক জন ঘোড়া হাতি, হাওয়ান এনছান জাতি, গেল সব হইয়া বরবাদ * খোরাক বেগর জারা, জিয়ন্তে হইল মরা, কোথা পাবে

বিলাইনু দেখিয়া কাঙ্গাল * দোওয়া আপে কর সাহা, থাকে এলাহির চাহা; বসে´ পানি আছমান থাকিয়া ॥ আগামি সনেতে তেরা, হাল ও বকেয়া ছারা, দিব খাজানা তহসিল করিয়া * এয়ছাই জওয়াব পেয়ে, খলিফা গজব দিয়ে, আরবার ভেজিল লিখন ॥ কারছাজি বাত তেজ, এখনি খাজানা ভেজ, রোকা মেরা পাইবে যখন * নহেত জানিবে ছহি, ছেনাইব তাজ সাহি, জান সুদ্ধা ডালিব মারিয়া ॥ জরু আহলিয়াত তেরা, মরিবে গজবে মেরা, খাকে খুনে দিব মেলাইয়া * পাইয়া এমন রোকা, দেলে পয়দা হইল ধোকা, মোস্কেল জানিয়া নেহাত ॥ নজরানা লিয়া থোড়া, আপনি ওঠানু ঘোড়া, খলিফায় দিতে মোলাকাত * লস্করের সর্দ্দারে, গাজি গিন বক্তেয়ারে, লইলাম সঙ্গেতে আপন ॥ কতদিন হেটে পথে, পৌছিলাম বোগদাদেতে, খলিফায় দিনু দরসন * নজরানা দিয়া খাড়া, ছাতি পরে হাত যোড়া, খলিফা দেখিয়া মেরা তরে ॥ নরম মেজাজে কহে, আপনি আইলে কাহে, বাতাও দেশের হাল তেরা * আমি কহিলাম বুরা, পানি নাহি বসে´ জারা, আইনু তাই গিরিতে কদমে ॥ খাজানা নাহিক পাই, যেয়াদা ফোরছত চাই, মেহেরবান হওনা গোলামে * শুনিয়া খলিফা সাহা, গরমে কহিল তাহা, জওয়াবেতে পাইনু মালুম ॥ দেমাগ বেড়েছে তেরা, ডর নাহি কর মেরা, ফরমাইল এয়ছাই হুকুম * আলস্তাগনের তরে, রাখহ কয়েদ কদে, যবতক দেশের খাজানা ॥ না পারে তহসিল দিতে, রবে এয়ছা কয়েদেতে, শুনিয়া উঠিল একজনা * মহাম্মদ নামে মর্দ্দ, দেলেতে পাইল দর্দ্দ, সোপারসি কৈল মেরা হৈয়া ॥ সোন সাহা নামদার, আজাব না দেহ আর, ছেড়ে দেহ এহার লাগিয়া * এয়ছাই হুকুম দেহ, মোহর করিয়া লেহ, তিন মাহা ফোরছতের বিচে ॥ খাজানা নাহিক দিবে, মাজুল হইয়া যাবে, গর্দ্দান হাওয়ালা তেগ নিচে * সোপারসি হৈলে তার, কয়েদ না হৈনু আর, একরারে করিয়া মোহর ॥ বিদায় রোকছত লিয়া, আইলাম নেকালিয়া, পৌছিলাম খোরছানা সহর * আসিয়া আপন দেশে, রাইয়ত লোগের পাসে, করিলাম জুলুম তাগাদা ॥ যে যার জেক্কার পারো খাজানা দাখেল কর, নহেত করিব জের

জুদা※পাইয়া আইন কড়া,খারাবি হইল বড়া ছুলস্থূল গিরিল সহরে ডাকাইতি রাহাজানি,মারপিট খুনা খুনি,করে লোগ টাকার খাতেরে যাহার ভরসা ছিল, সেহভি নাতোওয়া হৈল, চোরাইয়া লিল বাট পাড় ॥ এহা তাক মেরা তরে, কেহনা রেয়াত করে, লুটে নিল ভাণ্ডার আমার ※ লাচার আছিল যারা, জানের ডরেতে তারা, পালাইল ছাড়িয়া খোরছানা ॥ তিন মাহা গোজারিল, টাকা না আদায় হইল, গেরে মুঝে বহুত ভাবনা ॥ সাত রোজ গেল আর, পাইলাম সমাচার, আসিতেছে মহাম্মদ তাহের ॥ খাজানা তহসিল দিবে, রেয়াত করিয়া যাবে, নহেত কাটিয়া লিবে ছের ※ খবর পাইয়া এয়ছা, বাঘের ডরেতে যেয়ছা, হরিনী পরান লিয়া ভাগে ॥ দের না করিনু ঘাড়ি, তখনি সহর ছাড়ি, লিয়া জরু আহলিয়াত লোগে ※ গাজি গিন বক্তেয়ার, কহিল সে জেন হার, নাহি যাব সহর ছাড়িয়া ॥ লড়িব আরবি সাতে, যাহা আছে নছিবেতে, ভালা বুরা যাবে গোজারিয়া ※ শুনিয়া বোঝাই তারে, হরগেজ খবরদারে, এয়ছা বাত নাহি আন দেলে ॥ চিউটির মাফিক ধরে, আরাব ডালিবে মেরে, আটিতে নারিবে কোন কালে ※ রাখহ আমার বাত, মেল তাহেরের সাত, পারে তুঝে মিলিবারে তক্ত ॥ শুনে বক্তেয়ার বলে, নাহি দেখি কোন কালে, কে আছে এমন বদবক্ত ※ সাহেব ভাগিয়া যাবে, গোলাম বাদসাই পাবে, থুক এয়ছা গোলামের জাতে ॥ যাবত জেন্দেগি মেরা, রহিব খেদমতে তেরা, লেহ সাহা আমারে সঙ্গেতে ※ ওমরাহ সর্দ্দারগনে, কহে এয়ছা জনে জনে, লস্কর ছেফাই যত মেরা ॥ লইয়া সবার তরে, নেকালিনু রাহা পরে, খোদার মদদে রেখে চারা ※ মঞ্জেল মঞ্জেল যাই, রাহেতে খবর পাই, পৌছিয়াছে মহাম্মদ তাহের ॥ খোরছানা দখল কৈল, এক্তেয়ার বানাইল, চোড়ে কত তোমার খাতের ※ আন্দেসা হইল মনে, ধাইনু দক্ষিন পানে, এড়াইয়া ছেড়ে কত দেশ ॥ পৌছিনু আফগানিস্থানে, মছলত ভাবিয়া মনে, কোয়েটায় ঘুসি অবশেষ ※ ডেরা তাম্বু ওতারিয়ে, খানা পানি খেয়ে পিয়ে, তিন রোজ আছি এখানেতে ॥ হঠাত শুনিয়া জারি, পৌছি তেরা বরাবরি, লড়াই করিনু তেরা সাতে ※ কহে সাহা

তাহা পরে, সাহাজাদি সরিফারে, সোন বেটী লাগাইয়া মন॥ দেলে নাহি কর তাপ, আমি যে তোমার বাপ, আমি তুঝে করিব পালন * বেটা বেটী নাহি মেরা, রহিবে বেটীর পারা, পেয়ার করিব জান দিয়া॥ সাহাজাদা ছওগাতে, বুকের কলেজা সাতে, হামেসা রাখিব মিশাইয়া * তাবাদে হারুন কহে, ছালাম করিয়া সাহে, সোন সাহা বাদসা জাহাপানা॥ হারুন আমার নাম, ছিনু আমি নেকনাম, পাকিজা খাছলত নেকদানা * এস্ক মহব্বত ছুটে, আমার খাছলত টোটে, হইনু যেন দেওয়ানা সমান॥ ছুরানি জামালে যদি, মোর সাতে দিত সাদি, সওদাগর আলকাছ আফ-গান * তবে না এমন হৈত, মেরা নাম জারি রৈত, না মরিত তাহমাস সর্দ্দার॥ না আমি হৈতুন বুরা, হাওয়ান পশুর পারা, জুলুমের কামে ওস্তয়ার * ডাকাতি করিব কেনে, কেনবা আসিব বনে, কেন এত মারিব এনছানে॥ কেন এয়ছা নেক মায়, সাহা জাদি সরিফায়, জুলুম করিব এয়ছা কেনে * নেকের ছহবতে গিয়ে, বদখোয় গেল দুরে, আজি হৈতে হইনু পাকিজা॥ জোল-মাত আধার হইতে, নেকালিনু রওসনিতে, দানায় মগজ হইল তাজা * সবার হুজুরে ছহি, কছম করিয়া কহি, যাবত রহিব জেন্দেগিতে॥ সাহাজাদি সরিফায়, বাসিব মায়ের প্রায়, হামেসা রহিব খেদমতে * ছওগাত সাহাজাদা, আমার জানের আধা, এক জান অজুদ দোছরা॥ গাওয়া রহে পাকজাত, ছারা কুল মখ-কাত, আছমান জমিন চান্দ তারা * যদি করি বর খেলাফ, গোনা না হইবে মাফ, মরিলে গিরিব দোজখেতে॥ আবদুল আবাদরব, কভু না খালাছ পাব, না ছুটিবে কাহার সাফায়াতে * খোসাল শুনিয়া সাহা, খুসির মারেন আহা, এয়ছা কার নছিব বোলন্দ॥ সরিফা যাহার বেটী, রূপে গুনে পরিপাটী, মেছাল না হয় যার চান্দ * ছওগাত যাহার নাতি, গাজি বক্তেয়ার সাতি, হারুনের মত এয়ছা দোস্ত॥ যদিও জঙ্গলে বাস, করি মোরা বারমাস, এর আগে কোথায় বেহেস্ত * কিসে মোর আছে কমি, কেবল ফেরারি আমি, মোর ছানি বে এক্তেয়ার কোই॥ হারুনে কহিল গিন,

হারুন কহে, মর্জ্জি মোবারক সাহে, কি কহিব আমিত খাদেম ॥
চল যাই এই ঘড়ি, কুওতে বহাব ঝড়ি, বিচরিল মহাম্মদ হাতেম *

পয়ার * হারুণ সর্দ্দারে কহে আলপ্তগিন ॥ বেকার বসিয়া আর রব কতদিন * বাতাও আমার তরে নেহাত খবর ॥ ছামনেতে আছে কোথা এমন সহর * কে করে তক্তের বিচে সাহেব সর্দ্দারি লড়িয়া আমরা তারে জিনিবারে পারি * শুনিয়া হারুন কহে শুন নামদার ॥ আফগানিস্থানে আফজাল সাহার * কাবুল, গজনি, ঘোর, কান্দাহার, মাজ ॥ চার জনা করে সাহি ছেরে দিয়া তাজ * গজনিতে হুমাউন আলতামাস ঘোরে ॥ আহছান আফগানি সাহি করে কান্দাহারে * খেরাজ গোজারি এরা আফজাল সাহার ॥ সব কামে আফজালের এক্তার মোক্তার * আপনি আফজাল সাহা কাবুলের মাজ ॥ হাসমতে চালায় সাহি ছেরে দিয়া তাজ * আপে যদি চাহ সাহা চল গজনিতে ॥ ছিনিয়া লইব দেশ থোড়া মেহনতে * শুনিয়া আলপ্তগিন করিল হুকুম ॥ যাহা যান তাহা কর তোমাকে মালুম * দেরেতে দরকার কিবা করহ ছামানা ॥ পুসিদা গজনি বিচে দিব গিয়া হানা * সাজিল ছেফাই যত হারুনের বাতে ॥ তিরিস হাজার লোগ হইল একুনেতে * গাজি গিন বক্তেয়ার সাহেব সর্দ্দার ॥ আপনি আলপ্তগিন বাদসা নাম-দার * সাজিয়া তৈয়ার হইল হারুন মর্দ্দানা ॥ সুবাদারি সবাকার পিঠে পোস্ত পানা * তাবেইন লোগ তার লইয়া সকলে ॥ জঙ্গল হইতে সবে বাহিরে নেকালে * গজনি সহর দিগে হইল রাহা-দার ॥ সোন থোড়া গজনির কহি সমাচার * সর্দ্দার হুমাউন গজনি সহরে ॥ গাফেলি হইতে বড়া ছিল হুসিয়ারে * কড়া পাহারাতে সহরের চারিধার ॥ রাত দিন হুসিয়ারিতে রহে চৌকিদার * পুসিদা জাছুছ ফেরে হাজার হাজার ॥ কে কোথা দুসমন লোগ হইল নমুদার * চাল্লিস হাজার লোগ ছিল তার তাবে ॥ জোরে জোরোওয়ার জঙ্গি পাহালওান সবে * নইম মইন নামে দুই বেরাদার ॥ তামাম লস্কর বিচে সাহেব সর্দ্দার * পাচ হাজার জুল্পিয়া হাতি মস্তানা ॥ আপে সাহা হুমাউন আওল সর্দ্দানা *

পৌছিল খোরছানি যবে সহর কেনারে॥ কহিল যাছুছ গিয়া গজনি সাহারে * বহুত লস্কর কার পঙছিল আসিয়া॥ কেয়াছে মালুম হয় দুসমন বলিয়া * সহরের কেনারায় ফলানা যাগাতে॥ তাম্বু ওতারিয়া আছে পুসিদার সাতে * আজি রাতে সহরেতে হইবে হাজির॥ এই বেলা হুসিয়ার হও জাহাগির * শুনিয়া আন্দেসা হইল গজনি সাহার॥ তখনি লিখন এক করিল তৈয়ার লিখিল তার বিচে এই হকিকত॥ কেবা তুমি কোথা ঘর না রাখ দহসত * আইলে গজনি মেরা বেগর এত্তেলা॥ নাহি বাড় খাড়া রহ চাহ যদি ভালা * যদ্যপি দরকার থাকে যাইতে কোথায়॥ ঢোড়হ দোছরা রাহা গজনি ছেওয়ায় * এয়ছাই লিখিয়া লেখা দিলেক ভেজিয়া॥ পড়িয়া খোরছানি সাহা ওয়াকেফ হইয়া * লিখিল জওয়াব এয়ছা সোন হুমাউন॥ পঙছিব গজনি আমি কে করে বারন * গজনি ছিনিয়া লিব এরাদা আমার॥ লিব তেরা সাহি তাজ মেরা এক্তেয়ার * যদ্যপি চাহ তুমি আপনার ভালা॥ গজনি ছাড়িয়া ভেগে যাহ এই বেলা * আর না দেরেগ রাখ আপনার জানে॥ মোকাবেলা হও মেরা আসিয়া ময়দানে * এয়ছাই জওয়াব পেয়ে সাহা হুমাউন॥ গোশ্বায় হইল যেন জলন্ত আগুন * তখনি ভেজিল এক যাছুছ দোছরা॥ ভালা রূপে যেনে এস নেহাত বেওরা * কেবা সে কোথায় ঘর না লিখিল খতে ওহার সন্ধান কত লস্কর তাবেতে * হাসমত দব্দবা কেয়ছা কত হাতি ঘোড়া॥ পুসিদা জানিয়া এসে কবে খাড়া খাড়া * এয়ছাই কহিয়া যাছুছেরে ভেজে দিল॥ তাবাদে লস্করগণে সাজিতে কহিল * পড়িল সাজার ধুম গজনি লস্করে॥ তৈয়ার হইয়া সবে নেকালে বাহিরে * সহরের দরওাজাতে দাড়াইল গিয়া॥ যাছুছ খবর লিয়া পঙছিল আসিয়া * কহিল খোরছানি তারা খোরছানা মোকাম॥ নামেতে আলপ্তগিন সর্দ্দারের নাম * হারুন আফগানি নামে এক সর্দ্দার॥ কাতেলান তাহমাসের আসামি ফেরার * মিলে খোরছানির সাতে হারুন কমজাত॥ পোস্ত পানা হৈয়া আসে খোরছানির সাত * ধিরে ধিরে আসিতেছে বাড়িয়া

সাহা হৈল আগুওান ॥ যেদিগে খোরছানি আসে রাখিয়া সন্ধান * ক্রমে ক্রমে দুই দল নজদিগ হইল ॥ খাড়া রহ খোরাছানি গজনি কহিল* ওমনি নেসান ঝাণ্ডা গাড়িল দুদল ॥ বাজিল জঙ্গের বাজা নাকারা বিগল * মস্তানা হইয়া লোগ খুলিল হাতিয়ার ॥ মহাম্মদ হাতেম রচে অধিন খাকছার *

পয়ার * পহেলা ময়দানে এক আইল গজনি ॥ হাকদিয়া কহে কোথা নেকাল খোরছানি * শুনিয়া আলপ্তগিন এক আছওারে ॥ হুকুম করিল যাহ ময়দান উপরে * শুনিয়া ধাইল এক খোরছানি ছওার ॥ গজনির সামনেতে হইল নমুদার * মোকাবেলা তকরার হইল পহেলা ॥ আখেরে হাতিয়ার লিয়া করিল হামেলা * খেচিয়া মারিল তেগ গজনি ছওার ॥ খোরছানি ঢালের পরে লইল ওয়ার * খোরছানি মারিল তেগ গজনির ছেরে ॥ গজনি দুখান হৈয়া গেরে জমিপরে * পহেলা ছায়েত নেক হইল খোছরানির ॥ দেখে সাহা হুমাউন হইল দেলগির * বড়া এক জঙ্গিবাজে ভেজিল ময়দানে ॥ কুদিল গজনি মর্দ্দ খোরছানির পানে * দেখিয়া তাহার তরে খোরছানি ছওয়ার ॥ গোশ্বা ভরে ফেকিয়া মারিল তলওয়ার * এক চোটে দুই খান হইল গজনি ॥ তেছরা ছওয়ার এক পঙছিল ওমনি * খোরছানির বরাবর হইল হাজির ॥ নেসান করিয়া খেচে মারিলেক তির * বুকেতে লাগিয়া তির পিঠে নেকালিল ॥ গিরিল খোরছানি জান নেকালিয়া গেল * দেখিয়া এয়ছাই এক খোরছানি জওয়ান ॥ জোরে ঘোড়া কোদাইয়া পঙ-ছিল ময়দান* গজনি দেখিয়া তারে কুদিয়া আইল ॥ খোরছানির কোমরের দেওয়াল ধরিল* খোরছানি কোমর তার ধরিল কসিয়া খেচা খেচি করে দোহে কোমর ধরিয়া * বহুত কোশেষ করে কেহ নারে কায় ॥ গজনি কোমর ছেড়ে খোরছানির পায় * পাকড়িয়া সেতাবিতে উভে দিল টান ॥ সামালিতে না পারিয়া খোরছানি জওান * গিরিলে জমিন পরে চাহে ওঠে ফের ॥ সেতাব গজনি মারে খেচিয়া সমসের * আলাদা হইল ছের নেকালিল জান ॥ বাকি কারতাস নামে এক পাহালওয়ান * আলপ্ত-

গিনের আগে লইয়া বিদায়॥ গজনির সামনেতে ময়দানেতে যায় * গজনি দেখিয়া তারে আইল কুদিয়া॥ চাহে খোরছানিকে মারে তেগ ওঠাইয়া * চকিতে কারতাস বাকি লাফ দিয়া ওঠে॥ মারে তেগ গজনির পৌছিয়া নিকটে * গিরিল গজনি নিচে হৈয়া দুই খান॥ দেখিয়া নোমান জঙ্গি ধাইল ময়দান * কারতাসের সামনেতে হইয়া হাজির॥ হেকে কহে নাম মিটাইব খোরছানির খোড়া এয়ছা মহিমের দেখাইব বাজি॥ বিদেশী দুসমন চোট্টা খেদাড়িব আজি * নোমান সর্দ্দার আমি গজনির বিচে॥ তামাম আফগানিস্থানে ছানি নাহি আছে * শুনিয়া কারতাস কহে না কর ফখর॥ একা আমি তুঝে আজ দিব যমঘর * পাহাড় সমান তুমি হও পাহালওান॥ পিসিয়া মারিব তুঝে চিউটির সমান * গোশ্বায় নোমান জঙ্গি হইল দেওয়ানা * মারে তেগ কারতাসের তাকাইয়া ছিনা * আধা আধা দুইখান হইল কারতাস॥ দুদলে লস্কর কহে সাবাস সাবাস * সাবাস নোমান জঙ্গি কহে হুমাউন॥ পাবে আজি মোর ঠাই খেলাত দ্বিগুন * ফাফর আলপ্তগিন ভাবে মনে মনে॥ এয়ছা মর্দ্দে এক চোটে কাটিল কেমনে * নাজানি কুওত কেয়ছা গজনির গায়॥ এক্তেয়ার বিন বক্তেয়ারে লড়িতে পাটায় * পঔছিয়া ময়দান বিচে এক্তেয়ার গিন॥ কহিল নোমানে আও গজনি কমিন * আলবত্তা লইব আজি কারতাসের দাদ্ধ॥ দেখাইব পাহালওানি কেমন জেহাদ * কোন কথা জবানেতে না কহে নোমান॥ মারে তেগ এক্তেয়ারে তাকিয়া গর্দ্দান * এয়ছাই জোরেতে মর্দ্দ তেগ মারে ঘাড়ে॥ আলাদা হইয়া ছের দুরে গিয়া পড়ে * মারা গেল এক্তেয়ার খোরছানি তাবত॥ কান্দিয়া উঠিল যেয়ছা গেরে কেয়ামত * ভাসিয়া চলিল সবে গমের দরিয়ায়॥ কহে হায় কি হইল কি হইল হায় * লাড়কার সোগেতে কান্দে বক্তেয়ার গিন॥ হোস গোস না রহিল হয়ে বেচইন * কভু ওঠে কভু পড়ে কভু মারে হায়॥ দেওানা হইয়া গেল সোগের ছদমায় * অজুদে মারিয়া জোস গোশ্বা আইল ছেরে॥ ঝড়ের মেছাল ধায় ময়দান উপরে * নোমানের কাছে গিয়া মারিল জুলওয়ার॥ দুখান হইয়া গেরে নোমান সর্দ্দার * ...

ম্মার ছের তার লিল ওঠাইয়া ॥ নেসান ধরিয়া তোলে নেজায় গাথিয়া * গজনি লস্কর দিগে হাকিয়া কহিল ॥ এই নামাকুল মেরা বেটা মেরেছিল * মারিয়া গর্দ্দান এবে দাদ লিনু হাতে ॥ দাদ খার কেহ এর থাক লস্করেতে * আইসহ আমার আগে গোশ্বা রাখ কাহে ॥ তিন বার এইছা রূপে ফোকারিয়া কহে * হরগেজ না বাড়ে কেহ তাহার এগানা ॥ বাজিল বাহুড়ি ডঙ্কা মওকুফি বাজানা * ফিরিল দুদলে লোগ ডেরে যে যাহার ॥ রচে হিন মহাম্মদ হাতেম লাচার *

* বাদসা আলপ্তগিন কোয়েটা হইতে গজনি লাড়িতে যায় *

পয়ার * রাত পোহাইয়া যবে হইল বেহান ॥ দুই তরফেতে লোগ আইল ময়দান * খাড়া হইল সারি সারি কাতার বান্ধিয়া ॥ জঙ্গের নেসান বাজা উঠিল বাজিয়া * রনসিঙ্গা রন ভেরি দুন্দুভি রূদ ॥ ধাওসা দামামা কাড়া কুপচাগ স্বরুদ * ভেউর নাকারা দফ তুরি ও বিগল ॥ কর্ণাল মাস্তুর বাজা তবল মাদল * রনদেহ রনদেহ নকিব ফোকারে ॥ সর্দ্দার মইন গাজি গজনি লস্করে * হাকিয়া ময়দানে আইল ঘোড়া কোদাইয়া ॥ দাপটে জঙ্গের ভুমি উঠিল কাপিয়া * হারুন সর্দ্দার কহে আলপ্তগিনে ॥ আমাকে হুকুম দেহ যাইব ময়দানে * কহিল আলপ্তগিন দোওয়া দিয়া তায় ॥ ঘোড়া ওঠাইয়া মর্দ্দ ময়দানেতে যায় * দেখিয়া কহিল তারে মইন মর্দ্দানা ॥ চেহেরায় দেখি তেরা আফগানি নেসানা * মেরা সহ-রের লোগ দেখি যেয়ছা তুঝে ॥ কোথা ঘর নাম তেরা বাতাও না মুঝে * হারুন কহিল তুমি চিনিয়াছ রাস ॥ আফগান নছল হইতে আমার পয়দাস * কাবুল সহরে মেরা আছিল মাকান ॥ নাম মেরা পাহালওয়ান হারুন আফগান * শুনিয়া মইন গাজি মারে এক হাক ॥ কহিল বেসক তোরে চিনেছি নাপাক * পাকিজা আফগান কুল চান্দের মেছাল ॥ গ্রাসিলা সে চান্দে তুই রাহু দর-জাল * কুক্ষনে আফগান কুলে পয়দা হয়েছিলি ॥ আপনা জাতের

আপনা জাতের ছেরে ডেলে দিলি বাজ * বেওফা জালেম তুমি নেমক হারাম ॥ মারিলে তাহমাস সাহে হইয়া গোলাম * এর লাগি ছারা এই আফগানির জাত॥ যে দেখিবে তেরা তরে করিবে নিপাত * যে কেহ মারিবে তুঝে এনাম পাইবে ॥ আখেরে খোদার আগে ছওয়াব মিলিবে * আওরে জালেম পাপি নাহি সহে দের ॥ এক চোটে জুদা করে দিব তেরা ছের * নিপাত করিব আজি আফগানের রাছু ॥ হরগেজ বাচাতে, তুঝে না পারিবে কেহু * দরিয়ায় ছাফ কিবা লুকাও জঙ্গলে ॥ আছমানে ওঠহ কিম্বা নামহ পাতালে * পিসাচ দানব দেও পরি জিন্নিয়াত ॥ এক সাতে মেলে যদি কুল মখলুকাত * তবুও রেয়াত নাহি মোর হাতে পাবি ॥ সিওরে শমন তোর মওত খারাবি * ফুরাইয়া গেছে তেরা দুনিয়ার খেলা ॥ কলমা সাহাদত পড়ে লেহ এই বেলা * হারুন শুনিয়া কহে চুপরে মইন ॥ এখনি বুঝিবে কার মওত একিন * মওত নেসান তেরা মালুম কথায় ॥ রোগির বিকার পৌছে মওত সময় * বাত্তির রওসনি বাড়ে নিভিবার কালে ॥ তোমার বড়াই তেয়ছা মরনের হালে * রাস্ত বটে আনি আমি জাতের বদনাম ॥ কিন্তু তাহে নাহি চারা কারারে গোলাম * কারারে বিকানু আমি খোরছানির পায় ॥ ওদুল করিতে নারি জান যদি যায় * কুওত মর্দ্দমি মেরা আকেল হোরমত ॥ সুপিয়াছি খোরছানির নিকটে তাবত * খোরছানি আমারে যাহা করিবে ফরমান ॥ তাহাতে এহছান কিম্বা গিরিবে নোকছান * তাহে না দরকার মেরা নেমক রাখিবার ॥ মরি বাচি খোরছানির এক্তার মোক্তার * মইন কহিল তুমি পাপি দাগাবাজ ॥ ঘুসিল সয়তান তেরা অজুদের মাঝ * গোনা হয় তেরা সাতে বাত যদি কহি ॥ বাহাছে ফায়েদা কিবা করিতে না চাহি * মারি আমি সেতাবিতে হও হুসিয়ার ॥ মইন কহিয়া এয়ছা খুলিল হাতিয়ার * হারুনের ছেরে তেগ মারিল খেচিয়া ॥ হারুন পাতিয়া ঢাল দিল রদ কিয়া * খেচিয়া মারিল তেগ হারুন সর্দ্দার ॥ মইন পাতিল ঢাল ছেরে আপনার * হেকমত হুনুরে চোট রদ করে দিল ॥ তলওারে তলওারে দোহে বহুত

পারিল করিবারে জের * তলওয়ার রাখিয়া দোহে গোর্জ্জ লিল হাতে ॥ পিটা পিটি চোটা চুটি নানা হেকমতে * গোর্জ্জ ওঠাইয়া জোরে মারিল হারুন॥ মইন পাতিল ঢাল ছেরেতে আপন * আসিয়া লাগিল চোট ঢালের উপরে ॥ আওাজ উঠিল যেয়ছা বাজ গেল গিরে * ধমকে কাপিয়া ওঠে মইন মর্দ্দানা ॥ তামাম ওজুদে তার ছুটিল পছিনা * বহুত কোশেষে গোর্জ্জ রদ করে দিল ॥ হারুনের ছেরে গোর্জ্জ খেচিয়া মারিল * হারুন পাতিয়া ঢাল করে দিল রদ ॥ এইরুপে গোর্জ্জ বাজি করে দুই মরদ * গোর্জ্জ রেখে দোহে ফের বর্শি লিল হাতে॥ লড়িল হেকমতে নানা কোশেষের সাতে * কেহ নাহি হারে জেনে বরাবর জঙ্গি ॥ গোর্জ্জ রেখে দোহে ফের ওঠাইল টাঙ্গি * লিয়া টাঙ্গি দুই জঙ্গি লড়ে মস্ত হালে ॥ দেখিয়া দোহার জঙ্গ তাজ্জব দুদলে * তফাতে যাইয়া ফের দুই পাহালওয়ান॥ কামানে জুড়িয়া তির করিয়া নেসান * ফেকিতে লাগিল যেয়ছা মেছাল পানির ॥ দেখিতে দেখিতে নেবড়িয়া গেল তির * নেজা বর্শ তির গোর্জ্জ নানা হাতিয়ারে ॥ করিল বহুত জঙ্গ দুই দেলাওরে * টুটিয়া ফাটিয়া গেল দোহার হাতিয়ার ॥ হালাক হইয়া গেল দুই জোরোওয়ার * কেহ কারে দাগ দিতে নারিল জেনহার * আখেরে নামিয়া দোহে জমিন উপরে ॥ কুস্তির লড়াই লড়ে ওজুদের জোরে * ঠেলা ঠেলি হুড়া হুড়ি বাহু কসাকসি ॥ খেচাখেচি টানাটানি গলে দিয়া ফাসি জোর করে কোমর দেওয়ালে দিয়া টান ॥ আজেজ হইয়া গেল দুই পাহালওয়ান * জমিন খুদিয়া গেল পায়ের রাওদানে ॥ পছি-নায় সরবর হইল বদনে * কলেজা গরম হৈল দম আইল নাকে ॥ তথাপি হরগেজ কেহ নারিল কাহাকে * দোহারে ছাড়িয়া তবে দুই জোরোওয়ার ॥ টহলিয়া ঘড়ি এক ফেরে চারি ধার * দমলিয়া আরবার শুরু কৈল জঙ্গ ॥ লড়ে যেয়ছা সের নর মত্ত মাতঙ্গ * লড়িতে লড়িতে এয়ছা নিমাশাম হইল ॥ হাকিয়া মইন জঙ্গি হারুনে কহিল * আজিকার মত চল ঘরে ফিরে যাই ॥ ফজরে আসিয়া ফের করিব লড়াই * হারুন হইল রাজি এইবাত পরে ॥

ফিরিল দুদলে ॥ খানা পিনা খেয়ে পিয়ে রহে রাত্ত কালে * কহে হিন মহাম্মদ হাতেম লাচার ॥ বালিয়া জুজ্ঞার সাহা বসতিযাহার *

* বাদসা হুমাউন খোরছানির হাতে মারা যাইবার বয়ান *

পয়ার * ফজরে দুদলে এসে পৌছিল ময়দান ॥ বাজিয়া উঠিল বাজা জঙ্গের নেসান * কহিল আলপ্তাগন ডাকিয়া হারুনে ॥ জোরে তুমি পাকাড়তে নারিলে মইনে * লাড়িব তাহার সনে আজি মোর বারি ॥ দেখিব কোশেষ করে পারি কিনা পারি * এতেক কহিয়া সাহা হাতিয়ার বান্ধিল ॥ ওদিগেতে হুমাউন মইনে কহিল * আসামি ফেরারি সেই হারুন সর্দ্দার ॥ জরুর তাহার তরে চাহি ধরিবার * তাহমাসের কাতেলানে পারি ধরে দিতে ॥ মোরতোবা বাড়িবে মেরা বাদসার আগেতে * আফজাল আলবত্তা মোরে দিবেন এনাম ॥ হুমাউন এতবলি লিল ছরঞ্জাম * ঘোড়ায় ছওয়ার হৈয়া ময়দানে পৌছিল ॥ হারুন হারুন বলে হাকিতে লাগিল* পৌছিল আলপ্তাগন ওঠাইয়া ঘোড়া ॥ হুমাউনে পোছে বাত হাক দিয়া বড়া * কে তুমি সেতাবি কহ তুমি কি মইন ॥ আমি খোরছানার সাহা আলপ্তাগন * মইনের সাতে চাহি দিতে মোলাকাত ॥ লাড়তে এরাদা নাই দোছরার সাত * মইন নহিক আমি কহে হুমাউন ॥ তুমি কাহে আইলে জঙ্গে কোথা সে হারুন * কোথা সে জালেম কোই কোথা সে বৈতাল ॥ পয়জারে তাহার আজি ওখাড়িব খাল * এবাতে তকরার খুব হইল দোহায় গালাগালি বলাবলি কথায় কথায় * আখেরে তলওয়ার লিয়া দুই জোরোওার ॥ দোহে দোহাকার পরে করিল ওয়ার*তলওারে তল-ওারে জঙ্গ গোর্জ্জের লড়াই॥ নেজা বর্শি তির ফলা বহুত এয়ছাই* কুস্তিগিরি বাহাদুরি গলে দিয়া ফাসি ॥ খেচা খেচি টানা টানী বাহু কসাকসি * ওঠাতে কোশেষ করে ধরিয়া কোমর ॥ কেহ কারে নাহি পারে এক বরাবর* আখেরেতে দুই সাহা ছাড়িয়া দোহাকে তলওার খুলিয়া হাতে ধায় দুই দিকে * গিরিল আলপ্তগিন গঙ্গ-

গোস্বায় দোহে কাটিয়া চলিল ॥ ঘড়ি একে লহু নদী বহাইয়া দিল ঘিরে লিল হুমাউনে খোরছানি ছেফাই ॥ চারি দিগ হইতে আইল করিয়া চড়াই * গজনি লস্কর লিয়া মইন সরদার ॥ কোমক হল্লুল গিয়া পিছেতে তাহার * খোরছানি লস্কর লিয়া হারুন মর্দ্দানা ॥ আলপ্তগিনের পিঠে হইল পোস্ত পানা * দুদিগে দুদলে হইল পালটিয়া খাড়া ॥ বিচেতে গিধড় লোক মারা গেল থোড়া * কাটা কাটি হানাহানি দিল মহামার ॥ গরম হইল খুব জঙ্গের বাজার * তেয়াগিয়া দেল হইতে রহম দেরেগ ॥ যে যারে কাবুতে পায় খেচে মারে তেগ * মাতিয়া উঠিল সবে যেমন দেওানা ॥ বেদিসা বেহালে লড়ে হৈয়া বে ঠেকানা * সর্দ্দার মইন জঙ্গি সাহা হুমা-উন ॥ খোরছানি উপরে তেগ চালায় এমন * মস্ত হাতি ফেরে জেন দুই জোরোওার ॥ দফা দফা ছাফ করে কাতারে কাতার * কুদে পড়ে ঝাক পরে হাকে বড়া হাক ॥ বিস ত্রিশ এক চোটে করে দেয় ফাক * বাদসা আলপ্তগিন গাজি বক্তেয়ার ॥ মর্দ্দানা হারুন এই তিন জোরোওয়ার * কাটিয়া চলিল এত গজনি ছেফাই ॥ বেহেছাব বেসমার লেখা জোখা নাই * তুড়িয়া চলিল যেন কলার বাগান ॥ লহুতে ভাসায়ে দিল জঙ্গের ময়দান * মেড়কের দল যেন পাইল অজগর ॥ ছাগলের পালে যেন ঘোসে সের নর * কুদিয়া ফান্দিয়া ফেরে যেমন মস্তানা ॥ সুমুখে যাহারে পায় করে তুলা ধোনা * এক ঠাই থাকে নাই ঘোরে যেন চাক ॥ চিকিয়া চিকিয়া ওঠে জোরে দেয় হাক * বেদেরেগ বেরহম কাহারে ডরাস ॥ মারে তেগ কেটে পাড়ে চাল্লিশ পঞ্চাশ * মারি মরি পারি হারি এলাহির কাজ ॥ লড়িয়া জঙ্গের সাদ মিটাইব আজ * হাজেরান পাঠকের খেদমতে খাদেম ॥ জঙ্গে সোলতান এই রচিল হাতেম *

চুটকি ছন্দ * বক্তেয়ার, জোরোওার, মারে তলওার ॥ দফা দফা, করে রফা গজনি ছওার * সের নর, দেলাওর, পাহালওয়ান হারুন ॥ তেগমারে, মাথা গেরে, বেলের মতন * দুই বির, নহে

পিছু দিক, মারে চিক, ঘোমে যেন চাক ॥ ঝাক ঝাক, করে ফাক জোরে দেয় হাক * কুদে ওঠে, মারে ছুটে, দফায় দফায় ॥ রাস রাস, মরা লাস, জমা কৈল ঠায় * খোরছানার, নামদার, আলগু- গিন ॥ ময়দানে, লহু খুনে, হইল রঙ্গিন * এতকাটে, লহু ছিটে গায়েতে পড়িয়া ॥ তন ঘোড়া, জামা যোড়া, গেল লাল হৈয়া * তেগ মারে, ফাক করে, কাফেলা কাফেলা ॥ মারি বর্শি, রাসি রাসি, ছের মুণ্ড মালা * খেচে টাঙ্গি, মহাজঙ্গি, ঘুমাইয়া আনে ॥ ছের ফাক ছিনা চাক, করে কতজনে * ছাড়ে গোর্জ্জ, ভব কার্য্য দেয় ফুরাইয়া ॥ মারে নেজা, বেআন্দাজা, যায় লোটাইয়া * ছাড়ে তির, কত সির, যায় গড়াগড়ি ॥ রনভুমে, গেল জমে, ছের কাড়ি কাড়ি * হাতে লাতে, জমিনেতে, ডালে কত জনে ॥ মহাজোরে, মুক্কিমারে, যাহার গর্দ্দানে * একেবারে, ছের তার, ধড় হইতে তুড়ে ॥ ঠেকরিয়া, দুরে গিয়া, জমিনেতে পড়ে * চড় তুলে, মারে গালে, গিরে যায় দাত ॥ ফেলে নিচে, বুকে খেচে, মারে কারে লাত * ঝুটি ধরে, কার তরে, সুন্নে ওঠাইয়া ॥ মারে হাক, দেয় পাক, ডালে কাছাড়িয়া * টিপে গলা, ভব খেলা, ফুরাইয়া হায় ॥ পেটে ছুরি, মারে ভুড়ি, নেকালিল ঠায় * গজনির মহাবির, মইন সর্দ্দার ॥ খোরছানিকে, মারে হেকে, হাজারে হাজার * চাক্কি হেন, ঘোমে জেন, কুদিয়া কুদিয়া ॥ তেগ চালে, দলে দলে, যায় ফাক হৈয়া * বড়া বড়া, জঙ্গি জারা, ছিল খোর- ছানির ॥ তা সবার, জোরোওার, কাটিলেক ছির * এয়ছা ওক্তে, সেখানেতে, আইল বক্তেয়ার ॥ কহে থোড়া, রহ খাড়া, গজনি সর্দ্দার * তেগ মেরে, আজি তোরে, দিব জমঘর ॥ দেখি তুমি, কেয়ছা নামি, রাখ কত জোর ॥ শুনে মর্দ্দ, লাল জর্দ্দ, হৈল দুই আখি ॥ কহে দড়, আগে বাড়, ঘুচাইব সেকি * এতবলে, তেগ তুলে, মারে বক্তেয়ারে ॥ বক্তেয়ার, সেওয়ার, দিল রদ করে * তবে ফের, সমসের, লিয়া পাহালওান ॥ মারে জোরে, মইনেরে, করিয়া নেসান* পাতে ঢাল, লিল টাল, মইন জওান ॥ তেগ বাজি, দুই গাজি, সমানে সমান * সমসের, রেখে ফের, গোর্জ্জ লিল

নাহি জেনে, কেহ নাহি হারে ॥ বরাবর, দেলাওর, দুই জোরো-
ওারে * তির ফলি, তেগ গুলী, নেজা গোর্জ্জ খান ॥ আখেরেতে,
জমিনেতে, নেমে দু জওয়ান * কুস্তি গিরি, বাহাদুরি, কোমর
ধরিয়া ॥ কসাকসি, দিয়া ফাসি, গলে লাগাইয়া * তবুকারে, নাহি
পারে, আখেরে মইন ॥ গোর্জ্জ মেরে, বক্তেয়ারে, কৈল বেচেইন *
পেরেসান, পাহালওয়ান, হইয়া ঘায়েল ॥ ডর দেলে, ভেগে চলে
তাম্ব তে দাখেল * এয়ছা ওক্তে, সেখানেতে, হারুন আফগান ॥
পোঁছে এসে, কহে হেসে, রহ পাহালওান * হেথা তুমি, তুঝে
আমি, চুড়ি চারি ধার ॥ ছাফাইয়া, পলাইয়া, যাবে কোথা আর *
আজ তেরা, জান মেরা, এক্তেয়ার বিচে ॥ এত বলি, তেগ তুলি,
মারিলেক খেচে * সেতাবিতে, এয়ছা ভাতে, তেগ মেরে ছিল ॥
ঢাল হাতে, না তুলিতে, গর্দ্দানে বসিল * পলকের, নাহি দের,
জুদা হইল ছের ॥ গজনির, পুস্তি বীর, টুটিল দলের * দেখে তায়,
হায় হায়, করে হুমাউন ॥ ছোটে দিসা, বুদ্ধি নাসা, বলিল জবুন *
গোস্বা দেলে, হেকে বলে, কোথারে হারুন ॥ হারামজাদ, লিব
দাদ, তুঝে করে খুন * এত বলে, কুদে চলে, হারুন যেথায় ॥
মারে তেগ, বেদেরেগ, দেলের গোস্বায় * এক চোটে, ঢাল কেটে,
ফাক করে দিল ॥ মহাজোরে, চোট শিরে, যাইয়া বসিল * চোট
কারি, হৈল চারি, আঙ্গলের দলে ॥ চোয় লহু, উহু উহু, পাহালওান
বলে * জলনেতে, বেতাবেতে, জমিনেতে গেরে ॥ চাহে ফের,
সমসের, হুমাউন মারে * হেনকালে, তেগ তুলে, এক খোরাছানি
নাম তার, জোরোওার, রাকিব মোহানি * পিছে থেকে, ছের
তেকে, মারে হুমাউনে ॥ এক চোটে, ছের কেটে, গিরিল জমিনে
মৈল সাহা, ছিল চাহা, কাজা এলাহির ॥ সোগ কারি, করে জারি,
লোগ গজনির * আধা ঘড়ি, জঙ্গ ছাড়ি, করে হায় হায় ॥ আখে-
রেতে, সকলেতে, ভরিয়া গোস্বায় * তেজে ডর, বলে ধর, মার
খোরছানিকে ॥ দাদ লেহ, নাহি দেহ, ছাড়িয়া কাহাকে * লিল
ঘিরে, চারি ধারে, এতেক বলিয়া ॥ হেকে ওঠে, পড়ে টুটে, তল-
ওয়ার খুলিয়া * জেন্দেগির, পোস্তপির, রাখিয়া আল্লায় ॥ মেরে

চলে, দলে দলে, জমিনে লোটায় * দেখে বন্ধ, লাগে ধন্দ, দহসতের চিন ॥ খোরছানিকে, কহে হেকে, আলপ্তগিন * নাহি ছাড়, কেটে পাড়, গজনি লস্করে ॥ জেন জিউ, লিয়া কেউ, ভাগিতে না পারে * ও লেকিন, গমগিন, বেছির গজনি ॥ টিকিবারে, নাহি পারে, ঘটিল নোকছানি * ছাড়ে জঙ্গ, দিল ভঙ্গ, দেখিয়া মোস্কেল ॥ জিউ লিয়া পিট দিয়া, হইল ভাগেল * খোরাছানি, গোস্বাগনি, ঘোড়া বেড়ি দিয়া ॥ ফেরাইল, রেগা দিল, বিচেতে ফেলিয়া * মারে জোরে, গোখা ভরে, গজনির পরে ॥ বিপাকেতে, নিদানেতে, গজনি লস্করে * পেয়ে তাপ, চাহে মাফ, আমান আমান ॥ দয়াকর, নাহি মার, বাচাও না জান * নেওয়াজিয়া, রাখ লিয়া, আপনা খেদমতে ॥ তাবেদার, আপনার, রব হামেসাতে * শুনে তাহা, গিন সাহা, লস্করে কহিল ॥ দেহ ছেড়ে, কার পরে, হাত নাহি ডাল * ফতে নামা, সাদিয়ানা খোরছানি বাজায় ॥ সেথা হইতে, সহরেতে, পৌছিল সবায় * গজনির, ওমরা মির, মিলিয়া তামাম ॥ জনে জনে, সাহা গিনে, করিয়া ছালাম * তাজিমেতে, সাহি তক্তে,বসাইল লিয়া ॥ হাতেম বলে, বোঝ দেলে, এলাহির কিয়া * কার ছিনে, লিল জানে, কাহারে তছলি ॥ একে মেরে, দোছরারে, কৈল মতওয়াল্লি *

* আফজাল বাদশা কাবুল হৈতে গজনিতে লড়িতে আসে তাহার বয়ান *

পয়ার * গজনি দখল করে আলপ্তগিন ॥ জারি কৈল আপনার কানুন আইন * ঘরে ঘরে খোরছানির দোহাই ফিরিল ॥ তাবেদারি সবকই কবুল করিল * মইন পাড়িল মারা খোরছানির হাতে বেটা তার ছিল এক কয়েস নামেতে * নবিন জওান মর্দ্দ জোরে জোরোওয়ার ॥ আকেল হুনুরে বড়া ছিল ওস্তয়ার * দাগার মছলতে বড় চালাক চতুর ॥ নওকরি মাঙ্গল এসে বাদসার হুজুর * এরাদা তাহার দেলে আছিল এয়ছাই ॥ কোনরূপে বাবাজির দাদ লেওয়া চাই * সেতাবি দরকার কিবা রহি এন্তেজার ॥ ফোরছত

বাদসা আলপ্তগিন করিল পছন্দ * করিল মনসবদার বাইস হাজারি ॥ গজনি লস্করে দিল সাহেব সর্দ্দারি * তাহাতে বহুত খোস হইল কয়েস ॥ কাবুলের সমাচার সোনহ বিশেষ * ভাগিল কয়েক জন গজনি ছওয়ার ॥ না পারিল গজনিতে রহিতে কারার * মঞ্জলত করিয়া চলে কাবুলের দিগে ॥ সমাচার কহিবারে আফজালের আগে * দরবারে হইল খাড়া করিয়া ছালাম ॥ কহিল বাদসার আগে এয়ছাই কালাম * সোন সাহা তেরা পরে হইল মালামত ॥ আমাদের হাল দেখো তার আলামত * বাদসাহি উপরে তেরা ডালিল থাকার ॥ গালিম দুসমন দেশে হইল নমুদার * নামেতে আলপ্তগিন সাহা খোরাছানি ॥ জোরেতে দখল কৈল সহর গজনি * সর্দ্দার হুমাউন তরে মারিয়া ডালিল ॥ আফগানি আইন তেরা ওঠাইয়া দিল * সিক্কা জারি আপনার করিল বাহাল ॥ তাহমাসের কাতেলান হারুন দর্জ্জাল * মিলিয়া তাহার সাতে করে এয়ছা কাম ॥ আপনা জাতের গিধি আনিল বদনাম * কহিল তামাম বাত গোজারিল যাহা ॥ শুনিয়া আফজাল সাহা করে আহা আহা * কহে হায় হুমাউন এয়ছা ওফাদার ॥ জাহানের বিচে মোর নাহি আছে আর * করিল যে না বুঝিয়া নাদানির কাম * মোরে যদি একবার ভেজিত পয়গাম * কভু না ঘটিত তবে এমন নোকছান ॥ মেটাতুন খোরছানির নাম ও নেসান * কি কহিব তকদির এলাহির হাত ॥ জঞ্জাল করিল পয়দা জালেমের জাত * এলাহি তওফিক দাও করহ মদত ॥ পারি জেন দুসমনে করিতে নফরত * বেসক দুসমন মেরা হারুন বেপির ॥ আলবত্তা করিয়া জুদা লিব তার ছির * যায় মেরা সাহি তাজ মোর্ত্তবা হোর্ম্মত ॥ করার ভিকারি কিম্বা তাহাতে মওত * তবুও দেলেতে মেরা তাপ না পৌছিবে কোন রূপে হারুনে মারিতে পারি তবে * কহিতে কহিতে বাদসা ছাড়িল হুতাস ॥ অজুদ গরম হৈল নাকেতে নিশ্বাস * দু আখি হইল লাল চাপ দেয় দাতে ॥ কহিল লস্কর গনে তখনি সাজিতে * গজনি লাড়তে যাব নাহি সহে দের ॥ দেখিব কেমন জান খোরছানি লোগের * সাজো সাজো বাজা বাজে কেদার

ভিত্তর॥ একুনেতে লক্ষ লোগ বান্ধিল কোমর * পিয়াদা ছওার লিয়া সত্তরা হাজার॥ সাজিল আহাদি লোগ চুনেন্দা ছওয়ার * কুস্তিগিরি লাঙ্গাছির যত তিরেন্দাজ * লাঠি বাজ ওলন্দাজ সাজে গোলন্দাজ * তিরিস হাজার এরা হইবে আন্দাজি॥ জঙ্গি-বাজ পাহালওয়ান বড়া বড়া গাজি * হাতি ঘোড়া উট কত গাধা বেসুমার॥ কেল্লা হইতে ময়দানেতে হইল বাহার * সাহেব সর্দ্দার সাজে ইলয়াছ আফগান॥ আপনি কোমর বান্ধে আফজাল সোলতান * সুপিয়া তক্তের ভার আজম উজিরে॥ নেকলে সহর ছেড়ে রাহের উপরে * মঞ্জেল মঞ্জেল আইসে গজনির পানে॥ রাত কালে খেয়ে পিয়ে উঠিয়া বেহানে * কত দিনে গজনির পৌছিল সিমানা॥ সহরের নিকটেতে পাড়িল নেসানা খবর পাইল তার আলপ্তগিন॥ পৌছিল কাবুল সাহা আন্দেসার চিন * পুছিতে লাগিল সাহা ডাকিয়া হারুনে॥ পিঠা পিঠি নমুদার হইল দুসমনে * শুনেছি আফজাল সাহা জবর দস্ত বড়া লক্ষ আছওার তাবে আহদি লোগ ছাড়া * আপনি সে জোরোওার রোস্তমের ছানি॥ বুঝিবা আমারে এবে পওছিল নোকছানি * হারুন কহিল সাহা কিসের আন্দেসা॥ নাহি আন হজিমত বান্ধহ ভরসা * আলবত্তা হইবে যাহা নছিবে লিখন॥ খামাখা ঘাব-রাও কাহে কিসের কারন * কোনছা আফজাল আমি তারে না ডরাই॥ চলহ ময়দানে যাই করিতে লড়াই * সাজিল ছেফাই গণ হারুনের বাতে॥ তির তলওার বরসি নেজা গোর্জ্জ হাতে * সাজিল আলপ্ত গিন গাজি বক্তেয়ার॥ মহিমের পুস্তি সাজে হারুন সর্দ্দার * ময়দানে পওছিল গিয়া কাবুলীর পাস॥ মহাম্মদ হাতেম রচে ছহি ইতিহাস*

---

* আফগানি ও গজনীর পহেলা দিনের লড়াই *

পয়ার * খাড়া হইল দুই দল বান্ধিয়া কাতার॥ লড়াই নেসান বাজা হইল নমুদার * কুপ চাপ স্বরূদ বাজে নাকারা বিগল॥ রুনসিঙ্গা রণ ভেরি তলব মাদল * ধাওসা দুন্দুভি কাড়া দামামা

উঠে ঘোমে চারি ধার॥ মাল সাটে ভূমে লোটে মুখে সোর
সার * এন্তেজার হৈয়া রহে খাড়া কিয়া কান॥ লড়িতে
করিবে সুরু পাইলে ফরমান * হেনকালে নকিবান জোরেতে
হাঁকিল॥ কে চাহ পহেলা জঙ্গ সেতাবি নেকাল * কাবুলী
লস্কর হইতে হাসেম সর্দ্দার॥ ভাতিজা আছিল মর্দ্দ আফ্‌র্জাল
সাহার * ঘোড়া হেঁকে ময়দানেতে হইল হাজির॥ কহে আজি
জান লিব ছারা খোরছানির * জোরোওয়ার সবা হইতে কে
আছ খোরছানি॥ ময়দানেতে মেরা আগে বাড়হ এখনি *
গিধড় ছওারে আমি না রাখি তলব॥ তবে আইস খোসে যেই
লইবে গজব * হারুনের তাবেইন এক জোরোওার॥ পাহাল-
ওান আব্দাল আস্‌কারি নাম তার * হারুন তাহার তরে করিল
ফরমান॥ আব্দাল আস্‌কারি কুদে চলিল ময়দান * হাসেমের
নিকটেতে হইতে হাজির॥ হাসেম দেখিয়া তারে হাঁসিয়া
অস্থির * কহে কি আমার তরে না চেন আস্‌কারি * কেমনে
আইলে জঙ্গে কোন বুতা ধরি * হারুনের সঙ্গে পড়ে হয়েছ
দেওানা॥ মরিবার কালে বটে হয় এয়ছা দানা * দের আর
করি তবে কিসের খাতির॥ পওছিল সমন তেরা সিওরে
হাজির * যদি খাত চাহ থোড়া আকবতে ভালা॥ কলমা
সাহাদত পড়ে লেহ এই বেলা * পলক না দিল আর
এতেক কহিয়া॥ জোরেতে মারিল তেগ গর্দ্দানে খেঁচিয়া *
ঢাল সুদ্ধা গর্দ্দান কাটিয়া এক চোটে॥ তিন হাত দুরে গিয়া
জমিনেতে লোটে * আকাছা তাহার ভাই দেখিয়া ধাইল॥
হাসেম কুদিয়া তেগ ছেরেতে মারিল * আলাদা হইল ছের
খাড়া ছিল যম॥ মা, বলিতে নাহি দিল নেকালিল দম *
ধাইল তেছরা জঙ্গি নাম দানিয়াল॥ হাসেমের আগে যায়
দুই আখি লাল * গর্দ্দানে বান্ধিয়া ঢাল হাতে তলওার॥
হাসেমের ছের পরে করিল ওয়ার * কুদিল হাসেম চোট পৈড়ে
গেল ফাক॥ পাকড়িল দানিয়ালে হেঁকে বড়া হাঁক * খেঁচিয়া
ছেরেতে তুলে মারিল কাছাড়॥ খসিয়া দুরেতে পড়ে ওজুদের

নিকটেতে হৈল নমুদার * সেতাবি হাসেম তার ধরিল গর্দ্দানে ॥ ছেরেতে মারিল মুক্কি অতি গোশ্বা মনে * ফুটিল মাথার খুলি নেকালিল ঘিউ ॥ দেখিতে দেখিতে তার ছুটে গেল জিউ * আবু কাজেম আকবারি পওছিল আসিয়া ॥ মারিল হাসেম তারে নেজা ঘুমাইয়া * পিঠেতে লাগিল নেজা টুটিল কোমর ॥ বেহালে কাজেম গিরে গেল জমি পর * দোবারা মারিল নেজা খেচিয়া হাসেম ॥ ঘুসে গেল আদা হাত জমিনে কাজেম * ধমকে সরম রাহে নেকালে পেসাব ॥ জান নেকালিয়া গেল খেচিয়া আজাব * আর কোন থোরা ছানি না বাড়িল ডরে ॥ সেতাব আইসহ বলি হাসেম ফোকারে * কহিল আলগুগিন লস্করে হাকিয়া ॥ কে আছ এ কাবুলিকে আন পাকড়িয়া * বার বার তিন বার কহিল এয়ছাই ॥ হরগেজ না বাড়ে কেহ গিধড় ছেফাই * তবে ঘোড়া কোদাইয়া গাজি বক্তেয়ার ॥ পওছিল যাইয়া যেথা হাসেম সর্দ্দার * হাসেম পুছিল তারে নামকি জওয়ান ॥ সর্দ্দার হইবে বুঝি সানেতে নিসান * বক্তেয়ার কহে তেরা নামে কিবা কাজ ॥ লড়াই ময়দানে আমি যম তেরা আজ * তোমার মওত আমি হইনু হাজির ॥ খতম হইল তেরা কাম জেন্দেগির * হাত উঠাইয়া কর খোদাকে ইয়াদ ॥ এই তলওয়ারে সব হইবে বরবাদ * এত বলি খেচে তেগ মারে বক্তেয়ার ॥ হাসেম পাতিল ঢাল ছেরে আপনার * রদ করে দিল চোট হেকমত হুনুরে ॥ খেচিয়া মারিল তেগ বক্তেয়ার ছেরে * বক্তেয়ার লিল চোট ওড়াইয়া ঢালে ॥ তেগ রেখে দুই জঙ্গি গোর্জ্জ হাতে তোলে * চোটা চুটি ফেকা ফেকি করিল বিস্তর ॥ কেহ কারে না পারিল এক বরাবর * লড়িতে লাগিল ফের হাতে লিয়া নেজা ॥ দোহে দোহকারে মারে দোন মর্দ্দ তেজা * বসিতে বশিতে লড়ে তাকাইয়া উদ্ধ ॥ দাগ চড়াইতে কেহ নাহি পারে কাদ্ধ * তফাতে হইয়া খাড়া দুই পাহালওয়ান ॥ কামানে জুড়িয়া তীর করিয়া নেসান * দোহে দোহাকার পরে লাগিল ফেকিতে ॥ নিবড়িয়া গেল তির দেখিতে দেখিতে * কুস্তির লড়াই লড়ে জমিনে

ফাসি জোরে দিল টান॥ টুটিয়া দোহার ফাসি হল খান খান * দাবিয়া মোচড়ে পাঞ্জা কসা কসি বাহু॥ লড়িল হর এক বন্দে না জিনিল কেহু * আখেরে হাসেম গোশ্বা নিয়া সাম কালে * বক্তেয়ারে জোরে এক গোর্জ্জে মারে তুলে * গোর্জ্জ খেয়ে বক্তেয়ার ঘায়েল হইল॥ মাথা ফেটে ঘাও মুখে লহু নেকালিল * জলনেতে বক্তেয়ার হইল পেরেসান॥ হেন কালে বাজে বাজা মওকুফি নেসান * বাহুড়িয়া দুই দল ফিরিল ডেরাতে॥ বক্তেয়ার পওছিলেক বাদসার আগেতে * পেরেসান হল সাহা দেখে তার হাল॥ ক্ষুর দিয়া ঘাও মুখে তারাসিল বাল তাকিদে এলাজ করে দাওয়া লাগাইয়া॥ জখমের মুখে পটি দিলেক বান্ধিয়া * কহিতে লাগিল সাহা হারুনের কাছে॥ না জানি আগামি জঙ্গে নছিবে কি আছে * নামি নামি জঙ্গি যত আজি মহিমেতে॥ বেহালে পড়িল মারা কাবুলির হাতে * ঘায়েল হইয়া গেল গাজি বক্তেয়ার॥ করিল এয়ছাই হাল এক আছওার * দাগ চড়াইতে কেহ না পারিল তারে॥ না জানি আহদি যারা কত জোর ধরে * দেলাসা তছল্লি দেয় হারুণ আফগাণ॥ নাহি ডর ফতে দিবে খোদা জোল্লেসান * পৌছিল যাইয়া সাহা অন্দরের বিচে॥ কহিতে লাগিল বাত সরিফার কাছে * সোন বেটী নেহায়েত মোস্কেল এবার॥ বাঁচাও না দেখি হাতে কাবুল সাহার * মহিমের আওহাল বুরা নেহায়েত॥ আজি ময়দানেতে তার পাইনু ছাবেত * বেওফা তকদির মেরা নাহি দেয় কাম॥ জান লিয়া ভেগে আইনু ছাড়িয়া মোকাম * ওঠাইনু মছিবত কত পেরেসানি॥ কতেক ছেল্লায় জিনে লইনু গজনি * রাহি মোছাফের যেয়ছা অন্ধকার রাতে॥ হাটে রাহে ঝড় বৃষ্টি সিলা বজ্রাঘাতে * বেতাব বেহালে গিরে হৈয়া পেরেসান॥ ঠাই পাইল কোন এক পুরানা মাকান * তাহার দেওার রোগা টুটা ফাটা ছাদ॥ একে ছেড়ে দোছরাতে ঘটিল প্রমাদ * এক মোস্কেলেতে বটে আছানি মিলিল॥ ঘর যদি গেরে ফের আন্দেশা পৌছিল * আমার পৌছিল এসে

কাবুলী গালেব হৈল বড়া জবর দস্ত ॥ জানে যালে এবে মুঝে করে দিবে পস্ত * এহালে এলাহি বিনে নাহি কোন চারা ॥ যদি সে মদদগার থাকে হালে মেরা * তবেত ভালাই নহে মোস্কেল বেসক ॥ সরিফা কহিল তেরা নাছিব বরহক * নাহি ডর আজ্জি জিতে মানাও খোদাকে ॥ আলবত্তা মেহের তিনি করিবে তোমাকে * সেই রাত সাহাজাদি সরিফা সুন্দরী ॥ যাগিয়া দরগায় করে মোনাজাত জারি * আয় জাত বেনেয়াজ পাক পরয়ার ॥ সকলের ভালা বুরা তেরা এক্তেয়ার * বান্দির আরোজলেহ এলাহি আলমিন॥নিদানের ভেলা মেরা এবে আলপ্ত গিন * ধরিয়া তাহারে আমি ভাসি সমুন্দরে ॥ দেখ যেন ডুবা-ইয়া দিওনা তাহারে * বাঁচাইয়া রাখ তারে আপনা করমে * ফতে দেহ কাবুলীর ভিষন মহিমে * সারা রাত আজিজিতে বিবি সরিফায় ॥ জারি মোনাজাত করে খোদার দরগায় * রাত গোজারিয়া গেল হইল ফজর ॥ ময়দানে হইল খাড়া দুদলে লস্কর * কাতার বান্ধিয়া খাড়া হল সারি সারি ॥ জঙ্গের নেসান বাজা বাজে রন ভেরি * ফোকারিয়া উঠিলেক নকিব চোবদার ॥ মুখো মুখি ঝুকে আইল দুদলে ছওয়ার * পাঠকের খেদমতে হাতেম দেওয়ানা ॥ জঙ্গের কাহিনী থোড়া দেয় নজরানা *

---

* দোছরা দিনের লড়াই *

ত্রিপদী * দুদলের আছওার, হৈল যদি নমুদার, খাড়া হৈল কাতার বান্ধিয়া ॥ দুই দল মুখে মুখে, তেগলিয়া পড়ে ঝুকে, মারং উঠিল হাকিয়া*কাট কাট মহাসান, আগে লিব তেরা জান, তেরা বুতা মারিবে আমায় ॥ রাখে তেরা কোন বাপ, এবে করে দিব ছাপ, কি হইল ফখর কোথায় * জোরে খাট মুখে সাট, তুমি ডাহিনেতে হাঁট, ফলানা বাড়িয়া যাও আগে ॥ তুমি পিছনেতে এস, তুমি ভিতরেতে ঘোস, এ এদিক রহ বাম ভাগে * হায় হায় মরে বুঝি, খাড়া হৈয়া রহ পাজি,কোথায় ভাগিবে দুরাচার ॥ হোথা

আহা আহা কিবা করো, নেঘা রাখ ছুটে মারো, সামাল সামাল তাকো পিছে॥ আমি বুঝি এবে যাই, তোমার ভরসা নাই, ফলানা গাফেল হইয়াছে * এই দাও এই সমে, নাহি নারি কোন ক্রমে, তুমি রহ আমি দেখি গিয়া॥ এয়ছা ভাতে দুই দল, সোর সারাবত গোল, কানে তালা দিল লাগাইয়া * গোর্জ্জ চলে চনাচন, তলওার ঠনাঠন, সাই সাই ছুটে যায় তির॥ লাঠি বাজে ফটাফট, নেজা বরসি সটাসট, ধপাধপ লড়ে কুস্তিগির * তলওারে তলওারে বাজি, তিরে তিরে তিরেন্দাজি, কেহ করে গোর্জ্জের লড়াই॥ কুস্তিগিরি, বাহাদুরি, ধরাধরি মারামারি, হইল সবে দেওয়ানা যেয়ছাই * দেদিসা বেতাব হাল, হাতে তেগ পিঠে ঢাল, লাল আখি দাতে চাপে দাত॥ চিক মারে কুদে ওঠে, এদিক ওদিক ছোটে, বিজলির মাফিক চম্‌কে হাত * বাদসা আলপ্তগিন, মরি বাচি আজি দিন, দেল বিচে ভাবিয়া এয়ছাই॥ কহিল লস্করগণে, আন্দেসা না কর মনে, মেরে ডাল আফগানির ছেফাই * আপনি লইয়া তেগ, মেরে চলে বেদেরেগ, আফগানির ঝাকেতে ঘুসিয়া॥ ছাড়ে তেগ মেরে হাক, বিস ত্রিস করে ফাক, ঘুমে ফেরে কুদিয়া কুদিয়া * মর্দ্দানা হারুন গাজি, বলে মিটাইব আজি, কাবুলির নাম ও নেসান॥ দুহাতে তলওার ধরে, কাতারে কাতর মারে, ঘুমে ফেরে বাঘের সমান * কাবুলী আফজাল সাহা, তারিফ না যায় কহা, দেলাওর জঙ্গি বাহাদুর॥ খোরাছানি লস্করে টোটে, ঘড়িতে হাজার কাটে, এয়ছা তার কুওত বাজুর * হাসেম আফগানি লড়ে, বেহদা কাটিয়া পাড়ে, সাহেব সর্দ্দার ইলয়াছ॥ এই দুই জোরোওার, চালে হেন তলপার, যম যেন খোরছানির পাছ * দোহাকার তেগচোটে, খোরছানি পালায় ছুটে, দহসতে টিকিতে নাহি পারে॥ জানের দহসতে তারা, পালাইয়া যায় ছারা, লড়াই ময়দান হইতে দুরে* হারুন দেখিতে পায়, সবাকার আগে ধায়, ফেরাইল দেলাসা দেলায়ে॥ মছলত করিয়া দেলে, ডাহিন তরফে চলে, থোড়া এয়ছা তফাতে যাইয়ে * লস্করে কহিল বির, নেকাল কামান তির, কাবুলিকে মারহ ফোকিয়া॥ শুনিয়া লস্করগণ, করে তির বিরসন, কাবুলিকে

নেসান করিয়া * পানির মেছাল ছাড়ে, ঝাক ঝাক গিরে পড়ে, রাশি রাশি কাতারে কাতার ॥ কাবুলি ফাফরে গেরে, হেকমত না কাম করে, জান দেয় হালাতে লাচার * কোশেস করিল কত, যারা বাড়ে হয় হত, খামসিল দেখিয়া বিপাক ॥ সামতক বরাবরে, মারে তির এ প্রকারে, ময়দান করিয়া দিল ফাক * আফজালের দেলে শঙ্কা, বাজায় বাহুড়ি ডঙ্কা, মওকুফ হইল লড়াই ॥ দুদলে লস্কর ফেরে, পৌছিল যেযার ডেরে, গিনসাহা কহিল এয়ছাই * সোনহ হারুন কহি, হেকমত করিয়া ছহি, আজি বড়া বাচিলে ময়দানে ॥ লড়াই করিলে যেয়ছা.কেহ না পারিবে এয়ছা.বড়া বড়া বাহাদুরগনে* কিন্তু কাল না খাটিবে,কাবুলী ফেকেরে রবে, আগে হতে হইয়া হুসিয়ার ॥ বহুত হুসিয়ার তুমি, তোমার ভরসা আমি, রাখি খুব হইয়া কারার * তেরা এয়ছা ওফাদার, কেবা মেরা আছে আর, ছহি তেরা সাবাস ইমান ॥ দেলে জানে হৈয়ারত, মেহনত ওঠায়ে কত, ঢোড় মেরা নেকুই সন্ধান * হারুন কহেন সাহা, আমি কি পারিব তাহা, সুধিবারে এহছানের ধার ॥ জান বাচাইয়া মোরে, দানাই দিয়াছ ফিরে, তেরা এয়ছা সাহেব কাহার * এলাহি তোমার তরে, হায়াত দারাজ করে, কায়েম রাখেন তাজমাল ॥ যাবত জেন্দেগি মেরা, খেদমত গারের পারা, গোলামিতে রহিব বাহাল * গিন সাহা কহে হেন, এলাহি রাখেন যেন, ছাবুদ ইমান বরাবর ॥ ছহি ছালামতে খোদা, বাঁচায়ে রাখেন সদা, তুমি বটে মেরা ওফাদার * মছলত কহত ভাই, কিরূপেতে ফতেপাই, কালজঙ্গে কাবুলির সাতে ॥ শুনিয়া হারুন কহে, আন্দেসা কি আছে তাহে, রাত হানা দিব আজি রাতে * রাজি থাকে ছোবহানে, আলবত্তা কাবুলীগনে, রাত বিচে তোমার খাদেম ॥ মেলাইবে খাকেখুনে, কাবুল লইব জিনে, বিরচিল মহাম্মদ হাতেম *

* খোরছানি কাবুলকে রাত হানা দেয় ও মহিমে ফতে করিবার বয়ান *

পয়ার * আসিয়া পওছিল যবে রাত দুপহর ॥ তৈয়ার হইল যত খোর ছানি লস্কর * কেকাবুল ডেরা হইতে ময়দানের

দিকে ॥ গাফেল কাবুলি লোক খবর না রাখে * খেয়ে পিয়ে নিন্দ যায় হৈয়া অচেতন ॥ হেনকালে আচানক পওঁছিস দুসমন * চারি তরফেতে ঘিরে লইল ক্ষিমার ॥ ঘুসিয়া তাম্বুর বিচে দিল মহামার * বেদাওয়ে বাবুলী লোগ মরিতে লাগিল ॥ যে-যেথা আছিল ঠায় পড়িয়া রহিল * জান নেকালিয়া গেল জুদা হইল ছের ॥ কেয়ামত তক খাড়া না হইল ফের * যাগিল কাবুলি লোগ ওঠে চমকিয়া ॥ উঠিয়া হইল খাড়া তলওার লইয়া * নেকালিল তাম্বু হইতে করে সোরসার ॥ কে আছ গাফেল নিন্দে হও হুসিয়ার * যাহারা বাহোস ছিল নেকালে বাহির ॥ চারি দিগে ফেরে কেহ হইয়া অস্থির * কেহ হাতাড়িয়া ফিরে না পায় হাতীয়ার ॥ খালি হাতে কেহ কেহ বলে মার মার * আন্ধারেতে কেহ কারে না পায় দেখিতে ॥ আপসেতে কাটাকাটী লাগিল করিতে * হারুন এমন কালে মছলত আটিয়া ॥ আপনার লোগজন তামাম লইয়া * চুপি চুপি ময়দানেতে হইল বাহির ॥ তাকিয়া কাবুলি দিগে খেচে মারে তির * কাবুলি ধাধায় গিরে ছুটিতে লাগিল ॥ আপসে আনাসে তেগ মারিয়া চলিল * ডাকা ডাকি হাকা হাকি হৈল সোর সার ॥ যেযারে সুমুখে পায় মারে তলওার * হুড়াহুড়ি জড়াজড়ি পড়িয়া জমিনে ॥ মারা গেল কত জন চাপানে রাওদানে * কেহবা ঘায়েল হইয়া জমিনেতে লোটে ॥ কাহারে মারিয়া কেহ পলাইল ছুটে * কেহ দিগে দিগে ভাগে জান বাচাইয়া ॥ কেহবা ক্ষিমার বিচে রহিল ছাপিয়া * কেহ বা খন্দকে ঘোসে দেলে পেয়ে তাপ ॥ কেহ বলে আমারে মেরোনা মোর বাপ * কেহ বা খওফে গেয়ে হইয়া বেতাব ॥ ধমকে করিল কেহ কাপড়ে পেসাব * ছাপায় ওজুদ কেহ লাস চাপা দিয়া ॥ কেহ কারে ছেড়ে দিল চিনিতে পারিয়া * ইলয়াছ আফজাল সাহা হাসেম সর্দ্দার ॥ গাফেল হইয়া ছিল খেয়ালে নিদ্রার * আচানক সোর সার আওয়াজ শুনিয়া ॥ খোমারি ছুটিয়া গেল ওঠে চমকিয়া * সেতাবি তলওয়ার লিয়া বাহিরে নেকালে ॥ কাহারে করিবে চোট ঠিকানা না মেলে *

আপনা লোগে কাটিয়া গেরায় * ছাপিয়া খোরছানি লোগ দাও ঠাহরিয়া॥ ঝাকে ঝাকে মারে তির তফাত থাকিয়া * দশ বিস গিরে যায় এক এক তিরে॥ বুকে পেটে সাম্ধাইয়া নেকালে বাহিরে * কাবুলির ওজুদ ঝাঞ্জেরা করে দিল॥ বেসুমার বেহেছাব জান মারা গেল * রাশি রাশি গাদা গাদা জমা হইল লাস॥ হাসেম আফজাল সাহা সর্দ্দার ইলয়াছ * বেতাব হইয়া গেল জখমের চোটে॥ অবস হইল অঙ্গ জমিনেতে লোটে * তাব না হইল আর হৈতে নারে খাড়া॥ তাহাতে আধার রাত ছেফাইর ঘোড়া * না দেখিয়া রাওদাইয়া দিল পাওতলে॥ ইলয়াছের হাড় গোস্ত চুর্ণ করে ডালে * ইলয়াছ পড়িল মারা নেকালিল জান॥ হেনকালে রাত গিয়া হইল বেহান * দেখিল কাবুলি লোগ করিয়া নজর॥ ময়দান উপরে খাড়া খোরছানি লস্কর * নেসান করিয়া তির মারে ঝাকে ঝাকে॥ গোস্বায় আফজাল সাহা কহিলেন হেকে * সোন ওরে দাগাদার খোরছানি বেহায়া॥ দাগা দিয়া মেরা লোগে ডালিলি মারিয়া * দাগ চড়াইলে মেরা কলেজার বিচে॥ খোদা চাহে লিব এবে তলওয়ারের নিচে * এতেক কহিয়া সাহা লইয়া লস্কর॥ মার মার হেকে ধায় কাবুলি উপর * লেকিন হরগেজ নারে বাড়িতে নজদিকে॥ খোরছানি খেচিয়া তির মারে ঝাকে ঝাকে * পানির মেছালে তির লাগিল ফেকিতে॥ আজেজ কাবুলি লোগ লাগিল মরিতে * আপনা লস্করে কহে হারুন আফগান॥ একজনা কাবুলিকে না দেও আমান * যত পার তির চাল খুব কোশেসেতে॥ ঘড়ি বিচে আমাদের হইবেক ফতে * ঝাকে ঝাকে তির গেরে আফগানের গায়॥ তির পানে নামদার ফিরিয়া না চায় * হেম্মত করিয়া সাহা বাড়িল আগেতে॥ ঘুসিলেক খোরছানির দলের বিচেতে * দফা দফা কাতার কাতার করে ছাপ॥ মারে তেগ বেদেরেগ দেলে যাগে তাপ * দেখা দেখি কাবুল লস্কর যত দিল॥ খোরছানির আগে গিয়া চড়াই করিল * সামনা সামনি জঙ্গ হৈল নমুদার॥ দুইদলে তেগলিয়া দিল

লোগ আছিল জখম * হালাক:হইয়া গেল ঘোড়া লড়াইতে॥ কাবু পেয়ে খোরাছানি লাগিল কাটিতে * কাতার কাতার কেটে করে খান খান॥ তুড়িয়া চলিল যেন কলার বাগান * তামাম মারিয়া ডালে কাবুলি সওয়ার॥ আফজালের আগে গিয়া হারুন সর্দ্দার * খেচিয়া মারিল তেগ ছের তাকাইয়া॥ ছেরধড় গেরে নিচে দুখান হইয়া * মাতম পড়িয়া গেল কাবুলির দলে॥ ভাগিতে করিল শুরু বেছির বেহালে * ময়দান হইতে ভাগে জান বাচাইয়া॥ পিছেতে খোরছানি লোগ চলে খেদাড়িয়া * গজনি সিমানা হইতে করে দিল পার॥ আখেরে ফিরিয়া আইল ময়দান মাঝার * লুটে লিল যত ছিল আছবাব মাল॥ বাটোরা করিয়া লিল হইয়া খোসাল * বাজাইয়া সাদিয়ানা ফতের নেসান॥ পওছিল সহরে গিয়া হারুন আফগান * গিন সাহা জনে জনে দিলেক খেলাত॥ টুটা ফাটা কয়েক ছওয়ার লিয়া সাত * ভাগিয়া কাবুল বিচে পওছিল হাসেম॥ ছহি তওয়ারিখ রচে মহাম্মদ হাতেম *

---

* সাহাজাদ ছওগাত কোয়েটা জঙ্গলে সেকারে যাইতে এরাদা করে ও কয়েস গজনির ষড়যন্ত্র *

পয়ার * মরিল কাবুল সাহা খোরছানির হাতে॥ হাসেম ভাগিয়া গেল কাবুল দেসেতে * তামাম কাবুলি কান্দে সোগেতে বাদসার॥ হায় হায় এয়ছা সাহা না হইবে আর * এতদিন ছিনু সুখে করিতে গোজরান॥ কোন বাতে কভু না হইনু পেরেসান * বাপ হেন যার কাছে পাইনু পেয়ার॥ এতিম করিয়া তিনি গেল এইবার * হায় হায় কি করিলে এলাহি আলমিন॥ কোথা ছিল নামাকুল আলপ্তগিন * গিরিব এমন হালে কভু নাহি জানি॥ কমিনা হারুন হইতে ঘটে এতখানি * বেওফা জালেম এয়ছা যদি রাখে মনে॥ সাতায় পরের তরে আপনা খান্দানে *

করিব নিপাত ॥ তৈয়ার হইয়া মোরা থাকি এস সবে ॥ কাবুল দখলে যবে খোরছানি আসিবে * দেলে জানে মোরা সবে করিব লড়াই ॥ যে ফেকেরে আফজালের দাদ লেওয়া চাই * রহিল সকলে এয়ছা মছলেহাত করে ॥ এখানে আলপ্তগিন গজনি সহরে * হারুন সর্দ্দারে ডেকে কহিল এয়ছাই ॥ সুপিনু কাবুল দেসে তোমাকে বদসাই * তোমাকে লাজেম মেলে কাবুবের তাজ মেরা কানুনের মতে চালাইবে কাজ * লস্কর ছেফাই লেহ সঙ্গে আপনার ॥ আছবাব ছামানা চাহি যাকিছু দরকার * আগামি ফজরে যাও হইয়া রওানা ॥ শুনিয়া হারুন কহে সোন আলপ্পানা * কারার করেছি আমি কছম করিয়া ॥ জিতা জানে যতদিন রহিব বাচিয়া * আপে আর সওগাতে বিবি সরিফায় ॥ ছাড়িয়া না-জাব কোথা জান যদি যায় * খেদ মতে বাহাল রব যেমতে গোলামে * কদমের ধুল হইয়া রহিব কদমে * কোন মনাছেবে সাহা আমারে বাতাও ॥ গোনাগার মোর তরে বানাইতে চাও * কি কছুর পাইলে সাহা কহো দেখি শুনি ॥ গোলামে কদম ছাড়া করিবে আপনি * বাদসাহি দওলতে মেরা কি লাগবে কাজ ॥ পাই যদি হামেসাতে তোমার নেওয়াজ * ছার সাহি মেলে যদি তামাম জাহান ॥ এহা হইতে খুস না হইবে মেরা জান * সাহি তাজ হইতে তেরা খেদমত্ত মাকুল ॥ হরগেজ হরগেজ আমি না যাব কাবুল * দোছরা কাহার তরে ভেজহ কেথায় ॥ শুনিয়া কহিল সাহা তোমার ছেওয়ায় * দোছরা কাহার তরে না হয় পছন্দ ॥ গাজি বক্তেয়ার বটে আছে হোস মন্দ * তবে সাহা বক্তেয়ারে করিল ফরমান ॥ তৈয়ার করিয়া ছিল আছবাব ছামান * চাল্লিস হাজার লোগ ছিল তাবেদার ॥ কয়েস গজনি তার সাহেব সর্দ্দার * কয়েস এয়াদ করে আপনার খেদ ॥ লইল হুকুম নামা করে খুব জেদ * ফেকেরে ঠাহরে দেলে এই ফোরছতে ॥ খলল ডালিয়া দিব খোরছানির জাতে * মিলে কাবুলির সাতে এক্তে ফাক হইয়া ॥ লইব বাপের দাদ দুসমনে মারিয়া * তাহার

দিন * মাজুল ছেক্ষাই যত কয়েস গজনি॥ গাজিগিন বক্তেয়ার আছিল আপনি * বাদসাকে ছালাম করে রোকছত লইয়া॥ নেকলে কাবুল রহে গজনি থাকিয়া * মঞ্জেল মঞ্জেল যায় বে আন্দেসা মনে॥ কাবুলের নজদিগে পওছিল কত দিনে * থোড়া এয়ছা বাকি যবে যাইতে কাবুলে॥ কয়েস মছলত করে আপনার দেলে * পুশিদা ভেজিল খত হাসেম সর্দ্দারে॥ সোনহ হাসেম মর্দ্দ রহ খবরদারে * যদি তেরা থাকে কোন দেলের এরাদা॥ এখন খামস থাক রাখহ পুসিদা * গাজি বক্তেয়ার যায় বসিবারে তক্তে॥ হঠাত আটক কেহ না কর তাহাতে * বে আন্দেসা হইয়া থাক শুনে মোর বাত॥ রাখি আমি আদাওতি খোরছানির সাত * কয়েস আমার নাম বেটা মইনের॥ খোরছানি মারিল মেরা বাপের খাতের * যাগে মেরা দেল বিচে সোগের আগুন॥ আলবত্তা লইব দাদ মারিয়া দুসমন * লেকিন ফোরছত তুরে চাহি এন্তেজার॥ আগে আমি পওছি গিয়া কাবুল মাঝার * বুঝিয়া মছলত কাম করা যাবে শেষে॥ সেতাবি খারাবি কাম সহজেতে ফাসে * এয়ছাই লিখিয়া খত আপনার লোগে॥ পুসিদা ভেজিয়া দিল হাসেমের আগে * হাসেম পড়িয়া খত ওয়াকেফ হইল॥ কয়েছের মছলেহাত পছন্দ করিল * পুসিদা দেলের বাত দেলেতে চাপিয়া॥ নামি নামি লোগজন সঙ্গেতে লইয়া * আগু বাড়াইয়া আনে গাজি বক্তেয়ারে॥ তাজিমে বসায় লিয়া তক্তের উপরে * জাহেরা খাতের সাতে আপনি হাসেম॥ হুজুরে হইল রুজু যেমন খাদেম * আদাব মোর্ত্তবা দিল লায়েকের বেসা॥ দেখিয়া শুনিয়া বড়া বক্তেয়ার খুসি * বুঝিল বহুত ওফা কাবুলির জাতি॥ না জানে বোগজ কিনাগোশা আদাওতি * নেওয়াজিয়া সবাকারে লিল পাহালওান॥ হাসেমে তামাম কামে কৈল নেঘাবান * কয়েসে সর্দ্দারি দিল লস্করের মাজ॥ আপনি আদল করে ছেরে দিয়া তাজ * সিক্কা জারি করিল নামেতে সাহা গিন॥ জারি কৈল খোরাছানির বেরাজ আইন * খোরছানির দোহাই ফিরিল ঘরে

আগে ভেজিল গজলি ॥ লিখিল তাহার বিচে মজমুন এমনি * সোন সাহা নামদার তায্যবের বাত ॥ ফছাদ না কৈল কিছু কাবুলির জাত * তাবেদারি স্বিকার করিল জনে জনে ॥ আমার হুকুম সবে লইয়াছে মেনে * পাইয়া আলপ্তগিন এই সমাচার ॥ হইল বহুত খোস দেলের মাঝার * বে আন্দেসা হইলেন কাবুল হইতে ॥ বার সাল গোজারিল তাহার বাদেতে ॥ এর বিচে কাবুলি ফোরছত নাহি পায় ॥ তেকারনে খামসিয়া রহিল সবায় * আজিম ফোরছত এক পওছিল হঠাত ॥ দিনে দিনে বাড়ে লাড়কা সাহাজাদা সওগাত * জওান হইয়া গেল এর দরমিয়ানে ॥ বহুত নেঘায় তারে আলপ্তগিনে * লালন পালন করে পেয়ারে মোদাম ॥ সেখাইল ফন্দ বন্দ মহিমের কাম * সেখায় এলেম বিদ্যা আটচল্লিস ভাষা ॥ ছুরত জামাল দেখে ছুটে যায় দিসা * সকল কামেতে মর্দ্দ হইল তালিম ॥ এলেম দানেস মন্দ হেকমতে আজিম * জোরোওার নওবাহার ছুরত জওয়ান ॥ হয়বত তামাম লোগ দেখে তার সান * চেয়েনে বেড়ায় লাড়কা সদা হাসি খুসি ॥ হারুনের সঙ্গে দুস্তি জান হইতে বেসি * এক জান দুই তন দোহে দোহাকার ॥ এক ঘড়ি ছাড়াছাড়ি না হয় জেনহার * এক সাতে খাওা পেওা এক সাতে ফেরে ॥ সর্ব্বদা মসগুল রহে ছায়েরে সেকারে * এক রোজ বাতে বাতে হারুন সর্দ্দার ॥ কোয়াটার হাল কহে আগে সাহজাদার * যেরূপে কোয়েটা তার আছিল বারাম ॥ করিত ডাকাতি লুট রাহাজানি কাম * যেরূপে সরিফা বিবি লইয়া ছওগাতে ॥ বেহালে হাজের হইল এসে কোয়েটাতে * যেরূপে বিপাকে তারে ডালিল হারুন ॥ এরাদা করিল কাম করিতে জবুন * যেরূপে আলপ্তগিন হইয়া হাজের ॥ জোরে পাছাড়িয়া লিল তাহার খাতের * যেরূপে বাচায় জান আজিজি করিতে যেরূপে তাহার দিসা ঘোমে সেই হইতে * শুনিয়া তামাম হাল সাহজাদা ছওগাত ॥ হাজের হইল গিয়া মায়ের সাক্ষাত * পুছিতে তামাম হাল কহিল সরিফা ॥ সওগাত বুঝিল দেলে

মেরা তরে কোন কিছু মালুম না আছে * আমার খোজোর্গো গণ এয়ছা জুলু মেতে॥ বেতকছিরে মারা গেল জালেমের হাতে * এয়ছা মছিবত মেরা পাইল আম্মা জান॥ করিল আলপ্তগিন এমন এহছান * এমন বদবক্ত আমি জাহানের মাজ॥ এয়ছা জুলুমের দিতে না পারি এলাজ * না আছে দওলত মেরা লস্কর ছেফাই॥ কোথায় এমন বুতা করিব লড়াই * কোথায় হেম্মত মেরা ফোরছত কোথায়॥ এমন জেন্দেগি যার লান্নত তাহায় * এয়াদেও এই বাত ফেটে যায় বুক॥ কানেতে শুনিতে পাই নাহি স্বরে মুখ * ছাবুদ ওজুদ এয়ছা না আছে কুয়ত॥ দেলেতে এরাদা যাগে না আসে হেম্মত * ভাবিতে ভাবিতে মর্দ্দ হইল পেরেসান॥ বেচেয়েন হইয়া গেল বেকারার জান * কিছু নাহি ভাল লাগে বেকাছি হালাত॥ হুতাস ছাড়িয়া বসে ভাবে দিন রাত * খাওা পেওা তেগ দিয়া সর্ব্বদা ফিকির॥ কিরূপে করিব কাম এহার তদবির * সাহজাদার দেলে যাহা হারুন বুঝিল॥ বহুত তছল্লি দিয়া বুঝায়ে কহিল * নানা বাহানাতে দেল ফেরাইল তার॥ চল মোরা যাই ভাই করিতে সেকার * এই বাত মঞ্জুর করিল সাহাজাদা॥ কহিল জঙ্গলে কোন যাইবে এরাদা * কোয়েটা যাইতে মেরা হইল খায়েস॥ যেথা আজরাইল হাতে করিয়া কোসেস * বাঁচাইলে তুমি মেরা জেন্দেগির ওফা॥ যেথা মেরা আম্মাজান তাপিনী সরিফা * জুলুমে গিরিল ফের পাইল আছানি॥ দেখিব সে কোয়েটার কেমন নেসানি * কোয়েটা আমার এমতেহান জেন্দেগির॥ গোজরান করিনু সেথা ওক্তে লাড়কাইর * চল ভাই কোয়েটা দেখিব একবার॥ পৌছিল যাইয়া দোহে হুজুরে বাদসার * কহিল হুকুম দেহ বাদসা আলম্পানা॥ সেকার করিতে মোরা যাব দুই জনা * কোয়েটা জঙ্গলে সিমানায় কান্দাহার॥ সেকারি জানওার সেথা আছে বেসোমার * সেকার করিতে মোরা যাইব সেখানে॥ শুনিয়া কহিল বাদসা কিবা বোঝ মনে * বেগানা সরহদ্দে যাবে

করিতে সেকার ॥ আগে এজাজত নামা লেওয়া চাহি তার * বিনা এজাজত কাম বহুত আয়েব ॥ হতে পারে হবে কোন ফছাদ গালেব * এহা ছেওয়া কান্দাহারি আহছান সর্দ্দার ॥ আদাওতি চলে মেরা সঙ্গেতে তাহার * জানে সে আমার তরে হকিকি দুসমন ॥ কাবুতে পাইলে নাহি ছাড়িবে কখন * আলবত্তা তকলিফ দিবে তোমা দোহাকায় ॥ না কর খেয়াল এয়ছা যাবে কোয়েটায় * শুনিয়া ছওগাত কহে দোওয়া কর আপ ॥ বিপাকে ডালিতে মোরে পারে কার বাপ * মেহের বান জোল্লেসান মদদ রব্বানি ॥ ফিরিব কোয়েটা হইতে বেগর নোকছানি * গিন সাহা বারে বারে মানা কৈল কত ॥ জেদ্দ করে ছওগাত বিদায় চাহে তত * আখেরে কহিল বাদসা হইয়া লাচার ॥ একান্ত খায়েস যদি কি করিব আর * বিদায় মাঙ্গহ তেরা মায়ের হুজুর ॥ তিনি যদি এই বাতকরেন মঞ্জুর * আমার মানাহি তবে কিবা আছে তায় ॥ খোসাল ছওগাত মর্দ্দ অন্দ-রেতে যায় * ছালাম করিয়া খাড়া সরিফার কাছে ॥ পেয়ার করিয়া বিবি সাজাদায় পোছে * কহ বেটা কিবা চাহ কি তেরা দরকার ॥ ছওগাত কহিল আম্মা আরোজ আমার * কোয়েটা সেকারে যাব হারুনের সাতে ॥ বাদসার হুকুম লিয়া আইনু হুজুরেতে * আপনার হুকুমের আছি এন্তেজারে ॥ বিদায় দেহ না মাগো খোসাল খাতেরে * শুনিয়া সরিফা বিবি কোয়েটার নাম ॥ কহিল হরগেজ মুখে না আন কালাম * কলেজা কাপিয়া ওঠে শুনিলে কোয়েটা ॥ এয়ছা মোস্কেলের যাগাকোথা আর বেটা * তোমারে খবর নাই মালুম না আছে ॥ সর্ব্বদা দুসমন তেরা ঘোমে পিছে পিছে * সহর ছাড়িলে তুমি পাবে কাবুতল ॥ আলবত্তা ডালিবে কোন মোস্কেল খলল * ছওগাত কহিল মাগো কিবা আছে ডর ॥ বাগ ভালসের গেটা সিংহ অজাগর * হউক দুসমন কোন পাহাড় সমান ॥ করিতে নারিবে জাররা আমার লোকছান * মোস্কেল গালেব কোন হয় জবরদস্ত ॥ খোদার করমে আমি করে দিব পস্ত * দোওয়া কর আম্মাজান

লাচারে সরিফা বিবি করিল ফরমান॥ তৈয়ার করিল তবে সেকারি ছামান* ফান্দ কামান্দ জাল পিঞ্জেরা জিঞ্জির॥ রাসি রাসি ফাসি রসি কাঁড় ঠিয়া তির * সেকারি বহুরি বাজ পরেন্দা সেকারি॥ পোষা চিতা পোষা হাতি কুক্কট কুকুরি * নেঘাবান সেকারিয়া বাবুরচি গোলাম॥ তৈয়ার করিল যাহা দরকার তামাম * সহরের বিচে হইল জাহের এবাত॥ সেকার করিতে যায় সাহজাদা ছওগাত * কান্দাহার সিমানায় জঙ্গলে কোয়েটা॥ খায়েস করিয়া কত ওমরাহের বেটা * তৈয়ার হইল যেতে সাহজাদার সাত॥ কাবুলে হাসেম আগে পওছিল এবাত * মিলিয়া দুসমন সাতে কয়েস গজনি॥ মছলত ফেকের আটে হাসেম আফগানি * দাঁও মিলিয়াছে বড়া এই ফোরছতে॥ কোনরূপে পাকাড়ব হারুন দুপলাতে * বহুত মছলত করে পছন্দ ঠাহরে॥ লিখিল পয়গাম এক আহছান সাহারে * শোনহ আহছান সাহা মালুম তোমায়॥ খোরছানি মারিয়া ডালে আফজাল সাহায় * দখল করিয়া লিল গজান কাবুল॥ পুত্ত তার কমিনা হারুন নামাকুল * বাচিয়া এতেক মোরা বাদসার খাদেম॥ কোনরূপে দাদ তার লইতে লাজেম * কয়েস গজনি নামে বেটা মইনের॥ মোস্তায়েদ দাদলিতে আপনা বাপের * জাহেরা মিসিয়া আছে খোরছানির সাত॥ পুসিদা লস্কর গনে করিয়াছে হাত * হুমাউন সাহার ভাই ফেরাউন নাম॥ হাসেম আফগানি আমি কাবুলে মোকাম * কাবুলি লস্কর যত মেরা হাত পরে॥ এত লোগ আছি মোরা তেরা এস্তে জারে * তোমার মদদ বিনা না হইবে কাম॥ সবে মিলে খোরছানিকে করিব তামাম * বহুত ফোরছত সাহা আইল সামনে॥ সেকার করিতে যায় ছওগাত হারুনে * তেরা সিমানার বিচে কোয়েটা জঙ্গলে॥ থোড়াই লস্কর লোগ সাথে সাথে চলে * লইতে বাদসার দাদ চাহে তেরা মন॥ আত সেতাবির সাতে লিয়া লোগজন * পুসিদা ছাপায়ে রহ জঙ্গল কেনারে॥ পৌছিবে খোরছানি যবে জঙ্গল মাঝারে * ঘিরিয়া লস্কর গনে মারিয়া

আলপ্তগিন পেয়ে এ খবর ॥ হাজের হইবে গিয়া তোমার সহর * খালাছিতে দোহাকারে তুঝে ছাজা দিতে ॥ নেকালিবে ফাকা রেখে গজনি হইতে * তাহাতে যেয়াদা দাও করহ খেয়াল ॥ ডালিব খোরছানি পরে অতি বুরাহাল * কাবুল গজনি ফের লিব ছেনাইয়া ॥ কান্দাহারে তেরা সাত মিলিম যাইয়া * এত্তেফাক হইয়া সবে লড়াই করিব ॥ খোরছানির নাম ও নেসান মিটাইব * এয়ছাই হাসেম লিখে লিখন পয়গাম ॥ চালাক কাছেদ এক অতি তেজগাম * পুসিদা মাঙ্গায়ে তারে করিয়া হুসিয়ার ॥ ভেজে দিল আহছানের আছে কান্দাহার * কতদিনে কান্দাহারে পৌছিল কাছেদ ॥ আহছান মালুম কৈল পড়ে সব ভেদ * জওয়াব লিখিয়া দিল কাছেদের হাতে ॥ আলবত্তা করিব কাম তেরা হুকুমেতে * তুমিও তৈয়ার থাক না হও গাফেল ॥ হেলায় দোহার পরে গিরবে মোস্কেল * জওয়াব পাইয়া খুসি হইয়া হাসেম ॥ ছহি তওয়ারিখ রচে মহাম্মদ হাতেম *

---

* কোয়েটার রাহে সাহাজাদা ছওগাত খাব দেখিবার বয়ান *

ত্রিপদী * সেকার ছামানা আদি, তৈয়ার হইল যদি, ছওগাত হারুন দুইজনে ॥ বাদসার আগেতে গিয়া, রওয়ানা রোকছত লিয়া, পৌছিলেন সরিফা যেখানে * কহিল সরিফা বিবি, এলাহি করেন খুবি, তার হাতে দিনু আমানত ॥ আপনা করমে রবে, মোস্কেলে বাঁচায়ে লিবে, ফিরাইয়া আনে ছালামত * হারুনের তরে কহে, তোমাকে দরকার নহে, কহিবারে হুসিয়ারি বাত ॥ ওফাদারি হইতে তেরা, বহুত ভরসা মেরা, ছওগাতে হাওয়ালা লেহ সাত * করিবেক নেঘাবানি, নাহি পওছে পেরেসানি, হেফাজতে রাখিবে সদায় ॥ শুনিয়া হারুন বলে, আন্দেসা নাকর দেলে, বার রেখে কহিনু খোদায় * গরজ ফরজ মেরা, তোমার খেদমত করা, নেঘাবানে ছওগাতের সাত ॥

ফিরিবে ছওগাত * সাহজাদি দোওয়া করে, এয়ছা তুঝে বরাবরে, রাখে খোদা ছাবুদ ইমান * যাহ বাবা এস ফিরে, খুসিতে সেকার করে, ফিরিয়া আসিবে আরবার॥ দের যদি কর সেথা, আমার খাইবে মাথা, রাহা তেকে রব এন্তেজার * নেকালিল দুইজনে, লইয়া খাদেম গনে, ছামানা আছবাব সেকারিয়া॥ অতি খোসালিত দেলে, কোয়েটা তরফে চলে, মঞ্জেল মঞ্জেল নেকালিয়া * চৌথা মঞ্জেল যবে, নেকালিয়া গেল সবে, এক রোজ ওতারিয়া ডেরা॥ রহে সবে একস্থানে, খেয়ে পিয়ে খুসি মনে, আরাম করিল লোগছারা * হারুন ও ছওগাত দোহে, এক ডেরা বিচে রহে, নিন্দ যায় বেখবর হৈয়া॥ ছওগাত নিন্দের ঘোরে, খাব দেখে এ প্রকারে, এক মর্দ্দ পওছিল আসিয়া * মোটা তাজা উচাকায়, খুন সুদ্ধা জামা গায়, রূপ যেন চাঁদ পুর্ণিমার॥ ছওগাতের কাছে এসে, ছেরানার ধারে বসে, ছেরে মুখে বোছাদিল তার * অজুদে ফেরায়ে হাত, কহিতে লাগিল বাত, ছওগাত হও খবরদার॥ আপনা ভালাই চাহ, হেথা হইতে ফিরে যাহ, হরগেজ না যাও কান্দাহার * যদি নাহি বাত মান, দুহিবর হক জেনো, জানে বাঁচা হবে তুঝে দায়॥ শুনিয়া ছওগাত কহে, মানাহি করিছ কাহে, কেবা আপে কহনা আমায় * শুনিয়া জওয়ান কহে, এখন জরুর নহে, ফের তুঝে দিব মোলাকাত॥ কেবল যানহ থোড়া, তোমার এগানা বড়া, জেন্দা নাহি পাইনু ওফাত * ফিরে যাও ঘরে চলে, জওান এতেক বলে, গায়েব হইয়া গেল ঠায়॥ ছওগাত চমকিয়া ওঠে, নিন্দ তার গেল ছুটে, তাকিয়া দেখিল ছোরানায় * দেখিল না আছে কেহ, খোসবোএ মগজ মোহ, নেকালিছে ছেরানা হইতে॥ হইল মর্দ্দ পেরেসান, বেকারার হইল জান, এবে কেয়ছা না পারি বুঝিতে * কয়ে দেলে তোলা পাড়া, দহসত হইল থোড়া, ঘুম না ধরিল আখে আর॥ যাগিয়া পোহাল রাত, ফজরে হারুন সান, কহিলেন রাতের খবর * দেখিনু এমন খাব, জান বেকারার ভাব, সেকারেতে দেল নাহি চায়॥

যায় * গাফেল হইলে লোকে, খোদারে দেখিয়া থাকে, যাহা ভাবে তার আলামত ॥ খওফ না আন দেলে, খোদা পোস্ত হয় হালে, আলবত্তা করিবে মদত * হারুন এতেক বলে, খাদেম লস্কর দলে, ফরমাইল ওঠাইতে ডেরা ॥ হুকুম মাফিক তবে, ডেরা ওঠাইয়া সবে, আগুদিগে করিল পায়তারা * এয়ছা কতদূর যায়, এক বিয়াবান পায়, ছামনে জঙ্গল এক আছে ॥ ছওগাত হারুনে বলে, খায়েস হইল দেলে, কোয়েটা জঙ্গলে যাব পিছে * আগে এ জঙ্গলে ঘুসে, সেকার করিব খোসে, রাজি হইল হারুন সর্দ্দার ॥ ডেরা তাম্বু ওতারিল, সেকারি আছবাব লিল, ঘোসে সবে জঙ্গল মাঝার * ছওগাত আগেতে যায়, পিছেতে হারুন ধায়, পিছে যত খাদেম সেকারি ॥ তির কাড় বগলেতে, লাঙ্গা তলওার হাতে, জঙ্গলে বেড়িল সারি সারি * ছওগাত হুকুম করে, ঘিরে লেহ তিন ধারে, ফাক রাখ এক তরফেতে * শুনিয়া খাদেম লোগে, বেড়োলিল তিন দিগে, ফাকা মুখে ছওগাত হারুন ॥ মারে হাক দেয় তাড়া, বেড়ে আসে থোড়া থোড়া, যে যাহার হুসিয়ারে আপন * আছিল জানওার যত, তাড়া পেয়ে আবরত, দহসতে ছুটিতে লাগিল ॥ রাহা নাই ভাগিবার, ঘেরা আছে তিন ধার, ফাকা দিগে কুদিয়া চলিল * ছওগাত হারুন খাড়া, একে নাহি দিল ছাড়া, সেকার করিল বহুতর ॥ জিন্তা কত পাকড়িল, কতযা মারিয়া লিল, চেইনেতে খোসাল অন্তর * তাহা বাদে সবে মিলে, পওছে বিচ জঙ্গলে, ঘুমিতে লাগিল সারি সারি ॥ ওড়ায় বাছুরি বাজ, ছাড়িল জঙ্গল মাঝ, পোষা চিতা কুকুর সেকারি * পরেন্দা জানওার কত, হায়ওান হাজার শত, হারণ মহিষ কালসার ॥ নিলগায়া কস্তুরিকা, হস্তি চামর তরুক্ষা, বাগ ভাল সারদুল গাণ্ডার * চেয়েন দেলের খোসে, ক্রমেই ভিতরে ঘোসে, পৌছিলেন নিবিড় জঙ্গলে ॥ ছওগাত আচানকে, নজর করিয়া দেখে, সের এক কোদে দুম তুলে * এয়ছাই আজিম সের, তিন গুন মহিষের, মোটা তাজা অতি ভয়ঙ্কর ॥ বহুত লোগের তরে, ফাড়িয়া মারিল শেরে, সাহাজাদা দেলে পাইল ডর * লইয়া আল্লার নাম

কুদে ওঠে নেকনাম, তলওয়ার খুলিয়া লিল হাতে * পৌছিল বাঘের আগে, দেখে মুজি আইল বেগে, চাহে কি হামেলা করে তায় ॥ মারে মর্দ্দ তেগ খান, হইল মুজি দুই খান, দেখিয়া তাজ্যব সবাকায় * সাবাস সাবাস বলে, নাহি দেখি কোন কালে, মানুষ কুওত রাখে এত ॥ নাহি জানি খোদা পাকে, কত জোর দিল একে, দেখিয়া আকেল হইল হত * মহাম্মদ হাতেম কহে, এলাহি মেহের যাতে, কুওত কোথায় লাগে কাম ॥ মসা হইয়া হাতি মারে, বাওনে আছমান ধরে, লোহার সোনার ল্লোটে দাম *

---

* দোছরা রোজের খাব *

পয়ার * কহিলেন সাহাজাদা খাদেম সবারে ॥ চল এবে ফিরে যাই ডেরার মাঝারে * শুনিয়া তামাম লোগ আইল ফিরিয়া ॥ কেনারা জঙ্গলে যবে পৌছিল আসিয়া * সাহজাদা দেখিলেন তাজ্যব এয়ছাই ॥ হরিণি কুদিয়া এক আসে ধাওা ধাই * ছওগাতের নিকটেতে হইয়া হাজির ॥ সোর সারাবত করে ওঠাইয়া ছির * জামিনে লুটিয়া ফের ছওগাতের পায় ॥ মুখ মলে ছের মলে গাড়াগড়ি যায় * ছল ছল চেয়ে রহে চক্ষে ঝরে পানি ॥ কভু লোটে কভু ওঠে কভু কাতরানি * হরিণের বাচ্ছা এক ছিল পিঞ্জরায় ॥ কখন তাহার আগে কুদে কুদে যায় * কখন চিত্তকার করে কভু ঠোকে মাথা ॥ সাহাজাদা দেখে এয়ছা দেলে পাইল ব্যথা * হারুনে কহিল ভাই কেমন মাজেরা ॥ কাহেক হরিণ মাদি করে এয়ছা ধারা * শুনিয়া হারুন কহে কেয়াছে মালুম ॥ জুদাই সোগেতে এয়ছা করিছে মাতম * এই যে হরিণ বাচ্ছা পিঞ্জেরা মাঝার ॥ আলবত্তা হইতে পারে বাচ্ছা এহার * বুঝিয়া ছওগাত হইল কাতর বহুত ॥ হাওয়ানে এতেক রাখে দেরেগ মজবুত * তেজিয়া জানের ডর বাচ্ছার

দেলে পিঞ্জেরা থাকিয়া ॥ আপনি হরিণ বাচ্ছা দিলেক ছাড়িয়া *
খালাছ পাইয়া বাচ্ছা কুদিয়া উঠিল ॥ মায়ের পেটের তলে গিয়া
ছাপাইল * হরিণি পাইয়া বাচ্ছা জুড়াইল জ্বালা ॥ বাচ্ছার
ওজুদ চাটে ছের মুখ গলা * এসারায় ছওগাতে ছালাম করিয়া ॥
জঙ্গলে চলিয়া গেল বাচ্ছাকে লইয়া * ফিরিল সেকারি লোগ
ডেরার মাঝার ॥ জবেহ তদবির করে হালাল জানওার * পাকা-
ইয়া খোসালেতে খায় সবে মিলে ॥ খুসিতে গোজারে দিন
রাতের আমলে * যেযার তাম্বুর বিচে সেকারি তামাম ॥ নিন্দ
যায় বেখবর করিয়া আরাম * ছওগাত হারূণ তেয়ছা রহে এক
সাত ॥ নিন্দেতে খোওাব দেখে সাহজাদা ছওগাত * পৌছিল
আসিয়া সেই জওয়ান সুন্দর ॥ লহু মাখা জামা পরা ওজুদ
উপর * বসিলেক ছওগাতের ছোরানায় গিয়া ॥ ওজুদে ফেরায়
হাত ছেরে বোছা দিয়া * কহিতে লাগিল এয়ছা সোনহ
ছওগাত ॥ মানাহি করিনু আমি না শুনিলে বাত * কুমতি
ধরিল তোরে বুঝিনু আলবত্ত ॥ আপনি চুড়িতে চল আপনা
মওত * মুস্কিল নিকট তেরা নছিবের লেখা ॥ মালুম করিয়া
লিবে কোয়েটার দেখা * এখন আমার বাতে আনহ একিদা ॥
দুর কর কোয়েটার সেকার এরাদা * যাও বাবা ঘরে ফিরে
রাখ মোর বানি ॥ বহুত মেহের তুঝে এলাহি রব্বানি * হাও-
য়ান জানওার এক বাচ্ছা হরিনির ॥ রহম দেখালে যেয়ছা তাহার
খাতির * তাহার বদলা তুঝে পাক পরওার ॥ দিবে সাত
মুল্লুকের বাদসাই মাদার * হাসমতে ফিরিবে সাহি দব্দবার
সানে ॥ বোজোর্গের দাদ লিবে মারিয়া দুসমনে * এসারার
বাত কহি করহ খেয়াল ॥ তুমি এক হরিণির বাচ্ছার মেছাল *
হরিণ হরিণি তারে পালে হেফাজতে ॥ হঠাত সেকারি এক এসে
সেকারেতে * নরকে মারিয়া লিল মাদা পেরেসান ॥ ভাগিল
বাচ্ছাকে লিয়া বাঁচাইয়া জান * দোছরা জঙ্গলে গিয়া লইলেক
পানা ॥ লেকিন লাড়কার তরে সদায় ভাবনা * কি জানি
বাচ্ছাকে এসে সেকারি দোছরা ॥ পাকড়িয়া লিয়া যায় সোগে

সেকারির ফান্দে যায় হারাইতে জান * তাহাতে গাওয়ার কেবা দুনিয়া মাঝারে ॥ তোমার হালাত তেয়ছা জেনে লিবে পরে * জওয়ান গায়েব হইল এয়ছাই কহিয়া ॥ সাহাজাদা নিন্দ হইতে ওঠে চমকিয়া * আন্দেসা ফেকের করে দেলে আপ-নার ॥ না জানি কে করে মুঝে এয়ছা খবরদার * কি আছে ছেরেতে মেরা মোস্কেল গালেব ॥ তাহাকে মালুম জিনি আলেমল গায়েব * কি করি কোয়েটা যেতে না হয় হেম্মত ॥ পাইলেন সাহাজাদা দেলেতে দহসত * ফজরে উঠিয়া কহে হারুনের তরে ॥ চলহ ফিরিয়া যাই গজনি সহরে * কোয়েটা যাইতে মেরা নাহি আসে তাব ॥ আজি রাতে তেয়ছা ফের দেখিলাম খাব * শুনিয়া হারুন কহে সোন নামদার ॥ এমন আন্দেসা নহে লায়েক তোমার * কাহেক ঘাবরাও সাহা বান্ধহ হেম্মত ॥ খাবের তাবির উলটা হইবে আলবত্ত * কোনছা খলল তুঝে না হবে আছর ॥ বরং বদনাম হবে ফিরে গেলে ঘর * হাসিবে গজনি বাসি মারিবে তানাসা ॥ ছওগাত কোয়েটা হইতে করিয়া আন্দেসা * আধারাহা হইতে ফেরে এমন মর্দ্দমি ॥ বোঝহ সরম সাহা পাইবেক তুমি * ভার হবে লোগ মাঝে মুখ দেখাইতে ॥ এ হইতে লাজেম ছিল নাহিক আসিতে * জান যায় বেহতের সোন সাহাজাদা ॥ আলবত্তা কোয়েটা যাব যাহা করে খোদা * শুনিয়া ছওগাত কহে ছহি একালাম ॥ জান দিব সেহ ভালা নালিব বদনাম * গোজারিয়া যাবে যাহা লেখা নছিবের ॥ ওঠা-ইয়া লেহ তাম্বু নাহি সহে দের * ফরমান মাফিক ডেরা ওঠায় খাদেম ॥ রওানা হইল রাহে রচিল হাতেম *

---

* ছওগাত কোয়েটায় পৌছে ও আহছানের হাতে কয়েদ হয় *
* ও আলপ্তগিন খবর পাইয়া কান্দাহারে যায় *

পয়ার * ডেরা তাম্বু ওঠাইয়া সেকারির দলে ॥ মঞ্জেল

মঞ্জেল রাহে নেকালিয়া চলে * কতদিনে কোয়েটার নজদিগে
পওছিল ॥ জঙ্গলের কেনারাতে ডেরা ওতারিল * খানা পিনা
খেয়ে পিয়ে হইয়া আছুদা ॥ খোসালে জঙ্গল বিচে রহে সাহা-
জাদা * নেকালিয়া সেকারের আছবাব ছামান ॥ জঙ্গল ঘিরিয়া
লিল যেত্তো পাহালওয়ান * হেন কালে কান্দাহারি লোগ বেসু-
মার ॥ নেকালে জঙ্গল হইতে বলে মার মার * সোর সার হাঁক
হাঁকে খুলিয়া তলওয়ার ॥ বেড়িয়া লইল খোরছানির চারিধার *
তাজ্জব হইল দেখে ছওগাত হারুন ॥ বুঝিল গালেব এরা হকিকি
দুসমন * হারুনের তরে কহে সাজাদা ছওগাত ॥ আলামত
মেলে দেখ স্বপনের বাত * এর তরে জওয়ান মানাহি করেছিল ॥
বহুত মোস্কেল এবে আসিয়া পওছিল * ছওগাত হইল গোশ্বা
দেখিয়া বিপাক ॥ কহিল দুসমন লোগে জোরে দিয়া হাঁক *
কহ শুনি কে তোমরা কিসের খাতেরে ॥ নাহক ঘিরিয়া লিলে
আমা সবাকারে * দেলের এরাদা কিবা বাতাও সেতাব ॥ জানে
নাহি ডর রাখ হইবে খারাব * সোলতান আলপ্তগিন আমি তার
পোতা ॥ চড়াও করিলে মোরে রাখ এয়ছা বুতা * এমন হেম্মত
কার জাহানে না দেখি ॥ তাকিবে আমার দিগে লাল করে
আখি * আহছান সর্দ্দার কহে তুমি কোন ছার ॥ ডরিবে আমার
তরে বাপ যে তোমার * গিরেছ কাহার হাতে নাহি জান তাহা ॥
আহছান আফগানি আমি কান্দাহার সাহা * হকিকিতে জম
আমি তোমা সবাকার ॥ কাবুতে পেয়েছি আজি না ছাড়িব আর *
আজলে টানিয়া তুঝে আনিল আলবত্ত ॥ মওত নজদিক পড়
কলমা সাহাদত * শুনিয়া ছওগাত কহে চুপরে নাদান ॥ ঘড়ি
একে ঘুচাইব তামাম গুমান * তুড়িব তকব্বরি ওড়াইব সেখি ॥
আওরে হারামজাদ বেড়ে আও দেখি * গোশ্বায় আহছান সাহা
হইল দেওয়ানা ॥ হাঁকিয়া হুকুম দিল লস্করে আপনা * মেরে
ডাল খোরছানিকে নাহি ছাড় কায় ॥ একজন জিন্তা জান ফিরিয়া
না যায় * এয়ছাই হুকুম পেয়ে কান্দাহারি লোগে ॥ হামেলা
করিল জোরে খোরছানির দিগে * এয়ছাই দেখিয়া তবে ছওগাত
ছাহান ॥ ডাকিয়া আপনা লোগে কহিল ফরমান * দুসমন

লইল ঘিরে কার মুখ চাও ॥ তলওার হানিয়া ঠায় মারিয়া গেরাও * খোরছানি লস্কর এয়ছা হুকুম পাইয়া ॥ মার মার হাক হেকে উঠিল কুদিয়া * গেরে কান্দাহারি পরে খুলিয়া হাতিয়ার ॥ দুদলে তুমুল জঙ্গ হইল নমুদার * ঝনাঝন চনাচন তলওার চালায় ॥ বেসোমার ছের কেটে জমিনে লুটায় * তিরেন্দাজে তিরেন্দাজে খেচে মারে তির ॥ এক তিরে দশ বিস উড়ে যায় ছির * নেজায় নেজায় লড়ে পিট হয় কুজা ॥ গেরে নিচে বেহালেতে হৈতে নারে সোজা * বর্শার আঘাতে কার উড়ে যায় উরু ॥ গোর্জ্জ মেরে ছের গুড়া করে দেয় কারু * হারুন ছওগাত দোন তেগ হাতে লিয়া ॥ বেহেছাব কান্দাহারি দিল গেরাইয়া * মস্তহালে লড়ে দোহে যেন সের নর ॥ মেরুকের দলে যেয়ছা ঘোসে অজাগর * কুদিয়া কুদিয়া ঘোমে দুই মরদানা ॥ সুমুখে বিমুখে কেটে করে তুলা ধোনা * কাতারে কাতার কাটে ঝাক পরে ঝাক ॥ মারে চিক হামালিয়া হাকে বড়া হাক * ঘড়িতে হাজার কাটে দমেতে পঞ্চাস ॥ গাদা গাদা ময়দানেতে জমাইল লাস * খুনেতে ময়দানে যেন বহিল দরিয়া ॥ ছেফাই ছওয়ার ঘোড়া ফেরে সাতারিয়া * খুনেতে ওজুদ ডুবে হইল সোরবোর ॥ নাকে মুখে ঘোসে লহু কয় আইল ভর * আহছানের দেলে হইল বহুত আন্দেসা ॥ বাচিব খোরছানি হাতে নাহি দেখি আসা * ফেকের করিয়া মাঙ্গাইল তিরেন্দাজে ॥ এইবার খোরছানের বুতা লিব বুঝে * ফরমান করিল তির মারহ ফোকিয়া ॥ সুনে যত তিরেন্দাজ তফানে যাইয়া * মারিতে লাগিল তির করিয়া নেসান ॥ ঝাকে ঝাকে মারে তির খেচিয়া কামান * আজেজ হইল তাহে খোরছানি লস্কর ॥ খাইয়া তিরের ফালি মরে বহুতর * কাতারে কাতার গেরে খেয়ে এক তির ॥ বুকেতে লাগিয়া হয় পিঠেতে বাহির * খলল ডালিয়া দিল দলে খোরছানের ॥ ছওগাত হারুন বড়া হইল দেলগির * ফাফরে গিরিল বড়া নাহি কোন চারা ॥ তিন ভাগ খোরছানি লস্কর গেল মারা * যখম হইল বাকি ঝাঞ্জেরা ওজুদ ॥ এমন

জাহান॥ সুপে দিলো এলাহিকে আপনার জান * হাকিয়া জোরেত্তে হাক কুদে মারে হাক॥ দুহাতে তলওয়ার ধরে কাটে ঝাকে ঝাক * বেদেরেগ মারে তেগ না করে রহম॥ কাটীয়া হাজার জনে ছাড়ে এক দম * কাতার কাতার কাটে কাফেলা কাফেলা॥ লহু নদি বহাইল দিয়া মুণ্ডমালা * কাটিয়া কাটিয়া মর্দ্দ হইল হালাক॥ ওজুদ জখমে যেয়ছা হইলেক চাক * কোসেসেতে কাটে তবু না ছাড়ে হরগেজ॥ আখেরেতে নেহায়েত হইল আজেজ * বেতাব হইয়া গেল নাহি শরে বাত॥ দেখে যত কান্দাহারি ফাসি লিয়া হাত * ডালিয়া দিলেক ফাসি ছওগাতের গলে॥ পাহালওয়ান কত ফাসি জোরে তুড়ে ডালে * বাহাত্তর ফাসি গেরে গলে সাজাদার॥ খেচিয়া লইল তাব নাহি হেলিবার * জমিনে গিরিল মর্দ্দ হামাগুরি দিয়া॥ তাহা দেখে কান্দাহারি লস্কর আসিয়া * হাতে পায়ে বেন্ধে লিল মজবুত করিয়া॥ হারুনে তেয়ছাই রূপে লিল পাকড়িয়া * ফত্তে নামা সাদিয়ানা বাজায় আহছান॥ লুটে লিল খোর-ছানির আছবাব ছামান * খুসিতে পওছিল গিয়া আপনা মোকামে॥ এই সমাচার এক লিখিয়া পয়গামে * চালাক কাছেদ এক লিল বোলাইয়া॥ কাবুলে হাসেম আগেদিল পাঠাইয়া * শুনিয়া বহুত খুসি হইল হাসেম॥ রচে হিন খাকছার মহাম্মদ হাতেম *

---

* আফগানির হাতে বক্তেয়ার মারা যাইবার বয়ান *

রাগ ত্রিপদি * হারুন ছওগাত, আহছানের হাত, ধরা গেল মহিমেতে॥ বাচে কয় লোগে, জান লিয়া ভাগে, চলে রাহে সেতাবিতে * কতদিন পরে, গজনি সহরে, আসিয়া হাজের হইল॥ কান্দিতে কান্দিতে, দরবার বিচেতে, বাদসার আগেতে গেল * বুকে হাত জোরা, ছামনেতে খাড়া, আদবে চুমে

গিন * কহ:কহ বাত, কোথায় ছওগাত, কোথায় হারুন বেগ॥ শুনে তারা কহে, বলিবার নহে, ছিনাতে লাগিল তেগ * কোয়েটার মাজ, দাগাদারি কাজ, করিল আহছান সাহা॥ যবে কোয়েটায়, পওছিনু সবায়, কেমন না জানি তাহা * আহছান হঠাত, লোগজনে সাত, নেকালে জঙ্গল হইতে॥ আমাসবাকারে, লইলেক ঘিরে, কহিল খোরছানি জাতে * মারিতে তলওয়ার, দিল মহামার, আমরা ধরিনু তেগ॥ দুদলের জঙ্গ, কান্দাহারি সঙ্গ, কাটাকাটি বেদেরেগ * একা সাহাজাদা, করে দিল জুদা, আধা দুসমনের ছির॥ কমিনা আহছান, ভাবিয়া নিদান, নেকালে খেদঙ্গ তির * তফাত হইতে, লাগিল ফেকিতে, ঝাক পরে তির ঝাক॥ খেয়ে মোরা তির, হইনু অস্থির, ওজুদ হইল চাক * তামাম মরিল, হায়াত আছিল, বাচি কয় খাদে মান॥ ছওগাত হারুনে, ধরে জিতা জানে, নিয়া গেল আহছান * আমরা পলাই, এনু ধাওা ধাই, হুজুরে খবর দিতে॥ ভাবিয়া চিন্তিয়া, দেলে বিচারিয়া, কর যাহা বুঝ চিতে * শুনে গিন সাহা, মেরে এক আহা, তখনি বেহুস হইল॥ দম নাহি চলে, ওজুদ না হেলে, জেনো জান নেকালিল * খাদেমে সেতাব, আতর গোলাব, মুখেতে ছিটায় লিয়া॥ তাকিদ করিতে, হুস কিছু জাতে,হতে সাহা উঠিল বসিয়া* যেমন দেওনা.হইল আলম্পানা, কারে নাহি করে বাত॥ জমিনের দিকে, দুল দুল তেকে, ছের পরে মারে হাত * সরিফা মহলে, বেতাব বেহালে, আছাড় কাছাড় খায়॥ কভু ছের কোটে, জমিনেতে লোটে, কভু করে হায় হায় * বুকে মারে হাত, কোথায় ছওগাত, কোথারে নয়ন মণি॥ কোথা যাদুধন, দেরে দরসন, ডাকে তোর মা অভাগিনি * হায় কেন বেটা, গোলরে কোয়েটা, করিয়া এতেক জেদ॥ বেতকছিরে বাপ, কেবা দিল তাপ, কে তোরে করে কয়েদ * নাজানি দুসমন, তোমার কারন, মারে কি বাচায়ে রাখে॥ ওগো জোন্নেসান, তুমি মেহের বান, তোমার করম থেকে * রাখিও মাবুদ, বেটাকে ছাবুদ, হও তারে মদদগার॥ কে লিবে তালাস,

ছের মুখ ঠুকে, কহিতে লাগিল বিবি ॥ যাও বাবাজান, করহ সন্ধান, বেটাকে মোর সেতাবি * নহেত এখুনি, মরিব আপনি, জুদাই সহিতে নেরে ॥ শুনে জাহাগির, চক্ষে বহে নির, কহিল সরিফা তরে * রহগো জননী, যাইব এখুনি, কান্দাহার সহরেতে হারুন ছওগাতে, ছহি ছালামতে, আনিব তোমার আগেতে * এহা নাহি পারি, তেরা বরাবরি, কছম করিনু আজ ॥ এমুখ লইয়া নাহিক ফিরিয়া, আসিব গজনি মাজ * হয় যদি দের, বুজিবে আখের, মরিল আলপ্তগিন ॥ আপনি জুলুম, করিবে মালুম, পৌছিয়াছে সেই দিন * বাচাতে ইমান, আপনার জান, দিও মা আপনা হাতে ॥ গলে ছুরি দিবে, আগুনে পুড়িবে, নহে ডুবে দরিয়াতে এতেক কহিয়া, অন্দর থাকিয়া, আইল সাহা বাহিরেতে ॥ তামাম লস্করে, কহে একুবারে, সেজে লেহ সেতাবিতে * যাব কান্দাহার, নেকাল বাহার, এমন হুকুম পাইয়া ॥ সাজ বাজা বাজে, যত লোগ সাজে, ছেলা সরঞ্জাম লিয়া * চাল্লিস হাজার, সাজিল ছওার, যেয়াদা বার হাজার ॥ সর্দ্দার উজির, ওমরাহ মির, হাতি ঘোড়া বেসুমার * আজম উজিরে, তক্তের উপরে, মুলুকের হেফাজতে ॥ রেখে জাহাগির, হইল বাহির, গজনি সহর হৈতে * ভাবিয়া এলাহি, হইলেন রাহি, মঞ্জেল মঞ্জেল যায় ॥ না করে আরাম, হর ছোবে সাম, তিন রোজে খানা খায় * কত দিন পরে, পওছে কান্দাহারে, খোলাছা ময়দান পেয়ে ॥ ডেরা ওতারিল, নেসান গাড়িল, রহে খানা খেয়ে পিয়ে * কাবুল দেশের, থোড়াছা জেকের, সোনহ পাঠক এবে ॥ হাসেম আফগানি, কয়েস গজনি, এ খবর পাইল যবে * গজান ছাড়িয়া, গেছে নেকালিয়া, কান্দাহারে সাহা গিন ॥ গজনি কাবুলি, এক সাতে মিলি, কিবা করে সেই দিন * জবর দাস্তি করে, যাইয়া দরবারে, মিলে যত আফগানি ॥ কহিল হাসেম, সোনহ হাকেম, বক্তেয়ার খোরাছানি * এরাদা মোদের, তোমার খাস্তের, আমরা আফগান জাত ॥ মাজুল করিব, খেদাড়িয়া দিব, তাজ তক্ত লিব হাত * সহজ কালামে, সেতাবিতে নেমে, তাজ খুলে দেহ মোরে ॥ জান বাচাইয়া, জাও

লের নামি, সবে মোর তাবেদার ॥ বেএক্তিয়ার মাজ, চালাইব কাজ না আমি খেরাজ গোজার * শুনে বক্কেয়ার, আগ বরাবর, কহিল হাসেম তরে ॥ কাবুল মাঝার, তাকত কাহার, মাজুল করিবে মোরে * গিন জাহাগির, আমার খাতির, সুপিল কাবুলে সাহ ॥ এক্তারে তাহার, করি কারবার, তোমার এলাকা নাহি * তুমিত গোলাম, মানিবে মোদাম, আমার হুকুম যত ॥ করিবে তামিল, নহেত মুস্কিল, জান বাচ্ছা হইবে হত * শুনে বক্কেয়ার, কহে গোস্বাভর, শোন তুঝে কহি নাদান ॥ ফের এই বাত, কহরে কমজাত, এখনি লইব জান * হাসেম শুনিয়া, উঠিল জ্বলিয়া, গোস্বা ভরে মারে হাক ॥ ছুরি নেকালিয়া, চাহে কি মারিয়া, বক্কেয়ারে করে চাক * দেখে বক্কেয়ার, হইল হুসিয়ার, নামিল জমিন পরে ॥ কয়েসে হাকিয়া, কহিল চাহিয়া, খাড়া আছ কি খাতেরে * দের কাহে আর, মার তলওয়ার, তামাম কাবুলি জাতে ॥ হাসেমে কাটিয়া, দেহ গেরাইয়া, ভাগিয়া না পারে যেতে * কয়েস গজনি, কহে খোরাছানি, কাহে বেফায়েদা কহ ॥ না পার জানিতে গিয়েছ কাবুতে, বাচাবার নাহি কেহ * হুকুম তোমার, না মানিব আর, হাসেম সাহেব মেরা ॥ হুকুম তাহার, পাই একবার, গর্দ্দান কাটিব তেরা * শুনে বক্কেয়ার, কহেরে গাওার, নামাকুল দাগাবাজ ॥ কমিনা গোলাম, নেমক হারাম, বেওফাই কৈলে আজ * রাজি থাকে খোদা, করে দিব জুদা, আগে তেরা গর্দ্দান ॥ এতেক কহিয়া, তলওার খুলিয়া, কুদে ওঠে পাহাল ওান * চাহে কয়েসের, জুদাকরে ছের, কয়েস ভাগিল দুরে ॥ হাসেম আফগান, করিল ফরমান, মেরে ডাল বক্কেয়ারে * করিল চড়াই, বাধিল লড়াই, কহে গাজি বক্কেয়ার ॥ আপনা লস্করে, মার আফগানিরে, কার মুখ তাক আর * খোরছানি সবাই, হুকুম এয়ছাই, পাইয়া খুলিল তেগ ॥ দেলের গোস্বাতে, লাগিল কাটিতে, বেরহম বেদেরেগ * গজনি কাবুলি, একসাতে মিলি, মার দিল খোর-ছানিকে ॥ দরবার ভিতর, বহে যেন ঝড়, দুদলের ডাক হাকে * জাগা বড়াতঙ্গ, তারবিচে জঙ্গ, তলওয়ার চালাতে নারে ॥

[illegible] ঠেসাঠেসি, বড়া ঘেসা ঘেসি, দুদলে বহুত সেনা ॥ পায় [illegible]ড়ি, পড়ে গড়াগড়ি, পিসে মরে কত জনা * আছাড় কাছাড়, চুর্ণ হয় হাড়, চাপানেতে মরে কেহু ॥ ছের ঠোকা ঠুকি, লাত ফেকা ফেকি, মারা তায় পড়ে বহু * কেহ কার গলা, ধরে দেয় ঠেলা, ওলাটিয়া মরে ঠায় ॥ কেহ কার পেটে, মুক্কি মারে সেটে, ভুড়ি নেকালিয়া যায় * কেহ কার কান, ধরে দেয় টান, ওখাড়িয়া লেয় যোরে ॥ কেহ কার গালে, চড় মারে তুলে, বত্রিস দান্দান গেরে * পাইয়া ধমক, কত আহম্মক, কাপড়ে পেসাব করে ॥ কেহ জান লিয়া, যায় পলাইয়া, টিকিতে নাহিক পারে * কত জায় মারা, কত হুস হারা, ঘায়েল জখম কত ॥ লাত্তে গেরে দাঁতি, ছেফাইর লাতি, খাইয়া মরিল কত * কেহবা তরাসে, মনের আফছোছে, ছাপিল তক্তের নিচে ॥ কেহ পেয়ে তাপ, বলে বাপ বাপ, জানলিয়া ভেগে বাচে * আফগানি লস্কর, ছিল বহুতর, খোরছানি বহুত থোড়া ॥ লড়িতে লড়িতে, আফগানির হাতে, তামাম পড়িল মারা * গাজি বক্তেয়ার, মারে তলওার, নিদান ভাবিয়া দেলে ॥ মরিব আলবত্ত, দেখাব মউত, কমিনা আফগানি দলে * যেন সের নর, ঘোমে দেলাওর, আফগানির বিচখানে ॥ ঝাক পরে ঝাক, করে দেয় ফাক, ময়দান ভরিল খুনে * লড়িতে লড়িতে, ওজুদ ক্রমেতে, হালাক হইয়া গেল ॥ হইল আজেজ, না পারে হরগেজ, বেতা বেত্তে খাড়া হইল * দেখিয়া কয়েস, ভরসা কোসেস, করিয়া দেলের বিচে ॥ নিকটে যাইয়া, ছের তাকাইয়া, তলওার মারিল খেচে * কাটিয়া গর্দ্দান, কৈল দুইখান, মারা গেল বক্তেয়ার ॥ হাসেম খুসিতে, বসিল তক্তেতে, রচে হিন খাক ছার *

---

* গজনি সহরে আফগানির জুলুম ও মহিমে খোরছানি উজির মারা যায় তাহার বয়ান *

পয়ার * মারা গেল বিপাকেতে গাজি বক্তেয়ার ॥ হাসেম

আফগান॥ হৈল তার তাবেদার মানিয়া ফরমান * [illegible] লইয়া সাতে হাসেম আফগানি॥ মছলত করিল চলঘাই[illegible] দখলে আনিয়া আগে গজনি সহর॥ পিছে কান্দাহারে যাব লইয়া লস্কর * গজনি রহিবে তুমি তক্ত আগুলিয়া॥ আমি আহছানের যাব কোমক হইয়া * এয়ছাই মছলত করে নেকালে সবাই॥ একুনে হইল বিশ হাজার ছেফাই * রওানা হইল পথে মেছালে তুফান॥ হাক মারে মার কাট যেন রাহাজান * আন্দেসা নাহিক দেলে দেমাগ ভরপুর॥ ছামনে যা কিছু পেয়ে করে ডালে চুর * জান ও বেজান গাছ দরক্ত মাকান॥ খাটি মাঠ বাস বস্তি হায়ওান এনছান * তুড়িয়া করিল চুর লাগায় আগুন॥ হাজার হাজার জান কেটে করে খুন * মার মার কাট কাট হাকে সদা হাক॥ সহর বাজার কত করে দিল ফাক * কত সাদু সওদাগরে লইল লুটিয়া॥ রাহি মোছাফেরে কত ডালিল মারিয়া * কাবুল গজনি তক রাহা দরমিয়ানে॥ গাছ পালা জিব জন্তু যা ছিল যেখানে * ছার খার করে দিল নেসান মিছমার॥ জমিন কাপিয়া গেল ধমকে তাহার * যখন গজনি বিচে আসিয়া পওছিল॥ বয়ান না হয় এত জুলুম করিল * বস্তি বাজার চটি মোছাফের খানা॥ দোকানি পসারি কত কোঠা বালাখানা * তুড়িয়া করিল চুর লুটিল আছবাব॥ মারিয়া ডালিল লোগ জনে বেহেছাব * আওরত তেফেল বুড়া লাড়কা জওান॥ যাহারে পাইল ঠায় মারে তার জান * হাসেম হুকুম দিল আপনার দলে॥ দেরেগ রহম কেহু নাহি আন দেলে * রহিবে যে কয় রোজ গজনির বিচে॥ খোরাক তলব নাহি পাবে মোর কাছে * লুট ও তারাজ করে যে পার যেমন॥ আদায় করিয়া লেহ খরচ আপন * বে আন্দেসা কর কাম আমার হুকুম॥ মারো কাটো লুট করো জেয়াদা জুলুম * এয়ছাই হুকুম পেয়ে যতেক লস্কর॥ জোরেতে ঘুসিল গিয়া সহর ভিতর * মার মার হাক হেকে টুটিয়া পড়িল॥ যেখানে পাইল যাহা লটিতে লাগিল * জোরেতে সান্ধায় গিয়া লোগের মাকানে॥ আছবাব ছিনিয়া

জঙ্গে সোলতান, * ১০ *

লিল যাছিল যেখানে * যাহারা করিল বাধা জান তার লিল ॥ নর নারি বেশুমার মারিয়া ডালিল * জননির বুক হইতে ছেলে কেড়ে নিয়া ॥ মারিল আছার জান গেল নেকালিয়া * বাপের ছামনে ধরে বেটার খাতের ॥ তলওার মারিয়া জুদা করে দিল ছের * ধরিয়া বেটার আগে বাপ জার বুড়া ॥ গোর্জ্জের আঘাতে ছের করে দিল গুড়া * অন্দর হইতে ধরে লাড়কি আওরত ॥ খছমের ছামনেতে লুটিল ইজ্জত * হামেলা আওরতে টেনে জোরেতে আনিয়া ॥ পেট চিরে বারদায় দিল গেরাইয়া * এমন জুলুম কৈল জালেমের জাত ॥ সহরেতে হায় হায় সোর সারাবত * বাচাইতে জান মাল ভরম এজ্জত ॥ কেহ ছাপে কেহ ভাগে পাইয়া দহসত * ঘর বাড়ি আছবাব সব রহে পড়ে ॥ জরু লাড়কা মাতা পিতা সব দিয়া ছেড়ে * কেবা কোথা কেবা রাখে কাহার সন্ধান ॥ যে জার লইয়া ব্যস্ত আপনার জান * রাখিয়া বাপের ডরে বেটা দেয় পাড়ি ॥ বেচারা জানের ডরে কান্দে বুড়াবুড়ি * রাখিয়া জরুকে ভাগে খছম আপনি ॥ ফেলিয়া কোলের ছেলে পলায় জননি * অন্দরের কোনে বউ লাড়কি আওরত ॥ ওড়ে পড়ে মারে ছুট হয়ে বে ইজ্জত * দিগে দিগে ভাগে সবে জান বাচাইয়া ॥ পাহাড় জঙ্গলে কেহ রহিল ছাপিয়া * গাড়া খন্দকেতে ঘুসে কেহ গিয়া বাচে ॥ জানের ডরেতে কেহ চড়ে গিয়া গাছে * কেহবা জানের ডরে পানিতে নামিয়া ॥ গলা তক ছেপে রহে ছেরে হাড়ি দিয়া * ভরসা বান্ধিয়া দেলে রহিল যাহারা ॥ জান বাচ্ছা জালেমের হাতে গেল মারা * বউ ভাগে বিবি ভাকে খছম কবিলা ॥ গিরিল গজনি বিচে ভাগিবার পালা * এত লোগ মারা গেল জুলুমের চোটে ॥ রাসি রাসি লাস জমা হইল রাহে ঘাটে * গজনি সহর ছিল জান্নাত বাগান ॥ জুলুমের ধমকেতে হইল বিরান * খোরছানি উজিরে যবে পাইল খবর ॥ সঙ্গেতে আছিল তার থোড়াই লস্কর * লাচারে হেম্মত বেন্ধে বাহিরে নেকালে ॥ চড়াই করিল গিয়া কাবুলির দলে * গজনি

সাতে * দেখিয়া ক্ষাফরে বড়া গিরিল উজির ॥ কেমনে করিবে জঙ্গ নাপায় ফিকির * ভেবে চিন্তে উজির হইল পেরেসান ॥ আপনার জেন্দেগির দেখিয়া নিদান * একেলা আফগানি দলে পড়িল টুটিয়া ॥ মারিতে করিল সুরু তেগ হাতে লিয়া * গেরাইল বহুতর করে খান খান ॥ পঙ্গপাল মত তারে ঘিরিল আফগান * চারি দিক হইতে যেয়ে ঘায়েল করিল ॥ তলওার মারিয়া ছের জুদা করে দিল * দিগে দিগে পলাইল তামাম খোর ছানি ॥ পিছে পিছে খেদাড়িয়া চলিল আফগানি * সহর সিমানা হইতে করে দিল বার ॥ আখেরে ঘুসিল এসে গড়ের মাঝার * খোরছানি সবার পরে ডালিয়া খলল ॥ আলপ্তগিনের তক্ত করিল দখল * আহলিয়াত আবাবস আলপ্তগিনের ॥ কয়েদ করিয়া লিল সবার খাতের * অতি জুলুমের সাতে দিল বন্দ খানা ॥ তিন রোজ বাদে দেয় এক রোজ খানা * সোগেতে আহলে খানা কান্দে জার জার ॥ কান্দেন বেগম বিবি ভেবে পরোওার * সের নর সেকারেতে গিয়াছে জঙ্গলে ॥ মাদাকে করিল বন্দ গিধড়ের পালে * এহালে মদদ তুমি হও জোল্লে সান ॥ যাহেনা দুসমন হাতে হই পেরেসান * বেহালে সরিফা কান্দে বহাইয়া পানি ॥ হায় মোর নছিবেতে এত পেরেসানি * এক তাপে পেরেসান জিউ জান জ্বলে ॥ জিতা জানে হয়ে আছি মোর্দ্দোরের হালে * কিরূপে এমন তাপ সহিব আবার ॥ আয় খোদা মওত পওছাও সরিফার * ঘুচে যাক সব জ্বালা জুড়াক কলেজা ॥ মহাম্মদ ছাতেম বলে সাজা পরে মজা *

---

* গজনি হৈতে হাসেম আহছানের মদদে কান্দাহারে যায় ও আলপ্তগিনের সঙ্গে জঙ্গ *

পয়ার * মহিমেতে মারা গেল খোরছানি উজির ॥ হাসেম কয়েসে লিয়া খোসাল খাতির * তৈয়ার করিয়া এক খুসির

কহে হাসেম সর্দ্দার॥ রহ তুমি আমি এবে যাই কান্দাহার ✻ খুব হেফাজত সাতে চালাইবে কাম॥ তখনি মারিবে পাও খোরছানির নাম ✻ এয়ছা নছিহত দিয়া কয়েসের তরে॥ হাসেম করিল কুচ রাহার উপরে ✻ হোতা কান্দাহার বিচে চিনি নেক নাম॥ আহছানের আগে এয়ছা লিখিল পয়গাম ✻ লিখিল তাহার বিচে মজমুন এমন॥ আহছান কান্দাহারি সোন দিয়া মন ✻ সোলতান আলপ্ত গিন যান মেরা নাম॥ খোরছানা সহর বিচে কদিমি মোকাম ✻ তাজদার নামদার গজনি দেসের॥ আইনু সহরে তেরাসোন যে খাতের ✻ ছওগাত হারুন নামে আমার এয়ার॥ এসেছিল কোয়েটায় করিতে সেকার ✻ দাগা দিয়া তুমি দোহে কয়েদ করিলে॥ মারিলে আমার লোগে খলল ডালিলে ✻ নাহক করিলে কাহে জুলুম এয়ছাই॥ নাহি জান এর জন্য পাইবে সাজাই ✻ আপনার জানে ডর না রাখ আহছান॥ আদাওতি মেরা সনে এতেক গুমান ✻ কেমন হেম্মত তেরা কতেক মর্দ্দমি॥ কান্দাহারে আইনু তাই দেখে লিব আমি ✻ পড়িয়া লিখন মেরা সোনরে না দান॥ চাহ যদি বাচাইতে আপনার জান ✻ কুড়ালি বান্ধিয়া গলে দাতে কেটে ঘাস॥ এখুনি হাজের হও এসে মেরা পাস ✻ মাফ মেঙ্গে লেহ যাহা করিলে তকছির॥ নোকছানি করিলে যাহা করহ হাজির ✻ হারুন ছওগাত দোহে করিয়া তাজিম॥ খুব হেফাজতে লিয়া যেমন খাদিম ✻ সাহানা লেবাছ দিয়া সাহানা খেলাত॥ আজি জিতে সেতাবি মিসিবে মেরা সাত ✻ এহা যদি নাহি কর জেনে রাখ দেলে॥ নেসান মিটাব তেরা তক্তের সামেলে ✻ জান বাচ্ছা একখাদে ডালিয়া সবায়॥ গলা তক গেড়ে দিয়া খেলাব কোত্তায় ✻ এয়ছাই লিখিয়া খত কুলুফ আটিয়া॥ এক কাছেদের তরে লিল মাঙ্গাইয়া ✻ জবানির বাত যাহা দিল সিখাইয়া॥ কাছেদ লইয়া খত চলে নেকালিয়া ✻ দরবারে আহছান আগে হইল হাজির॥ ছালাম তছলিম কৈল নোওাইয়া ছির ✻ ডালিয়া দিলেক লেখা পড়িয়া আহছান॥ মজমুন ওয়াকেফ হইল তামাম

আছে মুঝে মালুম জেকের * জানিতাম খোরাছানি আসিয়া আলবত ॥ কত মতে মেরা তরে দেখাবে দহসত * বেয়াকুফ গিনসাহা নেহাত নাদান ॥ না বোঝে দহসত যদি পাইবে আহছান * তবেকি করিত কাম এত দেমাগেতে ॥ জোরে পাকড়িয়া লিত হারুন ছওগাতে * যা হউক নাতোওা তুমি গরিব কাছেদ ॥ কহিয়া ফাএদা কিবা তেরা আগে ভেদ * লেহ তেরা সাহেবের রোকার জওাব ॥ এত বলি আহছান লিখিল সেতাব * সোনহে আলপ্তগিন হও খবরদার ॥ ডরিব তোমারে আমি নহিত গাওয়ার * কাহারে দহসত বলে দুনিয়া জাহানে ॥ আছর না হয় কভু আহছানের মনে * জোরেতে কয়েদ কৈনু এয়ারে তোমার ॥ কালি দোহে শুলি দিব ময়দান মাঝার * ছের তার তেরা আগে দিব নজরানা ॥ দেখিয়া হইবে খোস এয়ারে আপনা * পিছেতে করিব তুঝে তাহাদের রাহি ॥ তিনে মিলে এক সাতে করিবেক সাহি * এয়ছাই লিখিয়া খত কুলুফ আটিয়া ॥ ময়দানে গিনের আগে দিলেক ভেজিয়া * ওাকেফ হইল পড়ে গিন নামদার ॥ সেইরাত রহিলেক হৈয়া এন্তেজার * বেহান হইতে তবে আহছান সর্দ্দার ॥ আপনা লস্কর লিল করিয়া তৈয়ার * ময়দানে হাজের হৈল যেখানে খোরছানি ॥ বাদসা আলপ্ত গিন দেখিয়া আপান * ডাকিয়া লস্কর গনে কহিল এয়ছাই ॥ বড়া ওফাদার মেরা তোমরা সবাই * তোমাদের ভরসাতেবাদসাই আমার ॥ এয়ছাই রফিক আছে লস্কর কাহার * জানের ডরেতে যবে খলিফার হৈতে ॥ ভাগি আহলিয়াত লিয়া খোরছানা হইতে * মুখ তাকাইয়া মেরা তোমরা সকলে ॥ ছাড়িয়া পয়দাস জমি মেরা সাথে আইলে * কছেল্লা জানেতে কত লিলে বরাবর ॥ হেন দোস্তদারি কোথা সাহেবের পর * দেখায় ছেফাই লোগে না শুনি কখন ॥ দোস্ত হইতে মহব্বত দিয়া জান মন * তামাম লস্কর কহে সোন জাহাগির ॥ গোলাম না থাকে কোথা খেদ মতে হাজির * হামেসা খাইনু মোরা নেমক তোমার ॥ বাপ হইতে আমা সবে করিলে পেয়ার *

আমরা সকলে * তাবেদারি হৈতে। তেরা ফেরাইব ছের॥ গোনাগার হৈয়া যাব খোদার হাজের * যত দিন বেচে মোরা রহিব হায়াতে॥ খেদ মতে রহিব রজু হর হর ওক্তে * গোলাম লোগের পরে যেমন লাজেম॥ হামেসা হুকুম কামে আমরা খাদেম * দেল জান দিয়া রুজু রহিব সদায়॥ হেলা ছাজি না করিব জান যদি যায় * শুনিয়া আলগু গিন দেল খোসালিত॥ কহিল লস্কর গণে সাজহ তুরিত * গেরাও আহছান সাহে তলওার মারিয়া॥ কান্দাহারি লোগে দেহ থাকে মিসাইয়া * হুকুম পাইয়া সাজে তামাম লস্কর॥ ছেলা ছরঞ্জাম লিয়া বান্ধিল কোমর * কান্দাহারির ছামনেতে খাড়াহৈল গিয়া॥ সার দিয়া দাড়াইল কাতার বান্ধিয়া * বাজিয়া উঠিল বাজা রন সিঙ্গা তুরি॥ ভেউর ধাওসা কাড়া দফরন ভেরি * কুপচাগ স্বরূদ রূদ দামামা বিগল॥ কর্ণাল নাকারা ডঙ্কা তবল মাদল * বাজা শুনে দুই দল দেওানা হইল॥ হাতিয়ার খুলিয়া হাতে কুদিয়া উঠিল * চিক দিয়া মালসাটে হাকে বড়া হাক॥ ঘন ঘন নকিব চোবদার দেয় ডাক * ঝুকে পরে মারে তেগ যেবা পায় যারে॥ বাধিল তুমুল জঙ্গ ময়দান উপরে * মার মার কাট কাট হৈল সোর সার॥ কে কারে তলওার মারে দিসা নাহি তার * তিরে ন্দাজে মারে তির কামান খেচিয়া॥ এক তিরে বিস জনে দেয় গেরাইয়া * তলওয়ার খেচিয়া মারে ঝাকের উপরে॥ রাসি রাসি গেরে ঠায় কাতারে কাতারে * গোর্জ্জের আঘাতে কত গুড়া হয় ছের॥ মরে লোগ বেহেছাব কে করে জেকের * দুই দলে মারা গেল এতেক লস্কর॥ বহিল খুনের নদী ময়দান উপর * গাদা গাদা কাটা লাস জমা হৈয়া গেল॥ লাস ঠেলে খোড়া পাও ওঠাতে নারিল * ছওারি নামিয়া নিচে চলিল কাটিয়া॥ লড়িতে লড়িতে গেল নিমাসাম হৈয়া * বাজিল বাছড়ি বাজা ফিরিল ছেফাই॥ যে যার তাম্বুর দিগে চলে ধাওা ধাই * জামা যোড়া ওতারিয়া পাকাইয়া তাম॥ খেয়ে পিয়ে খুসি হালে করিল আরাম * মহাম্মদ হাতেম কহে থাক ছার

রহে সাহজাদা ছওগাত ॥ কি হাল গোজারে তার সোন থোড়া বাত *

---

* বিবি গোলানার বান্দির জবানি ছওগাতের হাল শুনিয়া তাহাকে কারাগারে দেখিতে যায় *

পয়ার * লাড়কি আছিল এক আহছান সাহার ॥ আন্দাজ আঠার সাল বয়স তাহার * গোলের বদন তার জেলেখার প্রায় ॥ গোলানার নাম তাই রেখেছিল মায় * বাপের কলেজা বিবি মায়ের পরান ॥ সর্ব্বদা পিয়ার করে দিয়া দেল জান * বয়স হইল তবু নাহি দিল বিয়ে ॥ খুসিহালে থাকে বিবি বাপের আলয়ে * ছুরত লিখিয়া তার না আছে দরকার ॥ কলমে কি দিব আমি তুলনা তাহার * জবানি মাহিনা তক কহি বরাবর ॥ তথাপি বর্ণিতে না পারিব জাররা ভর * এক বাতে বেযেছেল বিবি গোলানার ॥ সে ওক্তে জাহানে নাহি ছানি ছিল তার * সর্ব্বদা থাকিত বিবি খোসাল খাতির ॥ খাওয়াছিন বান্দি কত খেদমতে হাজির * বেটীর খুসির তরে আহছান সর্দ্দার ॥ মকুল বাগিচা এক করিল তৈয়ার * খোসাল দেলেতে বিবি চেয়েন করিতে ॥ খাওয়াছিন বান্দি গনে করে লিয়া সাতে * ফিরিত বাগানে গিয়া খেসাল অন্তর ॥ সাম হৈলে ফিরিতেন আপনার ঘর * বহুত কছুর মন্দ কয়েদি যাহারা ॥ আর নামি নামদার পড়িত সে ধরা * কড়া চৌকি পাহারায় রাখিবার তরে ॥ গোলানার সাজাদির বাগিচার ধারে * ফেকের করিয়া দেলে বাদসা নামদার ॥ দোছরা জেহেল এক করিল তৈয়ার * সেই জেহেলের বিচে ছওগাত হারুনে ॥ রাখিল কয়েদ করে অতি পেরেসানে * হারুন ছওগাত যবে কয়েদ হইল ॥ গোলানার সাহাজাদি জানিতে পারিল * নেফিসা নামেতে এক ছিল খাওাছিন ॥ দানা হুসিয়ার বড়া ছুরতে হাছিন * বিবির হুজুরে আসি দিল সমাচার ॥ সোন বিবি সাহাজাদি আরোজ আমার *

এমন * দোহা বিচে একজন নবীন জওান॥ ছুরত মুরত তার চাদের সমান * খুব ছুরত নও বাহার জওান এয়ছাই॥ ঢুড়িলে জাহান বিচে ছানি মেলে নাই * আহা কিবা ছের মুখ মোচের বাহার॥ দেখা মাত্র জিউ মোর হৈল বেকারার * নেহাত খবর তার জেনে আইনু আমি॥ সোলতান আলপ্ত গিন গজনির নামি * পোতা তার ছুরত জওয়ান নও বাহার॥ দোছরা যুয়ান তার সাথের এয়ার * শুনি নাকি আদাওতি আলপ্তের সাতে॥ রাখিল বাবাজি তেরা হর হর বাতে * কাবুতে পাইয়া তার পোতার কারনে॥ কোয়েটা জঙ্গলে হইতে পাকড়িয়া আনে * সাথের লস্করে যত ডালিল মারিয়া॥ রাখিল এ দুই জনে কয়েদ করিয়া * শুনি বিবি গোলানার সাহজাদার বাত॥ এস্ক নদী মওজা মারিল অকস্মাত * ভর পুর হৈয়া ছিল জোবন দরিয়া॥ হঠাত তুফান এসে দিল ভাসাইয়া * গোলাবের কলি ছিল হইয়া মুদিত॥ ফোটাইয়া দিল তারে সামের বসন্ত * এস্ক মিঞা হাজের হইল এসে দেলে॥ গুরু গুরু করে বুক কলেজার কোলে * দেলের আগুন রেখে মুখেতে চাপিয়া॥ নেফিসার তরে কহে আখি চড়াইয়া * বেলেহাজি কালা মুখি আরে ছোটা জাত॥ আমার ছামনে কহ বেগানার বাত * বাপের দুসমত মেরা কেবা কোথা কার॥ হোক সে ছুরত মন্দ মেরা কি দরকার * তারিফ করিছ তার আমার ছামনে॥ এবাতে সরম তেরা না আইল মনে * খবরদার ফের এয়ছা না কহ সয়তানি॥ কহিলে উচিত সাজা পাইবে এখনি * খাল তেরা খেচে দিব পয়জার মারিয়া॥ জবান লইব টেনে জোরে ওখারিয়া * মন যদি পড়ে তেরা দেখিয়া তাহারে॥ দুর হও হারামজাদি ভজ্গে তাহারে * আমার ছামন হইতে ভাগ এই ঘড়ি॥ নহে খেদাইয়া দিব লাগাইয়া ছড়ি * আছিল নেফিসা বান্দি চালাক বহুত॥ ছুল চাতুরিতে ছিল বহুত মজবুত * হর ঘড়ি থাকিত সে বিবির হুজুর॥ মালুম আছিল তার যেমন মঞ্জুর * ফেকের করিয়া বান্দি হাসিতে হাসিতে॥ কহিতে লাগিল বাত বিবির

তোমার আগে দিত দরশন * আর যদি হইতুন লায়েক তাহার ॥ এতক্ষণ নেফিসার কে পেত দিদার * লইয়া কয়েদি সেই অমুল্য রতনে॥ এস্ক সিংহাসনে লিয়া বসায়ে যতনে * দিন রাত খেলতাম পিরিতের খেলা ॥ জুড়াতাম কলেজার আসকির জ্বালা ছায়েত এক তারে যদি পাইত নেফিসা ॥ না চাহিত বেহেস্তের আরামের আসা * এ পোড়া নছিবে তাহা কেমনে হইবে ॥ বাওনে আছমান কভু লাগল না পাবে * জোনাকি মিসিবে কেন চাদের সঙ্গেতে ॥ বেহেস্ত দোজখে রহে তফাত যাহাতে * চাদ যে মিসিতে পারে চাদের রওসনে॥ পতঙ্গে কি পায় মধু ভ্রমর বিহনে * পুড়িল যাহার মন সে আছে আঙ্গর ॥ কালামে দরকার কিবা মুখেতে জাহির * যদ্যপি রুগির পরে কারি হয় দাওয়া ॥ অজুদে তাকিলে ঠিক পাওয়া যায় গাওয়া * কাহেক পুসিদা বিবি কর অকারণ॥ নেফিসা মালুম করে যার যেয়ছা মন * আগুনে ছাইয়ের চাপা নাহি দেহ বিবি ॥ জ্বলে উঠে ছার খার করিবে সেতাবি * এ কথায় হাসিয়া উঠিল গোলানার॥ কহে বান্দি তেরা সাতে পেরে ওঠা ভার * গায়েবি হাছেল বুঝি আছে তোর তরে॥ কেমনে দেলের বাত পায় জানিবারে * যা হউক দেলে মেরা হইল খাহেস॥ দেখিব সে কয়েদিকে করিয়া কোশেষ॥ জানা যাবে এবে কেয়ছা হেকমত তোমার ॥ পার মুঝে কয়েদির দেখাতে দিদার * শুনিয়া কহিল বান্দি কত বড়া দায়॥ নেফিসা সকলি পারে তোমার দোওায় * বাদসাহি পাঞ্জা এক কোন হেকমতে॥ মাঙ্গাইয়া লিয়া রাখ আপনার হাতে * সাহাজাদি কহে নাহি ভাবনা তাহার॥ আছে এক সাহি পাঞ্জা নিকটে আমার * খোসাল হইয়া বান্দি শুনিয়া এবাত॥ দিন গোজারিয়া যবে পওছিলেক রাত * কোন কিছু না কহিয়া কাহার খাতেরে ॥ সাহাজাদি বান্দি দোন নেকালে বাহিরে * পুসিদায় ধিরে ধিরে হৈল রাহাদার॥ হাজের হইল গিয়া যেথা কারাগার * দুওারে দরওানি খাড়া দেখিয়া দোহাকে॥ কহিল্ল কাহারা আপে বাতাও আমাকে * জেহেল

খানার দ্বারে রাতের আমলে ॥ আইলে আওরত দোন খেয়াল কি
দেলে * নেফিসা একথা শুনে কিছু না কহিয়া ॥ সেতাবিতে
সাহি পাঞ্জা হাতে নেকালিয়া * ধরিলেক দরওানির চক্ষের
সামনে ॥ দেখিয়া দরওানি তাহা ডর পাইল মনে * সেতাবি
ছালাম কৈল ছের ঝোকাইয়া ॥ তিন হাত তফাতেতে খাড়া
হৈল গিয়া * ছবব তাহার সোন যত দিন দার ॥ যোজোগি
আছিল এয়ছা বাদসাহি পাঞ্জার * থাকিবে যাহার পাছ পাঞ্জা
বাদসার ॥ বাদসার মাফিক রবে মর্ত্তবা তাহার * যে কেহ
দেখিয়া পাঞ্জা করিবে ওদুল ॥ বাদসাহের নাফর মানি করিল
বেলকুল * যা হউক দরওানি খাড়া হৈল দুরে ॥ নেফিসা
ডাকিয়া বাত পুছিল তাহারে * কোয়েটা হইতে যেই দুই
নামদার ॥ কয়েদ হইল তার জান সমাচার * কোন ঘরে আছে
দোহে বাতাও খবর ॥ চাবি নেকালিয়া দেহ না কর ওজর *
ফিরিয়া আসিব পিছে ঘড়ি এক দের ॥ ভালা ছেওয়া বুরা নহে
এরাদা মোদের * ভেবে চিন্তে দরওানি কহিল এয়ছাই ॥
কয়েদ হইয়া দোহে আছে দুই ঠাই * এতেক কহিয়া দুই
চাবি নেকালিয়া ॥ নেফিছার ছামনেতে দিলেক ডালিয়া *
পুছিয়া নেফিসা বান্দি ছওগাত যে ঘরে ॥ এক চাবি ওঠাইয়া
লিল হাত পরে * জেহেল খানার বিচে ঘুসিল যাইয়া ॥ ছও-
গাত যে ঘরে বন্দ নেসান ধরিয়া * পওছিয়া দুয়ার ধরে লাগাইয়া
চাবি ॥ কেওাড় খুলিয়া ডালে গোলানার বিবি * হোথা
পেরেসান হালে সাহজাদা ছওগাত ॥ বেহালে দরগায় এয়ছা
করে মোনাজাত * কান্দিয়া কান্দিয়া কহে আয় পরওার ॥
বিদেসে দুসমন হাতে হৈনু গেরেপ্তার * মহিমেতে মারাগেল
তামাম লস্কর ॥ হারুন রহিল কোথা না জানি খবর * রহিম
রহমান তুমি রহম করিয়া ॥ জান ছালামতে রাখ হারুন লাগিয়া *
বিদেসে গিরিনু খোদা বিসম মোস্কেলে ॥ আছানি পওছাও
খোদা মেরা এই হালে * সকলি মালুম তুঝে ওগো রব গনি ॥
বেগর তকছিরে খেচি এত পেরেসানি * কি গোনা করিনু খোদা

হইতে গোনা মাফ কর মেরা ॥ সকলের ভালা বুরা এক্তেয়ার তেরা ॥ মোস্কেল কোসা নাম তেরা আলেমল গায়েব ॥ দেখিও সে নামে যেন না হয় আয়েব * হুকুমের বান্দা তেরা আমি খাকছার ॥ দরগায় কবুল করো আরোজ আমার * জারি মোনাজাত এয়ছা করে সাহাজাদা ॥ মহাম্মদ হাতেম কহে রওয়া কৈল খোদা

---

* কারাগারে গোলানার ও ছওগাত উভয়ে উভয়ের উপর আশোক হয় তার বয়ান *

রাগ ত্রিপদী * সাহাজাদা ছওগাত, করে জারি মোনাজাত, কাতরেতে বন্দখানা ঘরে ॥ গোলানার সাহাজাদি, সঙ্গেতে নেফিসা বান্দি, হেনকালে ঘুসিল ভিতরে * আঙ্গুল হেলায়ে বান্দি, কহে দেখ সাহাজাদি,নওবাহার কয়েদি জওান ॥ সাহাজাদি নজর করে, যে ওক্তে দেখিল তারে, বেন্দে বুকে এস্কের কামান * প্রেম নদী ছিল ভরে, মওজা উঠিল জোরে, উথালয়া লাগিল কেনার ॥ ডুবে গেল দেল তরি, বুকেতে হইল কারি, ঘায়েল হইল গোলানার * দেখে সে মোহন ছবি, বেকারার হৈল বিবি, দেল জানে হইল আসক ॥ সাহাজাদার মুখ দিকে, এক দৃষ্টে চেয়ে থাকে, নাহি ডালে চক্ষের পলক * ছওগাত আপনাকে, বন্দ এয়ছা লাগে তাকে, আপনাকে হইল অস্থির॥ ছুরত দেখিয়া মোহ, অবস হইল দেহ, লাগে বুকে আসকের তির * উচাটন হৈল মন, নেঘাওতে নিরিক্ষণ, মুখ পানে চাহিয়া বিবির॥ সাহাজাদা রহে ঠায়, আখি নাহি পালটায়, দেখে দোহে দোহার খাতির * মিল হৈল চোখে চোখে, দোহে দোহাকায় দেখে, একেবারে হইল বিভোর ॥ সময় পাইয়া বিবি, বুঝিয়া কাজের খুবি, সাহাজাদায় মারে আখি সর * খাইয়া নয়ন বান, উদাস হইল জান, লাগে তির কলেজায় গিয়া ॥ ঘায়েল হইল মর্দ্দ, লাগিল বিসম দর্দ্দ, গেরে ঠায় বেতাব হইয়া * বেহুস হইল সাহা, সাহা

জাদি মারে আহা, বান্দিকে কহিল ধাও। ধাই॥ হৈল মর্দ্দ হুস হারা, পাছে বা পড়েন মারা, তাকিদ এলাজ করা চাই * এতেক কহিয়া বিবি, দেলেতে দরদ ভাবি, পৌছিলেন ছওগাতের পাছ॥ ওঠাইয়া ছের তার, কোলে লিল আপনার, অঞ্চলেতে লাগায় বাতাস * জরবাপ্ত লেবাছ গায়, বসরাই গোলাব তায়, সাজাদির অঞ্চলে ভরপুর॥ পৌছে ছওগাতের নাকে, হুস কিছু হৈল তাকে, ছের তুলে করিল নজর * দেখে মর্দ্দ আখি খুলে, আছে সে বিবির কোলে, বিবি তার হাওয়া করে গায়॥ দেখে এয়ছা ছওগাত, দেল নদী অকস্মাত, খোসে ভরে হাবু ডুবু খায় * খুসির ধমক চোটে, হুস ফের গেল টুটে, বে হুসিতে পড়িল ঢলিয়া॥ সাজাদি তাগিদ করে, চেতন করাতে নারে, দেলে বিবি গেল ঘাবরাইয়া * বেকারার হৈল বিবি, না জানে কাজের খুবি, দেওয়ানা মাফিক একে বার॥ সাজাদার মুখ ধরে, কান্দে বিবি জারে জারে, কহে হুস কর নামদার * গলে হাত লেপটিয়া, মুখ পরে মুখ দিয়া, জার জার কান্দে সাহাজাদি॥ সাহাজাদির হাল দেখে, তাজ্জব হইয়া থাকে, দেলে দেলে হাসে খুব বাদী * বিবির মুখের বাসে, ছওগাত আইল হোসে, আখি খুলে দেখিল চাহিয়া॥ গোলানারে পোছে বাত, কেবা তুমি পারজাত, মোর তরে কহ বিবরিয়া * আমা হেন অভাগারে, আসিয়া কয়েদ ঘরে মেহের বানি দেখালে এয়ছাই॥ ছুরত দেখিয়া তেরা, হইনু দেওয়ানা পারা, হোস গোস কিছু ছিল নাই * তাকিদ করিতে তুমি, হুসেতে আইনু আমি, নহে জান যাইত আলবত্ত॥ পরিচয় কহ ধনি, শুনে তেরা মধু বানি, মিটে যাক দেলের হছরত * সাজাদি শুনিয়া এয়ছা, আগুনেতে মোম যেয়ছা, দেল তেয়ছা হইল নরম॥ হইল বহুত খোস, দেল নদী মারে জোস, ওলেকিন আইল সরম * সরম পাইল বড়া, উঠিয়া হইল খাড়া, নেফিসাকে করিল ফরমান॥ চলহ বাহিরে যাই, দেরেতে দরকার নাই, এন্তেজারে আছে দরওয়ান * কহিয়া এয়ছাই বাত, নেফিসায় লিয়া সাত, চাহে আইসে হইয়া বাহির॥ সাহাজাদা ছওগাত,

মেহের বান, বাচাইয়া রাখ জান, পরিচয় বাতাওনা তেরা ॥ আর থোড়া কর দেরি, দেল জান ঠাণ্ডা কার, দেখে তেরা আফ তাবি চেহেরা * আহবানে সাজাদার, সাহাজাদি গোলানার, সিহরিয়া উঠিল বদন ॥ উছলিল প্রেম তরঙ্গ,অবস হইল অঙ্গ,অসামাল হইল মদন * পছিনা ছুটিল তনে, ভাবে বিবি মনে মনে, আসক হইল এজওয়ান ॥ লেকিন আগেতে তার, জানা চাহি দরকার, ঝুটা সাচ্ছা নেহাত সন্ধান * এতেক ভাবিয়া দেলে, ছওগাতের তরে বলে, সোন ওরে কয়েদি বিদেসি ॥ ফজর হইলে কালী, তুঝে চড়াইব স্থলি, নহে দেলাইব লিয়া ফাসি * দেলে নাহি ডর কর, এতেক হেম্মত ধর, বে হেম্মত করিলে আমায় ॥ আপনার চাহ ভালা, হাত ছাড় এই বেলা, নহে তেরা বাচা হবে দায় * শুনিয়া ছওগাত কয়, মরিতে না করি ভয়, মরিবার কিবা আছে বাকী ॥ ওই চাদ মুখ তেরা, নজরে গিরিতে মেরা, বেকারার হৈল প্রাণ পাখি * এস্ক তির মেরে মোরে, দিয়াছ ঘায়েল করে, কলেজায় চোট হইল কারি ॥ বেগর এলাজ তার, ঘড়ি এক বাচা ভার, দরদ জ্বালাতে ঠায় মরি * প্রেম দরিয়াতে মোর, তুফান উঠিল ঘোর, অসামাল হৈল দেল কিস্তি ॥ তেরা ও মোহন ছবি, তুফানে কাণ্ডারি বিবি, বায়েক হওনা থোড়া পুস্তি * ঘায়েল করিয়া মোরে, যাবে যদি ঘরে ফিরে, তবে কি ফায়েদা দেখা দিয়া ॥ তলওার মারিয়া মোরে, ছের দেহ জুদা করে, সব জ্বালা যাক জুড়াইয়া * এতেক কহিয়া মর্দ্দ, ছল ছল আখি ছর্দ্দ, হেট ছেরে হৈল নাজওাব ॥ দেখে এয়ছা গোলানার, দেল হৈল বেকারার, সিনা তার হইল কাবাব * বোঝে বিবি দেল বিচে, আসক ছাদেক আছে, বেসক এ বিদেসী জওয়ান ॥ কছেল্লা না দিব আর, পাবে মর্দ্দ দুঃখ ভার, নাহক হইবে পেরেসান * ভাবিয়া এয়ছাই বাত, আপনার দুই হাত, গলে লেপটীয়া সাহজাদার ॥ কহে মর্দ্দ সোন কাহে, কেন তুঝে এয়ছা কহি, খালি তেরা দেল বুঝি বার * সোন নামদার আমি, এাকিন জানিবে তুমি, দেখে তেরা জামাল ছুরত ॥ দেল আর জান মেরা, খেদমত করিতে

গোলানার বান্দি তেরা, আপে যদি করত মঞ্জুর ॥ আমার খছম তুমি, তোমার কবিলা আমি, এই বাতে সায়েদ গফুর * সাচ্চা জান সাহাজাদা, দেলে জানে হৈনু ফেদা, এই বাত না হবে খেলাফ ॥ এজ্জত হোর্মত মেরা, এক্তেয়ার কৈনু তেরা, কবুল করহ সাহা আপ * ছওগাত শুনিয়া এয়ছা, মোর্দ্দারের ধড়ে যেয়ছা, দোবারা আইল ফিরি জান ॥ এয়ছাই হইল খোস, ওজুদে মারিয়া জোস, বহে চলে খুসির তুফান * খুসির মওজাতে গিরে, ওঠে সাহা চিক মেরে, গোলানারে লাগিল কহিতে ॥ সোন কহি বিবি জান, মেরা কালেবের জান, মিসিয়াছে তেরা ওজুদেতে * দেল আর জান মেরা, হাওালা করিনু তেরা, বোঝ বিবি খেয়াল করিয়া ॥ এস্কের কামান মেরে, কয়েদ করিলে মোরে, ছুরতের বেড়ি লাগাইয়া * এয়ছাই হইনু বন্দ, জেন্দে-গিতে হর চন্দ, খালাছ না পাব এ বন্ধনে ॥ প্রেমের গারদে তেরা, টুটিলে বন্ধন মেরা, তখনি মরিব জিতাজানে * সোন ছাফ দেলে কহি, আপনি বুঝিবে ছাহি, কছম করিয়া কহি বাত ॥ গাওয়া জাত পাক বারি, মালায়েক হুরি নুর, গাওা রহে কুল মখলু-কাত * আছমান জমিন তারা, আফতাব মাহতাব ছারা, সাএদ রহিল এইবাতে ॥ বেওফাই করি যদি, রহিযেন নিরবধি, আকবতে দোজখ বিচেতে * আর যে পোরশেষ করি, কহ মেরা বরাবরি, কেবা তুমি লাড়কি কাহার ॥ কোথা হতে এলে হেথা, কিবা নাম মাতা পিতা, সাচ কহ হুজুরে আমার * শুনে কহে গোলানার, আহছান নামদার, তিনি হয় বাবাজি আমার ॥ তার ঘরে হইনু পয়দা, সদা খোসে রাখে খোদা, বান্দির নাম হয় গোলানার * শুনিয়া ছওগাত বলে, আফছোছ পওছিল দেলে,আমি তেরা পিতার দুসমন ॥ কয়েদ হালেতে আমি, আমার সঙ্গেতে তুমি, কিরূপেতে করিবে মিলন * শুনে সাহাজাদি কহে, মিছে ঘাবরাইছ কাছে, সোন আয় মহবুব আমার ॥ তোমার ছদকার পরে, জান যদি যায় মেরে, দিব তাহা করিয়া নেছার * আন্দেসা না কর আপে, এখুনি কহিয়া বাপে ॥ লিব তুঝে খালাছ করিয়া ॥ বাবাজি এ বাত পরে, যদ্যপি এনকার করে, পরে জান

করিব বুঝিয়া * গোলানার এত বলে, ধরে ছওগাতের গলে, কহে বাত মধুর বচনে ॥ সোনহ মহবুব মেরা, ছবুরি করহ জারা, খোদা চাহে আয়েন্দা বেহানে * খালাছ করিব তুঝে, থোড়া ঘড়ি তরে মুঝে, বিদায় মুঝে দেহ নামদার ॥ যাইয়া মাকান বিচে, কহিব মায়ের কাছে, তোমার যতেক সমাচার * সাহাজ্জাদা এহা শুনে, কহে পেরেসান মনে, যাও জানি আইস ত্বরা করে ॥ পেয়াছা চাতক আমি, আছমানের পানি তুমি, ব্যাকুলিতে রৈনু এন্তেজারে * গোলানার সেথা হৈতে, নেফিসাকে লিয়া সাতে, তাড়াতাড়ি আইল বাহিরে ॥ এস্কে চুর চুর হিয়া, পৌছিল মাকানে গিয়া, রহে বিবি অতি বেকারারে * চক্ষে নাহি নিদ আসে, নিশি কাটে বোসে বোসে, নানা কথা মনেতে করিয়া ॥ ফজর হইলে পরে, নেফিসাকে সঙ্গে করে, বেগমের কাছেতে যাইয়া * ছালাম করিল পায়, বেগম খোসালে তায়, কোলে নিল পিয়ার করিয়া ॥ অধম হাতেম কয়, দেখ পরে কিবা হয়, সওগাত গোলা-নারে নিয়া *

---

* গোলানার আপন মায়ের নিকট মালামত পাইয়া ছওগাতকে লইয়া নেকালিয়া যাইবার মছলত করে তাহার বয়ান *

পয়ার * ছওগাতের নিকটেতে লইয়া বিদায় ॥ পওছিলেন গোলানার আপনা ডেরায় * এস্কের তাপেস তারে কৈল বেকারার কলেজা কাবাব কৈল জিউ জারে জার * যাগিয়া কছেল্লা সাতে পোহাইল রাত ॥ ফজর হইতে এয়ছা কৈল মছলে হাত * খুলিয়া মায়ের আগে কব যত বেনা ॥ আজিজিতে জানাইব মত-লব আপনা * এয়ছাই মছলত করে ভাবিতে গুনিতে ॥ হাজের হইল বেগমের হুজুরেতে * ছালাম তছলিম কৈস মায়ের কদমে ॥ জননী পেয়ার কৈরে ছের মুখে চোমে * পুছিতে লাগিল লিয়া কোলে আপনার ॥ কি দরকার মোর আগে কহ গোলানার

ধীরে ধীরে কহিতে লাগিল সাহাজাদি ॥ এক বাত কহি মাগো পুরা কর যদি * শুনিয়া বেগম কহে কিবা কহ বেটী ॥ এক মাত্র তুমি মোর জেন্দেগির খুটী * জাহানের বিচে মোর যাহা কিছু খুসি ॥ জানের পিয়ারা তুমি সবা হৈতে বেশি * তোমার কারণে মোর বাচা দুনিয়ায় ॥ কিবা আছে মাত্তা মোর তোমার ছেওয়ায় * বে সোবা দেলের বাত কহ বেটী তুমি ॥ হউক কঠিন যত পুরাইব আমি * গোলানার কহে মাগো আরজ হুজুরে ॥ বে সরম নাহি ভাব তোমার বেটীরে * লেকিন মামেলা বড়া আছে এ কথার ॥ চারা নাহি আছে বলা সেওয়ায়ে আমার * সরম তোগিয়া তাই কহি এয়ছা বানি ॥ তকছির নাহিক লও সোনগো জননি * গজনির সাহাজাদা ছওগাত নামেতে ॥ কয়েদ হইল জিনি কোয়েটা হইতে * কয়েদ করিয়া তারে রাখে বাবাজান ॥ ছুরতের বাত তার না হয় বয়ান * ঢুড়িলে জাহানে বুঝি ছানি নাহি তার ॥ ছুরত শেকল যেয়ছা চাদ পুর্ণিমার * বান্দির মুখেতে আমি শুনিয়া কাহিনী ॥ যাইয়া কয়েদ ঘরে দেখিনু আপনি দেখে তারে দেলে জানে হইনু আসক ॥ সেহবি আসক মোরে হইল বেসক * দুই জনে বাত চিত কৈনু কত মতে ॥ আখেরে কারার দিনু তাহার আগেতে * আমাদের দোহে ছাড়া এই দুনিয়ায় ॥ সাদি বেহা কেহ কভু না করিব কায় * ছওগন্দ করিয়া বন্দ হইনু কারারে ॥ এই বাতে মেহেরবান হও মেরা পরে শুনিয়া বেগম বিবি বেটীর কালাম ॥ গোশ্বায় জ্বলিল তার অজুদ তামাম * মাথায় মারিয়া হাত লাগে কহিবারে ॥ আই ছিগো কি করিলি লাজ নাহি তোরে * বেগানার কাছে গিয়া ভরম লুটালি ॥ আই বুড়া বেটী এয়ছা কু-কাজ করিলি * সাহাজাদি হয়ে এক কয়েদির সাতে ॥ গোপনেতে মেশা মিশি করিলি কি মতে * কে কবে এমন কাম করিয়াছে কোথা ॥ তোর তরে হেট বুঝি হয় উচা মাথা * একথা জাহির হলে সহর মাঝারে ॥ মাথা তোলা দায় হবে লোগের হুজুরে * মুখ দেখাইতে ভার হইবে বাদসার ॥ বেটী হয়ে কৈলি এয়ছা কলঙ্ক খাকার * কম

কালে * তবে না গিরিত এয়ছা কলঙ্কের ডালি ॥ এরূপে বেগম দেয় গোলানারে গালি * ফজিহত মালামত করিল বিস্তর ॥ কান্দে বিবি গোলানার হইয়া কাতর * লোটাইয়া জননির কদমের পরে ॥ অঝর নয়নে কান্দে বড়া বেকারারে * কান্দিয়া কান্দিয়া কহে ওগো আম্মা জান ॥ তকছির করহ মাফ হৈয়া মেহের বান * আসক আগুনে আমি হইনু দেওয়ানা ॥ না জাবে এ আগ কভু করিলে গঞ্জনা * নাহি যদি পাব সেই জওয়ান বাহারে ॥ ছায়েত না রবে জান কালেব ভিতরে * আলবত্তা খারাব হবো নাহিক এড়ান ॥ এস্ক আগুনেতে পুরে মরিব নিদান * এই রূপে গোলানার মায়ের আগেতে ॥ লোটাইয়া জার জার লাগিল কান্দিতে * বেটির কান্দনা দেখে বেগম আপনার ॥ রহম আইল থোড়া দেলের মাঝার * ওঠাইয়া গোলানারে কদম হইতে ॥ মুছায় চক্ষের আছু আপনার হাতে * কহিতে লাগিল ভালা করহ ছবর ॥ এই বাতে গরজ নাহিক আছে মোর * লড়িতে বাবাজি তেরা গিয়াছে ময়দানে ॥ সামেতে ফিরিয়া যবে আসিবে মাকানে * বিবরিয়া তার আগে কহিব তামাম ॥ তিনি যদি রাজি হন শুনে একালাম * খুসি হালে এই বাতে মঞ্জুর আমার ॥ শুনিয়া বহুত খোস বিবি গোলানার * মায়ের কদমে ধরে কহিল দোবারা ॥ কর মাগো তুমি থোড়া সোপারসি মেরা * তোমার তোফেল হইতে বাবাজি আলবত ॥ আমার খাতের পরে করিবে রহমত * বেগম বেটীর তরে তছল্লি দেলায় ॥ পওছিলেন গোলানার আপনা ডেরায় * গোজারিয়া গেল জঙ্গ আগামি কালাম ॥ পৌছিল আহছান যবে আপনা মোকাম * খেয়ে পিয়ে খুসিহালে অন্দরে পওছিল ॥ বেগম বেটীর বাত তামাম কহিল * শুনিয়া এয়ছাই গোশ্বা হইল আহছান ॥ সে গোশ্বার হদ কিছু না হয় বয়ান * কহিতে লাগিল বাত গজব করিয়া ॥ জিতা আজ না রাখিব বেটীর লাগিয়া * এখুনি তলওার মেরে করিব নিপাত ॥ কলঙ্ক আনিল মেরা এমন বজ্জাত * জানের দুসমন মেরা

আলপ্তগিন ॥ পোস্তা তার ছওগাত কিবা আছে ভিন * দুস-মনের সাতে বেটী করিল আস নাই ॥ এমন কমিনা বেটী রাখা নাহি চাই * বেগম বুঝায় কত বেটীর হইতে ॥ হরগেজ আহছান কিছু না লিল কানেতে * বেগম আজিজি কত করিয়া আখেরে ॥ জান বকসী করাইল বেটীর খাতেরে * আহছান তখনি লিল বোলায়ে দরওানে ॥ পুসিদা কহিল বাত তাহার কারনে * সাহাজাদি গোলানারে হুকুমে কাহার ॥ ঘুসিবারে দিয়াছিলে জেহেল মাঝার * দরওানি কহিল সাহা তোমার দোহাই ॥ সাহাজাদি হবে কিনা কভু জানি নাই * দুই জনা আওরত আগামি রাতেতে ॥ ঘুসিবারে চাহিলেক জেহেল বিচেতে * বাদসাহি পাঞ্জা ছিল নিকটে তাদের ॥ হুকুম তামিল করি এহার খাতের * বুঝিতে পারিল সাহা যে হাল গোজারে ॥ বেত কছিরে মেরে ডালে দরওানির তরে * দেল বিচে সোবা যদি কলঙ্ক বেটীর ॥ নাদান দরওানি দেয় করিয়া জাহির * দরওানি পড়িল মারা আহছানের হাতে ॥ দোছরা বাহাল হৈল তাহার যাগাতে * তাবাদে উজিরে ডেকে কহিল আহছান ॥ তৈয়ার করিয়া রাখ সুলির ছামান * বেহান হইলে কাল ময়দান বিচেতে ॥ সুলে চড়াইব লিয়া হারুন ছওগাতে * উজির হুকুম মত বাজাইল কাম ॥ আহছান খোসাল দেলে করিল আরাম * যেযার আরাম করে নিন্দের কারনে ॥ গাফেল ঘুমেতে সবে রহে অচেতনে * কেবল জাগিয়া রহে চৌকিদার গণ ॥ আর জাগে সাহাজাদি ডেরাতে আপন * ছটফট করেবিবি জমিনে গিরিয়া ॥ অঝর নয়নে কান্দে জার জার হৈয়া * কি করিব কোথা যাব ভাবে মনে মনে ॥ মহবুব দেলবরে মেরা বাচাব কেমনে * হায় হায় বাপ মেরা পাষান এমন ॥ জাররা না রহম কৈল আমার কারন * জ্বালায়ে আগুন মেরা ছিনার ভিতর ॥ কে কোথা বেটীকে ডালে এমন কহর * আছে হেন কোন কোন পানীর জানওার ॥ আপনার বাচ্ছা করে আপনি আহার * আমার বাবেতে তেয়ছা মিলিয়াছে বাপ ॥ হায় হায় কি রুপে ঘুচিবে এই তাপ * হায় মেরা নয়া কিস্তি প্রেম দরিয়াতে ॥ সেগাফ

হইয়া গেল নাহি ভাসাইতে * গজাবার মুখে মেরা এস্কের দরক্ত॥ জড় সুদ্ধা ওখাড়িল জালেম বদবক্ত * এই রূপে জার জার কান্দে গোলানার॥ দেল বিচে মছলত করিয়া আপনার * নেফিসাকে বোলাইল আপনা হুজুরে॥ কান্দিয়া কাঁন্দিয়া এয়ছা কহিল তাহারে * ওফাদার তুমি ছেওয়া কে আছে নেফিসা॥ হরহালে রাখি আমি তোমার ভরসা * রাখ তুমি বহুতর হেকমত ফিকির॥ বিসম মোস্কেল মেরা করনা তদবির * কলেজার আগ মেরা কিরূপে নিভিবে॥ বাচাইব কিরূপেতে দেলবর মহবুবে * সাজাদির কান্দনাতে নেফিসা কাতর॥ বুঝাইল নানামতে দেলাতে ছবর * আরোজ করিয়া কহে সোন সাহাজাদি॥ বহুত কছেলা জানে লিতে পার যদি * মা বাপ পয়দাস জমি কুল আপনার॥ জানে মনে যাহা কিছু রাখহ পেয়ার * তেজিবারে পার এ সবের মহব্বত॥ হাছেল মোরাদ তেরা হইবে আলবত * সাহাজাদা ছওগাতে খোদার মেহেরে॥ খালাছ করিতে পারি যে কোন তদবিরে * রাত বিচে পুসিদায় লইয়া ছওগাতে॥ নেকলিয়া যাও তুমি কোন তরফেতে * গোলা-নার কহে এহা আলবত্তা পারিব॥ জালেম বাপের মুখে ছাই ডেলে দিব * না ভাকে বেওফা বাপ তরফে বেটীর॥ দাগা দিতে তার তরে না আছে তকছির * জান দিতে পারি আমি ছওগাত খাতের গিরূক কলঙ্ক ডালি পেতে দিব ছের * লেকিন নেফিসা তোরে নারিব ছারিতে॥ বহিনের মত মেরা রবে সাতে সাতে * নেফিসা কহিল এই ওম্মেদ আমার॥ সহিতে নারিব তেরা জুদাইর ভার * কমিনা লেউণ্ডি তেরা রবে সাতে সাতে॥ যেথা যাবে হয় ওক্ত রহিব খেদমতে * গোলানার হৈল খুসি শুনিয়া এবাত॥ কহিল বাতাও তেরা কেয়ছা মছলে হাত * নেফিসা কহিল বিবি মরজি খোদার॥ থাকহ খাতের জমা ডর কি তোমার * ঘড়ি এক বিচে গিয়া হারুন ছওগাতে॥ খালাছ করিয়া আনি হারুন ছওগাতে * এই কয় চিজ তুমি রাখহ তৈয়ার॥ ভাল চার তাজি ঘোড়া ঢাল হাতিয়ার * নেফিসা

কেস বেস আপনার বানায় তামাম ॥ লেবাছ জেওরাতে এয়ছা করিল স্থঠাম * ছুরত আচমান বিচে চমকায় বিজলি ॥ নেফিসার অঙ্গ ছেয়ছা করে ঝিলি মিলি * ধিরে ধিরে আপনাকে হইয়া হুসিয়ার ॥ পৌছিল যাইয়া ধনি যেথা কারাগার * দেখে চৌকিদার দেয় হুসিয়ারে পহরি ॥ নেফিসা আটক হৈল গিয়া বরাবরি * দরওানি দেখিয়া তারে তফাত হইতে ॥ তলওার খুলিয়া ছোটে গর্দ্দান কাটীতে * কহে কেবা হও তুমি বাতাও সেতাব ॥ নহেত এখনি যাবে হইয়া খারাব * শুনিয়া নেফিসা বান্ধি ফেরেবের বেড়ি ॥ দরওানির ওজুদেতে লাগায় দড় বড়ি * খল খল করে বান্ধি উঠিল হাসিয়া ॥ কহে কি চক্ষের মাথা লিয়াছ খাইয়া * দেখিতে না পাও আমি নেফিসা খাতুন ॥ জিয়ের আরাম তেরা বুকের রতন * দের বুঝি হইল আজি এহার খাতেরে ॥ গোশ্বা দেলে তেগ খুলে অইলে কাটিবারে * কিন্তু তাহে কি করিব দোহাই তোমার ॥ এই বাতে নাহি কিছু কছুর আমার * অকারন হেলাছাজি কভু নাহি করি ॥ পর এন্তেজারি কাম বহুত ঝকমারি * যতক্ষন সাহাজাদি না দেয় ফোরছত ॥ তেরা কাছে আসিবারে না পারি তাবত * তেকারনে হুজুরেতে হইয়াছে খাতা ॥ গোশ্বা নাহি হও নাথ খাও মোর মাথা * দরওানি শুনিয়া এহা গিরিল হায়রতে ॥ দেলে ভাবে কিবা কহে এই আওরতে * নেহাত মালুম হয় আগে যে দরওান ॥ এই জেহেলের দ্বারে ছিল নেঘাবান * এই আওরতের সাতে আসনাই আছিল ॥ বাদসার গজবে আজি মারা সে পড়িল * বাহাল হইনু আমি তাহার কামেতে ॥ মালুম না আছে ভেদ এহার আগেতে * আপনা নাগর বলে ঠাহরিল মোরে ॥ কি করি এমন দাও নারি ছাড়িবারে * কেছমতের গুনে মেলে এমন আওরত ॥ পুসি-দার যাগা হেথা কি আছে দহসত * দরওানি ভাবিয়া এয়ছা তাও দিয়া মোচে ॥ হাসিয়া হাসিয়া বাত নেফিসায় পোছে * কহজানি কি খাতেরে দের হৈল তেরা ॥ বেসক হইয়াছে গোশ্বা তাই মেরা * শুনিয়া নেফিসা বান্ধি হাসে মনে মনে ॥ বুঝিল ঔষধ

বিন্ধানু হেকমত বঁড়শী মাছের যে গালে * খেচিয়া লইব এবে কোথা যাবে আর॥ এয়ছাই ভাবিয়া বান্দি দেলে আপনার * খেচিয়া নয়ন বান মারে দরওানিকে॥ জোরেতে বিন্ধিল গিয়া দরওানির বুকে * বুকে পিঠে পার হৈল দরওানি বেচারা॥ একে বারে হৈয়া যেন গেল গন্ধ মরা * থর থর কাপে সিরা পছিনা ছুটিল॥ দেমাগ হইল গান্দা বাত না স্বরিল * খাড়া রহিবার তাব না রহিল আর॥ বেতাবে গিরিল কদমেতে নেফিসার * কহে জানি ছাতি মোর গেল সুখাইয়া॥ মিলন সরবত জলদি দেহ পেলাইয়া * নেফিসা বুঝিয়া কাম আস্তিন হইতে॥ নেকালিয়া পুসিদা খঞ্জর লিল হাতে জানিতে নাহিক পারে দরওানি নাদান॥ নেফিসা বাড়ায়ে হাত কহে এস প্রাণ * চাহেকি দরওানি ধরে নেফিসার তরে॥ ওমনি নেফিসা ছুরি ওঠাইয়া জোরে * হলকুম উপরে ছুরি দিল বসা-ইয়া॥ দরওানি গিরিল নিচে কাছাড় খাইয়া * হাত পাও খেচিয়া ছুটিয়া গেল দম॥ কবজ করিল জান খাড়া ছিল যম * মহাম্মদ হাতেম কহে কলির বাজারে॥ চিনে রেখ মোসলমান আওরতের তরে॥ হুসিয়ার হুসিয়ার খুব খবরদার॥ আওরতের বাতে কেহ না লিও এতবার * বেহতের ধরিতে পাও কাল সাপ মুখে॥ আন্দেসা না করি যদি এতবার রেখে * জহর খাইয়া যদি না দিয়া তদবির॥ বাঁচিতে এরাদা রাখি মন করে স্থির * তথাপি এতবার রহে আওরতে লেকিন॥ হরগেজ হরগেজ নাহি হইবে একিন * এক হইতে দোছরাকে না দিই তহমত॥ মাবুদ ছাবুদ রাখে সতির এজ্জত *

---

* গোলানার ছওগাত ও হারুনকে লইয়া ময়দানে আলপ্ত-গিনের সহিত মেলে তাহার বয়ান *

পয়ার * ফেরেবে পড়িল মারা দরওানির জাত॥ নেফিসা কোমরে তার হাতাড়িয়া হাত * সেতাবিতে লিল হাতে চাবি

আছিল বন্দ যেই ঘর বিচে ॥ সেতাবি দুওার খুলে গিয়া তার কাছে কাছে * মোক্তেছার দুএক বাতে তামাম কালাম ॥ কহিয়া কহিল জলদি আইস নেকনাম * দেরেতে মোস্কেল পাবে হৈতে নমুদার ॥ তৈয়ার হইয়া আছে বিবি গোলানার * খবরদার কোন কথা না লিবে জবানে ॥ জান বাচা হবে দায় কেহ যদি সোনে * ভেবে গুনে সাহাজাদা হইল বাহির ॥ এরূপে খালাছ কৈল হারুন খাকির কারাগার হইতে নেকালিয়া তিন জনে ॥ হাজের হইল সাহাজাদির সামনে * নেফিসা ও সাহাজাদি গোলানার বিবি ॥ লেবাছ পিন্দিয়া হৈল মরদের ছবি * ঘোড়ায় ছওার হৈল হাতিয়ার বান্ধিয়া ॥ খিড়কির দুওার দিয়া চলে নেকলিয়া * পুসিদা রওানা হৈল ভেবে পরওারে * যখন হাজের হৈল সহর দুওারে * দরওানি আটক কৈল না খোলে দুওার ॥ কহিল নাহিল দিব হইতে বাহার * বাদসার হুকুম আজ রাত দরামিয়ানে ॥ ঘুসিতে বা নেকালিতে কোন লোগ জনে * হরগেজ নাহিক দিব না হৈলে বেহান ॥ হুকুম ওদুল কৈলে না রবে গর্দ্দান * খাড়া হৈয়া রহ হেথা ফজর লাগাত ॥ খারাব হইয়া যাবে নাহি সোন বাত * শুনিয়া ছওগাত কহে দরওানির তরে ॥ বিদেশী আমরা সবে যাব বহু দুরে * বুয়া হবে দের হৈলে ফোরছত থোড়াই ॥ এলাহির ওাস্তে দ্বার খুলে দেহ ভাই * শুনিয়া দরওান কহে ছাড় এই বাত ॥ তোমরা কয়েদি মেরা ফজর লাগাত * হেথা হৈতে কোন স্থানে তোমা সবাকায় ॥ রাতকালে নাহি দিব যাইতে কোথায় খাড়া রহ চুপ হৈয়া না কহ কালাম ॥ কোন কথা কহ যদি কারিব তামাম * বিপাক দেখিয়া সবে হইল ফাফর ॥ গোলমালে সেখানেতে দরওান বিস্তর * হাজের হইল সেথা দেখিয়া হারুন ॥ ছওগাতের মুখপানে তাকে ঘনে ঘন * এরাদা হুকুম যদি পাই একবার ॥ বাহির হইয়া যাই ভাঙ্গিয়া দুওার * বুঝিয়া ছওগাত কহে কার মুখ চাও ॥ কামনা দরওান যাতে মারিয়া গেরাও * হারুন কুদিয়া ওঠে শুনিয়া এবাত ॥ খেচে মারে দরওানকে তেগ লিয়া হাত * এক চোটে জুদা হৈল দরওানের ছের ॥ দেখিয়া

চিল্লাইয়া ॥ চারিদিগে সে আওাজ পৌছিল যাইয়া * দেখিতে দেখিতে সেথা চৌকিদার কত ॥ হাজের হইল দিগে দিগে ছিল যত * চড়াই করিল এসে খুলিয়া তলওার ॥ মারা মারি কাটা কাটী হৈল নমুদার * নেফিসা ও সাহাজাদি গোলানার বিবি ॥ এক কেনারাতে খাড়া হইল সেতাবি * হারুন ছওগাত দোন যেন সেরনর ॥ ঘড়ি একে চৌকিদার মারিল বিস্তর * কত দিন ছিল দোহে বসিয়া বেকার ॥ মুদ্দতের পিছে সের পাইল সেকার * কাটিয়া চলিল দোহে অতি গোস্বা দেলে ॥ মারিয়া ডালিল যত চৌকিদার দলে * বাচিল কয়েক জন জান লিয়া ভাগে ॥ খবর কহিতে গেল আহছানের আগে * নেফিসা ফেকের করে এই ফোরছতে ॥ হাতাড়িয়া দরওানির কাটা লাস হৈতে * চাবি নেকালিয়া লিল হাতে আপনার ॥ তুওার খুলিয়া হৈল সেতাবি বাহার * দেখা দেখি নেকালিল হারুন ছওগাত ॥ চার জনা নেকালিয়া চলে এক সাত * জোরেতে মারিয়া কোড়া ওঠাইল ঘোড়া ॥ দেলেতে দহসত জাগে নাহি রহে খাড়া * সহর ছাড়িয়া চলে ময়দানের পানে ॥ হাজের হইল গিয়া জঙ্গের ময়দানে * খোরছানির তাম্বু বিচে পৌছিল যাইয়া ॥ চেনে যত চৌকিদার ছওগাতে দেখিয়া * খুসিতে মারিল জোস দেল সবাকার ॥ ছুটিল বাদসার আগে দিতে সমাচার * খবর পাইয়া বাদসা খোসাল অন্তরে ॥ ধাওা ধাই নেকলিয়া আইল বাহিরে * কোলে ওঠা-ইয়া লিল ছওগাতের তরে ॥ ছেরেতে ফিরায় হাত বহুত পিয়ারে গলায় ধরিয়া মেলে হারুনের সাতে ॥ নেফিসা সাজাদি দোন এই ফোরছতে * তফাতে যাইয়া লিল বদলে লেবাছ ॥ ছালাম করিল এসে বাদসার পাছ * দেখিয়া আলপ্তগিনে লাগিল হয়রত পুছিতে ছওগাত কহে যত হকিকত * বয়ান করিল যাহা গোজেস্তার হাল ॥ শুনিয়া হইল সাহা বহুত খোসাল * খাছ খিমা তবে এক করিল তৈয়ার ॥ রহে তাহে নেফিসা ও বিবি গোলানার * হাবসি গোলাম খোজা দাসি খাওাছিন ॥ ছিল জারা নেক আর ছুরতে হাছিন * দিন কত সাজাদির করিতে

সেই মাত্ত খুসিতে গোজারে॥ হোথা জান লিয়া ভাগে যত
চৌকিদারে * আহছান সাহার আগে দিল সমাচার॥ সহরে
পহরি ছিনু মোরা চৌকিদার * চারি জন পাহলওান না জানি
কাহারা॥ সহর দ্বারেতে যবে পওছিল তাহারা * দরওানি আটক
কৈল না খোলে দুওার॥ বাতে বাতে খুব ভাতে হইল তকরার
দিগে দিগে হৈতে মোরা শুনিয়া আওাজ॥ হাজের হইনু এসে
দরওাজার মাজ * হাজের হইনু যবে বহু চৌকিদার॥ বেদাব
করিয়া তারা ধরিল তলওার * কাটিয়া ডালিল তারা দরওানির
ছের॥ হামলা মোদের পরে করিলেক ফের * লড়াই করিতে
শুরু আমরা সবায়॥ তাদের মর্দ্দমি যাহা কহা নাহি যায় *
দুই জনে তাহাদের এয়ছা পাহালওান॥ সের নর দেখে যদি
ভাগে লিয়া জান * ঘড়িতে মারিয়া ডালে যত চৌকিদার॥ জান
লিয়া আইনু মোরা দিতে সমাচার * শুনিয়া আহছান সাহা হইল
দেলগির॥ সোবা আইল দেল বিচে হইল অস্থির * আপনি
চলিল ছুটে যেথা কারাগার॥ দেখিল দুওার ভাঙ্গা খোলা আছে
দ্বার * দরওানির মরা লাস দেখিয়া নজরে॥ মাথায় মারিয়া হাত
হায় হায় করে * তখনি মহলে ধায় তালাশে বেটীর॥ কোনখানে
না পাইল সাজাদি খাতির * নেফিসা নামেতে বান্দি ঢুড়িতে
লাগিল॥ সন্ধান না মেলে তার গায়েব হইল * গোলানার দিল
দাগা মালুম করিয়া॥ সোগে আহছানের বুক উঠিল জ্বলিয়া *
শত বাজ যদি তার ছেরেতে গিরিত॥ তবুও এমন হাল নাহিক
পওছিত * আন্দেসা ও গম তাপ লাজ মান ডর॥ এক সাতে
কারি হৈল দেলের ভিতর * ছদমার ধমকে সাহা হায় হায় করে
জাহের কাহার আগে করিতে না পারে * বিষাদ ভাবেন সাহা
আপনার দেলে॥ হায় হায় লেখা এই আছিল কপালে * বেটী
হইতে এই হাল গোজারিল মোর॥ কারার না লেয় দেল না
মানে ছবর * পৌছিল অন্দর বিচে দেল বেকারার॥ বেহালে
বেগম কান্দে হইয়া জারে জার * বুঝায় আহছান সাহা বেগমের
তরে॥ দেলেতে ছবর বান্দ কান্দ কি খাতেরে * চুপ রহ খাম-

কান্দিয়া বেগম বলে কহ নামদার ॥ কিরূপে কারার লিব দেলের মাঝার * বাদসা কহে দেলবিচে করহ গওর ॥ তোমার আমার হাল এক বরাবর * দেল কে ছবর মেরা দিনু এ প্রকারে ॥ বেকারার হও দেল বেটীর খাতেরে * পাইবে উচিত সাজা হাতে আপনার ॥ ছিনাকে চিরিয়া তুঝে করিব বাহার * কলেজা যদ্দপি তুঝে দাগ কিছু চড়ে ॥ নেকালিয়া দিব তুঝে জোরেতে ওখাড়ে * আয় আখি জারা ভর নেকালিবে পানি ॥ সে গাফ খঞ্জর মেরে করিব তখনি * আহা যদি মরিবারে চাহরে জবান ॥ হেস্যা হেস্যা কাটিয়া করিব খান খান * এরূপে ছবর তুমি করহ বেগম ॥ হরগেজ খবর দার নাহি করো গম * এরূপে বুঝায় বাদসা বেগম লাগিয়া ॥ ছফেদ জাহির হৈল রাত গোজারিয়া * খোসালে আলপ্ত গিন লইয়া লস্কর ॥ খাড়া হৈল ময়দানেতে বান্ধিয়া কোমর * বাজায় জঙ্গের বাজা তলব নিসানা ॥ শুনিয়া আহছান সাহা লস্করে আপনা * নেকাল ময়দান বিচে করিল ফরমান ॥ সাজিয়া তৈয়ার হৈল যেত্তা পাহালওান * ময়দানে হইল খাড়া বান্ধিয়া কাতার ॥ গালা গালি তকরার শেষে দিল মার * চিক দিয়া কুদে ওঠে দুদলে ছেফাই ॥ যে যারে ছামনে পাইল করিল চড়াই * দুদলে তুমুল জঙ্গ হৈল নমুদার ॥ মার কাট আওাজ উঠিল সোর সার * মাতিয়া উঠিল সবে যেমন মস্তানা কেবা কারে মারে ধরে কে করে ঠিকানা * কেবল হাতিয়ার চালে বেদিসা হালেতে ॥ বেহেছাব মরে লোগ দুই তরফেতে রাশি রাশি গাদা গাদা কাতার কাতার ॥ লহুর ফোয়ারা চলে ময়দান মাঝার * খোরাছানি কান্দাহারি তামাম ছেফাই ॥ ছিল যবে এয়ছা ভাতে করিতে লড়াই * হেনকালে ময়দানের এক কেনারাতে ॥ বহুত লস্কর আইসে পাইল দেখিতে * নজদিগ আইল যবে দুই দল হইতে ॥ যাছুছ ভেজিয়া দিল খবর জানিতে * আসিয়া যাছুছ লোক দিল সমাচার ॥ হাসেম আফগানি নামে কাবুলী সর্দ্দার * বেসুমার গজান কাবুলী লোগ লিয়া ॥ আহছানের মদদেতে পওছিল আসিয়া * শুনিয়া

বহুত খোস হইল আহছান ॥ তাজিমে করিয়া আগু বাড়াইতে যান ॥ সে রোজের মত বন্দ হইল লড়াই ॥ গিন সাহা আপনার লইয়া ছেফাই * পৌছিয়া ডেরার বিচে আন্দেসা দেলেতে ॥ বোলাইয়া হুজুরেতে হারুন ছওগাতে * কহিল কেমন বেনা কহ দেখি শুনি ॥ হঠাত পৌছিল এসে হাসেম আফগানি * নেমক হারাম বুঝি দুস মনি করিয়া ॥ আমার উপরে কোন খাকার ডালিয়া * কাবুলী গজনি লোগে করিয়াছে হাত ॥ এহা ছেওয়া দেলে ঃমেরা নাহি লেয় বাত * শুনিয়া হারুন কহে সোন জাহাগির ॥ যদ্দপি একাম কৈল হারুন বেপির * তা হইলে আলবত্তা এই সমাচার ॥ ভেজিত খোরছানি কোন আগেতে তোমার * সোবা যদি হয় দেলে সোন যাহাপনা ॥ লিখে এক কেতাবত হাতেতে আপনা * ভেজে দেহ গজনিতে জানিতে পারিবে ॥ গিন সাহা কেতাবত লিখিলেন তবে * সোন সোন উজির মেরা হেথা করি বাত ॥ খোদার করম হৈতে হারুন ছওগাত * খালাছ হৈল দোহে মেলে মোর সাতে ॥ গজনি দেসের হাল লিখিবে তুরিতে * কিরূপে চালাও কাম দুসমনের জাত ॥ কিনা আদাওতি কেয়ছা করে তেরা সাত * কাবুলে কেমন রহে গাজি বক্তেয়ার ॥ দুসমনে লোকছানি নাকি করিল তাহার * কাবুল সহর হৈতে কাবুলি গজনি ॥ বহুত লস্কর লিয়া হাসেম আফগানি * আহছানের মদদেতে আইল কান্দাহার ॥ খোলাছা লিখিবে কেয়ছা হালাত ইহার * লিখে এয়ছা কেতাবত করিয়া পছন্দ ॥ ফোরোখ নামেতে ছিল এক হুসমন্দ * ডাকিয়া তাহার তরে গিন নামদার ॥ বুঝাইয়া কহিল তামাম সমাচার * কহিল গজনি বিচে যাইয়া সেতাব ॥ খাড়া খাড়া এনে দিবে রোকার জওাব * কহিল ফোরোখ মর্দ্দ সোন নামদার ॥ ছয় রোজ পিছে লিয়া যত সমাচার * হুজুরে আসিয়া ফের দিব মোলাকাত ॥ এতেক কহিয়া মর্দ্দ রোকা লিয়া হাত * বাদসাকে ছালাম করে চড়িয়া ঘোড়াতে ॥ হাওয়ায় মিসিয়া গেল দেখিতে দেখিতে * বাদসা তাজ্জব হইল দেখিয়া এয়ছাই ॥

সাহা লোগ মারফতে ॥ খবর ভেজিল গিন সাহার আগেতে * তিন রোজ মওকুফ রহিবে লড়াই ॥ জসনে মসগুল বর আমরা সবাই * গিন সাহা রাজি নামা দিলেক লিখিয়া ॥ খোসালেতে আহছান হাসেমে লইয়া * জসন মজলেছে রহে মাতিয়া আমদে তিন রোজ গোজারিয়া গেল তাহাবাদে * বাজিল জঙ্গের বাজা চৌথা রোজেতে ॥ মহাম্মদ হাতেম রচে তওয়ারিখ হইতে *

---

* দোছরা রোজের জঙ্গ *

পয়ার * দুদলে লস্কর আইল ময়দান মাঝার ॥ সার দিয়া দাড়াইল বান্ধিয়া কাতার * পাচ কাতারেতে খাড়া হইল খোর ছানি ॥ বাদসা আলপ্তগিন আগেতে আপনি * সাহাজাদা ছওগাত খাড়া ডাহিনেতে ॥ বামেতে হারুন খাড়া ঝাণ্ডা লিয়া হাতে * চুনেন্দা আহদি লোক দোছরা কাতারে ॥ তেছরা সারেতে যত ঘোর ছওার ছারে * পেয়াদা লস্কর গন চৌথা কাতারেতে ॥ তিরেন্দাজ লাঠিবাজ তাহার পিছেতে * চার কাতারেতে খাড়া হৈল কান্দাহারি ॥ আগেতে আহছান সাহা ঝাণ্ডা হাতে ধরি * ডাহিনে হাসেম খাড়া ওহাব বামেতে ॥ চুনেন্দা সর্দ্দার লোক দোছরা সারেতে * ছওার তেছরা সারে যত তিরেন্দাজ ॥ পেয়াদা লস্কর চৌথা কাতারের মাজ * বাজিল মহিম বাজা নাকারা নিসান ॥ পহেলা আপনা এক ছওারে আহছান * এক খোরছানি তার মোকাবেলা কৈল ॥ নানা হাতিয়ার লিয়া লড়িতে লাগিল * কান্দাহারি আখেরেতে হারাইল জান ॥ দোছরা ছওারে দিল ভেজিয়া আহছান * কুদিয়া খোরছানি তেগ মারে তার ছেরে ॥ কান্দাহারি দুই খান গেরে জমিপরে * শুনিয়া আহছান গোস্বা আগ বরাবর ॥ মোবারেজ নামে এক বড়া দেলাওর * মোটা তাজা উচা কদ হাতির আকার ॥ লস্করে জাহির ছিল মর্দ্দমি তাহার * আহছান কহিল তারে যাইতে ময়দানে ॥

আগে আখি করে লাল ॥ হেকে কহে খোরছানি সাম্বাল সাম্বাল * এতেক বলিয়া মারে তলওার খেচিয়া ॥ গেরে নিচে খোরছানি দুখান হইয়া * পৌছিল ময়দান বিচে দোছরা খোরছানি ॥ মোবারেজ খেচে তেগ মারিল তখনি * এক চোটে ধড় ছের জুদা করে দিল ॥ বাত না স্বরিতে জান নেকালিয়া গেল * ফের এক আছ-ওার হইল হাজির ॥ সেইরূপে মোবারেজ কাটে তার ছির * দেখিয়া বহুত গোশ্বা হারুন সর্দ্দার ॥ বিদায় মাঙ্গিয়া লিয়া আগেতে বাদসার * ঘোড়া কোদাইয়া পওছে যাইয়া ময়দানে ॥ মোবারেজ কুদে আইল দেখিয়া হারুনে * হাকিয়া হারুন কহে রহ মর্দ্দ খাড়া ॥ বুঝিনু দেমাগ তেরা বাড়িয়াছে বড়া * কত জোর ধর মেরা চোট লেহ আগে ॥ তাকাইয়া পাহলওান গর্দ্দানের ভাগে * মহাজোরে মোবারেজে মারিল খেচিয়া ॥ দুই খান করে ডালে ঢালকে কাটিয়া * লাগিয়া গর্দ্দানে চোট হইল আলাদা ॥ গিরে গেল ধর ছের হৈয়া জুদা জুদা * মোবারেজ মারা গেল দেখে ভাই তার ॥ মোবারক নামে ধায় বড়া জোরোওার * ভায়ের সোগেতে যেয়ছা দেওানা মেছাল ॥ হারুনে কহিল কোথা যাবিরে দর্জ্জাল * লইব ভায়ের দাদ তোমাকে মারিয়া শুনিয়া হারুন কহে হাসিয়া হাসিয়া * ভায়ের দেরেগ যদি রাখ দেল বিচে * এখুনি ভেজিয়া তুঝে দিব তার কাছে * এতেক বলিয়া মর্দ্দ তেগ লিয়া হাতে ॥ গোশ্বা দেলে মোবারকে মারিল জোরেতে * মোবারক পাতে হাল আপনার ছেরে ॥ ঢাল সুদ্ধা গর্দ্দান কাটিল একেবারে * মারা গেল মোবারক নামি পাহাল-ওান ॥ দেখিয়া দহসত বড়া পাইল আহছান * ওহাব সর্দ্দার কহে বান্ধিয়া হাতিয়ার ॥ হুকুম আমার তরে দেহ নামদার * দেখিব হারুন বেগ কেয়ছা পাহালওান ॥ জিউতা ধরিব নহে লিব তার জান * আহছান হুকুম দিল যাহ তবে ভাই ॥ তেরা পরে পোস্তপানা আপনি এলাই * বাদসাকে ছালাম করে ধাইল ওহাব ॥ ময়দানে হারুন আগে পওছিল সেতাব * হারুনের তরে কহে ওহাব সরদার ॥ যত ফছাদের মুল তুমি দুরাচার * এক্তে-

[illegible]

গোলাম * খাকার ডালিয়া দিলে আপনার কুলে॥ আফগানি জাতের নামে কলঙ্ক আনিলে * তোমাকে মারিয়া আজি তামাম জঞ্জাল॥ ঘুচাইব আফগানের রাহু দরজাল * শুনিয়া হারুন বলে তুমি ত গাওয়ার॥ বেগর তকছিরে আন তকছির আমার * একথার ফছি কি করিব তেরা সাতে॥ বে-ফায়েদা তকরার না চাহি করিতে * গরুরি নাহিক করো নাহি কর সেখি॥ কেমন কুওত রাখ জঙ্গ দাও দেখি * ওহাব কহিল তবে হও হুসিয়ার॥ এতেক বলিয়া মর্দ্দ খুলিয়া তলওার * খেচিয়া মারিল হারুনের ছের পরে॥ পাহালওান ঢাল পেতে দিল রদ করে * হারুন হাকিয়া কহে সামাল ওহাব॥ আখ না পালটে তেগ মারিল সেতাব * ঢাল না পাতিতে তেগ গর্দ্দানে বসিল॥ ধড় ছের জুদা হৈয়া জমিনে গিরিল॥ লস্করের সরদার মরিল ওহাব॥ দেখে আহছানের তবে না রহিল তাব * ফাফর হইয়া কহে দেলেতে দহসত॥ বুঝি আর তাজ নাহি থাকে ছালামত * সরদার পড়িল মারা আর কে লড়িবে॥ আলবত্তা গিনের হাতে মারা যাব এবে * ভেবে চিন্তে আপনার প্রমাদ গনিয়া॥ মওকুফ বাহুড়ি ডঙ্কা দিল বাজাইয়া * ফিরিল দুদলে লোগ যে যাহার ডেরে॥ খোসালে আলপ্তগিন হারুন সর্দ্দারে * নেওাজিয়া দিল কত এনাম খেলাত॥ মহাম্মদ হাতেম কহে কেতাবের বাত *

---

* তেছরা রোজে ছওগাতের হাতে হাসেম মারা যায় তাহার বয়ান *

পয়ার * গোজারিয়া গেল রাত হইল ফজর॥ কোমর বান্ধিয়া খাড়া দুদলে লস্কর * বাজিল জঙ্গের বাজা নাকারা স্বরূদ ভেউর ধাওসা কাড়া রন সিংগা রুদ * কুপচাগ দামামা তুরি ভেরিও বিগল॥ কর্ণাল দফ আদি তবল মাদল * বাজা শুনে দুইদল মস্তানা হইল॥ হাতীয়ার খুলিয়া হাতে কুদিতে লাগিল *

জোরোওার * জঙ্গের ময়দান] কেবা লইবে পহেলা ॥ সেতাবি হাজের হও নাহি কর হেলা;* তবে আফগানির দলে হাসেম সর্দ্দার ॥ ঘোড়ায় ছওয়ার হৈয়া বান্ধিয়া হাতিয়ার * ময়দানে হাজের হৈল অতি তান সানে ॥ বের হও খোরছানি বলে হাকে ঘনে ঘনে * জোটের মাফিক মেরা আছ কোন জনে ॥ লড়িবে আমার সাতে এসোনা এখনে * দেখিয়া লইব কেয়ছা খোর ছানির জাত ॥ একা আমি সবাকারে করিব নিপাত * এরূপে হাসেম কত লাপ কাপ করে ॥ পৌছিল খোরছানি এক তার বরাবরে * নেওাজ তাহার নাম নামি পাহালওান ॥ হাসেমে কহিল সোন হাসেম আফগান * খোরছানি সবারে পিছে করিবে নিপাত ॥ যদ্যপি রাখিতে জান পার মোর হাত * আদনা ছেফাই আমি খোরছানির দলে ॥ আজমায়েস করি জোর আইস তেগ খুলে * হাসেম কহিল তবে যাও যম ঘরে ॥ এত বলি মারে তেগ নেওাজের ছেরে * নেওাজ দুখান হৈয়া গেরে জমি পরে ॥ হয়রত পাড়য়া গেল খোরছানি লস্করে * রেওাজ নামেতে তার ছিল আর ভাই ॥ ময়দানে ভায়ের সোগে পওছে ধাওা ধাই * হাসেমের আগে গিয়া নেজা ঘোমাইয়া ॥ জোরেতে মারিল তার ছিনা তাকাইয়া * হাসেম পাতিয়া ঢাল রদ করে দিল ॥ কুদে রেওাজের গিয়া কোমরে ধরিল * শুন্য পরে ওঠাইল দিয়া এক টান ॥ জমিন উপরে ডালে মারিয়া পটকান * ধমকে বেহুস হৈল রেওাজ সর্দ্দার ॥ হাসেম খেচিয়া ফের মারিল তলওার * গর্দ্দান আলাদা হৈয়া মরিল রেওাজ ॥ সর্দ্দার বারবাক ধায় ময়-দানের মাজ * হাসেম খেচিয়া গোর্জ্জ মারে তার ছেরে ॥ বার-বাক করিল রদ ঢাল দিয়া ছেরে * হাসেম করিল রদ বারবাক মারিল ॥ গোর্জ্জের লড়ায়ে দোহে সমান হইল * তলওার লইয়া ফের লড়ে দুজওান ॥ জোরেতে মারিল তেগ হাসেম আফগান * বারবাক সর্দ্দার চোট সামালিতে নারে ॥ যাইয়া বসিল তেগ মহড়া উপরে * চারি আঙ্গুলের দলে চোট হৈল কারি ॥ ফোওারা সমান লহু ধাও মুখে জারি * জলনেতে বারবাকের আখি হৈল

গেরে হইয়া বেতাব ॥ হাসেম ছাতিতে তার বসিল সেতাব * হাতে পায় বান্ধিলেক লাগাইয়া রসি ॥ হাওলা করিয়া দিল লস্করেতে আসি * পওছিল ময়দানে ফের ঘোড়া হাকাইয়া ॥ ছওগাত আরোজ করে বাদসাকে যাইয়া * হাসেমের সাতে জঙ্গ বারি এবে মোর ॥ দেখি এছে একবার রাখে কত জোর * হুকুম করিল তবে আলপ্তগিন ॥ যাহ তেরা নেঘাবান এলাহি আলমিন * পোস্তপানা বারিতালা রহে তেরা পরে ॥ ছালামতে ফিরাইয়া আনে ফের ডেরে * ছওগাত ছালাম করে হইল বিদায় ঘোড়া ওঠাইয়া গেল হাসেম যে থায় * হাসেম কহিল লাড়কা নাম কি তোমার ॥ লড়িতে আইলে কিবা রাখিতে আন্দার * লাড়কাই ওম্মর দেখি দুধের ছাওাল ॥ কাহেক করিলে এয়ছা নাদানি খেয়াল * এতেক হেম্মত রাখ এতেক ভরসা ॥ লড়িতে আমার সাতে করিয়াছ আসা * কে তোরে ভেজিল জঙ্গে কেমন আক্কেলে ॥ বুঝিতার দয়া মায়া নাহি আছে দেলে * নাহি জানে হাসেম জঙ্গি সাক্ষাত জম ॥ ভেজিল মওত রাহে হয়ে বেরহম * সোন লাড়কা বাচিবার সাদ থাকে তেরা ॥ এখনি পালাও ছুটে হাত হৈতে মেরা * শুনিয়া ছওগাত গোশ্বা জ্বলিল দেমাগ ॥ বারুদের ঘরে যেয়ছা লাগাইল আগ * দু আখি হইল লাল কহে দিয়া গালি ॥ হারামজাদ জবান সামাল কবুলি * লাড়কা দেখিয়া মোরে নাহি ভাব কমি ॥ হাতি পাছাড়িতে পারি এমন মর্দ্দামি * বাগ বাচ্ছা বাগ আমি মহাম্মদ বাপ ॥ মেরুকের সম তুঁম আমি কালসাপ * ঘড়ি একে নেঙ্গলিব নাহি জানো তাহা ॥ মওত নজাদগ তেরা পড় লাত্রলাহা * শুনিয়া হাসেম কহে এমন যুগ্যতা ॥ হাসিপায় শুনে এয়ছা লাড়কার কথা * কত জোর আছে তেরা ওজুদে মওজুদ ॥ কি আন্দাজা খাইলে তেরা জননীর দুধ * মারিবে আমার তরে সোনরে নাদান ॥ বুঝিনু আজল তেরা পওছিল নিদান * এতেক কহিয়া আর না কহিয়া বাত ॥ ছওগাতে মারিল খেচে তেগ লিয়া হাত * ছওগাত সেতাবি ঢাল ছেরেতে পাতিল ॥ ঢালেতে লাগিয়া

কেহ কারে না পারিল দাগ চড়াইতে * গোর্জ্জ লিয়া লড়ে তবে দুই জোয়োওার ॥ হাসেম জোরেতে গোর্জ্জ করিল ওয়ার * ছওগাত্ত করিল রদ ছেরে দিয়ে ঢাল ॥ হাসেমে হাকিয়া কহে সাম্বাল সাম্বাল * এত বলি খেচে গোর্জ্জ মারে পাহালওান ॥ ছেরেতে পাতিল ঢাল হাসেম আফগান * ঢালেতে লাগিল গোর্জ্জ পাহাড়ের ভার ॥ ধমকে কাঁপিয়া উঠে হাসেম সর্দ্দার * সামালিতে নাপারিল ছুটে গেল হাত ॥ ছেরেতে লাগিল গিয়া গোর্জ্জের আঘাত * ফুটিয়া মাথার খুলি ঘিউ নেকালিল ॥ জমিনে গিরিয়া মর্দ্দ ঠায় মারা গেল * দেখিয়া আহছান সাহা হায় হায় করে ॥ গিরিল মাতম জারি কাবুলী লস্করে * সর্দ্দারের সোগে কান্দে হয়ে বেছবর ॥ বুঝায় আহছান সবে দেখিয়া কাতর * মোর হেফাযতে সবে করহ নওকরি ॥ লায়েক মাফিক পাবে বেতন মজুরি * পিয়ার খাতের খুব পাবে মোর ঠাই ॥ কোন বাতে রঞ্জিদা কভু হবে নাই * দেলাসা তছল্লি কত দেলায় আহছান ॥ মাতম করিল বন্দ তামাম আফগান * মওকুফ হইল জঙ্গ সে রোজের মত ॥ ফিরিল যে যার ডেরে লোগ জনে যত * পৌছিল বাদসার আগে যাইয়া ছওগাত্ত ॥ বয়ান করিল মহিমের যত বাত্ত * ছাতি লাগাইয়া তারে লিল সাহা গিন ॥ মহাম্মদ হাতেম রচে অতি দিন হিন *

---

* মহিমে হারেল হইয়া আহছান শাহা ভাগিয়া যাইবার বয়ান *

পয়ার * পৌছিয়া আহছান সাহা আপনার ডেরে ॥ লস্কর সর্দ্দার সাতে মছলে হাত করে * লড়িয়া খোরছানি সাতে না দেখি ভালাই ॥ কালি কি হইবে জঙ্গ জানেন এলাই * কোমকে আসিতে মেরা হাসেম আফগান ॥ ভরসা পাইয়া ছিনু পাহাড় সমান * চিউটির মাফিক তারে মারিল খোরছানি ॥ কিছু না পারিনু মোরা করিতে লোকশানি * আমাকে মালুম হয় নছিবে আমার ॥ পেরেসানি মজদিগ আনে পরওার * তামাম সর্দ্দার

কহে সোন জাহাগির ॥ না হক কিসের তরে হইছ দেলগির * হায়াত ফুরায়ে ছিল মরিল হাসেম ॥ আমরা থাকিতে তেরা এতেক খাদেম * কিসের ভাবনা সাহা থাকহ খোসাল ॥ নজরে দেখিবে কালি খোরছানির হাল * থাকে খুনে মেলাইব দুসমনের জাতে ॥ পাকড়িয়া গিন সাহা হারুন সওগাতে * আপনার হুজু-রেতে আনিব বান্ধিয়া ॥ আহছান ভরসা পাইল একথা শুনিয়া * এরূপে আহছান হেথা করে মছলে হাত ॥ খোরছানির তাম্বু বিচে সাজাদা সওগাত * খেয়ে পিয়ে খুসি হালে আরাম করিল ॥ সারা রোজ মহিমের মান্দেগি আছিল * সোওয়া মাত্র নিন্দ এসে পওঁছিল আখেতে ॥ নিন্দ যায় পাহালওয়ান সুইয়া গাফলতে * স্বপন খেয়ালে মর্দ্দ দেখিল এয়ছাই ॥ কোয়েটার রাহা বিচে দেখিল যেয়ছাই * তেয়ছাই পৌছিল এসে জওান সুন্দর ॥ খাড়া হুইল সওগাতের ছেরানা উপর * কহিতে লাগিল এয়ছা কিকর সওগাত ॥ কোয়েটার রাহে মেরা না মানিয়া বাত * কছেলা ওঠালে কত জানে আপনার ॥ এবে যদি মেরা বাতে না কর এতবার * বহুত মোস্কেল তেরা জানিবে আলবত ॥ গিরেছে তোমার পড়ে বড়া মছিবত * আপনাকে আছ তুমি হইয়া খোসাল ॥ ইয়াদ না কর কিছু গজনির হাল * গজনি দখল কৈল আফগানির যাতে ॥ জননী কয়েদ তেরা দুসমনের হাতে * এই বেলা কর গিয়া খালাস তাহার ॥ দেরেতে আফছোছ তেরা রহিবে হাজার * জওান গায়েব হৈল এয়ছাই কহিয়া ॥ নিন্দ হইতে সাহাজাদা ওঠে চমকিয়া * স্বপনের বাত যত করিয়া খেয়াল ॥ কান্দিতে লাগিল সাহা হইয়া বেহাল * না জানি কি হালে মোর আছেন জননী ॥ বেচে কিম্বা মারিয়া ডালিল নাহি জানি * আলবত্তা হইবে সাচ্চা স্বপনেরবাত ॥ কেয়েটায় পাইলাম তার আলামত * সওগাতের জারি শুনে যাগিল হারুন ॥ কহে ভাই কান্দ কেন কেয়ছা বিবরণ * ছওগাত তামাম হাল কহে বিবরিয়া ॥ দেখিতে দেখিতে গেল ফজর হইয়া * যাগিল আলপ্তগিন আইল সেখানে ॥ শুনিয়া খাবের কথা

ভাবে মনে মনে * আলেমল গায়েব জানে গায়েবি কালাম
না জানি নছিবে মোর কিবা পরিনাম * একনা ছুটীতে পওছে
আর মছিবত ॥ কি করি ভাবিয়া কিছু নাপাই মহুলত * আখেরে
ঠাহরে সাহা দেলে আপনার ॥ আজি কালি ফোয়োখ আনিবে
সমাচার * যানা যাবে গজনির আওহাল তামাম ॥ ভালা বুরা
জানিয়া করিব তবে কাম * ছওগাতে বুঝায় সাহা ভাবিল যেমন
ছবর করহ দেলে না কর রোদন * আছিল আলপ্তগিন এই বাত
চিতে ॥ আইল আহছান সাহা ময়দান বিচেতে * খাড়া কৈল
আপনার তামাম ছেফাই ॥ বাদসা আলপ্ত গিন দেখিয়া এয়ছাই *
কহিল লস্কর গনে নেকাল ময়দান ॥ শুনিয়া কোমর বান্ধে
যেত্তা পাহালওান * হারুন ছওগাত সাজে গিন জাহাগির ॥
সুমুখে হইল খাড়া যেয়ে কান্দাহারির * বাজিল মহিম বাজা দুন্দুভি
নাকারা ॥ বাজা শুনে দুইদল হৈল হোস হারা * কোদে ফান্দে
চিক মারে খুলিয়া হাতিয়ার ॥ খাড়া রহে হুকুমের হৈয়া এন্তে-
জার * পহেলা খোরছানি এক পওছিল ময়দান ॥ খুরোম
সিয়ার নাম নামি পাহালওান * আহছানের দল হৈতে এক
কান্দাহারি ॥ মোকাবেলা হৈল খুরমের বরাবরি * খুরোম
খোরছানি কৈল পহেলা ওয়ার ॥ কান্দাহারি লিল চোট ছেরে
আপনার * খুরোম উপরে তেগ মারিল খেচিয়া ॥ খুরোম করিল
রদ ছেরে ঢাল দিয়া * তেগের লড়ায়ে কেহ নাহি পারে কারে ॥
জোরে দোন পাহালওান এক বরাবরে * তেগ রেখে লড়ে
দোহে নেজা হাতে লিয়া ॥ খুরোম মারিল জোরে নেজা ঘুমাইয়া
বহুত জোরেতে লেজা লাগে কোমরেতে ॥ ধমকেতে কান্দাহারি
গেরে জমিনেতে * খুরোম লইল হাতে ওঠাইয়া তেগ ॥ দোবারা
মারিল খেচে হয়ে বেদেরেগ * মারা গেল কান্দাহারি জুদা হৈয়া
ছের ॥ আহছান দোছরা লোগে ভেজে দিল ফের * সেহ
খুরোমের হাতে হারাইল জান ॥ এই রূপে কান্দাহারি সাত
পাহালওান * মারাগেল ময়দানেতে খুরোমের হাতে ॥ দেখিয়া
কাবুলি এক ফরহাদ নামেতে * আহছানের নিকটেতে লইয়া

হাক দিয়া কহে সোনরে খুরোম ॥ ফরহাদ আফগান নাম আমি তেরা জম * মওত পেয়ালা তুঝে পেলাবার তরে ॥ হাজের হইনু আজি আসিয়া হুজুরে * এক ছায়েতের দিনু ফোরছত তোমার ॥ সেতাবি পড়িয়া লেহ তওবা আস্তাগফার * হাসিয়া খুরোম কহে জানিলাম ছাফ ॥ কথায় তোমার সাতে আটে কার বাপ * বচনের জঙ্গি কুমি হাতিয়ারের নহ ॥ এখুনি যাইবে জানা হুসিয়ার রহ * কহিয়া এয়ছাই বাত লইয়া তলওার ॥ তেকে ফরহাদের ছেরে করিল ওয়ার * ফরহাদ করিল রদ হেকমত হুনুরে ॥ খুরোমে মারিল তেগ অতি গোশ্বা ভরে * ঢাল কেটে খুরোম হৈল দুই খান ॥ খালি তন পড়ে রহে নেকালিল জান * এয়াকুব সর্দ্দার ধায় ভাতিজা তাহার ॥ ফরহাদ কুদিয়া ধরে কোমর তাহার * ফরহাদের কোমরে ধরিল এয়াকুব ॥ খেচা খেচি টানা টানি করে দোহে খুব * ছেড়ে দিল কেহ কারে ওঠাতে নারিল ॥ হাতিয়ার লইয়া দোহে লড়িতে লাগিল * নেজা ফলা গুলি গোর্জ্জ তির তলওারে ॥ বহুত হেকমতে লড়ে দুই জোরোওারে * কোশেস করিল কেহ নাহি হারে জেনে ॥ আখেরেতে এক গোর্জ্জ ফরহাদ জওানে * মারে এয়াকুবে এয়ছা ধমকের চোটে ॥ বেতাবে এয়াকুব জঙ্গি জমিনেতে লোটে * দোবারা খেচিয়া গোর্জ্জ মারিল ফরহাদ ॥ খোরছানির জেন্দেগির পুরিল মেয়াদ * মারাগেল এয়াকুব গিন জাহাগির ॥ ফরহাদের জোর দেখে হইল অস্থির * হইল এমন গোশ্বা চাহেকি আপনি ॥ ঘোড়া ওঠাইয়া যায় ময়দানে আপনি * শুনিয়া ছওগাত কহে নহে মোনাছেব ॥ মোর্ত্তবা উপরে তেরা পৌছিবে আয়েব * কহিবে আহছান এয়ছা তানাসা মারিয়া ॥ লড়ে নাতোয়ার সনে বাদসা হইয়া * হাজার হাজার তেরা রয়েছে খাদেম ॥ দোছরা কাহার তরে ভেজিতে লাজেম ॥ আমাকে হুকুম দিয়া দেখ জাহাগির ॥ এখুনি কাটিয়া ডালি ফরহাদের ছির * হুকুম লইয়া মর্দ্দ হইল ছওয়ার ॥ ময়দানে ফরহাদ আগে হৈল নমুদার * কোন কথা জবানেতে নাহিক লইয়া ॥ ফরহাদের ছেরে তেগ মারিল খেচিয়া [illegible] আলাদা হইয়া গেল ছির ॥ [illegible]

বাহির * কুদিয়া আইল জঙ্গে দোছরা আফগান ॥ তেগ মেরে ছওগাত করিল দুই খান * এইরূপে একে একে আঠার আফগান ॥ ঘড়িতে ছওগাত হাতে হারাইল জান * আসে যেই নাহি ফেরে চলে যম ঘর ॥ কেহ আর না বাড়িল দেলে পেয়ে ডর * থোরা ঘড়ি ছওগাত থাকিয়া এন্তেজার ॥ আখেরে হইয়া গোশ্বা খুলিয়া তলওার * মার মার হাক হেকে ঘোড়া ওঠাইয়া ॥ কান্দাহারির দল চিবে ঘুসিল যাইয়া * মারিতে লাগিল তেগ ঝাকের উপরে ॥ দফা দফা ছাফ করে কাতারে কাতারে * আহছান হাকিয়া কহে দলে আপনার ॥ যে প্রকারে পার এছে কর গেরেফ তার * কয়েদি আসামি মেরা জানিবে এহায় ॥ ভাঙ্গিয়া কয়েদখানা ছাপিয়া পালায় * যে কেহ ধরিয়া দিবে এহার খাতেরে ॥ হাজার আসরফি দিব এনাম তাহারে * শুনে যারা বড়া বড়া জঙ্গি জোরোওার ॥ চারিদিগ হইতে লিয়া তির তলওার * বেড়িয়া লইল সাহাজাদা ছওগাতে ॥ মারিতে লাগিল সাহাজাদা ছওগাতে * সাহাজাদা মেরে চিক উঠিল কুদিয়া ॥ বাজের ঝাপট যেয়ছা চিড়িয়া দেখিয়া মারিতে লাগিল চোট আতি গোশ্বা দেলে ॥ বিজলি চমকায় যেয়ছা তলওার চলে * কুদিয়া কুদিয়া মারে হাকে জোরে হাক ॥ এক চোটে বিসত্রিস করে দেয় ফাক * এয়াদ করিয়া দেলে কোয়েটার তাপ ॥ বেদেরেগ বেরহম কেটে করে ছাপ * এদিগে আলপ্তগিন দেখিয়া এয়ছাই ॥ সাতে লিয়া আপনার তামাম ছেফাই * ছওগাতের পিঠ পরে পোস্ত পানা হৈল ॥ মার মার কাট কাট আওাজ উঠিল * দুদলে তুমুল জঙ্গ হৈল নমুদার ॥ গরম হইল খুব জঙ্গের বাজার * হারুন আলপ্ত গিন ছওগাত জওান ॥ জমের দোসর সম তিন পাহালওান * একা আগে হাজার দুসমন নাহি আটে ॥ কৃসানে ধানের গাছ যেরূপেতে কাটে * কাটিয়া চলিল তেয়ছা মারিয়া তলওয়ার ॥ রচোহন মহাম্মদ হাতেম লাচার *

রাগ ত্রিপদি * খেচে মারে তেগ, না করে দেরেগ, ঝাকের উপরে জোরে ॥ বিস ত্রিস জনে, লোটায় জমিনে, এক এক সমসেরে * তুলে মারে নেজা, গেরে বে আন্দাজা, টুটিয়া কোমর ছাতি ॥

টাঙ্গি, মারে মহাজঙ্গি, কাতারের দরমিয়ানে ॥ কান্দাহারি সেনা, করে তুলা ধোনা, কে তার সোমার জানে * গোর্জ্জ ওঠাইয়া, মারে রেগা দিয়া, সমেত ছেফাই ঘোড়া ॥ কাতার কাতার, হয় ছার খার, ওজুদ হইয়া গুরা * ফেকে মারে তির, দশ বিশ ছির, জমিনে লোটায় ঠায় ॥ লাত্ত মুক্কি কিলে, ভেজে রসাতলে, আছাড়ে কাছাড়ে কায় * লাত্ত মারে পেটে, আত গেরে ফেটে, মুক্কি মারে কার ছেরে ॥ ভেঙ্গে যায় খুলি, মগজ নেকালি, পৌঁছে গিয়া যম ঘরে * চড় মারে গালে, চিওল সামেলে, গিরে পড়ে দাম্দান ॥ জ্বলনের চোটে, জমিনেতে লোটে, কাছারে নেকালে জান * টিপে কার গলা, দুনিয়ার খেলা, দেয় তার ফুরাইয়া ॥ ধরে কার কান, জোরে দেয় টান, তুড়ে ডালে ওখারিয়া * ঘড়ি দরমিয়ানে, কান্দাহারি গনে, মেরে ডালে বেসমার ॥ কান্দাহারি কোথা, রাখে এয়ছা বুতা, ময়দানে টিকিবে আর * বাদসা আহছান, বাচাইয়া জান, ফেলিয়া লস্কর গনে ॥ পলায় আপনি, দেখিয়া তখনি, ছওগাত আফছোছ মনে * পিছে ধায় তার, কহে নামদার, দওড়াও কিসের তরে ॥ খাড়া হৈয়া থাক, তাকাইয়া দেখ, একবার মোর পরে * দেহ মোলাকাত, সাজাদা ছওগাত, আমি যে দামাদ তোমার ॥ ডাকিতে তোমারে, ভেজিল আমারে, বেটি তেরা গোলানার * গোম্বা অপমানে, ফিরিয়া পিছনে, আহছান হইল খাড়া ॥ কিছু না বলিয়া, গোর্জ্জ হাতে লিয়া, হাকিয়া উঠিল বড়া * মারিল ছওগাতে, সেতাবি ছেরেতে, ঢাল পাতে পাহালওান ॥ চোট রদ্দ কৈল, খেচিয়া মারিল, ঢাল পাতে আহছান * ধমকের চোটে, হাত কেপে ওঠে, ঢাল গেরে জমিনেতে ॥ গোর্জ্জ ঠেকরিয়া, ছেরেতে লাগিয়া লহু নেকালিল দাতে * জ্বলনে আহছান, হৈল পেরেসান, নিদান ভাবিয়া দেলে ॥ হইয়া জখম, তেজিয়া সরম, ঘোড়া হেকে ভেগে চলে * দেখিয়া ছওগাত, গোর্জ্জ লিয়া হাত, চলে পিছে খেদাড়িয়া ॥ কতদুর যায়, শুনিবারে পায়, ওঠে পিছে চিল্লাইয়া খোরছানি ছেফাই, বেহালে সবাই, করিছে মাতম জারি ॥ শুনিয়া কান্দনা, জানিবারে বেনা, ছওগাত ...

পৌছিল দওড়িয়া, লস্করের দরমিয়ানে॥ সোনে এপ্রকার, ফোরোখ সিয়ার, গজনির হাল জেনে * হুজুরে বাদসার, কহে এপ্রকার, মহাম্মদ হাতেম কহে॥ ত্রিপদি ছাড়িয়া, পয়ারে লিখিয়া, পাঠকে জানাই তাহে *

---

* গজনির খবর পাইয়া আলপ্ত গিন কান্দাহার হৈতে-দেসে ফেরে ও কয়েস কাবুলে ভাগিয়া যায় তাহার বয়ান *

পয়ার * গজনি হৈতে ফিরে ফোরোখ সিয়ার॥ আলপ্ত গিনের আগে কহে সমাচার * সোন সাহা পৌছি যবে গজনির কাছে॥ দেখিনু প্রহড়ি কড়া চারি দিগে আছে * সকলে আফগান তারা যত চৌকিদার॥ খোরাছানি নাহি কেহ তাহার মাঝার * দেলে মোর সোবা হইল দেখিয়া এমন॥ ঢুরিনু খোরছানি নাহি দেখি এক জন * হেকমত করিনু কত সহরে ঘুসিতে॥ হরগেজ বুদ্ধি নাহি আইল কামেতে * বহুত কোশেস করে পাইনু কেনার॥ দেখিয়া নাদান এয়ছা এক চৌকিদার * কান্দাহারি ছুরত বানায়ে আপনাকে॥ ফেরেব মক্করে কত ডালিয়া তাহাকে * রাত যোগে ঘুসিলাম সহরেতে গিয়া॥ খোরছানি লোগের আগে পওছিনু যাইয়া * দেখিনু সহর বিচে খোরছানি ছারা॥ জেন্দায় হইয়া আছে মোর্দ্দারের পারা * পুছিয়া জানিয়া লিনু তামাম সন্ধান॥ কয়েস গজনি আর হাসেম আফগান কাবুলি গজনি মিলে তামাম লস্কর॥ আদাওতি কৈল এরা হয়ে একত্তর * সহর পাইয়া খালি দুসমনের দল॥ পহেলা কাবুল বিচে ডালিল খলল * জোরেতে মারিয়া ডালে গাজি বক্তেয়ারে॥ সেথা হৈতে পওছে এসে গজনি সহরে * সহর খারাব কৈল জুলুম করিয়া॥ খোরছানি উজির তরে ডালিল মারিয়া * কয়েদ করিল তেরা যত আহলিয়াতে॥ জুলুমে রাখিল বন্দ খারাবির সাতে * এখন কয়েস আছে গজনির তক্তে॥ হাসেম আইল আহছানের মদদেতে * শুনিয়া তামাম হাল গিন নামদার॥

দিয়া হাত ॥ হায় কি মোস্কেল এসে পওছে অকস্মাত * বিসম বিপাক বিচে ডালিল দুসমন ॥ এহার তদবির কিবা করিব এখন * ছহি বটে ছওগাতের স্বপনের বাত ॥ আমার তকদির বুরা জানিবে নেহাত * ছওগাত হারুন কহে সোন নামদার ॥ দের করা মোনাছেব নাহি চাহি আর * এখুনি যাইব চল গজনি সহর ॥ খোদা চাহে দুসমনে ভেজিব যমঘর * শুনিয়া আলপ্তগিন কহিল লস্করে ॥ সাজিয়া তৈয়ার হও ফিরে যাব ঘরে * ছেফাহির সাজ খুলে তামাম লস্কর ॥ যে যার সাহেবি চালে বান্ধিল কোমর * ওঠায় তাম্বুর খোটা আছবাব রসদ ॥ পিঠে চাপাইয়া দিল গাধা ও বলদ * তখনি নেকালে রাহে অতি তেজ গামে ॥ খোসাল লস্কর গন মাকানের নামে * যে যার ঘরের বাত করিরা এয়াদ ॥ যাগে দেলে কত আসা কত মন সাদ * নও জওান যেই জনে বহুতর খুসি ॥ হাটিতে বুড়ার দল দুঃক্ষু পায় বেসী * মঞ্জেল মঞ্জেল যায় আরাম না করে ॥ খাওা পেওয়া তেয়াগিয়া চলে রাহা পরে * গজনির নিকটেতে পওছে কত-দিনে ॥ সমাচার পায় তার কয়েস কমিনে * যাছুছের মুখে পায় এইছাই খবর ॥ পোঁছিল আলপ্তগিন লইয়া লস্কর * মহিমে আহছান শাহে সেকস্ত করিয়া ॥ হাসেম সর্দ্দার তরে ডালিল মারিয়া * সাজাই দেলাতে এবে তোমার খাতের ॥ সহর কেনারে এসে হইল হাজের * যাছুছের মুখে এয়ছা শুনিয়া কয়েস ॥ বুঝিল পুরিল মেরা জেন্দেগির শেষ * রেয়াত গিনের হাতে নাহি আর দেখি ॥ বিষাদ অন্তরে ভাবে মনে হয়ে দুখি * উপায় না দেখি আর বাচাইতে জান ॥ আলবত্তা মরিব এবে নাহিক এড়ান * ভাবা গোনা করে এয়ছা কয়েস গজনি ॥ দোছরা যাছুছ এক আইল তখনি * কহিল সেতাবি কর ইহার তদবির ॥ এখনি কাটিয়া লিবে সবাকার ছির * খোরছানি গাজি যারা আছিল সহরে ॥ মাতিয়া উঠিল তারা দহসত না করেজুলুম করিল শুরু তেরা লোগ জনে ॥ জানে মালে খারাব করিল কত জনে * শুনিয়া কয়েস পাইল বহুত দহসত ॥ এবে সেতা-

কহিল খোরছানি আইল কেল্লার বাহির * কয়েস বসিয়া ছিল উঠে হইল খাড়া ॥ দেলে দেলে কহে আর দের করি থোড়া * এমন পেয়ারা জান এখনি হারাব॥ এরাদা করিল দেলে ভাগিয়া পালাব * হাবসি ছুরত বানাইয়া আপনাকে ॥ জরু লাড়কা লোক জন নাহি লিয়া কাকে * শুড়ঙ্গের রাহা দিয়া হইল বাহির॥ আন্দেসা দেলেতে চলে হৈয়া রাহাগির * কাবুল তরফে চলে হইয়া রওয়ানা॥ হেথায় লস্কর লিয়া গিন জাহাপানা * ঘুসিল কেল্লার বিচে দুওার ভাঙ্গিয়া॥ পহেলা ঢুড়িয়া ফেরে কয়েস লাগিয়া * কোনখানে না পাইল তালাশ তাহার ॥ বাদসা করেন দেলে আফছোছ হাজার * পালাইয়া গেল মুজি ছাবুদ জানেতে নারিনু দেলের গোস্বা মিটাইয়া লিতে * তাহাবাদে কারাগারে যাইয়া ছওগাত॥ খালাছ করিয়া লিল যত আহলিয়াত * কান্দিয়া লুটীয়া পড়ে জননীর পায় ॥ মায়ে বেটা দুই জন কান্দে উভরায় * বাদসার বেগম কান্দে আর যত নারি॥ খুসির কান্দনা কান্দে চক্ষে বহে বারি * ওমরাহ সর্দ্দার গনে লিয়া আপনার॥ পৌছিল আলপ্তগিন যাইয়া দরবার * বসিল আপনা তক্তে ছেরে দিয়া তাজ॥ খোদার সোকরানা ভেজে দোগানা নামাজ * বিবি গোলানারে পেয়ে সরিফা খাতুন॥ বোছা দেয় কোলে লিয়া করিয়া যতন * তাজিম করিয়া খুব আপনার ঘরে॥ লিয়া রাখে হর ঘড়ি পিয়ার আদরে * হাল হকিকত যেথা যাহা গোজারিল॥ পুছা পুছি বলা বলি জাহের হইল * গম দর্দ্দ দুর হৈল যেত্তা পেরেসানি॥ মহাম্মদ হাতেম কহে তওয়ারিখ বানি *

---

* গোলানার ও ছওগাতের সাদি ও ছওগাতকে সবুক্ত গিন খেতাব দিয়া তাজ তক্ত সুপিয়া আলপ্ত গিন ওফাত করে তাহার বয়ান *

পয়ার * তাহাবাদে চার মাহা গেল গোজারিয়া॥ গিন সাহা এক রোজ মছলত করিয়া * নেরালা ডাকিয়া কহে বিবি সরি-

দোহাকার ছাদেক আসক ॥ মালুম আমার তরে হইল বেসক * নহে কি পয়দাস জমি এগানা মা বাপ ॥ ভালিয়া সবারে জুদাইর সোগ তাপ * দাগা দিয়া আপনার বাপের কারনে ॥ ঘর হৈতে নেকলিয়া আইল এখানে * দেলেতে খাহেশ মেরা সোন দেল দিয়া ॥ সাদি দিব দোহাকার এক্কেন লইয়া * শুনিয়া বহুত খুসি সরিফা সুন্দরি ॥ কহে সাহা এই কাম কর ত্বরা করি * দেলের বিচেতে মেরা খাহেস হাজার ॥ বনাইব গোলানারে বহু আপনার রাজি হয় সওগাতে বিবি গোলানার ॥ দেলের মোকছেদ পুরা হইবে আমার * তবে সাহা জানিলেন দোহার এরাদা ॥ শুনে খুসি গোলানার খুসি সাহাজাদা * খুসিতে মারিল জোস ওজুদ দোহার খুসির বাগিচা গেল হইয়া গোলজার * উজিরে আলপ্তগিন করিল ফরমান ॥ সেতাবি তৈয়ার কর সাদির ছামান * ছায়েত দেখিয়া কৈল দিন মকরর ॥ খুসিতে মাতিয়া গেল গজনি সহর * খোসাল হইল শুনে যত লোগ জন ॥ অন্দর বাহির সব খুসিতে মগন * খুসির নহবত বাজা বাজে ঘরে ঘরে ॥ বাদসার মহল হইতে সহরে বাজারে * পৌছিল সাদির দিন খুসি আম খাছ ॥ কুরি বরে পেন্দাইয়া সাহানা লেবাছ * খুসির মজলেছ বিচে নওসায় লইয়া ॥ সাত্রদ উকিল কাজি মকরর কিয়া * দেসের চলনে দিল পড়াইয়া সাদি ॥ তামাম মজলেছ কহে মোবারক বাদি * পাওনা লইয়া কাজি ওঠে দড়বড়ি ॥ বগলে কেতাব হাতে মিঠায়ের হাড়ি * পাকান সুপারি পান পাইল উকিল ॥ চলন রেওাজ এহা বাঙ্গালা দলিল * দোছরা জাহের আছে বেয়ারা দস্তুর ॥ থোকার ফতওয়া দেয় মোল্লাজি চতুর * পনের রেওাজ বান্ধে পাওনা জিয়াদা ॥ নাহি জানে এর তরে পাকড়িবে খোদা * যা হউক সাদি কাম হইল আঞ্জাম ॥ দিন গোজারিয়া গেল হৈল যবে সাম * তাবাদে নেফিসা বান্দি খোসালিত মন ॥ কুরি বর দোহাকার করিতে মিলন * সোলতানা করে এক নেরালা মাকানে ॥ বাসর করিয়া দিল দুলা দুল হিনে * বসাইয়া গোলানারে সাজাদার বামে ॥ বাহির হইয়া গেল যে যাহার কামে * কমলে পাইয়া একা খোসাল

ভমরা ॥ খাইবারে ভাজামধু হৈল হুস হারা * কমলিনি লাজ পেয়ে হেট ছেরে থাকে ॥ বেছবর ভমরা যাদু পেট ভরে ভোকে * ধিরে ধিরে কমলের হাতপাকড়িয়া ॥ মুখ হইতে বোরখা ডালিল ওতারিয়া * হাসিয়া হাসিয়া কহে নরম জবানে ॥ কওজানি কও কথা হেট ছেরে কেনে * বারেক শুনিয়া তেরা মধু মাখা কথা ॥ কলেজা হউক ঠাণ্ডা দুরে যাক ব্যথা * এরূপেতে কহে কথা কমলা নাজুক ॥ লাজে নাহি কথা কহে রহে হেটমুখ * বুঝিতে পারিয়া ওলি কেলি আরম্ভিল ॥ কমলে ওঠায়ে লিয়া কোলে ওঠাইল * বার বার বোছা দিল গোলাপি মুখেতে ॥ কমলিনি ঢলিয়া পড়িল আবেসেতে * ক্ষোরছত বুঝিয়া ওলি আকলি বাকুলি ॥ দুইহাতে পাকড়িয়া ধরে দুই ডালী * সিহরিল কমলিনি কাপিল বদন ॥ ভোমরা পিইতে মধু হইল মগন * আনন্দ আবেস চিত্তে ফুটে উঠে ফুল ॥ জুঝিতে নাহিক পারে কেপে ওঠে ফুল * মানা করে থাম থাম জোর কর কেনে ॥ বেছবর ভোমরা যাদু বাত নাহি সোনে * পিইয়া লইল মধু আছুদা হইয়া ॥ তার পর কি হইল সোন মন দিয়া * ফারাগত হইয়া দোহে বসে পাসা পাসি ॥ নানা রঙ্গ বাত চিত করে হাসি খুসি * নুতন যৌবন বিচে নুতন পিরিতি ॥ নাহি বাদ সদা খুসি দিন কিবা রাতি * এই হালে গোজারিয়া যায় কিছু দিন ॥ এর বিচে সোলতান আলপ্তগিন * এক রোজ বার দিল তক্তে আপনার ॥ হুজুরে হাজের মির ওমরাহ সর্দ্দার * কহিতে লাগিল সাহা সবার আগেতে ॥ তামাম দরবারি সোন খেয়ালের সাতে * আন্দাজি সত্তর সাল বয়স আমার ॥ আখেরি হইয়া গেল জেন্দেগির ভার * যইফ হইনু এবে মরি কোন দিনে ॥ দুনিয়ার কারবার নাহি লাগে মনে * এরাদা করিনু এয়ছা সোন দেল দিয়া সাহি তক্ত তাজ মেরা ছওগাতে শুনিয়া * বাচিব যে কয় দিন আখের জেন্দেগি ॥ কাটাব আকবত তরে করিয়া বন্দেগি * বেটা বেটী কেহ মেরা না আছে জাহানে ॥ জানের পেয়ারা বাসি ছওগাত কারনে * ছওগাত দানেস বড়া আছে হুস মন্দ ॥ তক্ত তাজ দিব এরে করিনু পছন্দ * এই বাতে রাজি কিনা তোমরা সকলে ॥ শুনিয়া সর্দ্দার সবে এই বাত বলে * এই বাতে রাজি আছি আমা-

সবাকার ॥ রব মোরা ছওগাতের হৈয়া তাবেদার * তবে সাহা বোলাইয়া ছওগাতের তরে ॥ খোসালেতে বসাইয়া তক্তের উপরে * সুপে দিয়া তাজ তক্ত হারুন সর্দ্দারে ॥ কহে মত ওয়ালি তুমি ছওগাতের পরে * হর হালে নেঘাবানি করিবে এহার ॥ হুসিয়ারে চালাবে লিয়া সাহি কারবার * ছওগাতের তরে সাহা করে নছিহত ॥ সুপিব তোমাকে মেরা বাদসাহি দওলত * কায়েম রাখিবে মেরা বাদসাহি দওলত ॥ ইমান আমান সাতে রহিবে সদত * নেক খাছলত সাতে করিবে গোজরান ॥ মানিবে লোগের তরে যার যেয়ছা মান * খুসিতে খামস রবে দুঃখেতে ছবর ॥ কভুনা এতবার লিবে দুসমনের পর * ঝগড়া ফছাদে রবে পরহেজ সদাই ॥ ছোলের মতলবে রবে না করে লড়াই * মহিমে দুসমন সাতে হারেল হইলে ॥ ঘাবরাইয়া নাহি যাবে আপনার দেলে * করিবে তামাম কাম হেম্মতের সাত ॥ গাফেলি কাহেলি হৈতে রহিবে তফাত * আদতে পাকিজা রবে বদ কামে বাদ ॥ দেলাবে জালেম হইতে মজলুমের দাদ * সারা সরিয়ত মতে করিবে আদল ॥ যাহাতে খোসালে রহে রাইয়ত সকল * গোস্বা না হইবে কভু কছেলার বেলা ॥ ফোর ছত পাইলে কামে নাহি দিবে হেলা * আর এক বাত কহি শোন দেল দিয়া ॥ রঞ্জ নাহি দিবে কভু হারুন লাগিয়া * হর হালে খোসালেতে রাখিবে তাহায় ॥ না করো এমন কাম দুক্ষু যাহে পায় * ছওগাত সকল বাত লইল মানিয়া ॥ বসিল তক্তের পরে খোসাল হইয়া * গিন সাহা কহে ফের সবার হাজের ॥ আপনার নাম আমি রাখিতে জাহের * আমার নামেতে গিন খেতাব ইহার ॥ সোলতান সবুক্ত গিন বাদসা নামদার * বদলা করিয়া দিনু সবার হুজুর ॥ আজি হইতে এই নামে হইবে মসহুর * শুনিয়া তামাম লোক খোসাল খাতের ॥ বাদসাকে ছালাম কৈল ঝোকাইয়া ছের * এই বাত জাহের হইল ঘরে ঘরে ॥ খুসির নহবত বাজে গজনি সহরে * তাহা বাদে কিছু দিন গোজারিয়া গেল ॥ সোলতান আলপ্তগিন বিমারে পড়িল * চাঙ্গা না হইল কত করিল তদবির ॥ মওত

জাহান ॥ কায়েস সবুক্ত গিন হইল সোলতান * হাসমতে সবুক্ত গিন করে কারবার ॥ খুসির উপরে খুসি দিল পরওার * মহাম্মদ হাতেম কহে সেরেকির আগ ॥ মাহমুদ হইল পয়দা দিনের চেরাগ *

* মাহমুদ পয়দা হইবার বয়ান *

ত্রিপদী * পুরা তার হইল দিন,বাদসা আলপ্তগিন, ছেরে গেল এ দুনিয়া ॥ কায়েস ছওগাত, পাইল সোলতানাত, কিছু দিন যায় গোজারিয়া * বিবি গোলানার,আছিল যারদার,আইয়াম হইল পুরা হইল ফরজন্দ, দেখিতে সুবন্দ, মেছালে চাদের পারা * মা বাপ যেমন,হইল তেমন,সুরূপ সুন্দর বেটা॥লিখিয়া দরকার,নাহি আছে আর, সেরূপের ঘোর ঘটা * শুনে গিন সাহা, নাহি যায় কহা, খোসাল হইল হেন ॥ খুসির জোসেতে,দেল দরিয়াতে, মওজা উঠিল যেন * মারে সাহা চিক, দেওানা মাফিক, উঠিতে পড়িতে চলে ॥ মহলে যাইয়া, হাত বাড়াইয়া, লাড়কা লইল কোলে * দাই দাসি বান্দি, খাওাছিন আদি, বাদসাকে লইল ঘিরে ॥ মাঙ্গিল এনাম, বাদসা নেক নাম, তখনি সবার তরে * সোনার মোহর, কিম্মাত বিস্তর, লাখ হইতে বিস গুন ॥ দিল তৎক্ষনাত, উঠাইয়া হাত, দাসি বান্দি জনে জন * লাড়কার তরে, দোওয়া কত করে, বাদসা বাহিরে আসি ॥ খাজনা খানা খুলে, কাহিল সকলে, যার যে হইবে খুসি * আমির মিছকিন, কেহ নহে ভিন, যাহা চাহ তাহা লেহ ॥ কাহিল চোবদারে, ঢেণ্ডেরা সহরে, এয়ছাই ফিরাইয়া দেহ মাকানে মাকানে, রহ সর্ব্বজনে, খুসির হালাতে সবে, ॥ যা কিছু দরকার, খরচ বাদসার, মাঙ্গিলে তখনি পাবে * তিন বৎসরের, খাজানা হাজের, করিতে না হবে আর॥ হৈয়া গেল মাফ, কাহিলেক ছাফ, আপে বাদসা নামদার * মাঙ্গায়ে দরবার, কহে জাহাদার, নজুম রাম্মাল লোকে ॥ খুলিয়া কেতাব, কহোনা সেতাব, কি এর নাছিবে লেখে * শুনিয়া নজুম, করিয়া মালুম, কহে সোন জাহা

বড় সাহা ওলি, ফিরিবেক খালি, দিন জারি করিবারে॥ দেস হিন্দুস্থান, হবে মোছলমান, ইহার তলওার জোরে * বহুত বেদিনে, আনিবেক দিনে, তুড়িবেক মরদুদ॥ লিখিল কেতাবে, নাম এর হবে, সোলতান মাহমুদ * সাত মুল্লুকের, রহিবেক জের, বাদসা কত্ত সাহাজাদা॥ সেকত্ত দুসমন, রবে সর্ব্বক্ষন, আজেজে রহিবে সদা * বাদসা খোসাল, করিল নেহাল, গনক আছিল যেত্তা॥ দিল টাকা করি, গাড়ি ঘোড়া জুরি, বেসমার মাল মাত্তা * খোসাল হইয়া, করে কত দোওয়া, ফিরিল যে যার ঘরে॥ কহেন অধিন, আমি দিন হিন, কেহ যদি মোর তরে * করে থোড়া দোওা, খোদা করে রওা,আখেরে নাজাত পাই॥ আমি ও ভি তার, দরগায় খোদার, সাফাত ও নাজাত চাই *

---

* কয়েস বহুত লস্কর লিয়া কাবুল হইতে আহছানের মদদে যায় সবুক্তগিন রাহাতে তাহাকে হজিমত দেয় তাহার বয়াদ *

পয়ার * একরোজ সবুক্ত গিন বাদসা নামদার॥ বার দিয়া বসিলেন তক্তের মাঝার*আসামি সায়েদ লোগ ফরিয়াদি তামাম॥হাত যোড়া হুজুরেতে করিয়া ছালাম * বাদসা এনছাফ করে আরজি লইয়া॥ হেনকালে দুত এক পওছিল আসিয়া* ছালাম করিয়া বাত লাগিল কহিতে॥ আলমপানা বাদসা জিউ কহি জোনাবেতে * যাছুছ আছিনু আমি কাবুল সহরে॥ কয়েসের ভেদ বাত জানিবার তরে * সোন সাহা কয়েস চপুর নেহায়েত॥ গোপনে লস্কর কত করে জমায়েত * এরাদা তোমার সাতে করিতে লড়াই॥ জমাইয়া বেসুমার কাবুলি ছেফাই * তেরা তাবেদারি হইতে কাবুলি সবায়॥ ফিরাইয়া আপনার খাদেম বানায় * এবেসে মিলিতে যায় আহছানের সাতে॥ এক যোগ হইয়া দোহে তোমার সহিতে * লড়াই করিয়া লিবে গজনি ছিনিয়া॥ নেকলে কাবুল হইতে লস্কর

এসে কহিলাম বেনা * জাছুছের মুখে :স্বাহা শুনিয়া এমন ॥ মছ-
লত ফেকের আটে দেলেতে আপন * মতলব করিল দেলে
কয়েসে ধরিতে॥ তখনি লস্কর গণে কহিল সাজিতে * পাইয়া
লস্কর গন বাদসার হুকুম॥ গিরিল কেল্লার বিচে সাজিবার ধুম *
সাইট হাজার লোগ হইল তৈয়ার॥চুনেন্দা চুনেন্দা জঙ্গি যতজোরো
ওার * আপনি সবুক্তগিন বান্ধিল কোমর ॥ হারুনে হাওালা করে
গজনি সহর * হেফাজত নেঘাবানি এনছাফের ভার॥ করিয়া
সকল কামে মালেক মোক্তার * নেকলে গজনি হৈতে না করিয়া
দের ॥ রওয়ানা হইয়া চলে রাহে কান্দাহারের * অতি তেজগামে
চলে গজনি লস্কর ॥ কত দুর গিয়া দেখে রাহার উপর * ঘোড়ার
পায়ের দাগ মিলিল নেসান॥ তুন্দুর খোটার দাগ ডেরার ছামান *
সর্দ্দার সবারে কহে সবুক্তগিন॥ দুসমন আগেতে যায় পাওয়া গেল
চিন * ধাইয়া রওয়ানা হও কোথা যাবে আর॥ খোদা চাহে
রাহাতে করিব গেরেফতার * হোথায় কয়েস লিয়া কাবুলি লস্কর
বে-আন্দেসা চলে ধীরে রাহার উপর * গিন সাহা লিল ভেদ
তাহা নাহি জানে॥ ওতারিয়া রাহা বিচে ময়দানে ময়দানে * এক
রোজ এক ঠাই ডেরা ওতারিল॥ আলতামাস ঘোরির সে সিমানা
আছিল * কয়েস লস্কর লিয়া খোসালিত দেল॥ খায় পেয় চেয়ে
নেভে হইয়া গাফেল * কেহ খায় কেহ সোয় কেহবা বসিয়া॥
কেহবা নিন্দেতে রহে অচেতন হৈয়া * কেহবা বসিয়া ঢোলে
কেহ বাত চিত ॥ কেহ হাসে দেল খোসে কেহ গায় গীত *
পিওনা বাজায় কেহ কেহু দেয় তাল॥ কেহবা খাইয়া নেসা হইল
মাতাল * কেহ গোলমাল করে কেহ টানে হুক্কা ॥ কেহবা খেলায়
তাস রং তুরুক টেক্কা * এবাদত করে কেহু যেই নেক বান্দা ॥
যে যার লইয়া ব্যস্ত আপনার ধান্দা * কেহুবা নেরালা বসে দেল
জান খুলে ॥ আপনা দোস্তের সাতে চুপে চুপে বলে * আমার
বিবির পারা সুন্দরি আওরত॥ চক্ষে না দেখিতে পাই জাহানে
তাবত * যেমন ছুরত তার খাছলত তেমন॥ চেহেরা ছেকেল
যেমছা চাঁদের গঠন * দোস্ত বলে দোস্ত তেরা নছিব বোলন্দ॥

বাত ॥ তোমাদের দোওা আর এলাহির হাত * কহ দোস্ত বিশু মোল্লা নামে যেই জন ॥ দেখেছ কি বেটী তার মাকুল কেমন * এমন ছুরত আমি কভু নাহি হেরি ॥ ডানা যদি রৈত তার লোকে কৈত পরি * চক্ষে না দেখিলে তুমি না যাবে প্রত্যয় ॥ বয়স পনেরো সাল সাদি নাহি হয় * দোস্ত তুমি তুঝে না বলিয়া কব কারে ॥ বিশু মোল্লা বেটী তার সুপিবে আমারে * মায়ের জবানি আমি শুনি এ কালাম ॥ বাবাজির আগে বিশু ভেজিল পয়গাম * বাবাজি হইল রাজি এই বাত শুনে ॥ মহিম হইতে যবে ফিরিব মাকানে * আঞ্জাম হইবে আমাদের সাদি বিয়া ॥ দেখি কোন বাতে রাজি মাবুদ কিবরিয়া * দোস্ত বলে আলবত্তা মোকছেদ হবে পুরা ॥ ছুরত কুওত মালে কমি কিবা তেরা * তোমা এয়ছা বিশু কোথা পাইবে জামাই ॥ আছিল কাবুলিগণ গাফেলে এয়ছাই * হেনকালে গিন সাহা পৌছিল আসিয়া ॥ দেখিল কাবুলি লোক আছে ওতারিয়া * সুমুখে সেকার যেয়ছা পায় সের নর ॥ টুটিয়া পড়িল তেয়ছা খোরছানি লস্কর * পিছে হইতে গিন সাহা করিয়া আওাজ ॥ কহেরে হুসিয়ার কয়েস দাগাবাজ * দুষমন দুষমনি মেরা করো বার বার ॥ আলবত্তা উচিত সাজা দিব এবে তার কোথা যাও কি মতলবে তামাম বিফল ॥ না জান পিছেতে তেরা পওছিল আজল * এতেক বলিয়া সাহা তেগ লিয়া হাতে ॥ লস্করে এসারা কৈল হামেলা করিতে * এত বলি কাবুলীকে দিল সাহা মার ॥ বিপাকে গিরিল বড়া কাবুলী ছওার * গাফেল আছিল সবে তৈয়ার না ছিল ॥ আচানক খোরছানি মারিতে লাগিল * হাজার হাজার মরে খোরছানির হাতে ॥ খোরছানিকে না পারিল দাগ চড়াইতে * বেদেরেগ খোরছানি মারে তলওার ॥ কাটা ছের গড়াইয়া দিল বেশুমার * খুনেতে ভিজিয়া গেল মাটি ময়দানের ॥ ঘড়িতে মরিল আধা লোগ কয়েসের * দশ বিস লোক মারা পড়িল খোরছানি ॥ বহুত মোস্কেল দেখে কয়েস গজনি * আন্দেসা ফেকের করে দেলে আপনার ॥ এক ঘড়ি লড়ি যদি ময়দান মাঝার * বিপাকে মরিবে মেরা তামাম ছেফাই ॥

লস্করে আপন ॥ হাকিম্না কহিল যাহে পার যেই জন * বাচাও আপনা জান হেকমত করিয়া ॥ কয়েস এতেক বসে ঘোড়া ওঠা-ইয়া * ছাড়িয়া লস্কর গনে ভাগিল আপনি ॥ সর্দ্দার ভাগিল যদি তামাম আফগানি * বেছের হইয়া ভাগে জান বাচাইয়া ॥ কহিল সবুক্ত গিন লস্করে হাকিয়া * জান লিয়া কাবুলীকে ভাগিতে না দিবে ॥ যত দুর যায় খেদাড়িয়া চল সবে * আগেতে কাবুলি ভাগে খোরছানি পিছেতে ॥ রেগা দিয়া খেদাড়িয়া চলে সাতে সাতে * ছুটিয়া দুদলে লোক হইল আজেজ ॥ খোরছানি পিছা তবু না ছাড়ে হরগেজ * চারা না পাইয়া তবে কি করে কয়েস ॥ ঘোর সহরেতে গিয়া পওছে অবশেষ * আলতামাস ঘোরি সাহা ঘোর সহরেতে ॥ পানাহি লইল গিয়া তাহার আগেতে * পিছে পিছে পওছে ঘোরে সবুক্ত গিন ॥ মহাম্মদ হাতেম রচে অতি দিন হীন *

---

* কয়েস ঘোর সহরে আলতামাস ঘোরির পানা লয় তাহার বয়ান *

ত্রিপদী * দহসত পাইয়া দেলে, কয়েস ভাগিয়া চলে, সাতে লিয়া লস্কর আপনা ॥ ঘোর সহরেতে গিয়া, আজিজ মিনতি কিয়া, আলতামাস আগে লিল পানা * পুছিলেন আলতামাস, আমারে বাতাও রাস, কি কারনে ভেগে আইলে হেথা ॥ ছাতি পরে দিয়া হাত, কয়েস কহেন বাত, সোন সাহা আগামির কথা * কয়েস আমার নাম, পয়দাস গজনি ধাম, বাপ মেরা মোহন সর্দ্দার ॥ আমার বাপের তরে, খোরছানি মারিল জোরে, মহিমেতে ময়দান মাঝার তাপ হইল দেলে মেরা, তখন না দেখে চারা, ফোরছতের রহি এন্তেজার ॥ ফোরছত দেলায় বারি, আহছান কান্দাহারি, কোয়ে-টার জঙ্গল মাঝার * ছওগাত হারুনে ধরে, কয়েদ করিল জোরে, গিন সাহা খবর পাইয়া ॥ ছাড়াইতে দোহাকায়, কান্দাহার দেশে

আফগানি নামি, বড়া বড়া সর্দ্দারের সাত ॥ গাজি বক্তেয়ার তরে, মারিয়া ডালিনু জোরে, কাবুল করিয়া লিনু হাত * হাসেম কাবুল মাজ, পাইল চাচার তাজ, তাহাবাদে কাবুল থাকিয়া ॥ পওছিলাম গজনিতে, তামাম খোরছানি জাতে, তুক্ষু দিনু কাবুতে পাইয়া * গিনের আহলিয়া ছারে, রাখিনু কয়েদ করে, রহি আমি গজনি সহরে ॥ হাসেম লস্কর সাতে, আহছানের মদদেতে, রওয়ানা হইল কান্ধাহারে * আহছান হাসেম দোহে, লড়িয়া খোরছানি সাহে, না পারিল হজিমত দিতে ॥ বরং সেকস্ত হৈল, হাসেম সর্দ্দার মৈল আহছান ছাপিল কেল্লাতে * এসমে যাছুছ হাত, মেরা জুলুমের বাত, গিন সাহা শুনিল যখন ॥ ছাড়িয়া আহছান তরে, ধাইল গজনিপরে, সাজাদিতে আমার কারন * ডর হইল দেলে মেরা, লড়িয়া নাহিক চারা, পালাইনু গজনি ছাড়িয়া ॥ ঘুমিয়া বহুত দেস, কাবুলে পওছিনু শেষ, কিছুদিন রহি ছাফাইয়া * তাবাদে আল্লার চাহা, মরিল আলপ্ত সাহা, সবুক্তগিন হৈল তাজদার ॥ বে আন্দেসা হৈনু আমি, ওমরাহ সর্দ্দার নামি, ছিল যারা কাবুল মাঝার * বুঝাইয়া নানা মতে, খোরছানির তাবে হৈতে, ফিরাইয়া লিনু সবাকারে ॥ দেলেতে মছলত করি, আহছান কান্ধাহারি, মিলি গিয়া তাহার হুজুরে * লইয়া কাবুলী ছারে, নেকালিনু রাহা পরে, মঞ্জেল মঞ্জেল এয়ছা যাই ॥ সেই যে খোরছানি জাত, পওছে এসে অকস্মাত, কি প্রকারে ভাবিয়া না পাই * বাঘের মেছাল মোরে, হামেলা করিল জোরে, মারিল লস্কর বেশুমার ॥ না টেকে লস্কর মোর, ভাগিয়া আইনু ঘোর, পানা লিনু হুজুরে তোমার * কয়েস বাদসার সাত, কহিতে আছিল বাত, এয়ছা ওক্তে নামা এক লিয়া ॥ কাছেদ পৌছিল এসে, আদবে বাদসার পাশে, খাড়াহৈল ছালাম করিয়া * জবানি কহিল এহা, সোলতান সবুক্ত সাহা, আইনু লেখা লইয়া তাহার ॥ আলতা মাস লিয়া খত, পড়ে যত হকিকত, সুনাইল হুজুরে সবার * মহাম্মদ হাতেম কহে, মজমুন আছিল তাহে, গিন সাহা ডর দেখাইয়া ॥ লেখে আলতামাস ঘোরে, না লেহ পরের তরে, আপনার বুরাই ঢুড়িয়া *

* সবুক্তগিন ডর দেখাইলে আলতামাস কয়েসকে নেকালিয়া দেয় ও কাবুলী লস্কর গন সবুক্ত গিনের সঙ্গে মেলে তাহার বয়ান *

পয়ার * আলতামাস ঘোরি নামা ওঠাইয়া হাতে ॥ পড়িয়া সোনায় সবাকার হুজুরেতে * মজমুন আছিল তাহে সুন আলতামাস ॥ কয়েস গজনি মুজি আছে তেরা পাস * হকিকি দুসমন মেরা কয়েস গাওয়ার ॥ কত দুক্ষু মেরা তরে দিল বার বার * আছে যে কাবুলি লোগ তাহার সঙ্গেতে ॥ ছাফ দেলে ছিল তারা আমার তাবেতে * ফেরেব মক্কর গিধি ডালিয়া সবায় ॥ ছলে কলে আপনার খাদেম বানায় * নহেকি তাহারা করে আমার দুসমনি ॥ নেমক হারাম মুজি করে এত খানি * তেকারনে দেল বিচে এরাদা আমার ॥ যত দিন নাহি লিব গর্দ্দান তাহার * ফিরিয়া নাহিক যাব গজনি সহরে ॥ কারার না রবে মেরা দেলের ভিতরে * সোন আলতামাস মোর তোমার সঙ্গেতে ॥ আদাওতি কিনা কভু নাহি কোন বাতে * এখাতেরে তেরা তরে করি হুসিয়ার ॥ না রাখ দুসমনে মেরা সহরে তোমার * আপনা ভালাই চাহ লিখন পাইয়া কয়েসে আমার আগে দেহ পাকড়িয়া * নহে খেদাড়িয়া দেহ সহর হইতে ॥ দাওয়া গির নাহিক হইব এই বাতে * তাহা না করিয়া রাখ দোছরা খিয়াল ॥ খারাব করিব দেস ঘটিবে জঞ্জাল * ঘোর সহরের তেরা না রবে নেসান ॥ জানে মালে মেরা হাতে হবে পেরেসান * কি তেরা দেলের বাত বুঝিয়া সেতাব ॥ কাছেদের হাতে দিবে লিখিয়া জওাব * লেখা পড়ে ঘাবরাইয়া গেল আলতামাস ॥ আপনা উজিরে কহে এই বাত রাস * কেনবা পরের তরে করিয়া বিবাদ ॥ সবুক্ত গিনের হাতে হইব বরবাদ * সোলতান সবুক্তগিন বাদসা জবর দস্ত ॥ মসা এয়ছা পারে মুঝে করিবারে পস্ত * এমন আফজাল সাহা কাবুলের নামি ॥ খেরাজ গোজার তার হৈয়া ছিনু আমি * লাড়িয়া খোরছানি সাতে এয়ছা নামদার ॥ খোওাইল তাজ তক্ত হৈল ছার খার * সুনিয়া উজির

সের নর খোরাছানি আছে ঘুমাইয়া ॥ নাহিক যাগাও তারে দেক লাগাইয়া * আজ দাহার তুমে পাও না ডাল হয়গেজ ॥ ছায়েতে ডালিবে তুছে করিয়া আজেজ * আলতা মাস কহে সোন কয়েস সর্দ্দার ॥ হেথা হৈতে দেখ তুমি রাহা আপনার * শুনিলে খোর-ছানি কেয়ছা গজব করিয়া ॥ লিখিল আমার তরে তোমার লাগিয়া দোছরা কাহার আগে লেহ গিয়া পানা ॥ আমা হৈতে কাম নাহি পাইবে আপনা * শুনিয়া কয়েস হইল বিষাদ অন্তর ॥ নেকালিল ঘোর হইতে লইয়া লস্কর * থোড়া দুর গেল যবে রাহার বিচেতে কাবুলি লস্কর গন মিলে এক সাতে * মছলত করিল এয়ছা কিসের খাতেরে ॥ পেরেসান হব মোরা কয়েসের তরে * দেখিয়া শুনিয়া হয় মালুম এয়ছাই ॥ লড়িয়া খোরছানি সাতে ফতে পাব নাই * এহা হৈতে বেহতের চল সবে গিয়া ॥ মিলি খোরছানির সাতে কছুর মানিয়া * সকলে হইল রাজি এই বাত শুনে ॥ খবর মালুম হৈল কয়েসের কানে * আন্দেসা হইল তার শুনিয়া এয়-ছাই ॥ দুসমন হইল যদি তামাম ছেফাই * তবেত বাচাও মেরা নাহি দেখি আর ॥ কোন ঘাড় ধরে মুঝে করে গেরেফ তার * দিবে খোরছানির হাতে বুঝিনু আলবত ॥ গিরিল তকদিরে এবে আজিম আফত * বহুত ভাবিয়া মর্দ্দ কোন কাম করে ॥ ছাপাইয়া আপনার লস্কর সবারে * পলাইল উর্দ্ধশ্বাসে কান্দাহার দিগে ॥ এখবর জানিতে নারিল কোন লোগে* থোড়া দের বাদে যবে হইল দরকার ॥ ঢুড়িয়া তাহার দেখা না পাইল আর * কেহ না বলিতে পারে গেল কোথাকারে ॥ আখেরে বুঝিল গিধি পলাইল ডরে * আখেরে লস্কর গন সেখান থাকিয়া ॥ সবুক্তাগিনের আগে পঔ-ছিল যাইয়া * জনে জনে গিরিলেক কদমে বাদসার ॥ কহে সাহা মাফ করো মোরা গোনাগার * না ফরমানি করিয়াছি ফেরেবে গিরিয়া ॥ মাফ চাহি দেহ সাহা গোনা বক সাইয়া * গিন সাহা নেওয়াজিয়া লইল সবারে ॥ মোর্ত্তবা বাড়ায়ে খুব রাখিল হুজুরে * খোসাল হইল যত কাবুলি লস্কর ॥ মহাম্মদ হাতেম কহে আগামি খবর * রাহা বিচে একদল পারেসীর সাত ॥ সবুক্তাগিনের সাতে হৈল মোলাকাত * পিছেতে লিখিয়া যার কয়েসের কথা ॥

কিরূপে বাহরাম এসে পওছিলেক হেথা * কিরূপে মুলতানে মৈল মহলুব সর্দ্দার ॥ সোন আগে লিখি থোড়া তার সমাচার *

---

* বাহরামের গোজেস্তা হালের বয়ান *

পয়ার * তামাম লস্কর লিয়া গিন জাহাগির ॥ কান্দাহারের রাহেতে হইল রাহাগির * বুঝিল ভাগিয়া ঠিক কয়েস কমিনা ॥ আহছানের আগে গিয়া লইয়াছে পানা * ভাগিয়া কোথায় মুজি বাচাইবে জান ॥ রক্ষিতে নারিবে তারে হাজার আহছান * যেথা যাবে সাথে সাথে যাইব তাহার ॥ এয়ছাই এরাদা করে হৈল রাহাদার * কয়েক মঞ্জেল যবে নেকলিয়া গেল ॥ বহুত লস্কর আইসে দেখিতে পাইল * ধাইল যাছুছ এক সবুক্ত গিনের ॥ কি জাতি কোথায় ঘর পুছিল জেকের * সর্দ্দারের নাম কিবা কোথায় রওানা ॥ পুছিল সর্দ্দার মেরা গিন জাহাপানা * শুনিয়া কহিল তারা পারেসে মোকাম ॥ পাহালওান বাহরাম সর্দ্দারের নাম * গজনি সহরে যাব এরাদা মোদের ॥ সোলতান সবুক্তাগিন বাদশার হাজের * যাছুছ কহিল কিবা বাতাও দরকার ॥ সোলতান সবুক্তগিন সাহেব আমার এই সব আলাও লস্কর যত তার ॥ হাজের আছেন তিনি লস্কর মাঝার * শুনিয়া বহুত খুসি হইল বাহরাম ॥ যাছুছে দিলেন এক লিখিয়া পয়গাম * জবানি কহিল মেরা বাদসার হুজুরে ॥ আদাব ছালাম দিবে হাজারে হাজারে * যাছুছ লিখন লিয়া পওছিল লস্করে ॥ বাহরামের বাত যাহা কহিল বাদসারে * লিখন ডালিয়া দিল হুজুরে বাদসার ॥ উজির সোনায় পড়ে মজমুন তাহার * লিখিল বাহরাম এয়ছা সোন জাহাপানা ॥ আমাকে খাদেম তেরা জানিবে আপনা * পুসদাহইয়া ছিনু তোমার হুজুরে ॥ সোন সাহা কহি তাহা আওল আখেরে * এই গোলামের নাম জানিবে বাহরাম ॥ ছিনু তেরা নানাজির নওকর মোদাম * যখন তোমার বাপে পারেস থাকিয়া ॥ দিলেন হেজাজ সাহা মুলতানে ভেজিয়া * বাপ তেরা জাতে করে মুলতান সহর ॥ তিন সাল রহিলেন তাহার

ভিত্তর * কমিনা ছালেহা পাপি দর্জ্জাল উজির ॥ মারিল বাদসার তরে করিয়া ফিকির * ফেরেবে ভালিয়া ফের তোমার দাদায় ॥ তহমত কছুর মন্দ করিল দাগায় * স্থূলে চাড়াইয়া তারে মারিল ময়দানে ॥ সোবা হইল এই বাতে অনেকের মনে * তাবাদে ছালেহা লিয়া লস্কর ছেফাই ॥ তোমার বাপের সাথে করিতে লড়াই * পওছিল মুলতান জবে আমি গোনাগার ॥ হাজের আছিনু সেই লস্কর মাঝার * তখন জানিতে নারি দাগা ছালেহার ॥ মারা যেতে মহিমেতে মহাম্মদ সর্দ্দার * সাহেবানি সাহাজাদি সরিফা বিবিকে ॥ গেরেফতার করিবারে চাহিল নাপাকে * এবাতে বেদেল মোরা হইনু উজিরে ॥ মহলুব সর্দ্দার গোস্বা থামিতে না পারে * উজিরে হামেলা কৈল খুলিয়া তলওার ॥ ছয় হেস্যা লোগ মোরা পোস্ত হৈনু তার * বাকি দশ হেস্যা লড়ে ছালেহার হৈয়া ॥ মহলুবের জওামর্দ্দি এলাহির কিয়া * হারেল হইল মুজি ছালেহা বেলিক ॥ খেদাড়িয়া দিনু তারে কোত্তার মাফিক * ভাগিয়া বাচিল মুজি পারেস বিচেতে ॥ মহলুব পাইল সাহি মুলতানের তক্তে * মছলত উজির হৈল ফিরোজ হোসমন্দ ॥ লস্করে সর্দ্দার মোরে করিল পছন্দ * আপনি হইলে পয়দা এহার বিচেতে দুই সাল গোজারিল খুসি খোসালেতে * না জানি এহার বিচে কিসের ছববে ॥ দেওানা হইল যেয়ছা হেরিনু মহলুবে * খাওা পেওা কাজ কাম ছাড়িয়া তামাম ॥ একেলা ভাবিত বসে হরছোবে সাম * ফরিয়াদ করিলে কেহ এনছাফ না দিত ॥ বেগর কছুরে লোগে স্থূলে চড়াইত * যেয়াদা কাহার সনে না কহিত বাত ॥ সর্ব্বদা থাকিত গোস্বা মেজাজের সাত * এই হালে কিছুদিন গেল গোজারিয়া ॥ দুসমন তুলিল ছের দাও ঠাহরিয়া * না খোস হইয়া গেল তামাম রাইয়ত ॥ মারিতে মহলুব তরে করিল মছলত * মহিপাল নামে রাজা কাশ্মির হইতে ॥ বহুত লস্কর লিয়া আইল লড়িতে * মহলুব না কৈল কিছু তাহার তদবির ॥ না দেখিনু লড়িবার ছামানা ফিকির * আমার দেলেতে হৈল বহুত দহসত ॥ ফিরোজ উজির তরে পুছিনু মছলত * উজির মছলত দিল যাইয়া অন্দরে ॥ পোছ গিয়া সাহেবানি সরিফার তরে * তিনি যা হুকুম

দিবে কর সেই কাম॥ পওছিনু যাইয়া আমি অন্দর মোকাম* পুছি লাম খাওাছিনে কোথা সাহেবানি॥ যত খাওাছিন কহে আমরা না জানি* তিন মাস হইল আজি বিবির কারন॥ দেখিতে না পাই মোরা না জানি কেমন* লাড়কাকে লইয়া বিবি গায়েব হইল॥ দাসি বান্দি খাওাছিন কেহ না জানিল* যেই রোজ ফজরেতে না দেখি বিবিকে॥ খবর কহিনু গিয়া মহলুব সাহাকে* শুনিয়া হইল সাহা যেমন দেওানা॥ আফছোছ করিল কত আপনি আপনা* তাহা বাদে খাদেম খাওয়াছ যত ছিল॥ সবাকারে বোলাইয়া এয়ছাই কহিল* খবরদার এই বাত যে করো জাহির॥ একের কছুরে লিব সবাকার ছির* জানের ডরেতে মোরা না কহিনু কায়॥ আসিয়া পৌছিলে আজি কহিনু তোমায়* তাজ্জব হইনু আমি শুনে একালাম॥ দেলেতে হইল সোবা জলিল আন্দাম* তখনি পৌছিনু গিয়া মহলুবের ডেরে॥ পুছিনু সেতাবি বাত বাতাও আমারে* কোথা বিবি সাহেবানি সারফা খাতুন॥ আল- বত্তা তুমি তাহার যানহ কারন* শুনিয়া হাসিয়া মন্দা মহলুব দেওানা॥ কহিল সারফা বড়া মজবুত জানানা* দাগাদারি মোর সাতে করিয়াছে খুব॥ রূপের লালচে তার দেওানা মহলুব* ছেদিয়া কলেজা মোর এস্কের তলওারে॥ না জানি ভাগিয়া গিয়া আছে কোথাকারে* সাজাদির বে আদবি শুনিয়া কানেতে॥ হইল বহুত গোস্বা আমার দেলেতে* সহিতে নাহিক পারি বুকে লাগে সেল॥ মহলুবে মারিনু তেগ হইয়া বেদেল* মারা গেল মেরা হাতে মহলুব গাওয়ার॥ ফিরোজ উজিরে কহি যত সমা- চার* এওক্তে যাছুছ এক কহিল খবর॥ দুসমন ঘুসিল এসে সহর ভিতর* শুনিয়া ছায়েত এক না করিনু দের॥ তখনি লস্কর লিয়া হইনু বাহের* মোকাবেলা কৈনু গিয়া মহিপাল সাতে॥ বাজিল তুমুল জঙ্গ দুই তরফেতে* ঘাড় চার ময়দানেতে করিনু লড়াই॥ মেরা হইতে দশগুন কাস্মিরী ছেফাই* থোড়াই লস্কর মেরা লড়িতে লড়িতে॥ আজেজ হইয়া গেল না পারে টিকতে* ভাগিল ময়দান হইতে বাচাইয়া জান॥ লস্কর ভাগিল যদি হৈনু পেরেশান* কি করি লাচার হৈনু চারা নাহি পাই॥ লস্করের পিছে

পিছে ভাগিয়া পালাই * সহর ছাড়িয়া বাচি জঙ্গলে যাইয়া ॥ মহি-পাল সেথা হইতে দিল খেদারিয়া * মুলতান সিমানা হইতে করে দিল পার ॥ পৌছিনু যাইয়া মোরা লাহোর মাঝার * মোছল মান দেখে যদি লাহোর রাজন ॥ কহিল বেসক এরা বোতের দুসমন * সহর না পাক হবে ঘুসিলে লাহোরে ॥ দেবতা না খোস হবে আমার উপরে * হরগেজ সহরে মেরা নাহি পাবে স্থান ॥ খেদাড় মেলেচ্ছ যাত নেড়ে মোছলমান * না ওম্মেদ হৈয়া ভাগি সেখান থাকিয়া ॥ এরূপে আঠার সাল ঘুমিয়া ঘুমিয়া * ছায়ের করিয়া লিনু ছারা হিন্দুস্থান ॥ কোন সহরেতে নাহি পাইলাম স্থান লাহোর পাঞ্জাব দেস মুল তান হইতে ॥ কাস্মির বাবল পিত্ত রাজ পুতনাতে * বিকানির আজমির অজোদ্ধা চিতর ॥ কান্য কুব্জ যোধপুর দিল্লির সহর * গোলকন্দ বিরজা পুর লক্ষ্ণৌ বিয়ার ॥ মান্দ্রাজ মথুরা আগ্রা বোম্বাই বিহার * নেপাল ভুটান দেস পেসোওা মিথিলা ॥ চিন্তান থানে শ্বর উড়িস্যা বাঙ্গালা * মোছল মান বলে কেহ নাহি দিল ঠাই ॥ ছালেহার ডর দেলে পারেসে না যাই * না উম্মেদ হৈয়া ফিরি যেথানে সেখানে ॥ পাহাড়ে জঙ্গলে কভু ময়দানে ময়দানে * অবশেষে পওছিলাম চিন্তান কেনারে ॥ পুসিদা জাগায় এক জঙ্গল ভিতরে * লইয়া হিন্দুর বেশ সহরে যাইয়া ॥ মজুরি করিয়া খাই পেটের লাগিয়া * হইল কয়েক রোজ এক মোছাফের ॥ চিন্তানে পওছিল গিয়া আমার হাজের * শুনিনু তাহার ঠাই তেরা বিবরণ ॥ ছওগাত বিন মহাম্মদ নামে এক জন * নামেতে সরিফা বিবি বেটী হেজাজের ॥ তাহার মায়ের নাম করিল জেকের * সোলতান আলপ্তগিন পেলে সে লাড়কায় ॥ আপনা খেতাব দিয়া তক্তেতে বসায় * সোল-তান সবুক্ত গিন নাম পাক তার ॥ গজনি সহর বিচে বাদসা জাহাদার * খোসাল হইনু আমি শুনে সমাচার ॥ এতদিনে মেহের বান হৈল পরওার * এতদিনে সাজাদার পাইলাম ভেদ ॥ করিতে জোনাব বুছি হৈনু মেস্তায়েদ * তখনি চিন্তান ছেরে লইয়া লস্কর ॥ রওানা হইনু যাইতে গজনি সহর * হক্ত শুনে পাই তুঝে রাহার

নামা গিন জাহাগির ॥ হইল দেলের বিচে খোসাল খাতির * ফর-মান করিল সাহা আজম উজিরে॥ তাজিমের সাতে আন বাহরামের তরে * লইয়া কয়েক লোগে উজির বাদসার॥ পৌছিল যাইয়া যেথা বাহরাম সর্দ্দার * কহিল বাহরামে বাদসা শুনে যত হাল॥ মাঙ্গাইল তেরা তরে হইল খোসাল * শুনিয়া বাহরাম খুসি হইল নেহাত॥ পৌছিল বাদসার আগে উজিরের সাত * আদাব ছালাম কৈল ছের নোওাইয়া॥ বাদসা মেলেন তার গলেতে ধরিয়া * ফিরোজ উজির তরে আর কয় জনে॥ নেওাজিয়া লিল সাহা সবার কারনে * সরফরাজ হৈল সাহা বাহরামে লইয়া॥ এগানা বেগানা খেস আকরবা পাইয়া * মহাম্মদ হাতেম রচে দানার বচন ॥ এগানা হইতে নাহি হকিকি দুসমন *

---

* সোলতান সবুক্তগিন কান্দাহারে পৌছে ও বাহরামের জঙ্গে কয়েস মারা যায় এবং আহছান মহিমে সেকস্ত হইয়া সবুক্তগিনের সঙ্গে ছোলে করে তাহার বয়ান *

পয়ার * মিলিল সবুক্তগিন বাহারামের সাতে ॥ সবে মিলে একস্তরে খুসি খোসালিতে * কান্দাহার তরফেতে হইল রওানা ॥ হোথায় কয়েস লিল আহছানের পানা * কহিল আহছান সাহে আপনা হালাত॥ আহছান দেলাসা দিয়া কহে এই বাত * থাকহ খাতের জমা ডর কি তোমার ॥ কি করিতে পারে তেরা খোরছানি গাওার * আসিবে খোরছানি যবে দেখিবে নজরে॥ করিব কি হাল তার তলওারের জোরে * একবার তার হাতে সেকস্ত হইয়া দেস দেস হইতে এবে চুনিয়া চুনিয়া * জমাইনু লস্কর ছেফাই বেসুমার॥ সবে জঙ্গি জওা মর্দ্দ জোরে জোরোওার * এই রূপে দেলাসা দেলায় বহুতর ॥ হেথায় সবুক্তগিন লইয়া লস্কর * পৌছি লেন কান্দাহারে দেখিয়া ময়দান॥ ওতারিল ডেরা তাম্বু তামাম

আগে খবর পৌছিল * কয়েসে লইয়া সাথে আহছান সর্দ্দার ॥ মছ-লত হেকমত কত করে লড়িবার * লস্করে ভরসা দেয় বুঝাইয়া কত ॥ লড়িবে মর্দ্দের হালে পাহালওান মত * পৌছিল কাছেদ এক এমন সমায় ॥ গিনের পয়গাম দিল আহছান সাহায় * আছিল তাহার বিচে মজমুন এয়ছাই ॥ শ্বশুর সাহেব মেরা আরোজ জানাই * এস মোরা দুই জন শ্বশুর দামাদ ॥ আপসে মিলিয়া রহি ছাড়িয়া বিবাদ * দাবি দাওা কারপরে না রহিবে কার ॥ আপনা এক্তারে রহ লিয়া কান্দাহার * কেবল আমার দাবি সোন দিয়া মন ॥ পানাহি না দেহ তুমি কয়েস কারন * বান্ধিয়া তাহার তরে রসি লাগাইয়া ॥ ময়দানে আমার আগে দিবেক ভেজিয়া * আহ-ছান জওাব এয়ছা লিখিল তাহার ॥ তেরা সাত্তে নাহি চাহি ছোলে করিবার * কয়েস গজনি আছে হুজুরে আমার ॥ কি করিতে পার তুমি নোকছানি তাহার * কয়েসের তরে মেরা সাহি যদি যায় ॥ তথাপি বান্ধিয়া তারে না দিব তোমায় * পাইয়া জওাব এয়ছা গিন নামদার ॥ হইল বহুত গোস্বা দেলের মাঝার * রাত গোজা-রিয়া যবে হইল ফজর ॥ লস্করে হুকুম দিল বান্ধহ কোমার * শুনিয়া তৈয়ার হৈল যেত্তা পাহালওান ॥ খোরছানি গজনিয়া পারেসী আফগান * সাজে শের নর জঙ্গি বাহরাম সর্দ্দার ॥ সাজিল সবুক্তগিন বাদসা নামদার * ময়দানে হইল খাড়া কাতার বান্ধিয়া ॥ ওদিগে আহছান সাহা সহর থাকিয়া * নেকালে ময়দান বিচে লইয়া লস্কর ॥ খাড়া হইল খোরছানির এসে বরাবর বাজিল জঙ্গের বাজা দামামা বিগল ॥ বাজা শুনে হৈল মত্ত দুদিগের দল * ময়দানে জঙ্গের স্থান আমি লিব আগে ॥ এয়-ছাই কহিয়া বাহরাম বিদায় যে মাগে * বেকার হাতিয়ার মেরা আছে বহুদিন ॥ একবার লিব তারে করিয়া চেইন * খোসালে সবুক্তগিন করিল বিদায় ॥ বাহরাম হাকিয়া ঘোড়া ময়দানেত্তে যায় * খাড়া যবে হইল মর্দ্দ যাইয়া ময়দানে ॥ ওজুদ দেখিয়া তার কান্দাহারি গনে * দেওকি এনছান তাহা ঠাহরিতে নারে ॥ দহসত হইল পয়দা সবার অন্তরে * আহছান মাঙ্গায় যত আহদি

লস্কর ॥ কহিল কে আছ জঙ্গি হেন দেলাওর * এই পাহালওানে যেই পাছাড়িবে জোরে ॥ হাজার আসরফি দিব এনাম তাহারে * শুনিয়া ধাইল এক জঙ্গিয়া জওান ॥ বাহরামের বরাবর পৌছিল ময়দান * খেচিয়া মারিল গোর্জ্জ বাহরামে তাকিয়া ॥ বাহরাম করিল রদ জোরেতে কুদিয়া * সেতাবিতে ঘোড়া হইতে নামিয়া নিচেতে ॥ কান্দাহারি পাহালওানে ধরিল জোরেতে * ঘোড়া হইতে ছের পরে খেচিয়া তুলিল ॥ দুপাও ধরিয়া তুলে কাছার মারিল * ফুটিয়া মাথার খুলি মগজ নেকলে ॥ বিস হাত ঠেকরিয়া গেরে জমি তলে * দোছরা আহদি এসে হইল হাজির ॥ বাহরামে মারিল তেগ তাকাইয়া ছির * বাহরাম করিল রদ হেকমত হুনুরে ॥ তলওার খেচিয়া মারে আহদির ছেরে * আহদি গিরিল ঠায় দুখান হইয়া ॥ তেছরা আহদি ফের আইল কুদিয়া * গোর্জ্জ ওঠাইয়া তারে মারিল বাহরাম ॥ এক চোটে কান্দাহারি হইল তামাম * ফের এক আছওার কুদিয়া আইল ॥ নেজা ঘুমাইয়া তারে বাহরাম মারিল * লাগিল বিসম চোট বুকের উপরে ॥ কলেজা পিসিয়া গেল সামালিতে নারে * ধমকে গিরিল নিচে হইয়া বেতাব ॥ সরমের যাগা দিয়া নেকলে পেসাব * মারা গেল কান্দাহারি নেকালিল জান ॥ এই রূপে একে একে বাহরাম জওান * মারিয়া ডালিল বিশ আহদি ছওারে ॥ এক চোট ছেওয়া মর্দ্দ না মারিল কারে * দেখিয়া আহছান স্াহা পাইল দহসত ॥ এক পাহালওান রাখে এমন কুওত * মারিয়া ডালিল মেরা বিস আছওারে ॥ দাগ চড়াইতে কেহ না পারিল তারে * দেখিয়া জঙ্গের হাল মালুম আমায় ॥ বুঝিবা এ মহিমেতে ফতে পাওয়া দায় হাসান মানজুরি নাম লস্করে সর্দ্দার ॥ কহিল সে আমারে ফরমাও নামদার * ঘাবরাও কিসের তরে দেখহ বসিয়া ॥ এখনি এহার তরে আনিব বান্ধিয়া * এতেক কহিয়া মর্দ্দ ওঠাইল ঘোড়া ॥ বাহরামের বরাবর হৈল গিয়া খাড়া * হাকিয়া কহিল সোন বাহরাম সর্দ্দার ॥ এবে-এমতেহান হবে কুওত তোমার * পহেলা উত্তীর্ণ হও এই তলওারে ॥ এতেক বলিয়া মর্দ্দ অতি গোস্বা ভরে

দিল রদ করে * হাকিয়া কহিল এবে সামাল হাসান ॥ এতেক বলিয়া তেগ লিয়া পাহালওান * খেচিয়া মারিল জোরে হাসানের ছেরে ॥ হাসান করিল রদ হেকমত হুনুরে * তেগ রেখে গোর্জ্জ হাতে লিল পাহালওান ॥ করিল বহুত জঙ্গ সমানে সমান * নেজা বরসী তির টাঙ্গি গোর্জ্জ তলওারে ॥ দাগ চড়াইতে কেহ না পারিল কারে * কুস্তির লড়াই শুরু কৈল অবশেষ ॥ কোমর ধরিয়া লড়ে করিয়া কোশেষ * পাঞ্জা পাকড়িয়া করে বাহু কসা কসি ॥ খেচা খেচি টানা টানি গলে দিয়া ফাসি * লড়িয়া লড়িয়া দোহে হইল আজেজ ॥ তবু কেহ কার তরে নারিল হরগেজ * আখেরে বাহরাম যত কুওতের সাথে ॥ মারিলেন এক গোর্জ্জ হাসানের মাথে * সামালিতে না পারিল হাসান মানজুরি ॥ ছেরে গিয়া লাগে গোর্জ্জ চোট হৈল কারি * চুইয়া চলিল লহু আখি হৈল ঘোর ॥ বেতাবে হাসান গেরে জমিন উপর * সেতাবি বাহরাম মর্দ্দ হৈয়া বেদেরেগ ॥ দোবারা হাসান ছেরে খেচে মারে তেগ * এক চোটে ধড় ছের হইল দুখান ॥ হাসান মানজুরি মৈল নামি পাহালওান * দেখিয়া ডরিয়া গেল তামাম ছেফাই ॥ সর্দ্দার মরিল আর কে করে লড়াই * থর থর কাপে সবে পাইয়া দহসত ॥ কেহ কেহ ভাগিবার করিল মছলত * দেখে সাহা আহছান লস্করের রিত ॥ আপনার দেলে বড়া হইল চিন্তিত * নাহি দেখে এয়ছা কারে লস্কর ভিতরে ॥ লড়িতে ভেজিয়া দেয় বাহরাম হুজুরে * কয়েস আছিল খাড়া ডাহিনে বাদসার ॥ তাকিল তাহার দিগে বাদসা নামদার * বাদসার এসারা বুঝে কয়েস গজনি ॥ পাছে হয় আপনার মোর্ত্তবার হানি * লড়িতে বাহরাম আগে না যায় ময়দানে ॥ না মর্দ্দা হইতে হয় বাদসার ছামনে * তেকারনে লাচারিতে দেলেতে আন্দেসা ॥ চাড়িল ঘোড়ার পিঠে বান্ধিয়া ভরসা * পৌছিল ময়দান বিচে বাহরাম যেখানে ॥ তফাতে হইল খাড়া না যায় ছামনে কামানে জুড়িয়া তির নেসান করিয়া ॥ মারে বাহরামের দিগে জোরেতে ফেকিয়া * বুঝিয়া হেকমত তার বাহরাম সর্দ্দার ॥ ঘোড়া হইতে ওতারিল ময়দান মাঝার * রদ করে দিল তির

যতেক তির মারিল ফেকিয়া ॥ বাহরাম করিল রদ পাসেতে কুদিয়া যখন তামাম তির নেবড়িয়া গেল ॥ কুদিয়া বাহরাম মৰ্দ্দ ছওয়ার হইল * কয়েসের নিকটেতে হইয়া হাজির ॥ খেচিয়া মারিল তেগ তাকাইয়া ছির * ঢাল নাহি ধরিতেই লাগিল গৰ্দ্দানে ॥ কয়েস দুখান হইয়া গিরিল জমিনে * মা বলিতে নাহি দিল নেকলিল জান ॥ আহছানের ছেরে যেন গিরিল আছমান * আপনা লস্কর গনে কহিল হাকিয়া ॥ সবে মিলে বাহরামেরে মারহ ঘিরিয়া * এছাই হুকুম পেয়ে তামাম ছেফাই ॥ বাহরামের চারিদিগে ঘেরে ধাওয়া ধাই * লোগের পিছেতে লোগ ঝাক পিছে ঝাক ॥ মৌমাছি বেড়িয়া যেয়ছা রহে মধু চাক * বাহরাম দেখিল যদি এমন বিপাক কুদিল তলওয়ার খুলে হেকে বড়া হাক * সের নর মেছালেতে করিল হামেলা ॥ মারে তেগ কেটে পাড়ে কাফেলা কাফেলা * বিজলি চমকায় যেয়ছা চালে তলওার ॥ দফা দফা ছাফ করে কাতারে কাতার * কারে মারে তেগ তুলে কারে মারে নেজা ॥ আধা ঘড়ি নাহি পারে হইবারে সোজা * গোৰ্জ্জ মেরে গুড়া করে কত শত ছির ॥ বিস ত্রিস লুটে ভুমে মারে এক তির * ঘড়িতে বহায়ে দিল লহুর দরিয়া ॥ কাটা লাস ফেরে তাহে ভাসিয়া ভাসিয়া * মারিল এতেক লোগ না হয় বয়ান ॥ কবজ করিতে জান আজরাইল হয়রান * ঘেরা তল হইতে মৰ্দ্দ বাহিরে নেকালে আহছান সে বাগে ছিল ঘোড়া হেকে চলে * তক্ত তাউছের বিচে আছিল আহছান ॥ ঘিরিয়া ওমরাহ মির হৈয়া নেঘাবান * ঘুসিল তাহার বিচে বাহরাম সৰ্দ্দার ॥ বে আন্দেসা মারিয়া চলিল তলওার * দুরে হৈতে দেখে তাহা সবুক্ত গিন ॥ বুঝিল বাহরাম পরে মোস্কেলের চিন * মনস্তুর আবদালি নামে বেটা হারুনের ॥ এহিয়া বক্তার নাম লাড়কা বাহরামের * জোরে জোরোওার দোন আওল জওান ॥ বাদসা দোহার তরে করিল ফরমান * সেতাবি মদদ গিয়া হও বাহরামের ॥ মারা যাবে পাহালওান কর যদি দের * শুনিয়া ধাইল দোহে হেন আজরাইল ॥ বাহরামের পিট পরে হইল দাখিল * এদিগে সবুক্তগিন লইয়া লস্কর ॥ টুটিয়া

গোশ্বায়॥ হাজার হাজার লোগে কাটে মারে ঠায় * ময়দান করিল ফাকা ঘড়ি এক বিচে॥ জখম হইল কত জান লিয়া বাচে * মারা গেল বেশুমার হেছাব কে করে॥ এদিগে কোমক পাইয়া বাহরাম সর্দ্দারে * জমিনে লোটায় যত ওমরাহের ছির॥ তক্ত তাউছের কাছে হইল হাজির * আহছান বুঝিল দেলে পওছিয়াছে যম॥ জান বাচাইতে দায় মোস্কেল বিসম * নিদানে হইল খাড়া তেগ হাতে লিয়া॥ বাহরাম কোমর তার ধরিল কুদিয়া * তক্ত তাউছ হৈতে খেচিয়া তুলিল॥ ছের পরে ঘুমাইয়া জমিনে ডালিল * ছাতিতে দাবিয়া বৈসে রসি নেকালিয়া॥ বেন্ধে লিল হাতে পায় মজবুত করিয়া * হাওালা করিয়া দিল মনস্থরের হাতে॥ ফিরিল ময়দান হৈতে খুসি খোসালিতে * ফতে হৈল খোরছানির বাজে সাদিয়ানা॥ বাহরামের তরে লিয়া গিন জাহা পানা * দরবার করিয়া বৈসে তাম্বুর মাঝার॥ ছামনে বসায় লিয়া কুরছিতে সোনার * তাজিম করিয়া কত বাড়াইল মান॥ এনাম খেলাত দিল নানান ছামান * কহিল তাবেতে মেরা যতেক লস্কর॥ সাহেব সর্দ্দার তুমি সবার উপর * তাবাদে আহছান সাহে মাঙ্গায়ে হুজুরে॥ কহিল কি আছে তেরা দেলের ভিতরে * আজিজি করিয়া কহে আহছান সর্দ্দার॥ গোনা খাতা মাফ কর আমি কমিনার * হইনু কছুর মন্দ না পেরে বুঝিতে॥ কিনা দেলে জঙ্গ কৈনু তোমার সহিতে * আপনা আক্কেল গুনে হইনু বরবাদ॥ বোলন্দ নছিব যার এমন দামাদ * এহেন দামাদ জার কিবা আছে দুঃখ॥ তোমা হইতে উজালা হইবে মোর মুখ * কছম করিনু নাম লইয়া খোদার॥ আদাওতি তেরা সাতে না করিব আর * শুনিয়া খোসাল হৈল গিন জাহাগির॥ খালাছ করিয়া দিল আহছান খাতির * শ্বশুরে লায়েক যেয়ছা তাজিম করিয়া॥ খাতের তওাজ্জা কৈল মান বাড়াইয়া * আহছান আরোজ করে সোন জাহাগির॥ সরফরাজ কর যদি আমার খাতির * কবুল আমার ডেরে কর জেয়াফত॥ করিব মেহমান দারি দেলের হছরত * কবুল করিল সাহা শুনে এই বাত॥ ডেরা তাম্ব ওঠাইয়া আহছানের সাত * লস্কর সবারে লিয়া ময়দান পাড়িয়া॥

আহছানের মাকানেতে পওছিল যাইয়া * আহছান দস্তুর মত লায়েক সাহানা ॥ মাঙ্গাইয়া নানা রঙ্গ খাবার ছামানা * খেলানি পেলান করে আপনি খাদিম ॥ খেদমতে রহিল রুজু করিয়া তাজিম তিন রোজ এই হালে গোজারিয়া গেল ॥ চৌথা রোজেতে সাহা বিদায় মাঙ্গিল * মহাম্মদ হাতেম কহে পাচালি পয়ার ॥ শ্বশুর দামাদ আগে হরদম লাচার *

জয়পাল হিন্দুস্থান হৈতে গজনি আসিয়া হারুনের সঙ্গে লড়ে ও সবুক্তগিন গজনি পৌছে তাহার বয়ান *

পয়ার * দামাদ মেহমান রুপে শ্বশুর আলয় ॥ তিন রোজ তক খুব খুশি হালে রয় * বিদায় লইয়া সাহা চৌথা রোজেতে ॥ নেকলে লস্কর লিয়া কান্দাহার হৈতে * এরাদা করিল এয়ছা রাহা দরমিয়ানে ॥ এখন ফিরিয়া নাহি যাইব মাকানে * এখান হইতে যাব পারেস সহরে ॥ লইব বাপের দাদ ছালেহায় মেরে * বাহরাম সর্দ্দার কহে ছহি এ কালাম ॥ যাবত দুসমনে নাহি করিব তামাম * ততদিন কলেজার দাগ না মিটিবে ॥ চল সাহা পারেসে রওানা হইতবে * এই মছলেহাত করে ছেড়ে কান্দাহার ॥ পারে-সের রাহা লিয়া হইল রাহাদার * মঞ্জেল মঞ্জেল রাহা নেকালিয়া যায় ॥ কত দিনে পারেস সিমানা গিয়া পায় * কোসাদা ময়দান দেখে ডেরা ওতারিল ॥ ঠাই ঠাই ঝাণ্ডা ও নেসান খাড়া কৈল * খবর যাছুছ দ্বারা জানিল ছালেহা ॥ সোলতান সবুক্তগিন গজনির সাহা * সরিফা মায়ের নাম বাপ মহাম্মদ ॥ হেজাজ নানার নাম কাছেমের জর্দ্দ * বাহরাম নামেতে তার লস্করে সর্দ্দার ॥ তাবে লোক একলাখ বিরাসি হাজার * আইল পারেস বিচে এহার খাতের ॥ তোমাকে মারিয়া দাদ লইবে বাপের * ছালেহা শুনিল যদি এই সমাচার ॥ হইল দেলেতে এয়ছা ডর পয়দা তার * আচা-নক ছেরে যেন গিরিল আছমান ॥ জিতা জানে হৈল যেয়ছা মোর্দ্দার সমান * কহে এতদিনে ফেরেবের জাল মেরা ॥ কাটিল

কাবুল পারেসী আগে জাহের তামাম * দুসমন হইবে তবে লস্কর আমার ॥ কিসেতে বাচিবে জান চারা নাহি আর * এখানে ছালেহা রহে এই আন্দেসাতে ॥ বাহরাম সর্দ্দার হোথা ভাবিয়া দেলেতে * সর্দ্দার আছিল যারা ছালেহার দলে ॥ বড়া বড়া নামি লোগ ওম-রাহ সকলে * মুলতানের বাত আর পারেসের বাত ॥ দাগাবাজি কৈলদেয়ছা ছালেহা কমজাত * যেরূপে পারেসী লোগে ডালিয়া দাগায় ॥ কাছেম সর্দ্দারে মারে হেজাজ সাহায় * আওল আখের তক লিখিয়া তামাম ॥ চাল্লিস জনের নামে দিয়া শির নাম * আপ নার নামে তাহে মোহর করিয়া ॥ পুসিদা কাছেদ হাতে দিল পাঠা-ইয়া * পাইয়া সর্দ্দার গন তামাম খবর ॥ বেদেল হইয়া গেল ছালেহার পর * আপসে মিলিয়া সবে মছলত করিয়া ॥ ছালেহায় বেন্ধেলিল জোরেতে ধরিয়া * জরু লাড়কা আহলিয়াত ছিল যত তার ॥ ধরিয়া সবার তরে করে গেরেফতার * সবুক্তগিনের আগে করিল হাজির ॥ দুসমনে পাইয়া হাতে বাদসা জাহাগির * হইল বহুত খুসি দেলের ভিতরে ॥ ছালে হায় কয়েদ রাখিল কারাগারে তামাম সর্দ্দার সাতে মেলে জাহাপানা ॥ বাদসাকে ছালাম এসে কৈল জনে জনা * তাবাদে সর্দ্দার গন লাগিল কহিতে ॥ আলম-পানা বাদসা জিউ কহি জোনাবেতে * চল সাহা হেথা হৈতে সহর মাঝার ॥ আপনি ওয়ারেস তক্তে বসিবে নানার * খোসালে সবুক্তগিন লইয়া সবারে ॥ পৌছিল সেখান হইতে যাইয়া দরবারে বসিল তক্তের পরে ছেরে তাজ দিয়া ॥ সকলে হইল রুজু খেদ-মতে আসিয়া * গলি গলি সহরেতে হইল জাহির ॥ সবুক্ত হইল দেসে বাদসা জাহাগির * খোসাল পারেস বাসি এইবাত সুনে ॥ সবে বলে জুলুমে বাচিনু :এতদিনে * জনে জনে দোওয়া কত করিল বাদসায় ॥ গনি মালদার লোগ যাহারা সবায় * ভেট ঘাট মাল মত্তা নানান ছামানা ॥ লইয়া বাদসার আগে দিল নজরানা * বাদসা সবার তরে লিল নেওয়াজিয়া ॥ সরফরাজ হৈল সবে মেহের দেখিয়া * ফিরিল সকল ঠাই দোহাই বাদসার ॥ আমির মিছকিন গনি খোসাল হাজার * কিছুদিন পারেসেতে থেকে নামদার ॥ বার-

দানাই ॥ পছন্দ করিল তারে সুপিবে বাদসাই * মর্জি মঞ্জুর লিয়া তামাম লোগের ॥ তক্ত তাজ সুপে দিল তাহার খাতের * ফরমা বরদারি কৈল কবুল সবায় ॥ চাহিল সবুক্তগিন রোকছত বিদায় * করিল পারেসী গন বিদায় ছামানা ॥ ভেট ঘাট হাতি ঘোড়া দিল নজরানা * বাদসা সবুক্ত গিন আসিবার কালে ॥ মারিল ছালেহা তরে চড়াইয়া সুলে * জরু লাড়কা আহলিয়াত যত ছিল তার ॥ গিরিল আসিয়া তারা কদমে বাদসার * জান বকসী দিয়া সাহা তা সবার তরে ॥ ফর মাইল আজিবন রবে কারাগারে * তাহা বাদে লিয়া সাহা আলাও লস্কর ॥ নেকালে পারেস হৈতে রাহার উপর * মঞ্জেল মঞ্জেল চলে রওানা হইয়া ॥ সাম হৈলে খানা পানি খায় ওতারিয়া * কতদিনে গজনির সিমানা পওছিল ॥ লোগের জবানি এয়ছা খবর শুনিল * হারুন সহরে নাই গিয়াছে ময়দানে ॥ লড়ে এক জবর দস্ত কুফরের সনে * মহিপাল নামে রাজা হিন্দুস্থান বিচে ॥ হজিমত বাহরাম পাইল যার কাছে * বেটা তার তাজদার বাপের তক্তেতে ॥ বহুত লস্কর লিয়া মুলতান হইতে * আইল গজনি বিচে করিতে লড়াই ॥ হারুন সর্দ্দার তার করিল চড়াই * নেহাত খবর এয়ছা পেয়ে জাহাগির ॥ সেথা হইতে ময়দানেতে হইল হাজির * হারুন সর্দ্দার শুনে খোসাল হাজার ॥ আগু বাড়াইয়া লিল খাতেরে বাদসার * সেরোজের মত হৈল মওখুফ লড়াই ॥ ফিরে গেল জয়পাল লইয়া ছেফাই * ডেরা তাম্বু খাড়া কৈল বাদসার লস্কর ॥ মিলিল খোরছানি লোগ হৈয়া একস্তর * পুছা পুছি গোজেস্তার আহওাল তামাম ॥ বাদসা সবুক্তগিন হারুন বাহরাম * তিন জনে বাত চিত করেন বসিয়া ॥ মহলেতে গোলানার খবর শুনিয়া * হইল খোসাল দিল ফিরিল খছুম ॥ নিভে গেল যত ছিল জুদাইর গম * খোসাল সরিফা বিবি বাদসার জননী ॥ হায় হায় এক বার এলাহি রব্বানি * এনে দিতে পার যদি খছমে আমার ॥ দেখিত সে কেছা বক্ত আপনা বেটার * কেয়ছা বেটা পয়দা তার নছলে হইল ॥ বড়া বড়া বাদসা জের তলওারে করিল * বোজোর্গের দাদ লিল মারিয়া

করে আহাজারি ॥ মহাম্মদ হাতেম কহে মায়াবিনী নারি * নারির নরম হিয়া থোড়া ছবরেতে ॥ কান্দিয়া আকুল হয় লাগে চিল্লা-ইতে * নেহাত ছামঙ্গ কম ইহাদের আখি ॥ আপনি নেকালে আছু হৈলে থোড়া দুখি *

---

* সবুক্তগিনের সহিত জয়পালের ছোলে হইবার বয়ান *

পয়ার * রাত পোহাইয়া যবে হইল বেহান ॥ পওছিল জয়-পাল হিন্দি আসিয়া ময়দান * দেখিয়া সবুক্ত গিন হারুন বাহরাম তৈয়ার হইল লিয়া ছেলা সরঞ্জাম * সাজিয়া তৈয়ার হৈল তামাম লস্কর ॥ খাড়া হৈল জয়পালের গিয়া বরাবর * পহেলা মুলতানি এক আইল ময়দানে ॥ জোরে ঘোড়া কোদাইয়া দেমাগের সানে * বাহরাম বাহরাম বলে লাগিল হাকিতে ॥ কোথাআছ বাহরাম আইস সেতাবিতে * এরাদা করিয়া আজি আইনু মহিমে ॥ বাহ-রামের ছের লিয়া ফিরিব মোকামে * বাহরাম শুনিয়া গোস্বা আগ বরাবর ॥ চাহেকি ওঠায় ঘোড়া ময়দান উপর * এহিয়া বক্তার খাড়া বাপের ছামনে ॥ কহে বাপ মোর তরে ভেজহ ময়দানে * আপনি রহিয়া খাড়া দেখহ নজরে ॥ এখুনি ভোজবে এছে দোজখ দুয়ারে * বাপের হুকুম লিয়া বক্তার এহিয়া ॥ মুলতানির ছাম-নেতে পওছিল যাইয়া * কুদিয়া মারিল তেগ তাকিয়া গর্দ্দান ॥ গিরে গেল কাফেরান হইয়া দুখান * দেখিয়া জয়পাল হিন্দি রাহিল হয়রতে ॥ দোছরা ছওয়ারে দিল ভেজে ময়দানেতে * কাফের আসিয়া চোট করিল বক্তারে ॥ রদ কৈল পাহালওয়ান ঢাল দিয়া ছেরে * তলওয়ার খুলিয়া হাতে জোরে দিয়া হাক ॥ কহে হুসিয়ার হও কাফের নাপাক * এতেক বলিয়া তেগ খেচিয়া মারিল ॥ সেতাবি মুলতানি ঢাল ছেরেতে পাতিল * ঢাল কেটে গর্দ্দানে বসিল তলওয়ার ॥ মারা গেল বে-ইমান কাফের গাওয়ার * ফের এক আছওয়ার হইল হাজের ॥ সেই রূপে এহিয়া কাটিল তার

ছুস্তে সোলতান

ছের * বির বাহুবলে এক লাহোরি সর্দ্দার ॥ লাহোরে মসহুর ছিল মর্দ্দমি তাহার * দারাজ ওজুদ তার পাহার সমান ॥ চেহারা লেবাছ যেয়ছা ইবলিছ সয়তান * বোচা দাড়ি টিকি ধারি বিলম্বিত জটা ॥ গৈরিক কৌপিন আটা কপালেতে কোটা * লম্বা মোচ পিঠে কুজ হাতে লিয়া গদা ॥ ময়দানে পওঁছিল এসে বাহু হারাম জাদা * বক্তার এহিয়ার এসে বরাবর ॥ গদা ওঠাইয়া মারে তাকিয়া কোমর * এমন জোরেতে গদা মারে বীরবাহু ॥ ধমকেতে এহিয়ার মুখে ওঠে লহু * দুনিয়া আন্ধার দেখে টুটীল কোমর ॥ ছের হেলাইয়া লোটে ঘোড়ার উপর * মনসুর আবদালি মর্দ্দ দেখিয়া এহাল ॥ পৌছিল আসিয়া সেথা হাওয়ার মেছাল * ছাবুদ ঘোড়ার পিঠে বসায়ে বক্তারে ॥ হাজের করিয়া দিল আপনা লস্করে * পৌছিল আসিয়া ফের বিরবাহু যেথা ॥ জবানেতে পাহালওান না কহিয়া কথা * খেচিয়া বাহুর ছেরে অতি গোস্বা ভরে ॥ তুলিয়া মারিল গোর্জ্জ লাগে ছের পরে * ভাঙ্গিয়া মাথার খুলি নেকালিল ঘিউ ॥ থোড়া ঘড়ি বাদে আর ছুটে গেল জিউ * হয়রান জয়প্পাল হিন্দি দেখিয়া কুওত ॥ এই মর্দ্দ আজরাইল হইবে আলবত্ত * মারিল এমন বিরে এক গোর্জ্জ ঘায় ॥ আর কেবা পাছাড়িতে পারিবে এহায় * মনসুর আবদালি হেথা খুলিয়া তলওার ॥ ঘুসিলেক জয়পালের লস্কর মাঝার * মারিতে লাগিল তেগ যারে যেথা পায় ॥ বিস ত্রিস এক চোটে কাটিয়া গেরায় * পিছেতে সবুক্ত গিন হারুন বাহরাম ॥ পারেসী খোরছানি লোগ আসিয়া তামাম * মনসুরের পিঠপরে হৈল পোস্ত পানা ॥ মারিয়া কাফের লোগে করে তুলা ধোনা * জঙ্গের বাজার খুব হইল গরম ॥ দুই দল লড়ে মস্তে কেহ নহে কম * এয়ছা ওক্তে দেখ কেয়ছা কোদরতের কাম ॥ মেঘেতে ছাইয়া লিল আছমান তামাম * আন্ধার হইয়া গেল তামাম ময়দান ॥ নজর না আসে কিছু কুওাসা সমান * দেখিতে দেখিতে ঝড় হৈল নমুদার ॥ ঘাস লাকাড় খাক ধুলা ওড়ে চারি ধার * ক্রমেতে তুফান খুব লাগিল বাড়িতে ॥ বরোফ আছমান হৈতে লাগিল

জমা পাহাড় সমান * বরোফের চাপে পড়ে দুদলে লস্কর॥ হাত্তি ঘোড়া উঠ গাধা মরিল বিস্তর * লেকিন খোদার কাম কে করে জেকের॥ যে-তরফে ছিল ফিমা সবুক্ত গিনের * গিরিল বরোফ থোড়া সেই তরফেতে॥ জেয়াদা নোকছানি তাহে নারিল করিতে * যেই তরফেতে ছিল জয়পালের ফিমা॥ গিরিল বরোফ এত নাহি তার সিমা * বহুত কাফের মৈল চাপানে পরিয়া॥ তেহাইএর এক ভাগ রহিল বাচিয়া * দেখিতে দেখিতে ছাফা হইল আবর॥ মেঘ ঝড় দুর হৈল সুরুজ জাহের * গলিয়া বরোফ যত হৈয়া গেল পানি॥ মছিবত দুর হৈল গেল পেরে-সানি * ওজুদে লাগিল ধুপ লহু তেজ হৈল॥ উঠিতে ফিরিতে খুব তাকত আইল* যে যার ডেরার বিচে পৌছিল যাইয়া॥ ফাকা ছিল খানা পানি খায় পাকাইয়া * পৌছিয়া জয়পাল হিন্দ আপ-নার ডেরে॥ আন্দেসা ফেকের করে দেলের মাঝারে * কিরূপে করিব জঙ্গ মরিল ছেফাই॥ নাছিব হইল বুরা না দেখি ভালাই * এহালে আজিজি ছেওয়া না দেখি উপায়॥ দাগা দিয়া মোছলমানে ভুলাব কথায় * এই মছলেহাত করে লিখিল পয়গাম॥ সোনহ সবুক্ত গিন আমার কালাম * আজিজ করিয়া লিখি করহ স্বিকার॥ বহুত মস্কেল গেরে উপরে আমার * ছাফ দেলে মাফ চাহি তেরা হুজুরেতে॥ মাফ কর জাহাপানা আমার তরেতে * দরকার না চাহি আর করিতে ফছাদ॥ আইস দোহে ছোলে করি ঘুচুক বিবাদ * কেননা নোকছান মোর গিরিল এয়ছাই॥ তাব নাহি আছে ফের করিব লড়াই * লস্কর ছেফাই মেরা মরিল তামাম॥ হাত্তি ঘোড়া জানয়ারের নাহি আছে নাম * এহাতক মাহমের ছেলা ছরঞ্জাম॥ টুটিয়া ফাটিয়া হইল বরবাদ তামাম * রসদ খাবার চিজ কিছু নাহি আছে॥ আন্দেসা কি খাবে লোগ এক রোজ পিছে * ছোলের একরার এই সোনহ আমার॥ পাচ শও জাঙ্গিয়া হাত্তি খুব তেজদার * পঞ্চাস হাজার দিব সোনার মোহর॥ ছোলের কওলে তেরা হুজুরে নজর * মুলতানে পওছিয়া তিন মাহিনা ভিতরে॥ এই সব চিজ দিব ভেজিয়া হুজুরে * এহাতে

দের হাতে * পড়িয়া সবুক্তগিন এই হকি কত ॥ হারুন বাহরাম সাতে করেন মছলত * লিখিল জয়পাল যাহা করিয়া আজিজি ॥ তোমরা এবাত পরে আছ কিনা রাজি * শুনিয়া সকলে বলে মর্জ্জি আপনার ॥ আমরা খাদেম কিবা কহিব তাহার * শুনিয়া সবুক্তগিন কাছেদের হাতে ॥ লিখিল মঞ্জুর নামা জয়পাল আগেতে * সোনহ জয়পাল হিন্দি আরোজ তোমার ॥ কবুল হইল জঙ্গে না করিব আর * তিন মাহা দরমিয়ানে একরারের মাল ॥ হাজের করিবে নহে ঘটিবে জঞ্জাল * নামা পেয়ে জয়পাল খোশাল বহুত ॥ লস্কর ছেপাই যত কর্ণাক পারুত * ডেরা তাম্ব ওঠাইয়া মাল আছবাব ॥ লস্করে হুকুম দিল চলহ সেতাব * হিন্দু স্তানের রাহে রওানা হইল ॥ কত দিনে মুলতানেতে যাইয়া পওছিল * কারার হইল গিয়া আপনার দেসে ॥ কাফেরের দেলে বদি অধি-নেতে ভাষে *

---

* জয়পাল মুলতানে গিয়া একরার তুড়ে ও তামাম হিন্দুস্থানি রাজা দিগে মদদে মাঙ্গায় এবং সবুক্ত গিনের ভেজা কাছেদের গর্দ্দান মারে তাহার বয়ান *

পয়ার * পৌছিয়া জয়পাল লিন্দি মুলতান সহর ॥ দাগার মছলত শুরু করিল কুফর * দেল হৈতে দুর করে ছোলের এক-রার ॥ লড়িবার ফেকেরেতে রহিল আবার * গোপনে গোপনে গিধি করে কোন কাম ॥ মুল্লুকে মুল্লুকে দিল ভেজিয়া পয়গাম * আসে পাসে হিন্দুস্তানে সেই সময়েতে ॥ নামি নামি হিন্দু রাজা ছিল যেখানেতে * কাস্মির লাহোর দেস পাঞ্জাব ভুটান ॥ গোল-কণ্ড বিরজা পুর রাজ পুতস্থান ॥ অযোদ্ধা এলাহাবাদ বিরার মিথিলা ॥ গুজরাট কান্যকুব্জ বিহার ও বাঙ্গালা * মথুরা নেপাল দিল্লি আহম্মদ নগর ॥ মালব খান্দেস আগরা আজামির সহর *
লিখিল এ সব রাজে এই হাকি কত ॥ মোছলমান আসতেছে লড়িতে আবক্ষ * গজনির সোলতান নামে সবুক্তগিন ॥

বোত পুজা হিন্দুর আইন ✻ বাচাইতে ধর্ম্ম কর্ম্ম হিন্দুর ইমান ॥ হও যদি হিন্দু যাত্ত আসিবে মুলতান ✻ মুলতানে আমার সাতে মিলিবে সকলে ॥ সবে মিলে খেদাড়িব জবনের দলে ✻ যদিও সে সময়েতে হিন্দু যাত্ত গন ॥ একে অপরের ছিল হকিকি দুসমন কিন্তু এই মোছলমান বিদেসি দুসমনে ॥ যাহে নাদখল লিতে পারে হিন্দুস্থানে ✻ তেকারনে নামি নামি রাজা যত জন ॥ সাতে লিয়া আলাও লস্কর লোগগন ✻ আর যত দেসে ছিল নামি-পাহালওান ॥ জয়পালের মদদেতে পওছিল মুলতান ✻ ছহি তওারিখে আছে এছাই ছাবেত ॥ আসিয়া এতেক লোগ হৈল জমায়েত ✻ আছিল তিরিস কোস মুলতান ময়দান ॥ লম্বাই চও-ড়াই তার একুই সমান ✻ ছামাই না হৈল তাহে তামাম লস্কর ॥ বহুত ফিরিয়া গেল আপনার ঘর ✻ বন ও জঙ্গল কত বস্তি মাকান ভাঙ্গিয়া ছুড়িয়া কৈল চৌরস ময়দান ✻ ছামাই হইল তবে তামাম লস্কর ॥ বহুত খোসাল হইল জয়পাল কুফর ✻ দেলে ভাবে এবে কোথা লাগে মোছলমান ॥ পিসিয়া মারিব ধরে চিউটির সমান ✻ দেখিতে দেখিতে গোজারিল তিন মাস ॥ ছোলের একরারি চিজ সবুক্তের পাস ✻ আমানত না পাইল বাদসা জাহাপানা ॥ মাঙ্গাইয়া পাহলওান লোগ দশ জনা ✻ কহিল মুলতানে যাও জয়-পাল হুজুর ॥ ছোলের ছালামি মাল লইয়া জরুর ✻ সেতাবিতে মেরা আগে হইবে হাজের ॥ রাহা ঘাটে হরগেজ নাহি কর দের ✻ রওানা হইল তবে দশ পাহালওান ॥ কতদিনে পওছে গিয়া সহর মুলতান ✻ জয়পালের হুজুরেতে হইয়া হাজের ॥ সোনায় কালাম যাহা সবুক্ত গিনের ✻ জয়পাল হইল গোস্বা শুনে এই বাত ॥ কহে কাহে ফাহেসা কহোরে নেড়ে জাত ✻ কিসের একরার মেরা জবনের সনে ॥ বিপাকে বরোফে গিরে পেরেসান মনে ✻ হেকমত করিয়া লিখে দিলাম কারার ॥ কেননা সে ওক্তে নাহি চারা ছিল আর ✻ যেমন হাত্তির পাও গিরিলে খন্দকে ॥ চিউটির সাহিত ছোলে রাখা চাই তাকে ✻ সর জালে সিংহ যদি হয় গেরেফতার ॥ গিধড় হইতে চাহি হওয়া হুসিয়ার ✻ নহেকি বাঘের বাচ্চা জয়পাল কমারে ॥ ছোলের একরার [illegible]

কিবা সে সবুক্তগিন মোর আগে ছার ॥ জানা যাবে এবে কেয়ছা তাকত কাহার * শুনিয়া গজনি লোগ লাগিল কহিতে ॥ বেকুফের মত বাত কহ কি জন্যেতে * নাদানের মত সাহা নাহি কর কাম ॥ না জান মোস্কেল এর হবে পরিনাম * সোলতান সবুক্তগিন বাদসা জাহাপানা ॥ ছায়েতে পারেন তেরা মিটাতে নেসানা * তাহার আগেতে তুমি তফাত কেমন ॥ তুমিত জোনাকি তিনি চাদের রৌসন * গিধরের বাচ্ছা তুমি তিনি সের নর ॥ গিন সাহা হাতি তুমি চিউটি বরাবর * অকুল দরিয়া তিনি তুমি খানা ডোবা ॥ আটিবে তাহারে কোথা লাগে তেরা বাবা * বার বার দফা দফা তেরা পাল জর্দ্দি ॥ লড়ে মোমেনের হাতে পাইল কত দর্দ্দ * হারেল হইয়া ভেগে আইস এরূপেতে ॥ কুকুর দওড়ায় যেয়ছা লাঠির আঘাতে * তুমি ও একরার নামা করিয়া যেমন ॥ দাগা-বাজি বরাজুরি করিছ এখন * নিদান দেখিয়া লিবে তার প্রতি-ফল ॥ দানা লোগ হৈতে যেয়ছা আছে এ নকল * মাথার ঘায়েতে হৈলে কুকুর পাগল ॥ আপনার গায়ে মারে আপনি খাবল শুনিয়া জয়পাল হিন্দ এছাই বচন ॥ গোশ্বায় জলিয়া ওঠে আগুন যেমন * আজদাহা সাপের পারা গর্জ্জিয়া উঠিল ॥ মার ধরে নেড়ে সবে হুকুম করিল * শুনিয়া কাফের কত উঠিল কুদিয়া ॥ মার মার বলে ধায় তলওার খুলিয়া * দেখিয়া মোমেন গন ভাবিয়া বিসাদ ॥ সোনরে জয়পাল মুজি পাপি হারাম জাদ * মওতের ডর নাহি রাখে মোছলমান ॥ মওত মোদের হক্কে খেলার সমান * লেকেন যবতক হাতে রবে তলওার ॥ বিন্দু ভর লহু রবে ওজুদ মাঝার * না মর্দ্দের মত ধরা না দিব তাবত ॥ দেখাব কাফের লোগে কেমন মওত * এত বলি কুদে পড়ে হাতে লিয়া তেগ ॥ যারে পায় খেচে মারে হয়ে বেদেরেগ * সের নর মাফি কেতে চলিল মারিয়া ॥ কত কত কাফেরান দিল গেরাইয়া * আখেরে পড়িল মারা দশ পাহালওান ॥ বিদেসে বে-কছুরেতে হারাইল জান * মহাম্মদ হাতেম বলে আজলের টান ॥ যে হালে মউত যার না হয় এড়ান *

* সবুক্তগিন কাছেদের মৃত্যু সংবাদ শুনিয়া গোস্বা হইয়া মুলতানে লড়িতে যায় তাহার বয়ান *

পয়ার * তুড়িয়া জয়পাল হিন্দি ছোলে একরার ॥ মারিল গর্দ্দান কয় কাছেদ সবার * জমাইল লোক জন করিতে লড়াই ॥ তামাম হিন্দুস্থানী হৈল এক ঠাই * কত দিনে গজনিতে পওছে কালাম ॥ চর মুখে গিন সাহা শুনিল তামাম * দেলগির হইল সাহা শুনে এই বাত ॥ মছলত ফেকের করে সবাকার সাত্ত * হারুন বাহরাম আদি তামাম সর্দ্দার ॥ কহে এর দাদ লেওা চাহি নামদার * ক'রল জয়পাল হিন্দি যেছা দাগাদারি ॥ জরুর উচিত সাজা দেলাতে তাহারি * বাদসা বলে ছহি বটে নাহি সহে দের ॥ চল যাই হিন্দুস্থানে তুড়িব কাফের * আগামি ফজরকালে হব রাহাদার ॥ ছামানা তৈয়ার রাখ যা-কিছু দরকার * রাত গোজারিয়া যবে হইল জফর ॥ সাজিয়া তৈয়ার হৈল তামাম লস্কর মনসুর প্রভৃয়া সাজে হারুন বাহরাম ॥ সাজিল সবুক্তগিন বাদসা নেকনাম * সহরের হেফাজতে রাখিয়া উজিরে ॥ রওানা হইল সাহা ভেবে পরওয়ারে * অতি হাসমতের সাতে হইল রওানা ॥ আগে আগে রাহাদার লোক কত জনা * দাঁ কোদাল কুঠার কাটারি লয়া হাতে ॥ রাহা পরিস্কার করে চলিল আগেতে * তঙ্গ রাহা গাছ পালা খাদ উচা নিচু ॥ যাইতে লোকের যেথা দেক হবে কছু * চাছিয়া কাটিয়া যাগা কোসাদা করিয়া ॥ চৌরস করিয়া রাহা চলে নেকলিয়া * সাতে সাতে ঝাড়োদার লাগাইয়া ঝাড়ো ॥ ভিস্তি ছিটায় পানি লিয়া কুঙ্গা গারু * তার পিছে গোলান্দাজ যত লোক জনে ॥ বহুত কামান তোপ হাতি যায় টেনে * বড়া বড়া জঙ্গি হাতি চলে তার পিছে ॥ সারি সারি বেসুমার হেসাব না আছে * তার পিছে খাবার রসদ ভাতে ভাত ঘিউ ময়দা হালাল জানওার মেওা জাত * গাধা ও উটের পিঠে করিয়া বোঝাই ॥ বাবুর্চি খানসামা কত লেখা জোখা নাই * তোসাখানা তার পিছে সাহি সোলতানাত ॥ জরবফতি এলবাসের

নেসান ঝাণ্ডা হাতে সবাকার * দুই কাতারেতে উঠ চলে সারি দিয়া ॥ সুবাস খোসবুএ চিহ্ন পিঠেতে লইয়া * আহদি লস্কর যত পিছেতে তাহার ॥ ওমরাহ উজির মির সাহেব সর্দ্দার * বিচেতে সবুক্তগিন ছেরে দিয়া তাজ ॥ তার পিছে পিয়াদা ও যত তিরেন্দাজ * লাঠি বাজ কুস্তিগীর চলিল হাটিয়া ॥ দাস দাসি খালি ঘোড়া মজুর মুটিয়া * কোচমান সহিস মাহুত সবে মিলি ॥ ঝাণ্ডাদার মোট ঘাট এর পিছে খালি * যেমন প্রবলবান বরিসার কালে ॥ বস্তি বাজার গাও ভাসাইয়া চলে * নাহি মানে কোন বাধা আখির পলকে ॥ ছারখার করে দেয় নিসান না রাখে * তৈয়ছাই চলিল যত মোমেন লস্কর ॥ দাপটে জমিন সুদ্ধা কাপে থর থর * দুসমন জানওার যত ছিল রাহে ঘাটে ॥ মোস্কেল ভাবিয়া যান বাচাইয়া চোটে * ছাড়াইয়া কত দেস পাহাড় দরিয়া মুলতান সিমানা বিচে পওছিল যাইয়া * ডেরা ঘর খাড়া কৈল দেখিয়া ময়দান ॥ সুমুখেতে আসে পাশে গাড়িল নেসান * খানা পানি পাকাইয়া খায় আছুদায় ॥ জয়পাল হিন্দর আগে খবর পও-ছায় * রাত গোজারিয়া যবে ফজর হইল ॥ জয়পাল লস্কর লিয়া হাজের হইল * সারি দিয়া খাড়া হইল যেথা মোছলমান ॥ বাজিয়া উঠিল বাজা জঙ্গের নেসান * কুপচাগ দামামা কাড়া কর্ণাল বিগল ॥ বাজা শুনে দেওানা হইল দুই দল * চড়িল জঙ্গের নেসা ছেরের উপরে ॥ খাড়া হৈয়া রহে হুকুমের এন্তেজারে * পহেলা হিন্দির এক আহদি জওান ॥ জোরে ঘোড়া কোদাইয়া পওছিল ময়দান * দেখিয়া গিনের এক গজনি ছেফাই ॥ মোকা-বেলা কৈল তার করিতে লড়াই * নানা হেকমতে দোহে বহুত লড়িল ॥ আখেরে হিন্দির হাতে গজান মরিল * দোছরা গজনি এক পওছিল ময়দান ॥ সেহভি হিন্দির হাতে হারাইল জান * দেখিয়া ধাইল এক পারেসী ছওার ॥ জোরেতে মারিল হিন্দি খেচিয়া তলওার * এক চোটে জুদা কৈল পারেসীর ছের ॥ কাবুলি ছওার এক পওছে এসে ফের * গোর্জ্জ উঠাইয়া তারে মারিল কুফর ॥ গুড়া হৈয়া কাবুলি গিরিল জমি পর * মনসুর আবদালি

কাফেরে হাকিয়া কহে সোনরে দোজখি ॥ কত জোর রাখ চোটি রদ করো দেখি * এত বলি মারে তেগ খেচিয়া হিন্দিকে ॥ দুখান হইয়া ঠায় গিরিল না পাকে * দেখিয়া দোছরা জঙ্গি ধাইল ময়দান ॥ বিহারেতে ঘর তার বড়া পাহালওান * তলওার খুলিয়া হাতে তাকাইয়া ছের ॥ মনস্থুরে খেচিয়া মারে কমিনা কাফের * মনস্থুরকরিল রদ ছেরে দিয়া ঢাল ॥ হেকে কহে কাফেরান সামাল সামাল * সেতাবি ছেরেতে ঢাল পাতিল কুফর ॥ ঢাল কেটে বৈসে তেগ গর্দ্দান উপর * বিহারী দুখান হইয়া গিরিল জমিনে ॥ দেখিয়া নেপালি রাজ অতি গোশ্বা মনে * পৌছিয়া ময়দানে মনস্থুরের বরাবর ॥ নেজা ঘুরাইয়া মারে তাকিয়া কোমর * মনস্থুর করিল রদ হুনুর হেকমতে ॥ বর্সি ওঠাইয়া লিল আপনার হাতে * ছেরে তাকাইল বর্সি মনস্থুর আবদালি ॥ সেতাবি ছেরেতে ঢাল পাতিল নেপালি * চাকিতে মনস্থুর লিল হাত ফিরাইয়া ॥ ফেকিয়া মারিল বর্সি ছিনা তাকাইয়া * বিন্ধিল বর্শির ফলি কলেজা ভিতরে নেপালি গিরিয়া নিচে ছট ফট করে * অতি সেদ্দতের সাথে নেকালিল জান ॥ মর্দ্দমি যেখিয়া যত কুফর হয়রান * রাজপুত মহারাজ মিবারের রানা ॥ হাতি পাকড়িত জোরে এমন মর্দ্দানা * ধাইল ময়দান দিগে ওঠাইয়া ঘোড়া ॥ মনস্থুরের বরাবর হইল এসে খাড়া * বাতে বাতে পহেলায় হইল তকরার ॥ লড়িতে লাগিল শেষে খুলিয়া তলওার * চোটা চুটি ফেকা ফেকি ছের তাকাইয়া ॥ যে যার কুওতে লড়ে কোশেস করিয়া * নেজা বর্সি তির গোর্জ্জ নানা হাতিয়ারে ॥ করিল বহুত জঙ্গ দুই জোরোওারে * লড়িয়া লড়িয়া দোহে হইল আজেজ ॥ কেহ কারে জিনিবারে নারিল হরগেজ * সমানে সমান হৈল এক বরাবর ॥ ঘোড়া হইতে নামে দোহে জমিন উপর * কুস্তির লড়াই করে বাহু কসা কসি ॥ খেচা খেচি টানা টানি গলে দিয়া ফাসি * দোহার হেকমত হৈল খতম তামাম ॥ টুটিয়া ফাটিয়া গেল ছেলা ছরঞ্জাম * হালাক হইয়া গেল ছওয়ারির ঘোড়া ॥ দম লিল থোড়া ঘরি হৈয়া দোহে খাড়া * আবার লড়িতে শুরু কৈল দুজওান ॥ ছাড়িয়া জানের

আঁস ভাবিয়া নিদান * মনসুর পাইল ফতে নিমাসাম কালে॥ কামান্দ ডালিয়া দিল কাফেরের গলে * ঘোড়া হৈতে খেচিয়া ডালিল জমিপরে॥ তলওার মারিয়া ছের দিল জুদা করে *মারিল মিবার রাজ দেখিয়া জয়পাল॥ বুঝিল বুরাই আজি মহিমের হাল* কালি বেহানেতে এসে করিব লড়াই॥ বাজুড়িয়া বাজাইল ভাবিয়া এয়ছাই * ফিরিল দুদলে লোগ লড়াই মওকুফে॥ ধেয়ে চলে যে যাহার ডেরার তরফে * খেয়ে পিয়ে রাত কালে আরামেতে রহে॥ মহাম্মদ হাতেম কেতাবের বাত কহে *

ত্রিপদি * হইতে বেহান, পৌছিল ময়দান, দুদলে লস্করগন॥ নকিব চোবদার, হাকে বারে বার, সেতাবিতে দেহ রন * তবে কাফেরান, এক পাহালওান, মল্লদেব নাম তার॥ রাজ পুত জাতি, মথুরা বসতি, বার ভুঞা তাজদার * কোদাইয়া ঘোড়া, হৈল এসে খাড়া, ময়দানের উপরেতে॥ হাকে মোছলমান, হও আগু-ওান, দের আর কি জন্যেতে * হারুন সর্দ্দার, কহে নামদার, হুকুম করনা মোরে॥ এই কাফেরের, জুদা করে ছের, লোটাইব জমি পরে * এতেক বলিয়া, পৌছিল যাইয়া, কাফেরের বরাবরে॥ দেখে কাফেরান, মারে গোর্জ্জ খান, হারুনের ছের পরে * হারুন সর্দ্দার, লইল ওয়ার, ছেরেতে পাতিয়া ঢাল॥ দোবারা কাফের, গোর্জ্জ মারে ফের, লইতে নারিল টাল * গোর্জ্জ ঠেকরিয়া, লাগিল যাইয়া, ঘোড়ার গরদান পরে॥ মারা গেল ঘোড়া, হৈলমরদো খাড়া, পাও পেদা জমি পরে * গোস্বায় মরদানা, ছুটিল পছিনা, তামাম ওজুদ হৈতে॥ খুলিয়া তলওার, করিল ওয়ার, কাফেরের গরদানেতে * কাটাগেল ছের, মরিল কাফের, দেখিয়া জয়পাল তাহা॥ আফছোছ করিয়া, ওঠে চেল্লাইয়া, মুখে বলে আহা আহা * নামে ধুমকেতু, খানে ওয়ালা ছাতু, অজোদ্ধার এক জঙ্গি॥ হাকিয়া জোরেতে, পওছে ময়দানেতে, হাতে ওঠাইয়া টাঙ্গি * মারিল খেচিয়া, ছেরে ঢাল দিয়া, রদ কৈল পাহালওান॥ কহে দিয়া হাক, সামাল নাপাক, নামাকুল সয়তান * এতেক

লাগিল বুকেতে, কলেজা হইল কানা * গিরিল কুফর, জমিন উপর, খোড়া বাদে মারা গেল॥ এইরূপে ফের, যে আইল কাফের, আর না ফিরিয়া গেল * হৈল নিমাসাম, ফিরিল তামাম, দুদলের আছওয়ার॥ হারুন সর্দ্দারে, বহুত পিয়ারে, গিন সাহা জাহাদার * এনাম খেলাত,দিল ভাতে ভাত, মাল মাত্তা জামা জোড়া॥ হারুন সর্দ্দার, দেলের মাঝার, হইল খোসাল বড়া * কহেন হাতেম, আমিত খাদেম, পাঠকের হুজুরেতে॥ হাজের গোলাম, কি দিবে এনাম, দেহ ভাই সেতাবিতে॥ টাকা আনা পাই, এসব না চাই, তবে কার হয় মর্জ্জি॥ দিবে খোড়া দোওয়া, খোদা করে রওয়া, কেবল এ রাখি আর্জ্জি *

---

* মনস্থর আবদালির হাতে জয়পাল ধরা যায় ও মুসলমান হইবার বয়ান *

পয়ার * রাত্তে গোজারিয়া গিয়া যবে হইল দিন॥ লস্করে ডাকিয়া কহে সাহা সবুক্তগিন * বড়া বড়া জঙ্গি কত লস্করে আমার॥ পারো নাকি কেহ এয়ছা করিতে কারার * আজিকার মহিমেতে জয়পাল কাফেরে॥ বান্ধিয়া আনিয়া দিতে আম্মার হুজুরে * মনস্থর আবদালি কহে শুনে এইবাত॥ কহ সাহা মোর তরে কিদিবে খেলাত * বড়াই নাহিক করি আপনা জোরের॥ বার রাখি নাম লিয়া ছোবহান কাদের * কছম করিয়া কহি সবার সাক্ষাতে॥ আফতাব গায়েব তক ফজর হইতে * আলবত্তা জয়পালে পাকড়িয়া জোরে॥ বান্ধিয়া আনিব হাতে তোমার হুজুরে * এহা যদি নাহি পারি হব দাগা গির॥ আপনি লইব বাত খেলাফি তকছির * দুদলের সামনেতে ময়দান মাঝার॥ আপনি আপনা জান করিব নেছার * বাদসা খোসাল বড়া এই বাত শুনে॥ কহে তুঝে ছালামতে রাখে ছোবহানে * হাজার সাবাসি তেরা হেম্মত উপর করিলে কছম এয়ছা না রাখিয়া ডর * খোদার মেহের হৈতে পুরাও কারার॥

আবদালি শুনে হইল খোসাল॥ যাগিল দেলের বিচে তক্তের খেয়াল * ছেলা সরঞ্জাম লিয়া বান্ধিল কোমর॥ তৈয়ার হইল যত মোমেন লস্কর * পৌছিল ময়দান বিচে লিয়া আছবাব॥ ওদিগে জয়পাল লিয়া লোগ বেহেছাব * খাড়া হইল মোমেনের এসে বরাবর॥ পাচ কাতারেতে খাড়া মোমেন লস্কর * মন সুর আবদালি খাড়া আগেতে সবার॥ ডাহিনেতে পাহালওান হারুন সর্দ্দার * বিচখানে সোলতান ছেরে তাজ দিয়া॥ বামে খাড়া বাপ বেটা বাহরাম এহিয়া * দোছরা কাতারে যত ওমরাহ সর্দ্দার॥ নামি নামি পাহালওান চুনেন্দা ছওার * তেছরা কাতার বিচে যত তিরেন্দাজ॥ পেয়াদা লস্কর গন চৌথা সার মাজ * কুস্তি-গির লাঙ্গাছির লাঠিবাজ যত॥ পাচওা কাতারে খাড়া চিউটি সারমত * মন সুর আবদালি যেয়ছা কারার করিল॥ কাফের লস্কর বিচে জাহের হইল * শুনিয়া জয়পাল তাহা আন্দেসা দেলেতে॥ কাতার করিল খাড়া হেকমতের সাথে * বড়া এক বুহ চক্র করিল তৈয়ার॥ বড়া বড়া জঙ্গি যত নামি জোরোওার * চারি দিগে দাড়াইল ঘিরিয়া বুহের॥ পর পর দুই সারি খুলিয়া সমসের * পাঞ্জাবের মহারাজ মকর কেতন॥ বুহ দ্বারে হৈল খাড়া হৈয়া নেঘাবান * খাড়া কৈল বুহ চক্র লস্করের মাজ॥ আগে পিছে ছওার পেয়াদা তিরেন্দাজ * জয়পাল তক্তের পরে বুহের মাঝার॥ আসে পাসে উজির ওমরাও সর্দ্দার * খাড়া হইল এয়ছা ভাতে দুদিগের দল॥ বাজিল জঙ্গের বাজা দামামা বিগল * হঠাত তুফান যেয়ছা হৈল নমুদার॥ আওয়াজ উঠিল মার মার সোর সার * দেওানার মত লোগ উঠিল চিকিয়া॥ গোস্তা দিল তেগ খুলে কুদিয়া কুদিয়া * মনসুর আবদালি আর এবিয়া বক্তার॥ হারুন বাহরাম মর্দ্দ কয় জোরোওার * এমন কুওতে লড়ে চার পাহালওান॥ কলমে লিখিয়া তার কি কব বয়ান * সের নর মেছালেতে হামালিয়া ফেরে॥ দুহাতে ধরিয়া তেগ ঘুসিল কাতারে * রাজুর কুওত যেয়ছা বাজের ধমক॥ বিজলি চমকায় যেয়ছা তেগের চমক * মারে যেথা ছাফ করে কাতার কাতার॥

বাৰ্মেতে ডাহিনে ॥ ঘড়ি বিচে লহু নদী বহিল ময়দানে * মনস্থরের নেখা রহে জয়পালের দিগে ॥ ক্রমে ক্রমে বেড়ে চলে বুহের নজদিগে * একেলা ঘুসিল মৰ্দ্দ ঝাকের বিচেতে ॥ দেখিয়া কুফর যত চারিদিগ হৈতে * মনস্থর পাহালওানে বেড়িল সেতাব কালা মেঘে বেড়ে যেছা লইল মাহতাব * তির তলওার বর্সি চারিদিগ হৈতে ॥ ঝাকে ঝাকে পাহালওানে লাগিল মারিতে * জখম করিয়া দিল তামাম ওজুদ ॥ কিছু না হেলিল মৰ্দ্দ রহিয়া ছাবুদ * বারেক না করে উহু না তাকে ফিরিয়া ॥ তেগ মেরে ছাফ করে চলিল বাড়িয়া * বুহের দুওারে যবে হইল হাজের ॥ মকর কেতন মারে খেচিয়া সমসের * রদ করে দিল চোট মনস্থর আবদালি ॥ হাতে ঘুমাইয়া তেগ যেমন বিজলি * মহাজোরে কাফেরে মারিল গরদানে ॥ গরদান আলাদা হৈয়া গিরিল জমিনে * মারা গেল কাফেরান নেকালিল জান ॥ ঘুসিল বুহের বিচে মনস্থর জওান * দেখিয়া দহসত হইল জয়পালের মনে ॥ গোর্জ্জ ওঠাইয়া ধায় মনস্থরের পানে * দিগে দিগে ছিল যত কাফের সর্দ্দার ॥ পারুত কর্ণাক জঙ্গি অনঙ্গ কুমার * রাজার বিপাক দেখে হইল দেলগির ॥ ধাইল বুহের দিগে চলে যেয়ছা তির * সেতাবি কুদিয়া এসে বক্তার এহিয়া ॥ পারুতে হামেলা কৈল রাহা আগুলিয়া * কর্ণাকের রাহা বন্দ বাহরাম করিল ॥ অনঙ্গের মোকাবেলা হারুন হইল * পারুত মারিল তেগ এহিয়ার ছেরে ॥ এহিয়া করিল রদ হেকমত হুনুরে * বাহরামে খেচিয়া গোর্জ্জ মারিল কর্ণাক ॥ কুদিল বাহরাম জঙ্গি হেকে বড়া হাক * হেকমতে করিল রদ গোর্জ্জের ওয়ার ॥ হারুনে হাকিয়া কহে অনঙ্গ কুমার * থোড়া তরে রাহা ছেড়ে দেহরে নেড়িয়া ॥ মারা যায় বাপ মেরা বিপাকে পাড়িয়া * যাইয়া বাপের তরে করিয়া উদ্ধার ॥ তেরা সাতে আসিয়া লড়িব আর বার * শুনিয়া হারুন কহে ছাড় ও কালাম ॥ পাইবে বাপের দেখা গেলে জাহান্নাম * অনঙ্গকুমার গোস্বা শুনে এই বাত ॥ মারিল হারুনে খেচে গোর্জ্জ লিয়া হাত এমন জোরেতে গোর্জ্জ মারিল কাফের ॥ ধমকে হাতের ঢাল

আন্ধার দেখে আখি হৈল ঘোর * ছাবুদ থাকিতে নারে ঘোড়ার উপরে ॥ বেতাব হইয়া মর্দ্দ গেরে জমি পরে * কুমার অনঙ্গ আর না তাকে সেদিগে ॥ ঘোড়া হেকে চলে জোরে বুহ যেই দিগে * কর্ণাকে খেচিয়া তেগ মারিল বাহরাম ॥ এক চোটে দুরাচারে করিল তামাম * এহিয়া বক্তার লড়ে পারুতের সাতে ॥ কেহ নাহি হারে জেনে নাহি পায় ফতে * খতম হইল যত ছিল ছরঞ্জাম ॥ হেনকালে সেখানেতে পঔছিল বাহরাম * বক্তারে কহিল তুমি আইস পিছু হৈয়া ॥ দেখি আবি কত জোর রাখে এ বেহায়া এহিয়া হইল পিছা শুনে এইবাত ॥ বাহরাম হাকিয়া কহে সোনরে কমজাত * সে রোজ ভাগিয়া ভালা গিয়াছ পারুত ॥ এবে সে নিদান তেরা পৌছিল মউত * সিওরে সমন তেরা নাহি আর দেরি ॥ ইষ্ট দেবতার নাম পড় তরা করি * এতেক বলিয়া মর্দ্দ অতি গোস্বা ভরে ॥ খেচিয়া মারিল তেগ পারুতের ছেরে * এমন জোরেতে মরদো তেগ মেরে ছিল ॥ ঢাল কেটে গরদান আলাদা হইল * মরিল পারুত জঙ্গি গেল জাহান্নাম ॥ ধাইল বাপের সোগে কুমার জয়রাম * বাহরামের দিগে ছোটে দেওানা সমান ॥ কহে নেড়ে যাবে কোথা বাচাইয়া জান * লইব বাপের দাদ লইব জরুর ॥ সামাল ওয়ার মেরা কেয়ছা বাহাদুর * হাকিয়া বাহরাম কহে সোনরে ছাওয়াল ॥ কাহেক করিলে এয়ছা নাদানি খেয়াল * আপনা মওত ডাক আপনা হইতে ॥ পারুতে মারিনু কেয়ছা না হের চক্ষেতে * কি রাখ কুওত তুমি এক তামেচাতে ॥ গরদান ছুড়িতে পারি ওজুদ হইতে * শুনিয়া জয়রাম কহে সোনরে জবন কথায় তোমার সাতে আটে কোন জন * তকবরি ছেড়ে এস লড় মোর সাত ॥ দেখিবে কুওত কেয়ছা রাখে মেরা হাত * বাহরাম কহিল ফের সোনরে কাফের ॥ বুঝিনু আজল তেরা হইল হাজের * কুক্ষনে জননী তোর পেটে ধরে ছিল ॥ তেরা কুমতির তরে পুত্র হারা হৈল * অকালে মরিতে চাও মাকে দিয়া ফাকি ॥ পুরাই আর্ম্মান তেরা এজোরে দোজকি * এতেক বলিয়া মরদো সেতাবি যাইয়া ॥ জয়পালের কোমরেতে ধরিল খেচিয়া * মহা-

মারিল * বেহুস হইল পাপি বিষম কাছাড়ে ॥ মোরদার মাফিক রহে জমিনেতে পড়ে * কুদিয়া বাহরাম বৈসে ছাতি দাবাইয়া ॥ বেন্ধে লিল হাতে পায় রসি লাগাইয়া * কুমার অনঙ্গ গিয়া বাপের মদতে ॥ লড়াই করিল শুরু মনসুরের সাতে * মনসুর আবদালি মারে নেজা ঘুমাইয়া ॥ অনঙ্গের কোমরেতে লাগিল যাইয়া * কোমর টুটিয়া ভুমে গিরিল কুফর ॥ বসিল মনসুর তার ছাতির উপর * হাতে পায়ে বান্ধিলেক কসিয়া জিঞ্জির ॥ এই ফোরছত পেয়ে জয়পাল কাফির * গোর্জ্জ ওঠাইয়া মারে মনসুরের ছেরে ॥ কারি চোট হৈল বড়া ছেরের উপরে * চোট খাইয়া পাহালওান গোস্বা হইল বড়া ॥ সেতাবি জমিন হৈতে উঠে হৈল খাড়া * কামানের গুন দিয়া জয়পালের গলে ॥ খেচিয়া লইল জোরে গেরে জমি তলে * কুদিয়া মনসুর বৈসে ছাতি দাবাইয়া ॥ বেন্ধে লিল পাও হাত মজবুত করিয়া * বাপ বেটা দোহাকায় বান্ধিয়া জিঞ্জির পাকড়িয়া লস্করেতে করিল হাজির * জয়পাল পড়িল ধরা মোমেনের হাতে ॥ ফতে নামা সাদিয়ানা লাগিল বাজিতে *জখম হইয়া ছিল হারুন মনসুর ॥ করিল এলাজ পানি দরদ হৈল দুর ॥ হুকুম করিল এয়ছা বাদসা নামদার ॥ লুটের আছবাবে মেরা নাহি অধিকার * দিনু তোমা সবাকারে যা পাবে যে খানে ॥ বাটোয়া করিয়া সবে লেহ জনে জনে * কেবল খবরদার আমার হুকুম ॥ আওরত উপরে যেন না পওছে জুলুম * হুকুম মাফিক কাম হইল তামিল ॥ তবে সাহা নামদার খোসালিত দিল * ডেরা তাম্বু ওঠাইয়া ময়দান হইতে ॥ পৌছিলেন সহরের গিয়া ভিতরেতে * সহরিয়া লোগ যত করিয়া তাজিম ॥ রুজু হৈল বাদসা আগে যেমন খাদিম * জনে জনে একিদায় ইমান আনিল ॥ বাদসা সবার তরে নেওয়া জিয়া লিল * তাহা বাদে দরবারে গিয়া জাহাগির ॥ বসে জয়পালের তক্তে খোসাল খাতির * হুজুরে হাজের হৈল ওমরাহ সর্দ্দার ॥ এছলামি আইন হৈল মুলতানে প্রচার * ঘরে ঘরে মোমেনের ফিরিল দোহাই ॥ মসজেদ মিনারা বানাইল ঠাই ঠাই * বোলায় জয়পালে সাহা আপনা হুজুরে ॥ পুছিল এখন তেরা কি

সেত্তাবি জওয়াব দেহ বুঝিয়া দেলেতে * দেলে যদি দাগাবাজ কুফর সয়তান ॥ কহিল কলেমা পড়ে হবো মোছলমান * বোত পুজা মিছা কাম করে দিনু ক্ষেমা ॥ একিদা ইমান এনে পড়িব কলেমা * কুমার অনঙ্গ আদি জয়রাম সর্দ্দার * সকলেই এছা-ভাতে করিল কারার * খোসাল হইল সুনে গিন জাহাপানা ॥ কলেমা পড়ায়ে দিল সিখাইয়া বেনা * দুর হৈল বোত পুজা নতিজা আইন ॥ ঘরে ঘরে হইল সবে আওল মোমিন * খোসালে কয়েক রোজ মুলতানে থাকিয়া ॥ বাদসা সবুক্তগিন জয়পালে ডাকিয়া * ছেড়ে দিয়া তক্ত তাজ নছিহত করে ॥ খাজানা ভেজিয়া দিবে গজনি সহরে * দিনদারি ছেরে কভু না করো খেলাফ ॥ সারা সরিয়ত মতে করিবে এনছাফ * এহার ওদুল করো হইবে খারাব ॥ এখন বিদায় দেহ যাইব সেত্তাব * জয়পাল সকল বাত মুখেতে মানিল ॥ বিদায়ের ছরঞ্জাম তৈয়ার করিল * হইয়া সবুক্তগিন তামাম লস্কর ॥ নেকালে মুলতান হৈতে রাহার উপর * মহাম্মদ হাতেম কহে অধিন লাচার ॥ বালিয়া জুজার সাহে বসতি জাহার *

---

* বাদসা সবুক্তগিন পেসোয়ারের রাজা কপিলাকে মহিমে তলব করে তাহার বয়ান *

পয়ার * মুলতান হইতে সাহা গিন নামদার ॥ গজনি তরফে চলে হৈয়া রাহাদার * মঞ্জেল মঞ্জেল গিয়া কত দিন বাদ ॥ ছামনে পাইল এক সহর আবাদ * পেসোওয়ার বলিয়া নাম সেই সহরের ॥ মুল্লুকের তাজদার কপিলা কাফের * বড়া জবর দস্ত বির কপিলা রাজন ॥ তাবেদার বেসুমার ছিল লোগ জন * হাতি ঘোড়া মাল মাত্তা ছিল বহুতর ॥ পাইয়া সবুক্তগিন তামাম খবর * লস্করে কহিল ডেরা উত্তারো হেথায় ॥ একবার দেখে যাব কপিলা রাজায় * দেখিব কপিলা রাজা কেমন ছেফাই ॥ দিন জারি পেসো-

ডেরা তাম্ব ওতারিল এক ময়দানে * ঠাই ঠাই গাড়িলেক ঝাণ্ডা ও নিসান ॥ খানা পানি পাকাইয়া খোসালিতে খান * হারুনে লইয়া সাহা করিয়া মছলত ॥ কপিলার আগে এক লেখে কেতা-বত * সোনহ কপিলা তুমি আমার বয়ান ॥ সোলতান সবুক্তগিন জাতি মোছলমান * গজনি দেসের আমি বাদসা জাহাগির॥আইনু হিন্দুস্থানে তুড়িতে কাফির * হিন্দুস্থানের যত ছিল নামি তাজ-দার ॥ এত্তেফাকে সকলেতে মুলতান মাঝার * করিল বহুত জঙ্গ আমার সঙ্গেতে ॥ হরগেজ্ঞ কোনরূপে নারিল আটিতে * খোদার মেহের হৈতে তামাম কাফেরে ॥ ছারখার করে দিনু তলওয়ারের জোরে * বড়া বড়া বাদসা নামি জঙ্গি জবরদস্ত ॥ চিউটির মেছাল ধরে করে দিনু পস্ত * মোছলমান বানাইনু পড়ায়ে কলেমা ॥ খেরাজ আদায় করে দিনু তবে ক্ষেমা * এখন ফিরিবা কালে আপনার ঘর ॥ মোলাকাত দিতে আইনু তোমার গোচর * গোম-রাহা আছ তুমি বোতের দিনেতে ॥ ফেরেবে পড়িয়া নারো খোদাকে চিনিতে * তেকারনে লিখি নামা তোমা বরাবর ॥ বোত পুজা ঝুটা দিন করে দিয়া দুর * কবুল করহ মেরা মহাম্মদি দিন ॥ সিধা রাহা সাচ্ছা দিন বরহক আইন * খুসিতে মঞ্জুর করে লেহ মোর বাত ॥ নহেত জঞ্জাল পয়দা করিব নেহাত * ছারখার করে দিব পেসোওার সহর ॥ এছলাম করিব জারি তুড়িয়া কুফর * তাজ তক্ত জান খোওাইবে মেরা হাতে॥ জওয়াব ভেজিবে তেরা মরজি কোন বাতে * এয়ছাই লিখিয়া খত মোহর করিয়া ॥ কাছেদের হাতে লেখা দিলেক ভেজিয়া * কপিলা পড়িয়া লেখা ওাকেফ হইল ॥ এয়ছাই জওয়াব লিখে পাঠাইয়া দিল * সোনহ সবুক্ত গিন বাদসা নামদার ॥ যত দিন করি আমি সাহি কার বার * ঝগড়া ফছাদ না করিনু কার সাতে॥ আমার মতলব এয়ছা দেলের বিচেতে * এলাহি বকসিল যারে যেমন মাদার ॥ হামেসা খোসাল তাহে থাকা চাহি তার * যেয়াদা লালচ মেরা নাহি আছে দেলে ॥ আছি তাই এত দিন বেকারের হালে * যদি আমি চাহিতাম ধরিতে হাতিয়ার ॥ কোথা হিন্দু-

স্থান রহে নিকটে আমার * কাবুল গজনি তেরা আফগানি স্থান ॥ চাহি আমি করে দিতে পারি বেনেসান * কেবল লালচ নাহি আছে মেরা মনে ॥ তা বলে কি ডর করি তোমার কারনে * চিড় লাগাইয়া তুমি লিখিলে আমায় ॥ এহার উচিৎ সাজা দেলাব তোমায় * মস্ত সিংহকে তুমি দিলে জাগাইয়া ॥ সাপের মুখেতে পাও ডালিলে দেখিয়া * বুঝিনু দেমাগ তেরা বাড়িয়াছে বড়া ॥ আমি তাহা কমি করাইতে চাহি থোড়া * ফজর হইলে কালি যাইয়া ময়দান ॥ মিটাইয়া দিব তেরা দেলের আরমান * তলওয়ারে তলওয়ারে দোহে হইবে দিদার ॥ এমন্তেহান হৈবে কেয়ছা তকদির কাহার * কপিলা দিলেন এয়ছা জওাব ভেজিয়া ॥ গিন সাহা মছলেহাত করেন বসিয়া * গোজারিয়া গেল রাত কোদরত এলাহি ॥ মহাম্মদ হাতেম রচে তওয়ারিখ ছহি *

---

* বাদসা সবুক্তগিন কপিলাকে মারে ও পেসোওার দখল করে তাহার বয়ান *

ত্রিপদী * গোজারিয়া গেল রাত, লস্কর লইয়া সাত, কপিলা আইল ময়দানেতে ॥ মোমেন লস্কর সাজে, মহিমের বাজা বাজে, খাড়া হইল দুই তরফেতে * দুই দল আইল ঝুকে, মার মার হাক হাকে, আওয়াজ উঠিল সোর সার ॥ ধর ধর মারো মারো, কাট কাট সরো সারো, সামাল সামাল হুসিয়ার * সমুখে পাইল যায়, মারিয়া ডালিল তায়, কাটা কাটি লাগিল বিসম॥চড়িল জঙ্গের নেসা, দেলেতে পৌছিল গোস্বা, মারে তেগ হৈয়া বেরহম * ছওারে ছওারে জঙ্গ, পাইক পেয়াদা সঙ্গ, তিরে তিরে লড়ে তিরেন্দাজ ॥ কুস্তিগিরে কুস্তিগির, লাঙ্গা ছিরে লাঙ্গাছির, লাঠি বাজে লড়ে লাঠি বাজ * বাধিল তুমুল রন, তেগ চলে বন বন, সন সন তির যায় ছুটে ॥ নেজা গোর্জ্জ ঘোমে এয়ছা, বিজলি চমকে যেয়ছা, হাজার হাজার ছের লোটে*চড় মুক্ক লাত কিলে, বেসোমার মেরে চলে রাও দানে দলনে কত শত ॥ ঘাড় এক দরামিয়ানে, ময়দান বহিল

খুনে, মরা লাস ভাসে সোলা মত * ছের যায় গড়া শড়ি, হাতি-য়ারের ছড়া ছড়ি, বেস্তুমার গেরে হাতি ঘোড়া ॥ লাস ঠেলে জঙ্গি লোগে, বাড়িতে না পারে আগে, হাত সামটিয়া রহে খাড়া * হারুন সর্দ্দার আর, বাহরাম জোরোওার, মনসুর এহিয়া পাহাল-ওান ॥ এমন জেম্মতে লড়ে, বেস্তুমার কেটে পারে, কুওতের না হয় বয়ান * কাফেরে লাগিল ধন্দ, কপিলার দেলে সন্দ, কিবা জানি লস্কর আমার ॥ পিট দিয়া ভেগে যায়, মোস্কেল হইবে তায়, ফতে পাওা হইবেক ভার * এই কয় জোরোওারে, পারি যদি মারিবারে, তবে ভালা নছিবে আমার ॥ এতেক ভাবিয়া দেলে, ঘোড়া ওঠাইয়া চলে, যেখানেতে বাহরাম সর্দ্দার * হেকে বলে কাফেরান, খাড়া রহ পাহালওান, কুওত দেখাও মোর তরে ॥ নাতোওা ছেফায়ে মার, মর্দ্দ আগে নাহি বার, ধিক এয়ছা মর্দ্দমি উপরে * কেমন সর্দ্দার তুমি, এক চোট মারি আমি, সামালিয়া লেহরে নেড়িয়া ॥ কাপলা এতেক বলে, হাত পরে গোর্জ্জ তুলে বাহরামে মারিল খোঁচয়া * বাহরাম সেতাবিতে, ছের পরে ঢাল পাতে, লাগে গোর্জ্জ ঢালেতে আসিয়া ॥ আওাজ উঠিল এয়ছা, শত বজ্রাঘাত যেয়ছা, এক সাথে টুটিয়া পড়িল * বিসম ধমক দাপে, বাহরামের হাত কাপে, জমিনেতে হাটু পাতে ঘোড়া ॥ ছের পরে লাগে চোট, জমিনেতে লোট পোট, ছওারি সমেত হৈল গুড়া * মারা গেল পাহালওান, নেকালিয়া গেল জান, গিন সাহা করে হায় হায় ॥ বাপের সোগের দর্দ্দ, বক্কার এহিয়া মর্দ্দ, পৌছে গিয়া কাপলা যেথায় * কাপলা দেখিয়া তারে, নেজা ঘুমাইয়া মারে, লাগে চোট ছিনার উপরে ॥ কলেজা ফাটিয়া গেল, মুখে লহু নেকালিল, দেখিতে দেখিতে ঠায় মরে * কুঁদল হারুন বেগ, হাতে ওঠাইয়া তেগ, কাপলার ছামনে যাইয়া॥খোচয়া মারিল জোরে, ছের পরে ঢাল ধরে, লিল চোট ঢালেতে আড়িয়া * ঘুমিয়া কাপলা ফের, খেচে মারে সমসের, হারুনের ছের তাকা-ইয়া ॥ পাহালওান ঢাল ধরে, দুহ ফাক হেয়া গেরে, লাগে চোট গর্দ্দানে যাইয়া * দলে চার আঙ্গুলের, কাটা গেল গর্দ্দানের, ঘাও মুখে লহু হৈল জারি ॥ জলনেতে পাহালওান, হৈল বড়া পেরে-

সান, আহা আহা করে ছের ধরি * বাপের বিপাক দেখি, মনসুর আবদালি দুখি, পওছে গিয়া আগে হারুনের ॥ লইয়া তাহার তরে লস্করে হাজের করে, পওছে ফের কপিলা হাজের * নাকহিয়া কোন বাত, তলওয়ার লইয়া হাত, গর্দ্দানে মারিল কপিলার ॥ এছা জোরে পাহালওান, মেরে ছিল তেগ খান, দুইখান হইল দুরাচার * মরিল পেসোওা রাজ, কাফের লস্কর মাজ, বহে চলে গমের দরিয়া॥ বেছির বেতাব হালে, জান লিয়া ভেগে চলে, দিগে দিগে ময়দান ছাড়িয়া * কত বা পড়িল ধরা, বেসুমার গেল মারা, জখম হইল বহুতর ॥ বাকি কত পলাইল, গিন সাহা ফত্তে পাইল, ডেরা তুলে খোলাল অন্তর * ফতে নামা বাজাইয়া, সহরে পৌছিল গিয়া, কপিলার তক্তে দিল বার ॥ সহরিয়া লোগ যত, খেদমত্ত গারের মত, আজিজিতে নিকটে সাহার * পানা মাঙ্গে করো মাফ, ইমান আনিব ছাফ, একিদায় হবো মোছলমান ॥ গিন সাহা খুসি হৈয়া, লিল সবে নেওাজিয়া, জনে জনে কলেমা পড়ান * সহরে নগরে ঘরে, দিনের দোহাই ফেরে, তোড়া গেল দেউল মন্দির ॥ মসজেদ মিনারা কত, ঠাই ঠাই শত শত, বানাইল গিন জাহাগির * কয় মাহা এপ্রকারে, এছলামি আইন ছারে, পেসোওারে করিয়া জাহের ॥ দেলেতে এরাদা করে, গজনি যাইতে ফিরে, কহে হিন নাদান সাত্রর *

---

* বাদসা সবুক্তগিন গজনি ফিরিয়া যায় ও ওফাত করিবার বয়ান *

পয়ার * রহিয়া কয়েক মাহা গিন জাহাপানা ॥ শিখায় পেসওারি গনে দিন দারি বেনা * আখেরে এরাদা কৈল ফিরে যেতে ঘরে ॥ মির আতাররাফ নামে এক সরদারে * তক্তের মালিক বানাইল পেসোওার ॥ তাবেদারি করিবারে কহিল সবার * সকলে বাদসার বাত মানিয়া লইল ॥ জনে জনে তাবেদারি স্বিকার করিল

রওয়ানা হইয়া ※ মঞ্জেল মঞ্জেল যায় লইয়া লস্কর ॥ কতদিনে পওছে গিয়া গজনি সহর ※ আগু বাড়াইয়া লিল আজম উজির ॥ শুনিয়া সহর বাসি খোসাল খাতির ※ বাদসাহি নহবত খানা বাজিতে লাগিল ॥ খোসালেতে গিন সাহা তক্তে বারদিল ※ তা বাদে এগারো সাল গোজারিয়া গেল ॥ লিখিবার এর বিচে কিছু নাহি ছিল ※ খুসিতে বাদসাই করে তক্তে বার দিয়া ॥ হঠাত বিমার হৈল এলাহির কিয়া ※ হইল সাহাকে এয়ছা বিমার কঠিন ॥ দিনে দিনে ওজুদ হইয়া আইল ক্ষিন ※ নামি নামি তবিব হাকিম লোগ কত ॥ করিল এলাজ পানি যে যাহার মত ※ হর-গেজ নারিল কেহ চাঙ্গা করিবারে ॥ আখেরি সময় সাহা বুঝিয়া অন্তরে ※ মাহমুদে বসায় তক্তে বাদসা জাহাগির ॥ সকলে কবুল কৈল এরমা পিজির ※ তা বাদে সবুক্ত গিন বুঝিয়া নিদান॥ তৈয়ার করিল এক হুজরা মাকান ※ গোসা নিসি হইয়া রহিল সেই ঘরে ॥ মসগুল হইয়া সদা খোদার জেকেরে ※ ছয় মাহা এই হালে করিয়া বন্দেগি ※ আখেরে ওফাত কৈল ফওত জেন্দেগি ※

※ মাহমুদ শাহা সাহী তক্তে বসে ও আজমির সহরে লড়িতে যাইবার বয়ান ※

পয়ার ※ সুবক্তগিন শাহা গেল দুনিয়া ছাড়িয়া ॥ গজনির লোক সব আকুল কান্দিয়া ※ বলে এয়ছা শাহা কভু না হইবে আর ॥ করিত প্রজার পালন পুত্রের আকার ※ স্বামি শোকে গোলানার হইল দেওয়ানা ॥ গুম হয়ে থাকে বিবি ছেড়ে খানা পিনা ※ পিতার শোকেতে মাহমুদ হইয়া কাতর॥ সতত কান্দেন বশে ঘরের ভিতর ※ দুই চারি রোজ এয়ছা গোজারিয়া যায় ॥ আজম উজির এসে তাঁহারে বুঝায় ※ নানা মতে বুঝায় উজির মাহমুদ কারণ॥ সবর করনা বাবা দেলেতে আপন ※ যাহবার হইয়াছে লাভ কি কান্দিয়া ॥ আখেরে যাইতে হবে দুনিয়া ছাড়িয়া ※ মউতের পিয়ালা পিতে হইবে সবার ॥ এড়াবার সাধ্য নাই জাহানে কাহার ※ অতএব গম পেরেশানি দেল

বাবা তক্তে দিয়া যায় ॥ চৌদিগে দুস্মন খাড়া বান্দিয়া কাতার * রায়েত প্রজারা সব বিনা বিচারেতে ॥ তকালফ উঠায় কত আপনা জানেতে * আজম উজির আমি তোমার বাপের ॥ ভাল বিনে মন্দ তব না করি জেকের * উজিরের মুখে এয়ছা শুনে উপদেশ ॥ আপনা মনেতে বুঝে করিয়া বিশেষ * মাহমুদ শা ভাবে সত্য কহিল উজির ॥ সবর বিনে নাহি দেখি দোছরাতছ বির * যা হবার হইয়াছে ভাবিলে কি হবে ॥ খোদার কলম রদ কিরূপে হইবে * সবর করিয়া দেলে মাহমুদ নামদার ॥ বিছমিল্লা বলিয়া বসে তক্তের উপর * বাপের আজম উজির বসিল ডাহিনে ॥ আমির উমরাও যত বসিল পিছনে * ছেপাই চোপ-দার যত হাজারে হাজার ॥ চৌদিগেতে খারা হৈল বান্দিয়া কাতার * বাদশাকে ছালাম করে নোয়াইয়া ছির ॥ আর কত দোওা দিল বাদশার খাতির * যখন বসিল তক্তে মাহমুদ সোলতান ॥ খবর পৌছিল তার সারা হিন্দুস্থান * বাপের তাবেতে যত বাদশাগণ ছিল ॥ সকলেই হুকুম তার মানিয়া লইল * খাজানা খেরাজ যত বচ্ছরে বছরে ॥ ভেজিতে লাগিল সুলতান মাহমুদ হুজুরে * হাশমত দব দবা যত বাপের আছিল ॥ তাহা-হতে দশ গুণ বেশী যে হইল * খুসিতে বাদশাই করে তক্তের উপর ॥ গম পেরেশানি কিছু না ছিল তাহার * কিন্তু বিশাল দেব যেই রাজা আজমিরের ॥ হুকুম না মানে সেই সুলতান মাহমুদের * শুলতান মাহমুদ খত লিখিয়া তুরিত ॥ পাঠাইয়া দিল তাহা ইলচির সহিত * থোড়া দিনে ইলচি যেয়ে আজমির সহরে ॥ খত নিয়া দিল বিশাল দেব বরাবরে * মাহমুদ শার খত জবে বিশাল দেব পায় ॥ ওয়াকিফ হয়ে গিধি ভরিল গোস্বায় * গোস্বাদেল হয়ে সেই গর্জ্জিয়া উঠিল ॥ দরবার হইতে ইলচি হাকাইয়া দিল * আর কত বুড়া বাত কহিল বাদশায় ॥ ইলচি আশিয়া সব বাদশাকে জানায় * শুনিয়া মাহমুদ শাহা বিশল বারতা ॥ তক্তেতে চাপর দিয়া কহে এই কথা * এত্যাবড়া হেমাকত রাখে সে বেপির ॥ পয়জার মারিয়া তার উড়াইব ছির *

আজমির সহর আপনা উজিরে সাহা করিল ফরমান ॥ চল এবে লড়িতে যাইব হিন্দুস্থান * সাজিয়া ছেফাই লোগ হইল তৈয়ার ॥ রওয়ানা হইল সাহা করে মার মার * কতদিনে পৌছিল যাইয়া আজমিরেতে ॥ ডেরা তাম্ব গাড়িল কোগাদা ময়দানেতে খবর পাইল তার বিশলদেব রাজ ॥ লস্করে হুকুম দিল এই ঘড়ি সাজ * নাদিব রাহের মান্দা ছুটাতে পাঠানে ॥ চারিদিগে ঘিরিয়া মারিব জিতাজানে * হুকুম পাইয়া যত আজমিরি লস্কর ॥ নেকালিল ময়দানেতে করে ধর ধর * সবে মাত্র গজনি পাকাতে ছিল খানা ॥ হেনকালে বিশল দেব দিল গিয়া হানা * নিদানে গজনি লোক হইয়া লাচার ॥ দেগ হাড়ি ফেলেরেখে ধরিল হাতিয়ার * মার মার কাট কাট বেলা দুপহরে ॥ টুটিয়া পড়িল সবে দুসমন উপরে * খুনেতে ময়দান গেল হৈয়া লাল রঙ্গ ॥ সাম হইল মুকুফ তবু না হইল জঙ্গ * মরিল বহুত লোগ বিশল দেবের ॥ টিকিতে নাহিক পারে আগে পাঠানের * জবর দস্ত জঙ্গি বাজ গজনি ছেফাই ॥ মাহম ময়দানে মারা পড়িল থোড়াই * এক এক গজনি মারে হিন্দু৺শ জন ॥ ভাগিতে লাগিল হিন্দু ভয় পেয়ে মন * ছাফায়ে বিশল দেব ভাগিতে আছিল ॥ দেখিয়া মাহমুদ তার রাহা আগুলিল * পাকড়িয়া লিল তারে গলে দিয়া রসি ॥ খোসাল গজনি লোগ হইয়া উল্লাসি * ফতে নামা বাজাইয়া ঘুসিল সহরে সহরিয়া লোগ যত ভেগে গেল ডরে * ঘোষণা করিল সাহা সহরে তামাম ॥ যে যার আসিয়া রহ ডেরায় মোকাম * আমা হৈতে কোন জনে আজার না পাবে ॥ কোন বাতে কার কিছু নোক ছানি না হবে * দেলাসা পাইয়া যত ভাগেল লোকজন ॥ মাহমুদের আগে গিয়া দিল দরসন * নেওয়াজিয়া নামদার তাহা সবাকারে ॥ মাঙ্গায় বিশল দেবে আপনা হুজুরে * কহিল শোনহে বিশল দেব রাজ ॥ দেলের এরাদা তেরা কহ কিবা আজ * বহুত ছেতম তুমি দিছ মোছলমানে ॥ বলতার দাদলেওয়া যাইবে কেমনে * জোর দস্তে বিশল দেব লাগিল কহিতে ॥ পানা চাহিতেছি আমি তেরা কদমেতে * জান বকসি কর সাহা আমি

মোছলমান কর মুঝে শিখাইয়া বেনা॥ লস্কর সহিত্ত আমি পড়িব কলেমা * মাহমুদ হইল খুসি বিশলের বাতে॥ খুলিল বন্ধন তার আপনার হাতে * মোছলমান বানাইল কলেমা পড়ায়ে॥ কহে রহ খুসি হালে আজমির লইয়ে * এখন যাইব আমি ফিরিয়া গজনি॥ আপনার তক্তে তুমি রহনা আপনি * হরসালে দিবে মুঝে ভেজিয়া খেরাজ॥ খবরদার নাহি ছাড় দিনদাড়ি কাজ * দুইমাস আজমিরে থাকিয়া নামদার॥ তাবাদে গজনি দিগে হইল রাহাদার * কতদিনে পৌঁছিলেন গজনি দেশেতে॥ মহাম্মদ হাতেম রচে তওয়ারিখ মতে *

---

* শোলতান মাহমুদ আজমির ও দিল্লি ফতেকরে
এবং বিশন দেব ও সুমিষ রায়কে
মোসলমান করিবার বয়ান *

পয়ার * মোসলমান হইল বিশল দেবরাজ॥ গজনি ভেজিল দুই সালের খেরাজ * আসে পাসে হিন্দুরাজা দুসমন হইল॥ মারিতে বিশল রাজে যুক্তি আরম্ভিল * দিলু রায়ের নছলেতে দিল্লি অধিপতি॥ নামেতে সুমিস রায় এক নরপতি * জমাইয়া বেশুমার লস্কর ছেফাই॥ বিশল দেবের সাথে লাগিল লড়াই * ঘিরিল সুমিস রায় আজমির সহর॥ কি করে বিশল দেব হইয়া ফাফর * গজনি খবর দিল সুলতান মাহমুদে॥ সেতাবি আসিবে আপে আমার মদদে * সুমিসের জুলুমেতে হৈনু পেরেসান॥ দায় হইল বাঁচাইতে জান ও ইমান * পাইয়া মাহমুদ সাহা এই সমাচার॥ তখনি লস্কর লিয়া হইল তৈয়ার * বিশলের মদদেতে হইল হাজির॥ যেখানে সুমিস ছিল ঘিরিয়া আজমির * ঝড়ের মতন এসে টুটিয়া পড়িল॥ মহিমে সুমিস রায় হারেল হইল * পলাইয়া গেল রাজা বাঙ্গালা সহরে॥ বিশল হাজের হইল মাহমুদ হুজুরে * ছালাম তসলিম করে তক্তে বসাইয়া॥ খেদমতে হইল রুজু কদম চুমিয়া * দিন কত মাহমুদ সাহা থাকিয়া আজমির॥ কুচ কৈল তথা হইতে তরফে দিল্লির * ঘুসিল সহর বিচে

নাজির যত সুমিস রাজার ॥ বোলাইয়া তা সবারে কহে নামদার * মোসলমানি সাচ্চা দিন বড়ই মাকুল ॥ যদি আপনারা তাহা করেন কবুল * সুমিসের তাজতক্ত পাইবে খেলাত ॥ হেথা সেথা আক-বতে পাইবে নাজাত * শুনিয়া খুসিতে তারা ইমান আনিল ॥ আজম উজিরে সাহা তক্ত সুপে দিল * দিন দারি কামে সবে করিয়া তালকিন ॥ খুসি হালে দিল্লি বিচে রহে কত দিন * তা বাদে গজনি গেল মাহমুদ সোলতান ॥ রচে হিন মহাম্মদ হাতেম না দান *

---

* সোম নাথের মন্দির তোড়া যাইবার বয়ান *

ত্রিপদী * ছহি তওয়ারিখ বিচে, এয়ছাই খবর আছে, সোলতান মাহমুদ নামদার ॥ লড়িতে হিন্দুর সনে, এসেছিল হিন্দু স্থানে, একে একে সপ্তদশ বার * তার বিচে শেষবারে, ত্রসেছিল থানেশ্বরে, দেখিবারে সোমনাথ মন্দির ॥ লোকের জবানি সাহা, খবর শুনিল এহা, সোমনাথের চেলা মহাবির * শুনিয়া সরদার সারে, বোলাইয়া দরবারে, এয়ছাই কহিল নামদার ॥ যাইব থানেশ্বর, লুটীব বোতের ঘর, যাহা থাকে কপালে আমার * বহুবার আপনারা, মদত কোরেছেন মেরা, হিন্দুস্থান কবজ করিতে ॥ মর্দ্দ-মিতে তোমাদের, বহুদেশ ভারতের, আসিয়াছে আমার তাবেতে কিন্তু ভারতের বিচে, এমন একদেশ আছে, থানেশ্বর সহরের নাম ॥ রাজা তার মহাবির, বড়া জবর দস্ত বীর, উটাকদ বরাতার ঠাম * সোমনাথ নাম দিয়া, মুর্ত্তি এক বানাইয়া, রাখিয়াছে এক মন্দিরে ॥ শুনেছি বোতের বিচে, বেবাহা দওলত আছে, ঠাকু-রের মুর্ত্তির ভিতরে * যদি সবে হওরাজি, খোদাকে কহলাও গাজি, যাইচল লুটিতে সোমনাথ॥ সময় এসেছে মেরা, কওল কছম পুরা, এইবারে করিব আলবত * লস্কর সরদার সবে, কহে সাহা কবে যাবে, এখুনি যাইব থানেশ্বর ॥ আলবত্তা, সে মহাবিরে পাঠা-

ইব যমঘরে, তুড়িব সে মাটির ঈশ্বর * শুনে সাহা হৈল খোস, অজুদে মারিল জোস, কহে তবে করহ ছামানা ॥ যেথা যত আছে জঙ্গি, ঢাল গোর্জ্জ তীর টাঙ্গি, খোরাক রসদ চাল চানা * হুকুম মাফিক সবে, তৈয়ার হইল তবে, নেকালিল ছাড়িয়া গজনি॥ মঞ্জিল মঞ্জিল চলে, মহাম্মদ হাতেম বলে, ছহি সাচ্ছা তওয়ারিখ বানি *

পয়ার * বেশুমার আলাও লস্কর সাথে লিয়া ॥ যখন মাহমুদ সাহা পৌছিল আসিয়া * মহাবির নিকটেতে গেল সমাচার ॥ মাহমুদ গজনি আইল সহরের দার * শুনে রাজা মহাবির হইল চিন্তিত ॥ ভাবিতে লাগিল রাজা কি করি বিহিত * হিন্দুস্থানে হিন্দু রাজা ছিল যে যেথায় ॥ লিখন ভেজিল রাজা তাহা সবাকায় * পাঠান তুড়িতে আইল সোমনাথ মন্দির ॥ কিরূপে রক্ষিব আমি না আছে তদবির * আপনারা এসময় না দিলে মদত ॥ হিন্দুর হিন্দুত্য যাবে হইয়া গারত * জাতি কুল আমাদের না রহিবে আর ॥ মাহমুদের হাতে বুঝি হয় ছারখার * যদ্দপি সোম নাথ দেব চাহ রক্ষিবারে ॥ সেতাবি করিয়া আসিবে থানেশ্বরে * এখন ভুলিয়া যাও ঘরওা ফসাদ ॥ বিদেশী দুষমন তরে করিবে বরবাদ * আমারে ধরেছে তুঝে কাল না ছাড়িবে *: একে একে সবাকারে বরবাদ করিবে * যত হিন্দু রাজাগণ পাইয়া লিখন॥ পৌছিল থানেশ্বরে লিয়া লোকজন * গুজরাট পাঞ্জাব দেশ মগধ বিহার ॥ অযোদ্ধা এলাহাবাদ রাজা উড়িশ্বার * নেপাল ভুটান আদি বাঙ্গালা মথুরা ॥ রাজস্থানে রাজপুত রাজাছিল যারা * বিকানির কমল মরি মিবার চিতর ॥ গোয়ালকন্দ বিরজা পুর আহাম্মদ নগর * ছাউনি গাড়িল সোমনাথের চারিধারে ॥ এত লোগ জমা হইল ময়দান উপরে * ছহি তওয়ারিখ বিচে লিখেছে এমন এয়ছা জঙ্গ হিন্দুস্থানে না হৈল কখন * লাড়কা জওয়ান বুড়া আওরত ভিয়ারা ॥ জেওর পোষাক যত বেচিয়া তাহারা * রসদ যোগায়ে ছিল এই মহিমেতে ॥ কত নারি সুতা কেটে চরকা টাকু নিতে * যাহাতে যা দাম পাইল ভেজিল মদত॥ তওয়ারিখ

মাসেতে ॥ লড়াই হইল শুরু দারিয়া কুলেতে * মার মার কাট কাট উঠিল আওয়াজ ॥ তুফান উঠিল যেন দরিয়ার মাঝ * তিরেন্দাজ লাঠিবাজ ছওয়ারে ছওয়ার ॥ ঘড়ি বিচে মারা পড়ে হাজারে হাজার * চৌথা রোজেতে যত মোমেন ছেফাই ॥ ছাড়িয়া জানের আশা করিল লড়াই * হিন্দু লোগ সেই বেগ সাম্বালিতে নারে ॥ বহুত পড়িল মারা পড়িয়া ফাফরে * ময়দান ছাড়িয়া সবে ভাগিতে লাগিল ॥ দেখে রাজা মহাবির প্রমাদ গনিল * আপনি বাড়িয়া আগে ফেরায় লস্করে ॥ কহে ভাই বোতের কছম তোমাদেরে * হরগেজ ময়দান হইতে মুখ না ফেরাও ॥ বাত নাহি শুনে যদি কেহবা পালাও * আপনার হাতে আমি কাটিব তাহায় ॥ বোতের কছম আমি না ছাড়িব কায় * নিদানে ফিরিয়া আইল তামাম লস্কর ॥ টুটীয়া পড়িল এসে মোমেন উপর * সোলতান মাহমুদ সাহা ঘোড়া কোদাইয়া ॥ মহাবির নিকটেতে পৌছিল আসিয়া * কহে রাজা খাড়া রহ রণ দেহ মোরে ॥ আজ তুঝে আলবত্তা পাঠাব যমঘরে * হেসে মহাবির কহে সোনহে মাহমুদ ॥ থাকখুনে আজি তেরা মিশাব ওজুদ * লড়িয়া অনেক স্থানে জিনিয়াছ তুমি ॥ আজ তেরা দেখা যাবে কেমন মর্দ্দমি * এতবলি তলওয়ার মারিল খেচিয়া ॥ লইল মাহমুদ সাহা ঢালে ওড়াইয়া * জোরেতে হাকিয়া সাহা মারে তলওয়ার ॥ মহাবির ঢাল পাতে ছেরে আপনার * ঢাল কেটে তেগগিয়া গর্দ্দানে লাগিল ॥ জমিনে পড়িয়া রাজা ঠায় মারা গেল * সর্দ্দার পড়িল মারা দেখিয়া ছেফাই ॥ দেলেতে দহসত পেয়ে ভাগিল সবাই * ময়দান ছাড়িয়া সবে পালাইয়া যায় ॥ খাড়া হৈয়া লড়ে কেহ জান দিল ঠায় * বহুত পড়িল মারা কত পলাইল ॥ কত গিয়া সোমনাথের মন্দির আগুলিল * পৌছিল মাহমুদ মন্দিরের বরাবর ॥ দেখিল মন্দির ঘিরে বেবাহা লস্কর * ব্রাহ্মণ পণ্ডিত যত ছিল হিন্দুস্থানে ॥ সকলে আসিয়া জমা হইল সেখানে * তার পাণ্ডা যেই জন আসিয়া পৌছিল ॥ মাহমুদে সালাম দিয়া কহিতে লাগিল * সোনহে সোলতান মাহমুদ জাহাগির ॥ রক্ষা করো আমাদের সোমনাথ মন্দির * বদলা তার যা চাহিবে মাল মাত্তা

ঘোড়া ॥ হুজুরে হাজের করে দিব খাড়া খাড়া * শুনিয়া মাহমুদ কহে কেয়ছা তেরা বাত ॥ নিজেকে বাচাতে যদি না পারে সোম-নাথ * ঈশ্বর বলিয়া তারে পোজ কি কারনে ॥ অন্যকে নাজাত সেহ করিবে কেমনে * এসেছি থানেশ্বরে শোনহে পণ্ডিত ॥ খুচা-ইতে তোমাদের অজ্ঞান চরিত * মন্দির তুড়িতে আমি আসিয়াছি হেথা ॥ টাকা লিয়া না বেচিব শুন সেই কথা * মন্দির করহ রক্ষা সাধ্য যদি থাকে ॥ আজ নাহি রেয়াত করিব আমি কাকে * ফিরে গেল সে পণ্ডিত না মহরূম হৈয়া ॥ তবেতো মাহমুদ সাহা পড়িল টুটিয়া * বেদেরেগ হৈয়া তেগ লাগিল মারিতে ॥আল্লাহো আগবার রবে ইসলাম কি ফতে * মার মার কাট কাট সামাল সামাল ॥ খুনেতে ময়দান ছারা হৈয়া গেল লাল * দফা দফা ছাফ করে হাজার হাজার ॥ মরিল এতেক হিন্দু নাছিল শুমার * লড়িতে ব্রাহ্মণ যত সেথা এসেছিল ॥ লাড়িয়া মরিল সব কেহনা ভাগিল * তবেতো মাহমুদ সাহা ঘুসিল মন্দিরে ॥ গোর্জ্জ ওঠা-ইয়া মারে সোমনাথের ছিরে * খান খান হৈয়া নিচে গিরিল মুরত ॥ নেকালিল তাহা হৈতে বেবাহা দওলত * খুসি হৈয় মাত্তা সাহা লিল ওঠাইয়া ॥ আপনা লস্করে সব দিলেন বাটীয়া * খুসিতে ভুসিত হৈল তামাম লস্কর ॥ তাহা বাদে পৌছে সাহ সহর ভিত্তর * মহাবিরের তক্তে সাহা দিল গিয়া বার ॥ হুজুরে হাজের হৈল ওমরাহ সরদার * তা বাদে উজিরে সাহা করিল ফরমান ॥ এই জঙ্গে কত হিন্দু খোওয়াইল জান * তাহার হেসাব এনে দেখাও আমায় ॥ উজির হেসাব কোরে কহিল বাদসায় * এইজঙ্গে মরে শুধু এতেক ব্রাহ্মণ ॥ তাহাদের পৈতা লিয়া করেছি ওজন * সারে চুওয়াত্তর মণ পৈতা শুধু হৈল ॥ ভাবো সাহা কত তবে মানুষ মরিল * তাহা ছাড়া অব্রাহ্মণ মরেছে অনেক ॥ তাহার হিসাব নাই কহিব কতেক * সেই হৈতে আজিতক যত হিন্দুগণ ॥ চিঠির পুর্বে দেয় সারে চুয়াত্তর মন * তাহার বেওরা এই চিঠি যে তুড়িবে ॥ ওই ব্রহ্ম হত্যা পাপ তাহাকে দশিবে * মহাবীরের উজির ওমরাহ যত যারা ॥ বাদসা আগে হাজের হইয়া

ঝুটা দিন জানিনু নিশ্চয় * বোতের যা বাহাদুরি দেখিনু নয়নে॥ বুঝিনু তামাম ঝুট যা লেখে পুরানে * বাদসা তা সবাকারে কলেমা পড়ায়ে॥ যে যেমন তারে তেয়ছা লিল নেওয়া জিয়ে * তাহা বাদে এসে যত রায়ত প্রধান॥ জনে জনে বাদসা আগে হৈল মোসলমান*এসলামের দোহাই ফিরিল থানেশ্বরে॥ উঠিল আজান রব প্রতি ঘরে ঘরে * মক্তব মসজিদ ঠাই ঠাই বানাইল॥ দিনের এলেম সবে শিখিতে লাগিল * কিছু দিন বাদে সাহা মছলত করিয়া॥ বোলায় বিশল দেবে আজমির থাকিহা * কহিল বিশল দেবে শুন মহারাজ॥ গ্রহণ করহ তুমি থানেশ্বরের তাজ * রোখ-ছত হইব আমি গজনি এখন॥ নেঘাবানি কর তুমি লিয়া লোক জন * সারা সরিয়তে লোকে তালকিন করিবে॥ হরসালে গজনিতে খেরাজ ভেজিবে * তাহাবাদে বিদায় হইল নামদার॥ গজনি তরফে চলে হৈয়া রাহাদার * কতদিনে গজনিতে হইল হাজির॥ রচে হিন মহাম্মদ হাতেম ফকির *

---

* মাহমুদ ওফাত করে এবং গিয়াসদ্দীন ঘোরি গজনি দখল করে তাহার বয়ান *

পয়ার * জঙ্গ সোম নাথের পরে মাহমুদ শোলতান॥ কোন কালে আর কোথা লাড়িতে না জান * এইরূপে কিছু কাল গোজারিয়া গেল॥ সোলতান মাহামুদ সাহা ওফাত করিল * শোকেতে কাতর হইল গজনি তামাম॥ বাদসার আহলে খানা যত খাছ আম * নুরবক্ত নামেছিল ভাতিজা বাদসার॥ তাহাকে শুপিয়া দিল বাদসাই মাদার * তেরোসাল নুর বক্ত বাদসাই করিয়া॥ ওফাত করিল তিনি দুনিয়া ছাড়িয়া * নাদের আহা-ম্মদ নামে লাড়কা তার ছিল॥ বিশ সাল গজনির বাদসা সে আছিল * পর পর এগারো জন এয়ছাই রূপেতে॥ পাইল গজনির তক্ত মাহমুদ বাদেতে * তার পরে বাজাদ মসউদ গাজি নামে॥ লাড়কা এক পাইল তক্ত গজনি মোকামে * বদ মেজাজে লোক ছিল মসউদ বাজাদ॥ থোড়া দিনে গেল সেহ হইয়া বরবাদ * আপোস তাহার পরে হইল সকলে॥ ঘোর সহরেতে সেই সময়ের

কালে * সোলতান গিয়াসদ্দীন নামদার॥ বাদসাই করিতে ছিল সাথে দবদবার * সময় বুঝিয়া তিনি লইয়া লস্কর॥ লড়াই করিতে আইল গজনি সহর * থোড়াছা লস্কর লিয়া নেকলে মসউদ॥ দুইদলে মহাজঙ্গ হইল নমুদ * সেই জঙ্গে মসউদ কাতেল হইল॥ গিয়াসদ্দীন গজনির বাদসাই পাইল * তামাম আফগানি স্থানে হৈল তার সাহি॥ মহাম্মদ হাতেম কহে ভাবিয়া এলাহি *

* হজরত খাজা মঈনদ্দীন চিস্তির (রঃ) সংক্ষিপ্ত জীবনী ও নারায়নীর পহেলা জঙ্গ *

পয়ার * সারেরাল আউলিয়া নামে এক কেতাবেতে॥ লিখিয়াছে এক বাত এই সময়েতে * শিস্থান সরহদ্দ বিচে চিস্ত সহরে॥ সনঞ্জর গ্রামে আহমদ আওলিয়ার ঘরে * পাঁচশত সাইত্রিশ হিজরি চৌদ্দই রজবে॥ সোমবার সকাল বেলা খোদার আহবে * পয়দা হৈল মঈনদ্দীন চিস্তি সনঞ্জরি॥ ঘুচাইতে ভারতের গোমরাহ কুফরি * তেইসাল ওমরেতে খাজা মঈনদ্দীন॥ মারেফাত ভেদে পুরা হইয়া তালকিন * হজ্জ করিবারে গিয়া মক্কা সরিফেতে॥ তথা হৈতে পৌছিলেন রওজা জিয়ারতে * রওজা হৈতে নেদা হৈল খাদেমের পরে॥ মইনদ্দীনে আন শীঘ্র আমার গোচরে * মইনদ্দীন নামে এক দোছরা লোক ছিল॥ খাদেম তাহারে এনে হাজের করিল * হুকুম হইল ফের শুনহে খাদিম॥ আনিয়া হাজের কর চিস্তি মইনদ্দীন * খাদেম ঢুড়িয়া তবে খাজা মইনদ্দীনে॥ হাজের করিয়া দিল রওজার ছামনে * রওজা মোবারক হৈতে নেকলে আওাজ॥ হেকুজুবল মসায়েখ কর এই কাজ * বেলায়েত দিনু তুঝে যাও হিন্দুস্থানে॥ ইছলামি আইন জারি কর সেই থানে * নেকালিল খাজা সাহেব হুকুম পাইয়া॥ কতদিনে হিন্দুস্থানে পৌছিল আসিয়া * কত শত কেরামত জাহির করিল॥ দেখিয়া বহুত হিন্দু ইমান আনিল * আজমিরের অধিপতি পৃথিরাজ রায়॥ চিন্তিত হইল বড় ফকিরের দায় * ওথানে জয়চন্দ্র রাজা গজনি সহরে॥ পানা লিল গিয়াস-

তক্তছেড়ে ভেগে.আইনু পৃথিরাজের ডরে * আপনি মদদ যদি করেন আমার ॥ পৃথিরাজে মেরে ডালি কোরে ছারখার * আপনি পাইবে দিল্লি আমার আজমির ॥ এই সরতেতে চল যাই জাঁহা-গির * ভাবিল গিয়াসদ্দীন আপনার মনে॥ এইতো সুযোগ নাহি আসিবে কখনে * জিনিব হিন্দস্থান এই সুযোগেতে॥ জয়-চন্দ্রে কহিল রাজা আন্দেসা কি তাতে * এখনি যাইব আমি মদদে তোমার॥ পৃথিরাজে ধরাইব পায়ে আপনার * আছিল বাদসার ভাই সাহাবদ্দীন ঘোরি ॥ সালাম করিয়া কহে এই আরোজ করি * আপনি বদসাহি কর ফরমাও আমারে॥ আমি যাবো পৃথিরাজে দিতে যমঘরে * শুনে সাহা গিয়াসদ্দীন খোসাল হইল॥ বেবাহা ফউজ তারে সাজাইয়া দিল * নেকালে গজনি হইতে সাহাবদ্দীন ঘোরি॥ জয়চন্দ্রে সঙ্গে লিয়া অতি ত্বরা করি * তওারিখ ফেরেস্তার ৮৭ পাতায়॥ লিখেছে এয়ছাই রূপ শুনহে সবায় * ৫৮৭ হিজরি শওাল মাসেতে॥ আসিল সাহাবদ্দীন আজমির দেশেতে * নারায়ণ নামে এক ময়দান উপরে॥ ঝাণ্ডাও নিসান খাড়া করিল থরে থরে * রাজা পৃথি-রায় এই খবর শুনিয়া॥ দুই লক্ষ তিন হাজার লস্কর লইয়া * নারায়নী ময়দানেতে হাজির হইল॥ অচিরে উভয় পক্ষে লড়াই বাধিল * অস্ত্রের ঝনঝনা আর ছেফায়ের হাঁকে॥ নারায়নী নামে মাঠ থর থর কাঁপে * বেশুমার হিন্দু সৈন্য মোসসমান থোড়া॥ এক মোসলমান মারে হিন্দ এক যোড়া * তবুও মোসলমান হিন্দর আগেতে॥ আজেজ হইয়া রহে নাপারে বাড়িতে * সাহা-বদ্দীন ঘোরি এয়ছা দেখিয়া বিপাক॥ আপনি বাড়িল আগে হেঁকে বড়া হাঁক * দিল্লি পতি খাঁড়া রায় পৃথিরায়ের ভাই॥ ছিল যেথা বীর দাপে করিতে লড়াই * সাহাবদ্দীন পৌছিয়া তাহার বরাবর॥ ফেকিয়া মারিল বর্শা করে বড়া জোর * চক্ষের নিমিষে বর্শা লাগে খাঁড়া রায়ে ॥ চুর্ণ হইয়া গেল দাত মুখেতে লাগিয়ে * চোট খাইয়া খাড়া রায় গর্জ্জিয়া উঠিল ॥ সোলতানে তাকিয়া বর্শা ফেকিয়া মারিল * রদ করে দিল চোট সাহাবদ্দীন ঘোরি॥ হঠাৎ এক তীর এসে চোট হইল ভারি * সেই চোটে

সাহাবদ্দীন হইল অচেতন ॥ ওফাদার ঘোড়া তাহা বুঝিয়া তখন *
কুদিয়া ভাগিল ঘোড়া ছওয়ার লইয়া ॥ মোছলমান লস্করেতে
পৌছিল যাইয়া * ফাফরে পড়িল বড় মোছলমান গনে ॥ সাহস
করিয়া লড়ে ভবিয়া রহমানে * সামতক জঙ্গ হইয়া ফিরিল
দুদলে ॥ সাহাবদ্দীন ঘোরি রহে বেহুসির হালে * জেন্দেগির
আসা নাই জখম এমন ॥ ভাবিয়া চিন্তিয়া তবে মোছলমান গণ *
সেই রাত্তে সকলেতে ক্ষীমা ওঠাইয়া ॥ রাতারাতি গজনিতে
গেল পলাইয়া * নারায়নি মহাজঙ্গে হিন্দুরা জিনিল ॥ তওয়ারিখ
হেন্দ হৈতে হাতেম রচিল *

---

* নারায়নির দোছরা জঙ্গ ও পৃথিরায় মারা যাইবার বয়ান *

পয়ার * গজনি ফিরিয়া সাহাবদ্দিন নামদার ॥ হাকিমি এলাজে
ঘাও ভালা হৈল তার * হোস যবে হৈল সাহা পারিল বুঝিতে
ভাগেল হইয়া আসিয়াছে গজনিতে * লজ্জায় অপমানে ডাকিয়া
লস্করে ॥ কহিতে লাগিল এয়ছা ধিক তোমাদেরে * কোন লাজে
মোরে লিয়া ভাগিয়া আইলে ॥ লড়িয়া মর্দ্দের মত কাহে না মারিলে
আফগানির নামে তোমরা আনিলে বদনাম ॥ ছিছি ছিছি মর্দ
হৈয়া করিলে কি কাম * লাজেতে লস্কর গন চুপ হৈয়া রহে
তবে সাহা সবাকারে এই বাত কহে * যাবো ফের হিন্দুস্থানে
করিতে লড়াই ॥ তৈয়ার হইয়া লেহ তোমরা সবাই * হুকুম
করিল সাহা সরদার উপর ॥ আগে হৈতে চারিগুণ সাজাও লস্কর *
এক বৎসর হয়ে গেল লোক জমাইতে॥তবে সাহা নেকালিল গজনি
হইতে * কতদিনে নারায়নি ময়দানে পৌছিল ॥ কাগগা নদির
তীরে ছাউনি ডালিল * খবর পৌছিল পৃথিরাজ বরাবরি ॥ বহুত
লস্কর লিয়া আইল ফের ঘোরি * জয়চন্দ্র মিলিয়াছে সঙ্গেতে
তাহার ॥ পৃথিরাজ পাইল যদি এই সমাচার * আসে পাশে
তাবেদার যত রাজা ছিল ॥ সবাকারে এই জঙ্গে মাঙ্গাইয়া লিল *
বেবাহা লস্কর জমা হইল ময়দানে ॥ বাধিল ভীষণ জঙ্গ হিন্দু
মোছলমানে * তিন মাস তক এই লড়াই হইল ॥ দুই দলে

আপনার দেলেতে জানিয়া বুরা ভালা * হাত তুলে দোওয়া মাঙ্গে দরগা বারিতে ॥ আয় খোদা দেহ তুমি এছলামের ফতে * দিন এছলাম হিন্দুস্থানে হউক প্রচার ॥ মর্ত্তবা বাড়িয়া যাক দোস্তের তোমার * দরগা বারিতে দোওয়া কবুল হইল ॥ হিন্দু লোগ ক্রমে ক্রমে হটিতে লাগিল * বহুত করিল চেষ্টা পৃথিরাজ রায় ॥ কোনমতে ফেরাইতে না পারিল কায় * আখেরেতে খাড়ারায় পৃথিরায় আর ॥ লড়িয়া মর্দ্দের মত ময়দান মাঝার * সাহা বদ্দীনের হাতে হারাইল জান ॥ আল্লাহো আকবর রবে যত মোছলমান * ঘুসিল সহর বিচে ঝাণ্ডা লিয়া হাতে ॥ গাড়িল এছলামি ঝাণ্ডা গড়ের বিচেতে * পৃথিরায়ের জরূহোথা সংযুক্তা সুন্দরি ॥ রাজ মহলের যত রাজপুত নারি * করিল জহর ব্রত আগুন জ্বালিয়া ॥ একে একে সকলেতে মরিল পুড়িয়া * হিন্দুর ছেফাই যত বন্দি হৈয়া ছিল ॥ তা সবায় সাহা বদ্দিন ছাড়িয়া যে দিল * বাদসার মেহের দেখে সে সব লস্কর ॥ ইমান আনিল দিন মহাম্মদি পর * তবে সাহা বার দিল তক্তেতে দিল্লির ॥ উজির ওমরাহ হইল হুজুরে হাজির * মরে ছিল এই যুদ্ধে জয় চন্দ্র রাজ ॥ কান্য কুব্জের সাহা বদ্দীন পাইল তক্ত তাজ * কান্য কুব্জ আজমির ও দিল্লির সহরে ॥ এছলামি দোহাই ফেরে প্রতি ঘরে ঘরে * তার পরে ছোলতান সাহা বদ্দীন ঘোরি ॥ পৌছে যেথা মঈনদ্দিন চিস্তি সনঞ্জরি * মুরিদ হইল সাহা পিরের হাতেতে ॥ কদমেতে বোছা দিল আদবের সাথে * তিন বৎসর সাহা বদ্দিন থাকিয়া দিল্লিতে ॥ এরাদা করিল দেলে গজনি ফিরিতে * কুতবদ্দিন আবেকেরে বাদসাই সুপিয়া ॥ গজনিতে নামদার গেলেন ফিরিয়া * খুসিতে বাদসাই করে কুতব আবেক ॥ মহাম্মদ হাতেম রচে ছহি তওয়ারেখ *

---

* কুতবদ্দীন বাদসা হয় এবং বক্তেয়ার খিলিজি বাঙ্গালা দেশ ফতে করিবার বয়ান *

পয়ার * ছহি তওয়ারিখ বিচে এয়ছাই লিখিল ॥ কুতবদ্দিন পহেলা গোলাম একছিল * সাহাবদ্দিন কিনে তারে লাড় কাই ওমরে ॥ আকেল দেখিয়া তার আহ্লাদ দিল কোরে * এখাতেরে কুতব আবেক বলে তায় ॥ হিন্দু ইতিহাসে দাশ রাজা বলে তায় * কুতব আবেক সাহা কিছুদিন পরে ॥ ফর মাইল লস্করের সাহেব সরদারে * বক্তেয়ার বিন এক্তেয়ার খিলিজ নাম তার ॥ চালাক আকেল মন্দ বড়া জোরোওয়ার * শুন এক্তেয়ার তুমি লইয়া লস্কর ॥ দখল করহ হিন্দুস্থানের চারিওর * বক্তেয়ার পহেলা মথুরা কৈল ফতে ॥ তার পরে পৌছিলেন গিয়া বাঙ্গালাতে * কেতাবেতে লিখিয়াছে এয়ছাই খবর ॥ সেই সময়ের বিচে রাজা গৌড়েশ্বর * বল্লাল সেনের বেটা লক্ষণ সেন নাম ॥ খুব এনছাফেতে করে সাহি কাজ কাম * আশি সাল ছিল তখন বয়স তাহার ॥ আসিল ফকির এক দরবার মাঝার * সেখ জালালদ্দিন নাম তার ছিল ॥ ফকির দেখিয়া রাজা তাজিম করিল * কহে আয় শাহ ছাহেব তসলিম আমার ॥ কিবা হেতু আগমন কহ সমাচার * ফকির কহিল শুন সেন মহারাজ ॥ অতি শীঘ্র যাবে তেরা বাঙ্গালার তাজ * সভায় বসিয়া ছিল জয়দেব পণ্ডিত কহে রাজা ফকিরের বাত সুনিশ্চিত * গননায় আমরা পেয়েছি এখবর ॥ মোছলমান লুটেলিবে বাঙ্গালা সহর * ভাবিয়া লক্ষণ সেন মনে আপনার ॥ বড় বেটা মধু সেনে দিয়া রাজ্য ভার * জন কত চাকর ও ক এক পণ্ডিত ॥ লইয়া গৌড় ছেড়ে চলিল ত্বড়িত * নবদ্বিপে গঙ্গাতিরে যাইয়া রহিল ॥ বক্তেয়ার খিলিজি সব জানিতে পারিল * নামেতে তাজিম খান এক সরদারে ॥ কহিল সহরে ঘোস পারো যে প্রকারে * লইয়া সতেরো জন অশ্বারোহি সেনা ॥ তাজিম সহরে যেতে হইল রওয়ানা * রটাইয়া দিল তিনি আমাদের পরে ॥ অন্যায় জুলুম করিয়াছে বক্তেয়ারে * এ খাতের আমরা এসেছি পলাইয়া ॥ নও করি রাজার

বারে পৌছে রাজ বাটীর দুওয়ার * দেখিল কয়েক জন দুওয়ারে প্রহরি ॥ তাজিম কহিল দ্বার ছাড় ওহে দ্বারি * দরকার রাজার সাথে নও করি করিব ॥ দরওয়ান কহিল তুঝে যেতে নাহি দিব * তাজিম হইল গোশ্বা এইবাত শুনে ॥ খেচিয়া মারিল তেগ দ্বারির গর্দ্দানে * দশজনে মারিয়া ডালিল পাহালওান ॥ ভাগিল কয়েক জন বাচাইয়া জান * চারিদিগ হইতে তবে বাঙ্গালী লস্কর ॥ ঘিরিয়া লইল তাজিমের চারিওর * এক্তেয়ার খিলিজি ঠিক সুযোগ বুঝিয়া ॥ ঘুসিল সহর বিচে লস্কর লইয়া * বেবাহা ছেফাই দেখে বাঙ্গালির জাত ॥ ভেগে গেল জানলিয়া থালের ফেলে ভাত * মারা গেল মধুসেন একেলা লড়িয়া ॥ বক্তেয়ার তক্তেতার বসিল যাইয়া * ভাগিয়া লক্ষণ সেন উড়িশ্যায় গেল ॥ কিছুদিন বাদে তার মওত হইল * বাঙ্গালায় এছলামের ফিরিল দোহাই ॥ রাবি লোগ তওারেখে লিখেছে এয়ছাই * সেই হৈতে বাঙ্গালায় হৈল মোছলমান ॥ সহরে বাজারে ওড়ে এছলামি নেশান * সাচ্চাদিন জেনে কেহ ইমান আনিল ॥ চাকরির লোভেতে কেহ কলেমা পড়িল * সারা বাঙ্গালার বিচে পঞ্চাশ বছরে ॥ লক্ষ লক্ষ হিন্দু লোগ হিন্দুয়ানি ছেড়ে * এছলাম বর হক জেনে আনিল ইমান ॥ এবে তাই বাঙ্গালাতে বেশি মোছলমান * গত আদম সুমারিতে সরকারি দপ্তরে ॥ মোছলমান বেশি হৈল বাঙ্গালা সহরে * মহাম্মদ হাতেম কহে গরিব নাদান ॥ এখানে করিনু শেষ জঙ্গে সোলতান * পাঠক হুজুরে মেরা সালাম হাজার ॥ ভুল চুক ছোহ নাহি লইবে আমার * কেননা দোভাষি লেখা না হবে ছাফাই ॥ বানানের দিকে আমি লক্ষ রাখি নাই * হঠাত খেয়াল মেরা হইল দেলেতে ॥ রচিব কেতাব এক তওয়ারেখ হৈতে * অল্প লেখা পড়া শিখে শ্রমিক সমাজ ॥ বেশির ভাগ করে তারা পুথির রেওয়াজ * আজকাল পুথি যত বাজে গল্পে ভরা ॥ তাইতে দেলের এই হছরত মেরা * অল্প লেখা পড়া শিখে আওরত পর্য্যন্ত ॥ পড়িলে এ পুথি পাবে ইতিহাসের অন্ত * মুল ইতিহাস আমি বজায় রাখিয়া ॥ লিখেছি দু এক কথা কল্পনা করিয়া * এ পুথি করিনু শেষ কুত বদ্দিন তক ॥

খোদা যদি পুরা করে দেলের সওক * করিব দোছরা খণ্ড ইংরেজ লাগাত ॥ দোওয়া কর ভাইসব ওঠাইয়া হাত * শেষেতে বক্তব্য মেরা এপুথি রচিয়া ॥ আপনা খরচে পুথি ছাপিতে নারিয়া কলিকাতা এগারো নম্বর মেছুওয়া বাজার ॥ ওসমানিয়া লাই-ব্রেরির মালেক মোক্তার * এচ, এম, মহাম্মদ কোরবান আলি নামে ॥ তাহারে বেচিনু কপি মজুরির দামে * নিস্বত্ব হইলাম আমি তিনি সত্য বান ॥ পুত্র পৌত্রাদি ভোগ করিতে রহেন * ইহাতে যে দাবিদার নাহি কোনজন ॥ হাতেম আমার নাম জুজারসা মাকান * পোষ্টাফিস জুজার সাহা জান সর্ব্ব জনা ॥ হাওড়া জেলার বিচে গোবিন্দপুর থানা * এইতক পুথি মেরা হইল তামাম ॥ দমেদমে বল সবে আল্লা নবির নাম * সন তেরশত আটত্রিশ শাল ॥ আষাঢ় মাসেতে পুথি খতম হইল *

* সমাপ্ত *

নোটীশ

এতদ্বারা সর্ব সাধারণকে জানাইতেছি যে, হাওড়া জেলার অন্তগত জুজার সাহা নিবাসি মুন্শী মোহাম্মদ হাতেম সাহেব উল্লিখিত জঙ্গে সোলতান নামক পুথিখানি নিজে লিখিয়া নিজ খরচায় ছাপাইতে অক্ষম বিধায়, অত্র জঙ্গে সোলতান পুথি খানির কপি সত্য উচিত মুল্যে আমার নিকট বিক্রয় করিয়া জান ॥ আমি তাহার সত্ত্বে সত্যবান হইয়া নিজ নামে ছাপাইয়া প্রকাশ করতঃ নিজ নামে রেজেষ্টারি করিয়া লইলাম ॥ ভবিষ্বতে আমার বিনানু মতিতে এই পুস্তক কেহ ছাপাইবেন না ॥ ছাপাইলে বা ছাপিলে আইন আমলে আসিতে হইবে ॥ ইতি সন ১৩৩৮ সাল ॥

বোনও—
মোহাম্মদ কোরবান আলী
১১ নং মেছুয়া বাজার ষ্ট্রীট
কলিকাতা

* সুচিপত্র আরম্ভ *

* সুচিপত্র সমাপ্ত *
